বোর্ড প্রশ্ন ও উত্তরমালা ২০২৪ ও ২০২৩

# ব্যবসায় উদ্যোগ

## ঢাকা বোর্ড-২০২৪

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. শিক্ষা ও অভিজ্ঞতা বিক্রয় কর্মীর কোন ধরনের গুণ?**
ক শারীরিক খ নৈতিক গ অন্যান্য ঘ মানসিক

**২. বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের–**
i. জনসাধারণ নতুন পণ্য সম্পর্কে জানতে পারে
ii. সামাজিক ও নৈতিক সচেতনতা সৃষ্টি করে
iii. পণ্যের চাহিদার পরিমাণ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাফিকা পড়াশুনা শেষ করে নিজস্ব অর্থ ও স্থানীয় এনজিও BRAC থেকে কিছু ঋণ নিয়ে একটি হাঁস ও মুরগির খামার করেন। এখন তিনি বেশ লাভবান।

**৩. উদ্দীপকের এনজিও এর উক্ত কাজটি কোন ধরনের?**
ক ক্ষুদ্র শিল্প উন্নয়ন কার্যক্রম খ উৎপাদন কেন্দ্র উন্নয়ন
গ সহযোগী প্রতিষ্ঠান উন্নয়ন ঘ ভূমিহীন লোকদের উন্নয়ন

**৪. উদ্দীপকের এনজিও উক্ত কাজের মাধ্যমে–**
i. নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পায় ii. বেকার সমস্যা দূরীভূত হয়
iii. দারিদ্র্য বিমোচন হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. ইপসিক এর বর্তমান নাম কী?**
ক ইসিক খ মাইডাস গ বিসিক ঘ আইসিবি

**৬. কোনটি ব্যবসায়ের নৈতিকতার অন্তর্ভুক্ত?**
ক মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রি খ মজুদদারি করা
গ শিল্প আইনে অনাগ্রহ ঘ ব্যবসায়িক আইনে মেনে চলা

**৭. কারখানার মেশিন ও জেনারেটরের বিকট আওয়াজে কোনটি দূষিত করছে?**
ক শব্দ খ মাটি গ পানি ঘ বায়ু

**৮. স্যামসন এইচ চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন?**
ক রাজশাহী খ কুষ্টিয়া গ পাবনা ঘ ফরিদপুর

**৯. গৃহবধু থেকে উদ্যোক্তা হয়েছেন কে?**
ক শাহিনা আকার খ লুৎফা সানজিদা
গ শাহিদা বেগম ঘ শাহিনা বেগম

**১০. ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ দিক হিসেবে বিবেচিত হয় কোনটি?**
ক নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা খ উপযোগ সৃষ্টি
গ প্রত্যক্ষ সেবা ঘ বাণিজ্য

**১১. অর্থনৈতিক পরিবেশের উপাদান হলো–**
i. বাণিজ্যিক আইন ii. জনগণের সঞ্চয় iii. অর্থ ও ব্যাংকিং
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মিরাজ গবাদিপশুর মোটাতাজাকরণের উপর স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে নিজ বাড়িতে গবাদিপশু মোটাতাজা করার খামার শুরু করার সিদ্ধান্ত নেয়। কিন্তু তার বড় ঝুঁকির কথা বলে তাকে নিরুৎসাহিত করার চেষ্টা করেন।

**১২. জনাব মিরাজের গবাদিপশুর খামার শুরু করার কাজকে কী বলা যায়?**
ক ইচ্ছা খ ব্যবসায় উদ্যোগ
গ উদ্যোগ ঘ শিল্প

**১৩. বড় ভাইয়ের পরামর্শ না শুনে কাজ এগিয়ে যাওয়া জনাব মিরাজের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
ক চ্যালেঞ্জ গ্রহণ করার মানসিকতা খ ধৈর্যশীলতা
গ সৃজনশীলতা ঘ পেশাগত অভিজ্ঞতা

**১৪. কোনটি আত্মকর্মসংস্থানের আওতাভুক্ত?**
ক জাহাজ খ ছাতা মেরামত গ বিমা ঘ সেতু নির্মাণ

**১৫. নিচের কোনটি যুব প্রশিক্ষণ কেন্দ্রের কাজ?**
ক ঋণ বিতরণ করা খ সংগীত শিক্ষা
গ সবজিবাগান করা ঘ খেলাধুলার প্রশিক্ষণ

**১৬. মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের কাজ কী?**
ক দুস্থ মহিলাদের কর্মসংস্থান খ কৃষকদের কাজের ব্যবস্থা করা
গ বেকার পুরুষদের কর্মসংস্থান ঘ ভূমিহীন নারী পুরুষদের কর্মসংস্থান

**১৭. অংশীদারি ব্যবসায়ের চুক্তি কত প্রকার?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মিঠুন একটি সেলুন প্রতিষ্ঠা করলেন। তিনি এই ব্যবসায় কয়েকজন কর্মচারী নিয়োগ করেন। তিনি এই ব্যবসায় নিজস্ব মেধা খাটিয়ে পরিচালনা করেন। ফলে অন্য সেলুন তার সমান আয় করতে পারেন না। যে কোনো সমস্যায় একাই সিদ্ধান্ত গ্রহণ করেন।

**১৮. জনাব মিঠুনের ব্যবসায়টি কোন ধরনের?**
ক আত্মকর্মসংস্থান খ অংশীদারি
গ সমবায় ঘ একমালিকানা

**১৯. ব্যবসায়ের ফলে জনাব মিঠুন**
i. একাই মুনাফা ভোগ করেন ii. স্বাধীনভাবে সেলুন পরিচালনা করেন
iii. আইনগত সুবিধা ভোগ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. লাইসেন্স শব্দের অর্থ কী?**
ক চুক্তি খ অনুমোদন
গ প্রত্যয়নপত্র ঘ বৈধতা

**২১. ক্ষতিপূরণের চুক্তি বলা হয়–**
i. জীবন বিমা ii. অগ্নি বিমা iii. নৌ বিমা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের পর্যায় কয়টি?**
ক তিন খ চার গ পাঁচ ঘ ছয়

**২৩. একটি ব্যবসায়ের সাফল্য নির্ভর করে–**
ক বেশি বিনিয়োগের উপর খ সরকারি পৃষ্ঠপোষক তার উপর
গ আমদানি নির্ভর পণ্যের উপর ঘ বাস্তবসম্মত প্রকল্প প্রণয়নের উপর

**২৪. ব্যাপক অর্থে শিল্পকে কত ভাগে ভাগ করা যায়?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

**২৫. শিল্পনীতি অনুযায়ী শরীয়তপুর জেলার শিল্প এলাকা কেমন?**
ক মাঝারি খ উন্নয়নশীল গ উন্নত ঘ অনুন্নত

**২৬. বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎশিল্পের অন্তর্ভুক্ত কোনটি?**
ক প্লাস্টিক কারখানা খ সিরামিক সামগ্রী
গ তৈরি পোশাক ঘ কৃষি যন্ত্রপাতি

**২৭. প্রেষণার কাজ কোনটি?**
ক কর্মীদের মধ্যে দায়িত্ব বুঝিয়ে দেয়া
খ কর্মীদের মানবিক সম্পদ হিসেবে বিবেচনা করা
গ কর্মীদের পদোন্নতি দেয়া
ঘ কর্মীদের কাজ করতে উৎসাহিত করা

**২৮. আমলাতান্ত্রিক নেতৃত্ব নেতার চেয়ে কোনটি বেশি গুরুত্বপূর্ণ?**
ক নেতার গুণ খ নেতার পেশা
গ নেতার আদেশ ঘ নেতার কাজ

**২৯. রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কয়টি?**
ক তিন খ চার গ পাঁচ ঘ ছয়

**৩০. জীবন বিমা কর্পোরেশন কোন ধরনের ব্যবসায় সংগঠনের অন্তর্গত?**
ক অংশীদারি খ যৌথমূলধনী গ সমবায় ঘ রাষ্ট্রীয়

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আনিছুর রহমান পশুখামারের উপর প্রশিক্ষণ নেন। অপর্যাপ্ত পুঁজি এবং ব্যাংকিং সুবিধার অভাবে তিনি তার খামারটি ভালোভাবে প্রতিষ্ঠা করতে পারেননি। তিনি মনে করেন, ব্যবসায়িক পরিবেশের সবগুলো উপাদানের উন্নয়ন করতে পারলে ব্যবসাবাণিজ্যের বেশি প্রসার হবে। যার ফলে সঞ্চয়, মূলধন ও জাতীয় আয় বৃদ্ধি পাবে এবং মানুষের জীবন-যাত্রার মান ত্বরান্বিত হবে।
(ক) আর্থিক ঝুঁকি কী? ১
(খ) গুদামজাতকরণ কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আনিছুর রহমানের খামার প্রতিষ্ঠায় পরিবেশের কোন উপাদান বাঁধা তৈরি করেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে ব্যবসায়ের গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। আরিফ হোসেন দীর্ঘ ১২ বছর ধরে সাভারের একটি স্পিনিং মিলে চাকরি করেন। সুতার বিষয়ে তার জ্ঞান অনেক ভাল। তিনি-এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নানান রঙ-বেরঙের সুতার ব্যবহার করে নিজ বাড়ির সদস্যদের সহায়তায় সুতার টুপি, ওয়ালম্যাট ও চাদর তৈরির কারখানা স্থাপন করেন। কারখানায় উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি করে। তাই তিনি সরকারি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণ ও শ্রমিক বৃদ্ধি করেন।
(ক) কেন্দ্রীয় সমবায় সমিতি কী? ১
(খ) সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) আরিফ হোসেনের ব্যবসায়ের ধরন কোনটি? বর্ণনা কর। ৩
(ঘ) শিল্পোন্নয়নে জনাব আরিফ হোসেনের করণীয় মূল্যায়ন কর। ৪

৩। আরমান চৌধুরী বি.কম পাস করার পর চাকরি না পেয়ে গ্রামে গিয়ে বাবার পতিত জমিতে স্থানীয় কৃষি কর্মকর্তার সহযোগিতা নিয়ে সবজি চাষ শুরু করেন। প্রথমে তিনি সবজি চাষ ভালো করতে না পারলেও দমে যাননি। প্রশিক্ষণ নিয়ে নতুনভাবে সবজি চাষ শুরু করেন এবং বেশ লাভবান হন। তার এলাকায় তিনি সফল কৃষি উদ্যোক্তা হিসেবে পদক লাভ করেন।
(ক) প্রত্যক্ষ সেবা কী? ১
(খ) পর্যায়িতকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) আরমান চৌধুরীর কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) সফল কৃষি উদ্যোক্তা হিসেবে আরমান চৌধুরীর গুণাবলি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। রানা ও তার পাঁচ বন্ধু চুক্তির ভিত্তিতে একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা প্রতিষ্ঠা করেন। তাদের উৎপাদিত পণ্যের গুণগত মান ভাল হওয়ায় দিন দিন পণ্যের চাহিদা বৃদ্ধি পেতে থাকে। কিন্তু তাদের অর্থনৈতিক সংকটের কারণে ব্যবসায় বৃদ্ধিকরণ ও আধুনিকায়নে সমস্যা হচ্ছে। তাই তারা সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইন অনুযায়ী "রানা এন্ড ফ্রেন্ডস" কোম্পানি নামে প্রতিষ্ঠানটি নিবন্ধন করে বৃহৎ পরিসরে কাজ শুরু করেন। দুই বছরের মধ্যে তারা তিনটি বিভাগীয় শহরে তাদের শাখা খুলে ব্যবসায় পরিচালনা করেন।
(ক) বাধ্যতামূলক বিলোপসাধন কী? ১
(খ) একমালিকানা ব্যবসায় "মালিকের দায় অসীম" কথাটি ব্যাখ্যা কর। ২
(গ) তাদের প্রথম ব্যবসায়টির ধরন কী? ব্যাখ্যা কর। ৩
(ঘ) সাংগঠনিক ধরন পরিবর্তন করায় রানাদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরো বেশি ভূমিকা রাখবে−মূল্যায়ন কর। ৪

৫। জনাব জাকির পেশায় একজন চিকিৎসক। চিকিৎসার পাশাপাশি তিনি আবিষ্কারের কাজও করে থাকেন। সম্প্রতি তিনি নতুন এক ধরনের খাবার স্যালাইন আবিষ্কার করেছেন, যা সহজেই পানিতে দ্রবণীয় এবং দ্রুত পানিশূন্যতা দূর করে। আমাদের দেশে এর আগে এমন স্যালাইন আর কেউই আবিষ্কার করেনি। তাই তিনি চাচ্ছেন এমন কোনো ব্যবস্থা, যার মাধ্যমে তার এ আবিষ্কারের স্বত্ব তারই থাকবে। এক আইনজীবী বন্ধুর সাহায্যে তিনি সরকারের কাছ থেকে এ মর্মে স্বীকৃতি পেলেন। তিনি ভাবছেন, এতে তার আবিষ্কারটি অক্ষুণ্ন থাকবে; পাশাপাশি আর্থিকভাবেও তিনি ক্ষতির মুখে পড়বেন না।
(ক) ফ্রানসাইজিং কী? ১
(খ) জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব জাকির কর্তৃক খাবার স্যালাইন আবিষ্কার কোন ধরনের সম্পদের অন্তর্ভুক্ত? বিশ্লেষণ কর। ৩
(ঘ) স্যালাইন আবিষ্কার আইনগত স্বত্ব জাকিরকে কোন কোন সুবিধা প্রদান করে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। রাব্বী চৌধুরী একটি অটোরাইস মিলের মালিক। তার ব্যবসায়ের নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ অর্থ আসে ও নগদ ব্যয় হয় তার প্রকৃত অবস্থা জানার জন্য একটি বিবরণী তৈরি করেন। তিনি পণ্যের মোট উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যের মধ্যে সমতা বিধান করেন। এ কারণে প্রত্যাশিত মুনাফা অর্জনের জন্য উপযুক্ত মূল্য নির্ধারণ করে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করতে সক্ষম হন। উপরিউক্ত কারণে তিনি অল্পদিনে তার ব্যবসায়ে উন্নতি সাধন করতে সক্ষম হন এবং একজন সফল ব্যবসায়ী হয়ে উঠেন।
(ক) দুর্ঘটনা বিমা কী? ১
(খ) ব্যবসায় প্রকল্প প্রণয়নে প্রথম পদক্ষেপ কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) রাব্বী চৌধুরী ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য কোন বিবরণী তৈরি করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব রাব্বী চৌধুরী ব্যবসায়ের সঠিক মূল্য নির্ধারণে ব্যবসায়ের কোন দিকটি তুলে ধরা হয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। জনাব কবির চৌধুরী গাজীপুর থেকে বিভিন্ন পণ্যসামগ্রী কিনে নিজ প্রতিষ্ঠান "কবির ভ্যারাইটিস স্টোরস" এ পণ্যের মান, পরিমাপ ও ধরন অনুযায়ী শ্রেণিবিন্যাস করে পণ্যের মূল্য নির্ধারণ করেন। বিক্রয় বৃদ্ধির জন্য তিনি আনিস নামের একজন সুঠাম, হাস্যোজ্জ্বল, কাজে বিশ্বাসী বিক্রয়কর্মী নিয়োগ দেন। ফলে খুব কম সময়ে কবির ভ্যারাইটিস স্টোরস সফলতা লাভ করে।
(ক) বিজ্ঞাপন কী? ১
(খ) কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।− ব্যাখ্যা কর। ২
(গ) জনাব কবির চৌধুরী বিপণনের কোন কোন কাজ সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) আদর্শ বিক্রয়কর্মীর কোন গুণটি আনিসের মধ্যে বিদ্যমান? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। রাজশাহীর রাজু পড়াশোনা শেষ করে চাকরি না পেয়ে একটি পুরাতন বইয়ের দোকান দেন। নিজের জমানো কিছু টাকা ও একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে স্বল্প মেয়াদে ঋণ নিয়ে তিনি এই ব্যবসায় শুরু করেন। এই কাজে সহায়তার জন্য ২ জন দক্ষ কর্মী নিয়োগ দিয়ে যোগ্যতা অনুযায়ী কাজ ভাগ করে দেন। যার ফলে ব্যবসায়ের পরিধি ও মুনাফা বৃদ্ধি পায়।
(ক) কর্মসংস্থান কী? ১
(খ) আমলাতান্ত্রিক নেতৃত্ব বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
(গ) রাজু কোন কোন উৎস থেকে মূলধন সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে রাজুর সম্পাদিত ব্যবস্থাপনার কাজটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব রাগিব একজন শিক্ষিত বেকার যুবক। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান হতে তথ্য ও প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে কুষ্টিয়া জিলা স্কুলের সামনে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলেন। তার প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণার্থীগণ জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন। যার মাধ্যমে দেশের দক্ষ জনশক্তি সম্পদ অপচয় রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
(ক) প্রেষণাদান কী? ১
(খ) আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব রাগিব কোন ধরনের প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) দেশের দক্ষ জনশক্তি গড়ে তুলতে রাগিবের প্রতিষ্ঠানটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১০। জনাব জামিল একজন নতুন উদ্যোক্তা। তিনি বিভিন্ন ধরনের কাগজ ও প্যাকেট তৈরির কারখানা স্থাপন করেন। তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে সহায়তা গ্রহণের পাশাপাশি কারিগরি সহায়তা নেন। প্রযুক্তিগত সহায়তায় তার প্রতিষ্ঠানটি দ্রুত সাফল্য লাভ করে। এ প্রতিষ্ঠানটি তার উৎপাদিত সামগ্রীর মাধ্যমে স্থানীয় ও জাতীয় চাহিদা মেটাতে সক্ষম হয়। যার ফলে নতুন উদ্ভাবক হিসেবে জনাব জামিল নতুন উদ্ভাবকের পুরস্কার লাভ করেন।
(ক) বিটাক কোন ধরনের সহায়তা প্রদান করে? ১
(খ) মাইডাস এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২
(গ) জনাব জামিল কোন ধরনের প্রতিষ্ঠান থেকে আর্থিক সহায়তা গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব জামিল এর প্রাতিষ্ঠানটি যে ধরনের সহায়তা গ্রহণ করেছে উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১। জনাব শামীম রাজশাহী হতে আম ক্রয় করে রংপুর শহরে বিক্রি করেন। তিনি আম সম্পর্কে সঠিক তথ্য দিলেও অধিক মুনাফার আশায় স্থানীয়ভাবে উৎপাদিত আমের সাথে ক্রয়কৃত আমের সংমিশ্রণ ঘটিয়ে বাজারে বিক্রি করেন। তাছাড়া পচা ও দুর্গন্ধযুক্ত আম পাশের খালে ফেলে দেন। যার ফলে খালের পানি দূষিত হয়ে জীববৈচিত্র্য হুমকির মুখে পড়েছে এবং ডেঙ্গু মশার বাহক ডিম পাড়ে যার কারণে মানুষ মারাত্মক ব্যাধিতে আক্রান্ত হচ্ছে।
(ক) ব্যবসায় নৈতিকতা কী? ১
(খ) প্রশিকা এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২
(গ) জনাব শামীম ব্যবসায়ের কোন পক্ষের প্রতি সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব শামীমের কার্যক্রম পরিবেশের জন্য কতটা হুমকির সম্মুখীন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব আনিছুর রহমান পশু খামারের উপর প্রশিক্ষণ নেন। অপর্যাপ্ত পুঁজি এবং ব্যাংকিং সুবিধার অভাবে তিনি তার খামারটি ভালোভাবে প্রতিষ্ঠা করতে পারেননি। তিনি মনে করেন, ব্যবসায়িক পরিবেশের সবগুলো উপাদানের উন্নয়ন করতে পারলে ব্যবসা বাণিজ্যের বেশি প্রসার হবে। যার ফলে সঞ্চয়, মূলধন ও জাতীয় আয় বৃদ্ধি পাবে এবং মানুষের জীবন যাত্রার মান ত্বরান্বিত হবে।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. গুদামজাতকরণ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আনিছুর রহমানের খামার প্রতিষ্ঠায় পরিবেশের কোন উপাদান বাঁধা তৈরি করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে ব্যবসায়ের গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** প্রত্যাশিত মুনাফার চেয়ে প্রকৃত মুনাফা কম হওয়াকে আর্থিক ঝুঁকি বলে।

**খ** গুদামজাতকরণ বলতে গুদামে পণ্য সংরক্ষণকে বুঝায়।

বাজারজাতকরণের সকল পর্যায়ে পণ্যসামগ্রী সংরক্ষণের প্রয়োজন হয়। অনেক পণ্য আছে বছরের একটি নির্দিষ্ট সময়ে উৎপাদিত হয় কিন্তু ব্যবহার হয় সারাবছর। বছরব্যাপী চাহিদা মেটানোর জন্য সেসব পণ্য গুদামজাতকরণের মাধ্যমে সংরক্ষণ করতে হয়। যেমন শীতকালে উৎপাদিত গোল আলু ও টমেটো সারা বছর আমরা গুদামজাতকরণের মাধ্যমে পেয়ে থাকি। আর পণ্য সংরক্ষণের ফলে সারা বছর তা ব্যবহার বা বিক্রি করা যায়। এভাবে গুদামজাতকরণ ব্যবস্থা পণ্যের সময়গত প্রতিবন্ধকতা দূর করে।

**গ** জনাব আনিছুর রহমানের খামার প্রতিষ্ঠায় ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদানের অভাব পরিলক্ষিত হয়।

একটি দেশের অর্থ ও ঋণ ব্যবস্থা জনগণের আয় ও সঞ্চয়, মূলধন প্রভৃতি উপাদান মিলে অর্থনৈতিক পরিবেশ গঠিত। অর্থনৈতিক পরিবেশের মূলধন, বিনিয়োগ ইত্যাদি উপাদানগুলো ব্যবসায়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ পরিবেশ যত উন্নত হবে উদ্যোক্তারা ততই অগ্রসর হবে।

উদ্দীপকের জনাব আনিছুর রহমান পশু খামারের ওপর প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণের ভিত্তিতে তিনি একটি খামার তৈরির ইচ্ছাপোষণ করেন। কিন্তু তিনি পর্যাপ্ত পুঁজি ও ব্যাংকিং সুবিধা পাননি। এ কারণে তিনি খামারটি ভালোভাবে প্রতিষ্ঠা করতে পারেননি। এটা সত্য যে, দেশে বিরাজমান কার্যকর অর্থব্যবস্থা, মূলধন, সঞ্চয় প্রভৃতি ব্যবসায় পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। প্রয়োজনের তুলনায় মূলধন কম হলে অথবা মূলধন সংকটে পড়লে প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়।

তাই বলা যায়, জনাব আনিছুর রহমানের খামার প্রতিষ্ঠায় ব্যবসায়িক পরিবেশে অর্থনৈতিক উপাদানের অভাব পরিলক্ষিত হচ্ছে।

**ঘ** বাংলাদেশের অর্থনীতিতে ব্যবসায় কার্যক্রমের গুরুত্ব অপরিসীম।

বর্তমান বিশ্বে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম। বর্তমান পৃথিবীতে যেসকল সফল দেশ উন্নতির চরম শিখরে অবস্থান করছে সেসব দেশগুলো ব্যবসায় বাণিজ্যে উন্নত। ব্যবসায়ের মাধ্যমে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত হয় এবং দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

জনাব আনিছুর তার ব্যবসায় বাণিজ্যের কাজগুলো নৈপুণ্যতার সাথে সম্পন্ন করেন। তিনি অপর্যাপ্ত পুঁজি বা ব্যাংকিং সুবিধার অভাবে খামার প্রতিষ্ঠা করতে পারেননি। শুধু তাই নয়, তিনি খামার প্রতিষ্ঠায় সকল ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেন। পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয় কার্যসম্পাদন করতে যে সকল বাধা আসতে পারে তিনি তা অত্যন্ত সুকৌশলে দূরীকরণের মাধ্যমে বাণিজ্যের কাজ সম্পন্ন করার অভিজ্ঞতা নেন। তিনি মনে করেন সঞ্চয় বৃদ্ধি পায়, মূলধন গঠিত হয় ও জাতীয় আয় বৃদ্ধি পাবে এবং জীবনযাত্রার মান ত্বরান্বিত হবে। জনাব আনিছুর রহমান তার খামারটি স্থাপন করতে পারলে সেখানে লোকবলের দরকার হবে। এতে তার ব্যবসায়টির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হবে। এছাড়া এ খামার থেকে অর্জিত আয় দিয়ে জনাব আনিছুর রহমান ও খামারে নিযুক্ত লোকবল তাদের পরিবারের প্রয়োজন মেটাতে সক্ষম হবে। আবার, এ খামার থেকে সৃষ্ট বা উৎপাদিত পণ্য ভোগ করে ক্রেতা-ভোক্তারা তাদের উপযোগ মেটাতে সক্ষম হবে। তাই বলা যায়, বাংলাদেশের অর্থনীতিতে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম।

**প্রশ্ন ▶ ০২** আরিফ হোসেন দীর্ঘ ১২ বছর ধরে সাভারের একটি স্পিনিং মিলে চাকরি করেন। সুতার বিষয়ে তার জ্ঞান অনেক ভাল। তিনি-এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নানান রঙ-বেরঙের সুতার ব্যবহার করে নিজ বাড়ির সদস্যদের সহায়তায় সুতার টুপি, ওয়ালম্যাট ও চাদর তৈরির কারখানা স্থাপন করেন। কারখানায় উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি করে। তাই তিনি সরকারি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণ ও শ্রমিক বৃদ্ধি করেন।

ক. কেন্দ্রীয় সমবায় সমিতি কী? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আরিফ হোসেনের ব্যবসায়ের ধরন কোনটি? বর্ণনা কর। ৩

ঘ. শিল্পোন্নয়নে জনাব আরিফ হোসেনের করণীয় মূল্যায়ন কর। ৪

[ঢা. বো. ২০২৪]

## ২নং প্রশ্নের উত্তর

**ক** কতিপয় প্রাথমিক সমবায় সমিতি একত্র হয়ে কোনো এলাকায় সমবায় প্রতিষ্ঠা করলে তাকে কেন্দ্রীয় সমবায় সমিতি বলে।

**খ** মানুষের জীবনকে সহজ ও আরামদায়ক করার কাজে নিয়োজিত শিল্প হলো সেবা শিল্প।

যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদের ব্যবহারের মাধ্যমে যে সকল সেবামূলক কর্ম সম্পাদিত হয় তাকে সেবা শিল্প বলে।

মৎস্য আহরণ, নির্মাণ শিল্প ও হাউজিং, অটো মোবাইল সার্ভিসিং, বিনোদন শিল্প, হর্টিকালচার, ফ্লোরিকালচার, ফুল চাষ ও ফুল বাজারজাতকরণ, দুগ্ধ ও পোল্ট্রি উৎপাদন এবং বিপণন, হাসপাতাল ও ক্লিনিক, পর্যটন ও সেবা, পরিবহণ ও যোগাযোগ ইত্যাদি সেবা শিল্পের উদাহরণ।

**গ** আরিফ হোসেনের ব্যবসায়টি শিল্পের অন্তর্গত।

শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয়। এভাবেই মানুষের ব্যবহার উপযোগী পণ্য তৈরি করা হয়। তুলা থেকে সুতা, সুতা থেকে কাপড় তৈরি প্রভৃতি শিল্পের উদাহরণ।

উদ্দীপকে আরিফ হোসেন তার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নানা রঙ বেরঙের সুতার ব্যবহার করে টুপি, ওয়ালম্যাট, চাদর তৈরি করেন। এ লক্ষ্যে নিজ এলাকায় উন্নতমানের কারখানা স্থাপন করতে চান। তার উক্ত কাজটি শিল্পের কাজের সাথে সাদৃশ্যপূর্ণ। কেননা তিনি শ্রম ও যন্ত্রের সাহায্যে কাঁচামাল প্রক্রিয়াজাত করে বিভিন্ন ধরনের পণ্য অর্থাৎ চূড়ান্ত পণ্যে রূপান্তর করবেন। শিল্পেই প্রকৃতি প্রদত্ত কাঁচামালকে চূড়ান্ত পণ্যে পরিবর্তন করে তা মানুষের ব্যবহার উপযোগী করে তোলা হয়। প্রকৃতি প্রদত্ত কাঁচামালের সুষ্ঠু ব্যবহার করে ভোক্তার চাহিদা পূরণ করে মুনাফা অর্জন করা সম্ভব হয়। উপরিউক্ত সকল বৈশিষ্ট্য উৎপাদন শিল্পের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, জনাব আরিফ হোসেনের ব্যবসায়টি শিল্পের অন্তর্গত।

**ঘ** শিল্পোন্নয়নে জনাব আরিফ হোসেনের গৃহীত উদ্যোগটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অসাধারণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

যেকোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যবসায় বা শিল্পের ভূমিকা গুরুত্বপূর্ণ। শিল্পখাতে উন্নয়ন ছাড়া দেশকে এগিয়ে নেওয়া সম্ভব নয়। যেকোনো দেশের ব্যবসায়-বাণিজ্যের কাজ বিস্তৃত হয় শিল্পের প্রসার দ্বারা।

উদ্দীপকে আরিফ হোসেন তার অভিজ্ঞতার আলোকে একটি কারখানা স্থাপন করেন। তিনি কারখানাটিতে সুতা থেকে টুপি, ওয়ালম্যাট ও চাদর তৈরি করেন। তার কারখানায় উৎপাদিত পণ্য বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি করে। তাই তিনি সরকারি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণ ও শ্রমিক বৃদ্ধি করেন।

গৃহীত ব্যাংক ঋণ দিয়ে আরিফ হোসেন তার ব্যবসায়ের জন্য যন্ত্রপাতি, কাঁচামাল কেনার খরচ বহন করতে পারবেন। আবার শ্রমিক বাড়ানোর মাধ্যমে কারখানাটিতে বিদ্যমান সম্পদ, উপকরণের কার্যকর ব্যবহার নিশ্চিত হবে। এতে তার কারখানাটির উৎপাদনশীলতা বাড়বে। ফলে তিনি বর্ধিত পণ্যের চাহিদা মেটাতে পারবেন। এর মাধ্যমে তার ব্যবসায়ের বিক্রি ও মুনাফা বাড়ার সম্ভাবনা তৈরি হবে। তাই বলা যায়, এসব বিষয় বিবেচনায় নিয়ে আরিফ হোসেন শিল্পোন্নয়নে উক্ত পদক্ষেপ নিয়েছেন।

**প্রশ্ন ▶ ০৩** আরমান চৌধুরী বি.কম পাস করার পর চাকরি না পেয়ে গ্রামে গিয়ে বাবার পতিত জমিতে স্থানীয় কৃষি কর্মকর্তার সহযোগিতা নিয়ে সবজি চাষ শুরু করেন। প্রথমে তিনি সবজি চাষ ভালো করতে না পারলেও দমে যাননি। প্রশিক্ষণ নিয়ে নতুনভাবে সবজি চাষ শুরু করেন এবং বেশ লাভবান হন। তার এলাকায় তিনি সফল কৃষি উদ্যোক্তা হিসেবে পদক লাভ করেন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. পর্যায়িতকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আরমান চৌধুরীর কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. সফল কৃষি উদ্যোক্তা হিসেবে আরমান চৌধুরীর গুণাবলি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা বিভিন্ন রকম সেবাকর্ম অর্থের বিনিময়ে প্রদান করে থাকেন। এসকল সেবাকর্ম বা বৃত্তিকে প্রত্যক্ষ সেবা বলে।

**খ** মান অনুযায়ী পণ্য বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলা হয়।

ক্রেতার প্রয়োজন অনুযায়ী নির্ধারিত মান অনুসারে একজাতীয় পণ্যকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা পর্যায়িতকরণের প্রধান কাজ। ওজন, আকার ও গুণাগুণ অনুযায়ী পর্যায়িতকরণ করা হয় বলে বিক্রয়ের কাজ সহজ হয়। এর ফলে গুদামজাতকরণ, পরিবহণ এবং মজুদ ব্যবস্থাপনার কাজও সহজতর হয়।

**গ** জনাব আজাদের কাজটি আত্মকর্মসংস্থানমূলক।

নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও সম্পদকে কাজে লাগিয়ে জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে। এর মাধ্যমে নিজেই নিজের কাজের ব্যবস্থা করা যায়। নিজস্ব মেধা কাজে লাগিয়ে স্বল্প পুঁজি ও প্রশিক্ষণ নিয়ে এ কাজে নিয়োজিত হওয়া যায়। এটি একটি সম্মানজনক ও লাভজনক পেশা।

উদ্দীপকের আরমান চৌধুরী বি.কম পাস করে চাকরি না পেয়ে গ্রামে ফিরে যান। সেখানে তিনি তার বাবার পতিত জমিতে সবজি চাষ শুরু করেন। এক্ষেত্রে তিনি স্থানীয় কৃষি কর্মকর্তার কাছ থেকে সহযোগিতা নেন। এরপর তিনি তার স্বল্প পুঁজি, মেধা ও পরিশ্রমের মাধ্যমে সবজি চাষ শুরু করেন। এভাবে তিনি মেধা ও শ্রমের মাধ্যমে নিজেই নিজের আয়ের ব্যবস্থা করেছেন। এসব বৈশিষ্ট্য আত্মকর্মসংস্থানের সাথে সংগতিপূর্ণ। সুতরাং, আরমান চৌধুরীর কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজ। এক্ষেত্রে তাকে কারও অধীনে কাজ করতে হয় না। তিনি নিজের কাজের ব্যবস্থা নিজেই করেছেন। আর তিনি নিজের দক্ষতা, অভিজ্ঞতা ও পরিশ্রমকে কাজে লাগিয়ে খামার থেকে আয় করছেন। এসব বৈশিষ্ট্য আত্মকর্মসংস্থানের সাথে সম্পর্কিত। তাই, জনাব আরমানের কাজকে আত্মকর্মসংস্থান বলা যায়।

**ঘ** উদ্দীপকের আলোকে জনাব আরমান একজন সফল কৃষি উদ্যোক্তা বলে মনে করি।

উদ্যোক্তাসুলভ গুণাবলি একজন ব্যক্তিকে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলে। এক্ষেত্রে উদ্যোক্তার উদ্যম, সাহস, ইচ্ছাশক্তি, অধ্যবসায়, কঠোর পরিশ্রম, বিচার-বিশ্লেষণ ক্ষমতা প্রভৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উদ্যোক্তা সফল হওয়ার জন্য তার বিশেষ গুণাবলি কর্মক্ষেত্রে প্রয়োগ করেন।

উদ্দীপকের আরমান চৌধুরী বি.কম পাস করার পর চাকরি না পেয়ে তার বাবার জমিতে সবজি চাষ শুরু করেন। এক্ষেত্রে তিনি স্থানীয় কৃষি কর্মকর্তার সাহায্য নিলেও সবজি চাষে ভালো করতে পারেননি। কিন্তু তিনি দমে না গিয়ে সাহসিকতার সাথে সামনে এগিয়ে যান। তিনি প্রচুর পরিশ্রম ও প্রশিক্ষণ নেওয়ার মাধ্যমে সফল উদ্যোক্তায় পরিণত হন।

আরমান চৌধুরীর গুণাবলি তাকে তার এলাকার সফল কৃষি উদ্যোক্তা হতে সহায়তা করেছে। তিনি তার সবজি ফলনের জন্য অনেক পরিশ্রম করেছেন। তিনি কখনো সাহস ও ধৈর্যহারা হননি। এছাড়া তিনি ব্যর্থতা থেকে শিক্ষা নিয়েছেন, যা তাকে অন্যদের চেয়ে আলাদা করেছে। তিনি ব্যর্থ হয়েও দমে না গিয়ে প্রশিক্ষণ নিয়ে আবার নতুন করে সবজি চাষ শুরু করেছেন। এভাবে তিনি লাভবান হয়েছেন এবং তার এলাকায় তিনি সফল কৃষি উদ্যোক্তার পদক লাভ করেছেন। তাই আমার মতে, জনাব আরমান চৌধুরী একজন সফল উদ্যোক্তা।

**প্রশ্ন ▸ ০৪** রানা ও তার পাঁচ বন্ধু চুক্তির ভিত্তিতে একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা প্রতিষ্ঠা করেন। তাদের উৎপাদিত পণ্যের গুণগত মান ভাল হওয়ায় দিন দিন পণ্যের চাহিদা বৃদ্ধি পেতে থাকে। কিন্তু তাদের অর্থনৈতিক সংকটের কারণে ব্যবসায় বৃদ্ধিকরণ ও আধুনিকায়নে সমস্যা হচ্ছে। তাই তারা সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইন অনুযায়ী "রানা এন্ড ফ্রেন্ডস" কোম্পানি নামে প্রতিষ্ঠানটি নিবন্ধন করে বৃহৎ পরিসরে কাজ শুরু করেন। দুই বছরের মধ্যে তারা তিনটি বিভাগীয় শহরে তাদের শাখা খুলে ব্যবসায় পরিচালনা করেন।

ক. বাধ্যতামূলক বিলোপসাধন কী? ১

খ. একমালিকানা ব্যবসায় "মালিকের দায় অসীম" কথাটি ব্যাখ্যা কর। ২

গ. তাদের প্রথম ব্যবসায়টির ধরন কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাংগঠনিক ধরন পরিবর্তন করায় রানাদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরো বেশি ভূমিকা রাখবে–মূল্যায়ন কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো কারণে ব্যবসায়ের কাজ অবৈধ হলে, একজন ব্যতীত সকল অংশীদার অথবা সকল অংশীদার ব্যতীত একজন দেউলিয়া হলে যে বিলোপসাধন ঘটে, তাকে অংশীদারি ব্যবসায়ের বাধ্যতামূলক বিলোপসাধন বলে।

**খ** একক ব্যক্তির মালিকানায় গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় বলে। একমালিকানা ব্যবসায়ের পৃথক কোনো সত্তা থাকে না। মালিকের ব্যক্তিগত সত্তাই এক্ষেত্রে মুখ্য। এ কারণে দায় বণ্টনের কোনো সুযোগ নেই, ফলে ব্যবসায়ের দায়ের জন্য মালিকের ব্যক্তিগত সম্পত্তি দায়বদ্ধ হতে পারে। তাই একমালিকানা ব্যবসায়ের দায় অসীম।

**গ** রানা ও তার বন্ধুদের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি ছিল অংশীদারি ব্যবসায় সংগঠন।

মুনাফা অর্জনের উদ্দেশ্য দুই বা ততোধিক ব্যক্তি সমঝোতার ভিত্তিতে চুক্তিবদ্ধ সম্পর্কের মাধ্যমে যে বৈধ ব্যবসায় পরিচালনা করে, তাকে অংশীদারি ব্যবসায় সংগঠন বলে। এর গঠন সহজ। চুক্তি সম্পাদনের জন্য যোগ্য কমপক্ষে দুজন ব্যক্তি চুক্তিবদ্ধ হয় এরূপ ব্যবসায় শুরু করতে পারে।

উদ্দীপকের রানা ও তার পাঁচ বন্ধু চুক্তির ভিত্তিতে একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। আর এ চুক্তি তাদের ব্যবসায়ের মূলভিত্তি। চুক্তির ভিত্তিতেই নাফিজ ও তার বন্ধুদের ব্যবসায়ের সকল কর্মকাণ্ড যেমন– ব্যবসায়ের পরিচালনা, নিয়ন্ত্রণ, মূলধন সরবরাহ, লাভ-লোকসান বণ্টন প্রভৃতি পরিচালিত হয়। এ চুক্তির আলোকেই তাদের ব্যবসায়ের যাবতীয় মূলধন সরবরাহ, লাভ-লোকসান বণ্টন, সঠিক পরিচালনা ইত্যাদি করা হয়। এসব বৈশিষ্ট্য অংশীদারি ব্যবসায়ের সাথে সাদৃশ্যপূর্ণ। সুতরাং বলা যায়, ১৯৩২ সালের অংশীদারি আইনানুযায়ী তাদের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি হলো অংশীদারি ব্যবসায়।

**ঘ** 'সাংগঠনিক ধরন পরিবর্তন করায় রানার যৌথ মূলধনী ব্যবসায় গঠনে। প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে'– উক্তিটি যথার্থ।

যৌথ মূলধনী ব্যবসায় হলো আইন দ্বারা সৃষ্ট, পৃথক অস্তিত্বসম্পন্ন, কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী এবং সীমিত দায়ের এমন এক ধরনের প্রতিষ্ঠান যেখানে কতিপয় ব্যক্তি মুনাফা অর্জনের উদ্দেশ্যে যৌথভাবে মূলধন বিনিয়োগ করে। এই ব্যবসায় আইনের মাধ্যমে সৃষ্ট ও পরিচালিত হয়।

উদ্দীপকের রানা ও তার বন্ধুরা প্রথম দিকে একটি অংশীদারি ব্যবসায় গঠন করে। পরবর্তীকালে তারা পরামর্শক্রমে সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইনানুযায়ী 'রানা এন্ড ফ্রেন্ডস' নামে নিবন্ধন করে এবং বৃহদাকারে কর্মকাণ্ড শুরু করেন। তারপর মাত্র দুই বছরের মধ্যে তারা তিনটি বিভাগীয় শহরে শাখা খুলে ব্যবসায় সম্প্রসারণ করেন। এর ফলে একদিকে যেমন তাদের ব্যবসায়টি বড় হয় তেমনি দেশের অর্থনৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয় এবং দেশের বৃহৎ বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানেরও ব্যবস্থা হয়।

রানা ও তার বন্ধুদের প্রতিষ্ঠানটিতে কর্মসংস্থানের সুযোগ থাকায় মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন হয়। মাথাপিছু আয় বাড়ে। এ ধরনের সংগঠন প্রতিষ্ঠার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ব্যবসায়ের প্রসার বৃদ্ধি পায় ও বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক সম্পর্কও সুদৃঢ় হয়। তাছাড়া রানাদের প্রতিষ্ঠানটি প্রতিবছর সরকারকে লভ্যাংশের একটি বড় অংশ কর প্রদান করবে, যা দেশের অর্থনৈতিক উন্নয়নে অন্যতম নিয়ামক হিসেবে কাজ করবে। সুতরাং বলা যায়, 'সাংগঠনিক ধরন পরিবর্তন করায় নাফিজদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে।'– উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০৫** জনাব জাকির পেশায় একজন চিকিৎসক। চিকিৎসার পাশাপাশি তিনি আবিষ্কারের কাজও করে থাকেন। সম্প্রতি তিনি নতুন এক ধরনের খাবার স্যালাইন আবিষ্কার করেছেন, যা সহজেই পানিতে দ্রবণীয় এবং দ্রুত পানিশূন্যতা দূর করে। আমাদের দেশে এর আগে এমন স্যালাইন আর কেউই আবিষ্কার করেনি। তাই তিনি চাচ্ছেন এমন কোনো ব্যবস্থা, যার মাধ্যমে তার এ আবিষ্কারের স্বত্ব তারই থাকবে। এক আইনজীবী বন্ধুর সাহায্যে তিনি সরকারের কাছ থেকে এ মর্মে স্বীকৃতি পেলেন। তিনি ভাবছেন, এতে তার আবিষ্কারটি অক্ষুণ্ন থাকবে; পাশাপাশি আর্থিকভাবেও তিনি ক্ষতির মুখে পড়বেন না।

ক. ফ্রানসাইজিং কী? ১

খ. জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. জাকির কর্তৃক খাবার স্যালাইন আবিষ্কার কোন ধরনের সম্পদের অন্তর্ভুক্ত? বিশ্লেষণ কর। ৩

ঘ. স্যালাইন আবিষ্কার আইনগত স্বত্ব জাকিরকে কোন কোন সুবিধা প্রদান করে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য তৈরি, বিক্রি বা বিতরণ করার অধিকারই ফ্রানসাইজিং।

**খ** বিমা ব্যবসায়ে সবচেয়ে জনপ্রিয় হচ্ছে জীবন বিমা।

যে বিমাচুক্তির মাধ্যমে বিমাকারী বিমা কিস্তির বিনিময়ে বিমাগ্রহণকারী ব্যক্তি বা তার নির্বাচিত ব্যক্তি বা উত্তরাধিকারীকে একটি বিশেষ সময়ের পরে বা বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ প্রদান করে থাকে সেই বিমা চুক্তিকেই জীবন বিমা বলে। এ বিমার বিষয়বস্তু হচ্ছে মানুষের জীবন। যেহেতু মানুষের জীবনের ক্ষতিপূরণের নিশ্চয়তা কেউ দিতে পারে না, তাই জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না।

**গ** উদ্দীপকের জনাব জাকির কর্তৃক খাবার স্যালাইন আবিষ্কারটি হলো মেধাসম্পদের অন্তর্ভুক্ত পেটেন্ট।

পেটেন্ট হলো এক ধরনের মেধাসম্পদ। আবিষ্কৃত জিনিসের ওপর সরকার কর্তৃক একচ্ছত্র স্বত্ব বা অধিকার দেওয়াই হলো পেটেন্ট। পেটেন্টের মাধ্যমে আবিষ্কারের জন্য আবিষ্কারককে তার স্বীকৃতিস্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য আবিষ্কারককে তার স্বীকৃতিস্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য একচেটিয়া মালিকানা প্রদান করা হয়। এর অর্থ হলো নির্দিষ্ট সময়ের অন্য কেউ এটি তৈরি, ব্যবহার ও বিক্রয় করতে পারবে না। এর ফলে উদ্ভাবক বা আবিষ্কারকের স্বার্থ সুরক্ষিত হয়ে থাকে।

উদ্দীপকের জনাব জাকির পেশায় একজন চিকিৎসক। সম্প্রতি তিনি নতুন এক ধরনের খাবার স্যালাইন আবিষ্কার করেছেন, যা সহজেই পানিতে দ্রবণীয় ও দ্রুত পানিশূন্যতা দূর করে। দেশে আগে এমন স্যালাইন আর কেউ আবিষ্কার করেনি। তাই আইনজীবী বন্ধুর সাহায্যে তিনি সরকারের কাছ থেকে তার আবিষ্কারের স্বীকৃতিস্বরূপ একচ্ছত্র স্বত্ব বা অধিকার পান। স্বীকৃতি প্রাপ্তির ফলে এ স্যালাইনটি অন্য কেউ তৈরি, ব্যবহার এবং বিক্রয় করতে পারবে না। এভাবে মূলত পেটেন্টের মাধ্যমেই আবিষ্কৃত জিনিসের ওপর একক মালিকানা পাওয়া যায়। সুতরাং, নতুন স্যালাইন তৈরির জন্য আশরাফুল জাকির স্বীকৃতি পেয়েছেন।

**ঘ** জনাব জাকির তার আবিষ্কারটির জন্য পেটেন্ট আইনের সহায়তা পাবেন।

নতুন আবিষ্কৃত পণ্যের ওপর আবিষ্কারক একক অধিকার প্রতিষ্ঠার জন্য সরকারের সাথে যে চুক্তি করেন তাকে পেটেন্ট বলে। পেটেন্টের মাধ্যমে একটি নির্দিষ্ট সময়ের জন্য আবিষ্কৃত পণ্যের একক মালিকানা আবিষ্কারককে দেওয়া হয়। এ সময়ের মধ্যে অন্য কেউ এটি তৈরি, ব্যবহার বা বিক্রি করতে পারে না। কোনো অসাধু ব্যবসায়ী এটি নকল করলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া যায়।

উদ্দীপকের জনাব জাকির নতুন একধরনের খাবার স্যালাইন আবিষ্কার করেন যা সহজে পানিতে দ্রবণীয় ও দ্রুত পানিশূন্যতা দূর করে। এ কাজে তিনি সরকারের সহযোগিতা আশা করেন। যেন কেউ তার পণ্যের নকল বের করতে না পারে। এক্ষেত্রে বাবর সাহেব পেটেন্ট আইনের আওতায় তার পণ্যটি নিবন্ধন করলে আইনগত সুরক্ষা নিতে পারবেন। এর মাধ্যমে পণ্যের উদ্ভাবক হিসেবে তিনি তার কাজের আইনগত স্বীকৃতি পাবেন। ফলে অন্য কেউ এটি নকল বা বিক্রি করতে পারবে না। যদি কেউ তা করে তাহলে তিনি ঐ ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারবেন।

তাই বলা যায়, জনাব জাকির তার আবিষ্কারকৃত পণ্যের পেটেন্ট আইনের আওতায় আইনি সহায়তা গ্রহণ করতে পারবে।

**প্রশ্ন ▶ ০৬** রাব্বী চৌধুরী একটি অটোরাইস মিলের মালিক। তার ব্যবসায়ের নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ অর্থ আসে ও নগদ ব্যয় হয় তার প্রকৃত অবস্থা জানার জন্য একটি বিবরণী তৈরি করেন। তিনি পণ্যের মোট উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যের মধ্যে সমতা বিধান করেন। এ কারণে প্রত্যাশিত মুনাফা অর্জনের জন্য উপযুক্ত মূল্য নির্ধারণ করে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করতে সক্ষম হন। উপরিউক্ত কারণে তিনি অল্পদিনে তার ব্যবসায়ে উন্নতি সাধন করতে সক্ষম হন এবং একজন সফল ব্যবসায়ী হয়ে উঠেন।

ক. দুর্ঘটনা বিমা কী? ১

খ. ব্যবসায় প্রকল্প প্রণয়নে প্রথম পদক্ষেপ কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. রাব্বী চৌধুরী ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য কোন বিবরণী তৈরি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রাব্বী চৌধুরীর ব্যবসায়ের সঠিক মূল্য নির্ধারণে ব্যবসায়ের কোন দিকটি তুলে ধরা হয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ঢা. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** যে বিমার শর্তানুসারে নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে জীবন বা সম্পত্তি আশঙ্কিত দুর্ঘটনাজনিত ক্ষতি সংঘটিত হয় এবং বিমাকারী বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণ দেয় তাকে দুর্ঘটনা বিমা বলে।

**খ** ব্যবসায় প্রকল্প প্রণয়নের প্রথম পদক্ষেপ হলো প্রকল্প চিহ্নিতকরণ।

একজন সম্ভাবনাময় উদ্যোক্তার প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়ার সূত্রপাত হয় তার প্রকল্প ধারণা অনুভব করার সময় থেকেই। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে কোনো পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা লাভ করতে পারেন। এই চাহিদার ওপর প্রকল্প নির্বাচন নির্ভর করে।

সাধারণত পণ্য বা সেবাসামগ্রীর চাহিদা প্রকল্প ধারণার জন্ম দেয়। পণ্যের ধারণা থেকেই প্রকল্পের সূত্রপাত হয়। একজন উদ্যোক্তা বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে কয়েকটি সম্ভাব্য ধারণা চিহ্নিত করে একটি তালিকা করবেন। এ তালিকাবন্ধ ধারণাগুলো বিভিন্ন পদ্ধতির মাধ্যমে মূল্যায়ন করে ব্যবসায় প্রকল্প নির্বাচন করবেন।

**গ** জনাব রাব্বি চৌধুরি ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী তৈরি করেন।

সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য ব্যবসায় উদ্যোক্তার নগদানপ্রবাহ বিবরণী প্রাক্কলন করা প্রয়োজন। এই বিবরণী দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে সংরক্ষণ করা যেতে পারে। এ বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ আসছে এবং কী পরিমাণ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয়। নগদানপ্রবাহ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে।

উদ্দীপকের জনাব রাব্বি চৌধুরি একটি অটোরাইস মিলের মালিক। তিনি নির্দিষ্ট সময়ে তার ব্যবসায়ে কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার হিসাব রাখার জন্য একটি বিবরণী তৈরি করেন। এই বিবরণীতে শুধু নগদ আয়-ব্যয়গুলো লিপিবন্ধ করা হয়। সাধারণত প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণীতে এ ধরনের আয়-ব্যয় সংক্রান্ত লেনদেনগুলো লিপিবন্ধ করে রাখা হয়। ফলে একটি নির্দিষ্ট সময় শেষে ব্যবসায়ে কী পরিমাণ নগদ অর্থ আছে তা জানা যায়। তাই বলা যায়, জনাব রাব্বি চৌধুরি ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য নগদানপ্রবাহ বিবরণী তৈরি করেন।

**ঘ** জনাব রাব্বি চৌধুরীর সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করায় ব্যবসায় সফলতা এসেছে।

সমআয় ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়। এটি ব্যবসায়ের এমন এক পর্যায় যখন লাভও হয় না, ক্ষতিও হয় না।

উদ্দীপকের জনাব রাব্বি চৌধুরি তার পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করে বিক্রি করে। এজন্য তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যের মধ্যে সমতা করেন, যা সম আয়-ব্যয় বিশ্লেষণ পদ্ধতিকে নির্দেশ করে। সম আয়-ব্যয় বিন্দু নির্ধারণ করে কাঙ্ক্ষিত মুনাফা যোগ করে পণ্যের মূল্য নির্ধারণ করা যায়। এতে মুনাফা অর্জন করতে সুবিধা হয়। মূলত সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে মুনাফা পরিকল্পনা তৈরি ও মুনাফা বাড়ানোর কাজ করা যায়।

উদ্দীপকের জনাব রাব্বি চৌধুরির কার্যক্রমটি সম আয়-ব্যয় বিশ্লেষণ। কারণ তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যের মধ্যে সমতা বিধান করেন। এক্ষেত্রে প্রথমে তিনি বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করেন। যে পরিমাণ উৎপাদন করলে তা লাভও হয় না আবার ক্ষতিও হয় না তা নির্ধারণ করেন। অতঃপর প্রত্যাশিত মুনাফা অর্জনের জন্য পণ্যের উপযুক্ত মূল্য নির্ধারণ করেন। সুতরাং বলা যায়, সম আয়-ব্যয় বিশ্লেষণ এর ভিত্তিতে জনাব রাকিবের ব্যবসায়ের সঠিক মূল্য নির্ধারণ যথার্থ হয়েছে।

**প্রশ্ন ▸ ০৭** জনাব কবির চৌধুরী গাজীপুর থেকে বিভিন্ন পণ্যসামগ্রী কিনে নিজ প্রতিষ্ঠান "কবির ভ্যারাইটিস স্টোরস" এ পণ্যের মান, পরিমাপ ও ধরন অনুযায়ী শ্রেণিবিন্যাস করে পণ্যের মূল্য নির্ধারণ করেন। বিক্রয় বৃদ্ধির জন্য তিনি আনিস নামের একজন সুঠাম, হাস্যোজ্জ্বল, কাজে বিশ্বাসী বিক্রয়কর্মী নিয়োগ দেন। ফলে খুব কম সময়ে কবির ভ্যারাইটিস স্টোরস সফলতা লাভ করে।

ক. বিজ্ঞাপন কী? ১

খ. কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।− ব্যাখ্যা কর। ২

গ. জনাব কবির চৌধুরী বিপণনের কোন কোন সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদর্শ বিক্রয়কর্মীর কোন গুণটি আনিসের মধ্যে বিদ্যমান? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** বিজ্ঞাপন হলো পণ্য বা সেবাসামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য একটি অন্যতম উপায় বা কৌশল।

**খ** কার্যকর বিপণন প্রয়োজনীয় অর্থ জোগানের মাধ্যমে উৎপাদনকারীকে উৎপাদনে উৎসাহিত করে আরো অধিক লাভের জন্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে থাকে।

নির্দিষ্ট ক্রেতা বা ভোক্তার নিকট পণ্যসামগ্রী পৌঁছে দিতে বিপণন ব্যবস্থা প্রধান ভূমিকা পালন করে থাকে। বর্তমান প্রতিযোগিতাপূর্ণ ব্যবসায়-বাণিজ্যের যুগে শুধু পণ্যের উৎপাদনের ওপরই কোনো ব্যবসায় সংগঠনের সাফল্য নির্ভর করে না; যদি না সে পণ্য বা সেবা যথাযথ উপায়ে ভোক্তার কাছে পৌঁছানো যায়। কার্যকর বিপণন ব্যবস্থার মাধ্যমে ক্রেতা ও ভোক্তাগণ মানসম্মত পণ্য বা সেবা পেয়ে থাকে। কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে। বিপণনের উন্নয়নের সাথে সাথে শিল্প, বাণিজ্য ও সেবার উন্নতি সাধিত হয়।

**গ** জনাব কবির চৌধুরী বিপণনের ক্রয়, পরিবহণ, পর্যায়িতকরণ, প্রমিতকরণ প্রভৃতি কাজ সম্পাদন করেছেন।

বিপণনের মাধ্যমে পণ্য বা সেবাসামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তাদের কাছে পৌঁছানো হয়। ক্রয়-বিক্রয়, পরিবহণ, গুদামজাতকরণ, প্রমিতকরণ, পর্যায়িতকরণ প্রভৃতি বিপণন কার্যাবলির অন্তর্ভুক্ত। কার্যকর বিপণন পণ্যের বিক্রি ও মুনাফা বাড়ানোর মাধ্যমে ব্যবসায় সফলতা আনে।

উদ্দীপকের জনাব কবির চৌধুরীর একটি ভ্যারাইটিস স্টোর রয়েছে। দোকানের জন্য প্রয়োজনীয় সামগ্রী তিনি গাজীপুর থেকে ক্রয় করেন। পরে উক্ত ক্রয়কৃত পণ্যগুলো পরিবহণের মাধ্যমে গাজীপুর থেকে নিজের দোকানে নিয়ে আসেন। পরবর্তীতে পণ্যের মান, পরিমাপ ও ধরন অনুযায়ী শ্রেণিবিভাগ করেন; যা মূলত পর্যায়িতকরণের অন্তর্ভুক্ত। পাশাপাশি মান অনুযায়ী তিনি পণ্যের মূল্যও নির্ধারণ করেন। অর্থাৎ তিনি পণ্যের প্রমিতকরণ করেন। এসব কাজ বিপণনের অন্তর্ভুক্ত। অতএব বলা যায়, জনাব কবির চৌধুরী বিপণনের ক্রয়, পরিবহণ, পর্যায়িতকরণ ও প্রমিতকরণের কাজগুলো সম্পাদন করেছেন।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জনাব আনিসের মধ্যে একজন আদর্শ বিক্রয়কর্মীর প্রায় সকল গুণ বিরাজমান তাই তাকে একজন আদর্শ বিক্রয়কর্মী আখ্যায়িত করা যায়।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনের বিক্রয়কর্মীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মীর দ্বারা অনেকাংশে প্রভাবিত হয়। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেক গুণের অধিকারী হতে হয়।

উদ্দীপকের জনাব কবিরের বিক্রয় কাজে সুবিধার জন্য আনিস নামে একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। আনিস ক্রেতা ও ভোক্তাদের সাথে সদা হাসিমুখে কথা বলেন, কোনো কথায় বিরক্তবোধ করেন না। ক্রেতারা আনিসের সততায় মুগ্ধ। এছাড়া তিনি নারী-পুরুষের সাথে অত্যন্ত সচেতনতার সাথে পণ্য বিক্রয় করেন। ফলে অল্প সময়ে কবির ভ্যারাইটিস স্টোর সফলতা লাভ করে। আনিস একজন অভিজ্ঞতাসম্পন্ন বিক্রয়কর্মী। আদর্শ বিক্রয়কর্মী সব সময় ক্রেতা ও ভোক্তাদের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি পোষণ করেন। ক্রেতা বা গ্রাহকগণ কোনো পণ্যের মান ও মূল্যে সম্পর্কে অপ্রত্যাশিত মন্তব্য করলেও তিনি তাকে হাসিমুখে প্রভাবিত করেন। তার সততা গ্রাহকদের প্রতিষ্ঠানের স্থায়ী গ্রাহকে পরিণত হতে বাধ্য করে। এছাড়া তিনি বয়স্ক নারী ও পুরুষের সাথে সচেতনতার সাথে পণ্য বিক্রি করে। যা জেন্ডার সচেতনতার বহিঃপ্রকাশ। আর তার ধৈর্যশীল মানসিকতার কারণে তিনি কারও কথায় বিরক্ত হন না। অর্থাৎ তার শারীরিক, মানসিক, নৈতিক প্রভৃতি গুণ তাকে সবার কাছে গ্রহণযোগ্য করে তুলেছে। তাই আনিসকে একজন আদর্শ বিক্রয়কর্মী হিসেবে অভিহিত করা যায়।

**প্রশ্ন ▶ ০৮** রাজশাহীর রাজু পড়াশোনা শেষ করে চাকরি না পেয়ে একটি পুরাতন বইয়ের দোকান দেন। নিজের জমানো কিছু টাকা ও একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে স্বল্প মেয়াদে ঋণ নিয়ে তিনি এই ব্যবসায় শুরু করেন। এই কাজে সহায়তার জন্য ২ জন দক্ষ কর্মী নিয়োগ দিয়ে যোগ্যতা অনুযায়ী কাজ ভাগ করে দেন। যার ফলে ব্যবসায়ের পরিধি ও মুনাফা বৃদ্ধি পায়।

ক. কর্মীসংস্থান কী? ১
খ. আমলাতান্ত্রিক নেতৃত্ব বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. রাজু কোন কোন উৎস থেকে মূলধন সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রাজুর সম্পাদিত ব্যবস্থাপনার কাজটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** যেকোনো প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত কর্মী সংগ্রহ, কর্মী নির্বাচন, কর্মী নিয়োগ ও উন্নয়নসংক্রান্ত কাজই হলো কর্মীসংস্থান।

**খ** প্রাতিষ্ঠানিক নিয়ম অনুসারে বা পদমর্যাদা থেকে যে নেতৃত্বের সৃষ্টি হয়, তাকে আমলাতান্ত্রিক নেতৃত্ব বলে।

এ নেতৃত্বে কর্মীদের আদেশ দিয়ে নেতা কাজ আদায় করে নেন। এতে কর্মীরা নির্ধারিত নিয়মে দায়িত্ব পালনে বাধ্য থাকেন। এক্ষেত্রে প্রাতিষ্ঠানিক শৃঙ্খলাকে বেশি গুরুত্ব দেওয়া হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত রাজু নিজস্ব তহবিল ও বাণিজ্যিক ব্যাংক থেকে তহবিল সংগ্রহ করেন।

ক্ষুদ্র ব্যবসায় বিশেষ করে একমালিকানা ব্যবসায়ের মালিক নিজস্ব তহবিল থেকে অর্থ সংগ্রহ করে। এছাড়া আর্থিক প্রতিষ্ঠান থেকেও অর্থ সংগ্রহ করা যায়। ব্যবসায়ের জন্য বাণিজ্যিক ব্যাংকই অর্থ সংগ্রহের প্রধান উৎস।

উদ্দীপকের ক্ষুদ্র ব্যবসায়ী মি. রাজু নিজের ও আত্মীয়স্বজনের কাছ থেকে কিছু ঋণ নিয়ে মূলধনের সংস্থান করেছেন। এছাড়াও ব্যবসায় সম্প্রসারণের জন্য ব্যাংক ঋণের কথা ভাবছেন। তিনি তার ব্যবসায় পরিচালনার জন্য অর্থ সংগ্রহ করেছেন এবং তা সম্প্রসারণের জন্য সচেষ্ট আছেন। আর এ সকল বিষয়গুলো ব্যবসায় অর্থায়নের সাথে জড়িত। অর্থায়নের মাধ্যমেই যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠান শুরু, কার্যক্রম সচল রাখা এবং ব্যবসায়ের সম্প্রসারণ সম্ভব হয়।

তাই, মি. রাজুর মূলধন সংগ্রহের প্রক্রিয়া হলো নিজস্ব তহবিল ও বাণিজ্যিক ঋণ।

**ঘ** উদ্দীপকে বর্ণিত রাজুর গৃহীত পদক্ষেপ হলো ব্যবস্থাপনার সংগঠিতকরণ।

ব্যবস্থাপনা হচ্ছে অন্যের সামর্থ্যকে কাজে লাগিয়ে কোনো কাজ করিয়ে নেওয়ার দক্ষতা ও কৌশল। আর পরিকল্পনা অনুযায়ী দায়িত্ব ও কর্তৃত্ব কর্মীদের মাঝে বণ্টন করা হলো সংগঠিতকরণ। প্রতিষ্ঠানের সকল প্রকার উপাদানকে দক্ষতার সাথে পরিচালনার মাধ্যমে লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনার আওতায় অনেকগুলো কাজ করতে হয়। এর মাধ্যমে ব্যবসায় প্রতিষ্ঠানের সব সম্পদের যথাযথ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়।

উদ্দীপকের রাজু তার প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য কর্মীদের যথাযথভাবে নিয়োগ দেওয়ার ব্যবস্থা করেন যেটি ব্যবস্থাপনার কর্মীসংস্থান কাজের পর্যায়ে পড়ে। এছাড়াও তিনি নিয়োগকৃত কর্মীদের দায়িত্ব বণ্টন করেন যেটি ব্যবস্থাপনার সংগঠিতকরণ কাজের অন্তর্ভুক্ত। তাছাড়াও তিনি কর্মীদেরকে কাজের প্রতি আগ্রহী করে তোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেন যেটি ব্যবস্থাপনার প্রেষণাদান কার্যক্রমের অন্তর্ভুক্ত। তাই বলা যায়, উদ্দীপকে বর্ণিত রাজুর গৃহীত পদক্ষেপগুলো ব্যবস্থাপনা কার্যক্রমের অন্তর্ভুক্ত।

**প্রশ্ন ▶ ০৯** জনাব রাগিব একজন শিক্ষিত বেকার যুবক। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান হতে তথ্য ও প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে কুষ্টিয়া জিলা স্কুলের সামনে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলেন। তার প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণার্থীগণ জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন। যার মাধ্যমে দেশের দক্ষ জনশক্তি সম্পদ অপচয় রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. প্রেষণাদান কী? ১
খ. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাগিব কোন ধরনের প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের দক্ষ জনশক্তি গড়ে তুলতে রাগিবের প্রতিষ্ঠানটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** কর্মীকে কাজের প্রতি আগ্রহী ও উৎসাহী করার প্রক্রিয়াই হলো প্রেষণা।

**খ** আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন নিজ দক্ষতা।

নিজ দক্ষতা ও গুণাবলি দ্বারা নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করাকে আত্মকর্মসংস্থান বলে। দক্ষতা হলো একটি গুণ যা আত্মকর্মসংস্থানকারীকে দ্রুততার সাথে কার্য সম্পাদনে সহায়তা করে। দক্ষতা থাকলে যে কেউ স্বল্প পুঁজি সংগ্রহ করে আত্মকর্মসংস্থান শুরু করতে পারে। কিন্তু দক্ষতা না থাকলে আত্মকর্মসংস্থান অসম্ভব হয়ে পড়ে। এজন্যই দক্ষতাকে আত্মকর্মসংস্থানের বড় মূলধন বলা হয়।

**গ** উদ্দীপকের জনাব রাগিব আত্মকর্মসংস্থানের সহায়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানটি হলো নট্রামস।

নট্রামস শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান। বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করে ও বহু শিক্ষিত বেকার যুবক-যুবতী নিজেদের আত্মকর্মসংস্থানের সুযোগ করে নিয়েছে।

উদ্দীপকের উচ্চ শিক্ষিত জনাব রাগিব যোগ্যতানুসারে চাকরি পেতে ব্যর্থ হয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নট্রামস থেকে কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনায় প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করেন। তথ্য প্রযুক্তির উৎকর্ষে উক্ত প্রতিষ্ঠানটি কম্পিউটার বিষয়ে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে থাকে। তাই বলা যায়, জনাব রাগিব প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানটি উল্লিখিত কার্যাবলি সম্পন্ন করে।

**ঘ** দেশে দক্ষ জনশক্তি গড়ে তুলতে জনাব রাগিবের প্রতিষ্ঠানটির প্রয়োজনীয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কোনো বিশেষ কাজ যথার্থভাবে সম্পাদন করার স্বার্থে এবং জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ একান্ত প্রয়োজন। প্রশিক্ষণ কর্মদক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করে। বড় প্রতিষ্ঠানের ন্যায় ক্ষুদ্রায়তন প্রতিষ্ঠানগুলোর কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত।

উদ্দীপকের জনাব রাগিব কুষ্টিয়া জেলা স্কুলের সামনে 'কম্পিউটার ট্রেনিং সেন্টার' স্থাপন করেন।

জনাব রাগিব তার কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। এই দোকানটি তার আয়ের উৎস হিসেবে ভূমিকা রাখছে। এর পাশাপাশি জনাব রাগিবের প্রতিষ্ঠানে অনেক শিক্ষিত বা স্বল্পশিক্ষিত বেকার যুবকরা প্রশিক্ষণ নিতে আসেন। জনাব রাগিবের প্রশিক্ষণ যেমন একদিকে তার কর্মসংস্থান করেছে, অন্যদিকে অন্যান্য বেকার যুবকদেরও কাজের সংস্থান করতে সহায়তা করছে। কোনো কর্মীকে সঠিক কাজে নিয়োগ করার পূর্বে তাকে প্রশিক্ষণ বা ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করতে হবে। এ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের উদ্যোক্তাসহ নতুন ও পুরাতন সকল কর্মীর জন্যই অপরিহার্য। তাই বলা যায়, রাগিবের প্রশিক্ষণের সার্থকতা রয়েছে।

**প্রশ্ন ▶ ১০** জনাব জামিল একজন নতুন উদ্যোক্তা। তিনি বিভিন্ন ধরনের কাগজ ও প্যাকেট তৈরির কারখানা স্থাপন করেন। তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে সহায়তা গ্রহণের পাশাপাশি কারিগরি সহায়তা নেন। প্রযুক্তিগত সহায়তায় তার প্রতিষ্ঠানটি দ্রুত সাফল্য লাভ করে। এ প্রতিষ্ঠানটি তার উৎপাদিত সামগ্রীর মাধ্যমে স্থানীয় ও জাতীয় চাহিদা মেটাতে সক্ষম হয়। যার ফলে নতুন উদ্ভাবক হিসেবে জনাব জামিল নতুন উদ্ভাবকের পুরস্কার লাভ করেন।

ক. বিটাক কোন ধরনের সহায়তা প্রদান করে? ১
খ. মাইডাস এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২
গ. জনাব জামিল কোন ধরনের প্রতিষ্ঠান থেকে আর্থিক সহায়তা গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জামিল এর প্রতিষ্ঠানটি যে ধরনের সহায়তা গ্রহণ করেছে উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র হলো বিটাক। বিটাক উদ্দীপনামূলক সহায়তা প্রদান করে।

**খ** মাইডাসের সামগ্রিক কার্যক্রমগুলো হলো–

ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ঋণ সুবিধা প্রদান। জাতীয়, বহুজাতিক, সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ, তথ্য ও পরামর্শ সেবা প্রদান। ব্যবসায় ক্ষেত্র অনুসন্ধান ও গবেষণা পরিচালনা। ব্যবসায় উদ্যোক্তাদের মধ্যে সহযোগিতার নেটওয়ার্ক বাড়ানো। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উৎপাদিত পণ্য স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিপণনে সহায়তা করা।

**গ** জনাব জামিল বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) থেকে আর্থিক সহায়তা গ্রহণ করেন।

এটি সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বাণিজ্যিক ব্যাংক। এটি সরকারি ও বেসরকারি শিল্পে আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে থাকে। এটি নতুন শিল্প স্থাপন, শিল্প আধুনিকীকরণ, যন্ত্রপাতি পরিবর্তন ও প্রসারের জন্য প্রয়োজনীয় সহায়তা দেয়। আবার, শিল্প উদ্যোক্তাদের পর্যাপ্ত ঋণ ও পরামর্শ দেয়।

উদ্দীপকের জামিল একজন নতুন উদ্যোক্তা। তিনি বিভিন্ন ধরনের কাগজ ও প্যাকেট তৈরির কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানটি তার কারখানার যন্ত্রপাতি আধুনিকীকরণে যন্ত্রপাতি পরিবর্তনে পরামর্শ দেয়। এ পরামর্শ মোতাবেক কাজ করায় তিনি দ্রুত সফলতা অর্জন করেন। উদ্দীপকের এ প্রতিষ্ঠানটি বিডিবিএল এর বৈশিষ্ট্যকে ইঙ্গিত দেয়। সুতরাং, জামিলদের মতো নতুন উদ্যোক্তাদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান হলো বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল)।

**ঘ** জনাব জামিলের প্রতিষ্ঠানটি সমর্থনমূলক সহায়তা গ্রহণ করেছে।

উদ্যোক্তা ব্যবসায় গঠনে আগ্রহী হওয়ার পর বাস্তবে তা স্থাপনে সমর্থনমূলক সহায়তা প্রয়োজন। এর মাধ্যমে উদ্যোক্তা শিল্প স্থাপন, পরিচালনা, সম্পদ ব্যবহারের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পেয়ে থাকেন।

এছাড়াও ব্যবসায় নিবন্ধন, মূলধন সরবরাহ, অবকাঠামোগত সহায়তা, কাঁচামাল সরবরাহ প্রভৃতি সহায়তাগুলো উদ্যোক্তারা এর মাধ্যমে পেয়ে থাকেন।

উদ্দীপকের জামিল একজন নতুন উদ্যোক্তা। তিনি বিভিন্ন ধরনের কাগজ ও প্যাকেট তৈরির কারখানা স্থাপন করেন। এজন্য তিনি আর্থিক প্রতিষ্ঠানের পাশাপাশি কারিগরি সহায়তাও নেন। প্রযুক্তিগত সহায়তায় তার প্রতিষ্ঠানটি দ্রুত সাফল্য লাভ করে। ফলে প্রতিষ্ঠানটি তার উৎপাদিত সামগ্রীর মাধ্যমে স্থানীয় ও জাতীয় চাহিদা মেটাতে সক্ষম হয়।

জনাব জামিল আর্থিক সহায়তার মাধ্যমে ব্যবসায়ের প্রয়োজনীয় মূলধনের চাহিদা মেটাতে পারবেন। আবার কারিগরি সহায়তার মাধ্যমে তিনি প্রতিষ্ঠানটি পরিচালনায় যথোপযুক্ত প্রযুক্তি ব্যবহারের বিষয়ে ধারণা পান। এসবের মাধ্যমে তিনি সফলভাবে ব্যবসায় পরিচালনা করতে সক্ষম হন। এছাড়া তিনি উদ্ভাবক হিসেবেও স্বীকৃতি পান। এসব বৈশিষ্ট্য সমর্থনমূলক সহায়তাকে নির্দেশ করে। সুতরাং জনাব জামিলের প্রতিষ্ঠানটি সমর্থনমূলক সহায়তা নিয়েছে।

**প্রশ্ন ▸ ১১** জনাব শামীম রাজশাহী হতে আম ক্রয় করে রংপুর শহরে বিক্রি করেন। তিনি আম সম্পর্কে সঠিক তথ্য দিলেও অধিক মুনাফার আশায় স্থানীয়ভাবে উৎপাদিত আমের সাথে ক্রয়কৃত আমের সংমিশ্রণ ঘটিয়ে বাজারে বিক্রি করেন। তাছাড়া পচা ও দুর্গন্ধযুক্ত আম পাশের খালে ফেলে দেন। যার ফলে খালের পানি দূষিত হয়ে জীববৈচিত্র্য হুমকির মুখে পড়েছে এবং ডেঙ্গু মশার বাহক ডিম পাড়ে যার কারণে মানুষ মারাত্মক ব্যাধিতে আক্রান্ত হচ্ছে।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. প্রশিকা এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ. জনাব শামীম ব্যবসায়ের কোন পক্ষের প্রতি সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শামীমের কার্যক্রম পরিবেশের জন্য কতটা হুমকির সম্মুখীন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় পরিচালনাগত ও বাহ্যিক বিষয়ে সঠিক-বেঠিক, ন্যায় অন্যায়, উচিত-অনুচিত প্রভৃতি বিষয়ে বিচারের মাপকাঠিকে ব্যবসায় নৈতিকতা বলে।

**খ** প্রশিকা হল তিনটি বাংলা শব্দের একটি আদ্যক্ষর। যার অর্থ হচ্ছে প্রশিক্ষণ, শিক্ষণ ও কাজ।

প্রশিকার গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলোর মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের দরিদ্রদের জনসংগঠন নির্মাণ, আত্মকর্মসংস্থান ও তাদের আয় বৃদ্ধির মাধ্যম। জনকল্যাণে এর অবদান অনেক। গরিব মানুষের কল্যাণে প্রশিকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অর্থাৎ মানবিক উন্নয়ন কেন্দ্র, অর্থনৈতিক স্বাবলম্বী এবং সমতা সামাজিকভাবে সুস্থ ও প্রকৃত গণতান্ত্রিক ভাবমূর্তিতে সম্বলিত একটি সমাজ গঠনের স্বার্থে প্রশিকা কাজ করে থাকে। বাংলাদেশের বৃহত্তম এনজিওগুলোর মধ্যে এটি অন্যতম।

**গ** উদ্দীপকের জনাব শামীমের ব্যবসায়ের নৈতিকতা ও ক্রেতা-ভোক্তাদের প্রতি সামাজিক দায়িত্ব পালনের বিষয়টি লঙ্ঘন করেছেন।

যেসব সামাজিক কিংবা আইনগত রীতিনীতি অনুসরণ করে ব্যবসায়ীকে তার ব্যবসায় কার্যক্রম পরিচালনা করতে হয় তাকে ব্যবসায় নৈতিকতা বলে। ব্যবসায় নৈতিকতা বা নৈতিক মূল্যবোধ ব্যবসায় জগতে আমাদের আচরণকে সঠিক পথে পরিচালনার দিক নির্দেশনা হিসেবে কাজ করে। ব্যবসায়ীদের মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের জন্য কল্যাণমূলক কিছু কাজ করতে হয়। পণ্যের বাজার স্থিতিশীল রাখা, মানসম্মত পণ্য সরবরাহ করা প্রভৃতি ক্রেতা ও ভোক্তার প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব।

উদ্দীপকের জনাব শামীমের রাজশাহী শহর থেকে আম এনে স্থানীয় এলাকায় বাজারে বিক্রয় করে। তিনি সম্প্রতি বেশি মুনাফা অর্জনের আশায় নিম্নমানের আম বেশি মূল্যে বিক্রি করেন। তিনি ব্যবসায়ের ভালো-মন্দ, ন্যায়-অন্যায়, ঠিক-বেঠিক বিচার না করে নীতিবহির্ভূত কাজে লিপ্ত হন। ফলে মানুষের ক্ষতি হয় এবং তার ব্যবসায়ের সুনাম নষ্ট হয়। তাই বলা যায়, জনাব শামীম বেশি মুনাফা অর্জনের আশায় ব্যবসায়িক নৈতিকতা ও ক্রেতা-ভোক্তাদের প্রতি সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন।

**ঘ** জনাব শামীমের কার্যক্রম তথা পঁচা ও দুর্গন্ধযুক্ত আম পাশের খালে ফেলে পানি দূষণ করে পরিবেশ দূষিত করেছে।

শিল্প উন্নয়নের সবচেয়ে বড় বাধা হচ্ছে পরিবেশ দূষণ। শিল্প বর্জ্য নির্গত তরল পদার্থ নদী-নালায় পড়ে পানি দূষিত করছে। বিষাক্ত পানি মাছসহ জলজ প্রাণী বাস করার অনুপযোগী হয়ে পড়ে। তাই প্রত্যেক শিল্প প্রতিষ্ঠানে পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকা উচিত।

উদ্দীপকের জনাব শামীমের বর্জ্য পার্শ্ববর্তী পঁচা ও দুর্গন্ধযুক্ত আম নদীতে ফেলা হয়। এতে নদীতে অবস্থানরত মাছ ও অন্যান্য জলজ প্রাণী মারা যাচ্ছে। নদীকে জলজ প্রাণির বসবাস ও বংশবিস্তারের অনুপযোগী করে তুলছে। ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। এভাবে জনাব শামীমের পঁচা আম পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান পানিকে দূষিত করছে, যা মানুষের ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। তাই বলা যায়, জনাব শামীমের সার কারখানার বর্জ্য পানিকে দূষিত করে পরিবেশের দূষণ ঘটায়। ফলে পরিবেশ মারাত্মক হুমকির সম্মুখীন হয়েছে।

# রাজশাহী বোর্ড-২০২৪

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 4 3

সময় : ৩০ মিনিট [২০২৪ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কোনটি করা সহজ হয়?**
ⓚ প্রকল্প নির্বাচন ⓚ প্রকল্প মূল্যায়ন
ⓖ সঠিক মূল্য নির্ধারণ ⓖ মূলধন সংগ্রহ

**২. মাইক্রোস্ক্রিনিং এর উপাদান কোনটি?**
ক ব্যবসায় পরিচালনার দিক নির্দেশনা খ বাজার চাহিদা
গ আইনগত পরিবেশ ঘ প্রাকৃতিক পরিবেশ

**৩. হোসিয়ারি পণ্য কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
ক মৃৎশিল্প খ পাটজাত শিল্প
গ হস্তশিল্প ঘ তাঁত ও বস্ত্রশিল্প

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায় উদ্যোগ বিষয়ের শিক্ষক জনাব হাবিবুর রহমান ৩০ জন শিক্ষার্থী নিয়ে চট্টগ্রামের একটি চা শিল্প পরিদর্শনে যান। সেখানে তারা চা প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি দেখার পাশাপাশি সেখানে কর্মরত ৩০০ জন শ্রমিকের কর্মস্পৃহা দেখে মুগ্ধ হন।

**৪. শিক্ষার্থীদের পরিদর্শনকৃত শিল্পটি কোন ধরনের?**
ক ক্ষুদ্র খ বৃহৎ গ মাঝারি ঘ কুটির

**৫. জাতীয় অর্থনীতিতে উদ্দীপকের শিল্পটি অবদান রাখছে–**
i. কর্মসংস্থান সৃষ্টিতে ii. মোট জাতীয় আয় বৃদ্ধিতে
iii. স্থানীয় চাহিদা পূরণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎশিল্প কোনটি?**
ক সার খ সিমেন্ট গ মৃৎ ঘ তৈরি পোশাক

**৭. কোনটি সেবা শিল্প?**
ক বিনোদন শিল্প খ বস্ত্র তৈরি
গ রাস্তাঘাট নির্মাণ ঘ চামড়া শিল্প

**৮. প্রতিষ্ঠানের অন্যতম উপাদান কোনটি?**
ক অর্থ খ যন্ত্রাদি গ কর্মী বাহিনী ঘ পণ্য

**৯. বিপণনের অন্যতম কাজ কী?**
ক ক্রয় খ বিজ্ঞাপন গ উৎপাদন ঘ বিক্রয়

**১০. বাংলাদেশের প্রধান বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
ক সোনালী খ জনতা গ অগ্রণী ঘ রূপালী

**১১. শিক্ষার্থীদের যথাসময় বিদ্যালয়ে যাওয়া কীসের অংশ?**
ক সততা খ মূল্যবোধ
গ সামাজিক দায়বদ্ধতা ঘ নৈতিকতা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাকির পাইকারী ব্যবসায়ী। তিনি শীতকালে কৃষকদের নিকট থেকে আলু সংগ্রহ করে তা সংরক্ষণ করেন। পরবর্তীতে চাহিদা বৃদ্ধি পেলে বিক্রয় করেন।

**১২. জনাব জাকিরের পণ্য সংরক্ষণের মাধ্যমে কোন উদ্যোগ সৃষ্টি হয়?**
ক স্বত্বগত খ স্থানগত গ সময়গত ঘ ঝুঁকিগত

**১৩. জনাব জাকির গুদামজাত করেন–**
i. কৃষি পণ্য ii. শিল্প পণ্য iii. ভোগ্য পণ্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রিতা গ্রুপের ব্যবস্থাপক বিভিন্ন দেশে ভ্রমণ করতে পছন্দ করেন। তাই তিনি বছরের অধিকাংশ সময় দেশের বাইরে থাকেন। কর্মীরা নিজের ইচ্ছামতো কাজ করেন।

**১৪. রিতা গ্রুপের ব্যবস্থাপক কোন ধরনের নেতৃত্ব করেন?**
ক গণতান্ত্রিক খ স্বৈরতান্ত্রিক গ আমলাতান্ত্রিক ঘ মুক্ত

**১৫. এ ধরনের নেতৃত্বে–**
i. সিদ্ধান্ত গ্রহণে সময় বেশি লাগে ii. কর্মীদের উপর সুনির্দিষ্ট আদেশ দেন না
iii. প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে ভালো আন্তঃব্যক্তিক সম্পর্ক ও দলীয় কাজের উপর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারাকে কয়টি পর্যায়ে বিভক্ত করা যায়?**
ক ৫ খ ৪ গ ৩ ঘ ২

**১৭. ব্যবসায়ের ক্ষেত্রে অন্তর্গত প্রতিবন্ধকতা দূর করে কোনটি?**
ক গবেষণা খ ভাব বিনিময় গ বিজ্ঞাপন ঘ ব্যাংকিং

**১৮. সামাজিক পরিবেশের উপাদান–**
i. ভোক্তাদের মনোভাব ii. মানব সম্পদ iii. প্রাকৃতিক সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. সফল উদ্যোক্তাগণ কিসের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন?**
ক অভিজ্ঞতা খ সৃজনশীলতা
গ বুদ্ধিমত্তা ঘ বিচার-বিশ্লেষণ

**২০. ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশ হলো–**
i. দক্ষ মানবসম্পদ সৃষ্টি ii. সরকারি পৃষ্ঠপোষকতা
iii. প্রশিক্ষণের সুযোগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. ব্যবসায় উদ্যোগ উন্নয়নে অন্যতম বাধা কোনটি?**
ক সুষ্ঠু পরিকল্পনার অভাব খ চাকরির প্রতি অধিক আগ্রহ
গ প্রচার প্রচারণার অভাব ঘ প্রশিক্ষণের অভাব

**২২. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড়ো মূলধন কোনটি?**
ক আত্মবিশ্বাস খ নিজের দক্ষতা
গ পরিশ্রম ঘ সাহস

**২৩. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনে বিবেচনা করতে হবে–**
i. সঠিক পণ্য ii. ঝুঁকি মোকাবিলার উপায় iii. পণ্যের চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. যৌথ মূলধনী সংগঠনের মূল দলিল কোনটি?**
ক পরিমেল নিয়মাবলি খ স্মারকলিপি
গ কার্যারম্ভের অনুমতিপত্র ঘ নিবন্ধনপত্র

**২৫. অংশীদারি ব্যবসায়ে কখন আস্থা সংকট দেখা দেয়–**
ক পারস্পরিক বিশ্বাসযোগ্যতা হারালে খ সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হলে
গ চুক্তি লিখিত না হলে ঘ মুনাফা কম হলে

**২৬. কোন ব্যবসায় ক্রেতাদের পরিবর্তনশীল রুচি, আগ্রহ ও ফ্যাশনের উপর নির্ভরশীল?**
ক সবজির দোকান খ চালের দোকান
গ দরজির দোকান ঘ ঔষধের দোকান

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সুমনা একজন শেয়ার ব্যবসায়ী। তিনি কান্তা হাউসের ৫১% শেয়ার ক্রয় করেন। কান্তা হাউজ সফলতার শীর্ষে পৌঁছানোর জন্য তিনি ঋণ সহায়তা গ্রহণ করেন।

**২৭. সুমনা কান্তা হাউসের শেয়ার ক্রয় করে কী হিসেবে বিবেচিত হবেন?**
ক ক্ষুদ্র উদ্যোক্তা খ ব্যবস্থাপক
গ নারী উদ্যোক্তা ঘ পরিচালক

**২৮. কোন সংস্থা সুমনাকে সহজ শর্তে অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা প্রদান করবে?**
ক যুব উন্নয়ন অধিদপ্তর খ মাইডাস
গ বিডিবিএল ঘ প্রশিকা

**২৯. ব্যবসায়ে পণ্যের ট্রেডমার্স রেজিস্ট্রেশন করা হয় কেন?**
ক মালিকের একচ্ছত্র অধিকার প্রতিষ্ঠার জন্য
খ পণ্যের বাজার সম্প্রসারণের উদ্দেশ্যে
গ ঝুঁকি এড়ানোর জন্য
ঘ প্রতিযোগিতা মোকাবিলা করার উদ্দেশ্যে

**৩০. কীভাবে প্রকল্প ধারণার সূচনা হয়?**
ক পণ্যের চাহিদা থেকে খ উদ্যোক্তার আগ্রহ দ্বারা
গ কারিগরি শিক্ষা দ্বারা ঘ নতুন প্রযুক্তি ব্যবহার করে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড-২০২৪

সেট : ০১

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আকিব ও সাজিদ দুই বন্ধু এইচএসসি পাসের পর তাদের নিজস্ব দক্ষতা কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের গিফট ও ফাস্টফুড আইটেম তৈরি করে অনলাইনের মাধ্যমে বিক্রি করেন। অল্প কিছু দিনের মধ্যে তাদের তৈরি পণ্যগুলো বেশ জনপ্রিয়তা অর্জন করে। ব্যবসায়টি সম্প্রসারণের জন্য অধিক পুঁজি প্রয়োজন দেখা দেওয়ায় আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে সমস্যার সমাধান করেন।

(ক) প্রজনন শিল্প কী? ১
(খ) প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২
(গ) ব্যবসায়ে কোন পরিবেশের সহায়তায় মি. আকিব ও সাজিদ পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. আকিব ও মি. সাজিদের ব্যবসায় সম্প্রসারণে কোন পরিবেশের প্রভাব লক্ষণীয়? বিশ্লেষণ কর। ৪

২। জনাব আসাদ আনুষ্ঠানিক পড়ালেখা শেষ করে নরসিংদী জেলায় বাবুরহাট এলাকায় স্বল্প পরিসরে একটি তাঁত শিল্প স্থাপন করেন। ব্যবসায়ের অনুকূল উপাদান, আর্থিক প্রতিষ্ঠানের পুঁজি যোগান ও সরকারি পৃষ্ঠপোষকতার কারণে এ শিল্পের প্রচুর সম্ভাবনা তাকে অনুপ্রাণিত করে। দক্ষ কারিগর ও উন্নত কাঁচামালের কারণে তার উৎপাদিত পণ্যের গুণগতমান বেশ ভালো। ফলে বাজারে প্রচুর চাহিদা থাকায় অল্প দিনের মধ্যে একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ৩০ জন লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মরত আছেন।

(ক) পরিমিত পরিমাণ ঝুঁকি কী? ১
(খ) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আসাদ-এর 'তাঁত শিল্প' প্রতিষ্ঠার কারণ কী? বর্ণনা কর। ৩
(ঘ) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আসাদের মতো উদ্যোক্তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। জনাব গণি মিয়া বি.কম পাস করে যোগ্যতা ও পছন্দ অনুযায়ী চাকরি না পাওয়ায়, যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ফুল চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তার নিজস্ব অর্থ ও সরকারি একটি আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় ২ একর জমিতে ফুল চাষ করেন। তার দক্ষতা, পরিশ্রম, দৃঢ়মনোবল ও সর্বোপরি সহজলভ্য শ্রম তাকে সফলতা এনে দিয়েছে। ফুলের প্রচুর চাহিদা ও তার সফলতা দেখে অনেকে এ পেশায় আত্মনিয়োগ করছেন।

(ক) কর্মসংস্থানের প্রধান উৎস কী? ১
(খ) মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের কাজ কী? ব্যাখ্যা কর। ২
(গ) আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র হিসেবে ফুল চাষ নির্বাচনে উদ্দীপকের জনাব গণি মিয়া কোন বিষয় বিবেচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব গণি মিয়ার সফলতায় প্রশিক্ষণের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪। আসিফ, মাসুম এবং রাফি তিন বন্ধু মিলে মূলধন ও মুনাফা সমানুপাতে বণ্টনের নিমিত্তে চুক্তিবন্ধ হয়ে একটি সুপার সপ প্রতিষ্ঠা করেন। ব্যবসায় প্রতিষ্ঠানটি চালু হওয়ার কয়েক মাসের মধ্যে মাসুম মারা যাওয়ায় তার ১৫ বছরের সন্তান টিপুকে চুক্তির আওতায় নিয়ে আসা হয়। অপরদিকে মাহি ও সানি কোম্পানী আইন অনুযায়ী "আদিল এন্ড কোং" নামে আরেকটি ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করে সেটি কোনো সদস্যের মৃত্যুতেও বিলোপসাধন ঘটবে না।

(ক) ইউরোপ ও আমেরিকায় প্রায় কত শতাংশ ব্যবসায় এক মালিকানাভিত্তিক? ১
(খ) কোন কোন কারণে আদালতের নির্দেশে অংশীদারি ব্যবসায়ের বিলুপ্তি ঘটাতে পারে? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের টিপু কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "আদিল এন্ড কোং" এর গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৫। মি. মমতাজ চট্টগ্রামের নামকরা একজন রেস্টুরেন্ট ব্যবসায়ী। তিনি হোটেল ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমানে তিনি লন্ডনের একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবন্ধ হয়েছেন। শর্ত অনুযায়ী তিনি এ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিক্রি করবেন। সুনামের সাথে ব্যবসায়টি চলছিল। কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।

(ক) মেধা সমস্পদ কী? ১
(খ) ট্রেডমার্ক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) মি. মমতাজ কোন ধরনের চুক্তি করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. মমতাজের কোন ধরনের পদক্ষেপ উক্ত প্রতিষ্ঠানটি চালু রাখতে সহায়ক হতো বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬। মি. মিলটন দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা, বিভিন্ন প্রকাশনা ও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি চামড়াজাত পণ্য উৎপাদন কারখানা স্থাপন প্রকল্প গ্রহণ করেন। তিনি তার সক্ষমতা ও পরিবেশের প্রভাব মাথায় রেখে স্বপরিকল্পিত উপায়ে এই কারখানা প্রতিষ্ঠা করেন। তিনি বড় আকারের ব্যয় যেমন জমি, ভবন ও যন্ত্রপাতি আমদানি ব্যয় নির্বাহের জন্য একাধিক উৎস হতে তা সংস্থানের চেষ্টা করেন।

(ক) প্রকল্প কী? ১
(খ) আত্মবিশ্লেষণ বলতে কী বুঝায়? ২
(গ) মি. মিলটন তার প্রকল্প বাস্তবায়নে একাধিক উৎস হতে কোন ধরনের মূলধন সংস্থানের চেষ্টা করেন? বর্ণনা কর। ৩
(ঘ) মি. মিলটন-এর চামড়াজাত পণ্য উৎপাদন প্রকল্প নির্ধারণে তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন পরিবেশের প্রভাব বিবেচনা করেছেন? বিশ্লেষণ কর। ৪

৭। ইপিজেড-এ জনাব সরওয়ার সাহেবের একটি তৈরি পোশাক কারখানা রয়েছে। তার প্রতিষ্ঠিত কারখানায় প্রতিস্থাপন ব্যয়সহ মোট ১৯ কোটি টাকা ব্যয় হয়েছে এবং ১৫০ জন শ্রমিক কাজ করছে। শুরুর দিকে স্থানীয় চাহিদার ভিত্তিতে স্বল্প পরিসরে উৎপাদন করলে সময়ের সাথে সাথে বৈদেশিক অর্ডার আসতে থাকে। কিন্তু উন্নত কাঁচামাল, পর্যাপ্ত পুঁজি ও আধুনিক মেশিনারির সমস্যার কারণে পূর্ণদ্যোমে উৎপাদন কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। তিনি মনে করেন সরকারি কিছু সহায়তার সমস্যা কাটিয়ে উঠে সঠিকভাবে ব্যবসায় পরিচালনায় সক্ষম হবেন।

(ক) কুটির শিল্প কাকে বলে? ১
(খ) সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব সরওয়ারের প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব সরওয়ারের সফলভাবে ব্যবসায় পরিচালনায় তোমার সুপারিশ ব্যক্ত কর। ৪

৮। জনাব রাশেদ 'খাদি এন্টারপ্রাইজ' এর স্বত্বাধিকারী। তিনি অত্যন্ত বাস্তবজ্ঞানের অধিকারী। প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য সব সময় তার নখদর্পণে থাকে। তিনি সবার সাথে আলাপ আলোচনার মাধ্যমে ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ করেন ও যৌক্তিকতা তুলে ধরেন। ফলে প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা রাখতে পারে। অপরদিকে 'সোনালী ট্রেডার্সের' মালিক জনাব শাকিল নেতিবাচক মনোভাব পোষণ করে। ফলে বেশির ভাগ সময় উৎপাদন টার্গেট পূরণ করতে না পারায় অনেক ফরমায়েশ বাতিল হয়। কর্মীরা প্রতিষ্ঠানকে নিজের ভাবতে পারে না।

(ক) ব্যবস্থাপনার প্রথম কাজ কী? ১
(খ) প্রেষণা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে 'খাদি এন্টারপ্রাইজ' এ কোন নেতৃত্ব বিদ্যমান? বর্ণনা দাও। ৩
(ঘ) উদ্দীপকের কোন নেতৃত্বকে তুমি সমর্থন কর? যুক্তি উপস্থাপন কর। ৪

৯। 'বে ক্লথ স্টোর' এর স্বত্বাধিকারী জনাব মান্নান বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে সস্তা ও জনপ্রিয় ইলেকট্রনিক মাধ্যমে তার প্রতিষ্ঠান ও পণ্যের তথ্যাবলি প্রকাশ করে ভোক্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। স্বল্প সময়ে প্রতিষ্ঠানের সুনাম অর্জন সম্ভব হয়। বিক্রয় কার্যাবলি সম্পাদনের সচেতন, সৎ ও মিশুক স্বভাবের অধিকারী মিস রুমাকে নিয়োগ প্রদান করার ফলে লক্ষ্যার্জন সহজ হয়।

(ক) বণ্টন প্রণালি কী? ১
(খ) মোড়ককিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মান্নান এর অনুসৃত প্রচার মাধ্যমের বর্ণনা দাও। ৩
(ঘ) উদ্দীপকে বিক্রয় প্রসারসহ ব্যবসায়ের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনায় মি. মান্নান এর পদক্ষেপসমূহ বিশ্লেষণ কর। ৪

১০। আবদুর রহমান তার সঞ্চিত পুঁজি দিয়ে ব্যবসায় শুরু করতে গেলে তার বন্ধু ইফতি তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও প্রশিক্ষণ গ্রহণে সহায়তা করেন। তার অপর বন্ধু রাকিব প্রতিষ্ঠান নিবন্ধীকরণ ও অবকাঠামোগত দিকগুলোতে সহায়তার হাত বাড়িয়ে দেন। তাছাড়া রাষ্ট্রীয় মালিকানাধীন একটি ব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় তিনি সফলতা লাভ করেন।

(ক) প্রকল্পের ধরন অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের ঋণসীমা কত? ১
(খ) কর অবকাশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে ইফতি কোন ধরনের সহায়তা প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) আবদুর রহমানের সফলতায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভূমিকা কম নয়– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। সততা ট্রেডিং-এর কর্ণধার মি. আফজল পার্শ্ববর্তী দেশসমূহ হতে নিত্য প্রয়োজনীয় পণ্যদ্রব্য আমদানি করেন। দীর্ঘদিনের ব্যবসায়িক অভিজ্ঞতা থেকে তিনি বিশেষ সময়ে নির্দিষ্ট পণ্যের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে আমদানিপূর্বক তা পরিমিত মুনাফায় মধ্যস্থ ব্যবসায়ীর নিকট সরবরাহ করেন। তিনি একজন ব্যবসায়ী ও সমাজের সদস্য হিসেবে সকল পক্ষের প্রতি দায়িত্ব পালনে সচেষ্ট থাকেন যা ব্যবসায়ীমহল অবগত। কিন্তু 'আলফা ট্রেডিং' এর কর্ণধার জনাব শফিক বেশি পরিমাণে পণ্য মজুদ করেন এবং বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে অতি মুনাফায় পণ্য বিক্রয়ের চেষ্টা করেন। সম্প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালত এর নিকট বিষয়টি গোচরীভূত হওয়ায় তাকে জরিমানা করা হয়।

(ক) মূল্যবোধ কী? ১
(খ) "ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান"– ব্যাখ্যা কর। ২
(গ) মি. আফজল কীভাবে ক্রেতাদের প্রতি দায়িত্ব পালন করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে কোন ব্যবসায়ীকে তুমি সমর্থন কর? অন্য ব্যবসায়ীর প্রতি তোমার পরামর্শ ব্যক্ত কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব আকিব ও সাজিদ দুই বন্ধু এইচএসসি পাসের পর তাদের নিজস্ব দক্ষতা কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের গিফ্‌ট ও ফাস্টফুড আইটেম তৈরি করে অনলাইনের মাধ্যমে বিক্রি করেন। অল্প কিছুদিনের মধ্যে তাদের তৈরি পণ্যগুলো বেশ জনপ্রিয়তা অর্জন করে। ব্যবসায়টি সম্প্রসারণের জন্য অধিক পুঁজি প্রয়োজন দেখা দেওয়ায় আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে সমস্যার সমাধান করেন।

ক. প্রজনন শিল্প কী? ১

খ. প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. ব্যবসায়ে কোন পরিবেশের সহায়তায় মি. আকিব ও সাজিদ পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. আকিব ও মি. সাজিদের ব্যবসায় সম্প্রসারণে কোন পরিবেশের প্রভাব লক্ষণীয়? বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** প্রজনন শিল্প হলো উদ্ভিদ ও প্রাণীর বংশবিস্তার প্রক্রিয়ার মাধ্যমে উৎপাদন কাজ পরিচালনা করার পদ্ধতি।

**খ** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা বিভিন্ন রকম সেবাকর্ম অর্থের বিনিময়ে প্রদান করে থাকেন। এ সকল সেবাকর্ম বা বৃত্তি প্রত্যক্ষ সেবা হিসেবে পরিচিত। যেমন– ডাক্তারি ক্লিনিক, আইন চেম্বার, প্রকৌশলী ফার্ম ও অডিট ফার্ম ইত্যাদি। এছাড়া প্রত্যক্ষ সেবাকে আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা বলা হয়।

**গ** ব্যবসায় প্রযুক্তিগত সহায়তায় মি. আকিব ও সাজিদ পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছে।

বিজ্ঞান ও কারিগরি শিক্ষা, উন্নত প্রযুক্তির ব্যবহার প্রভৃতির সমন্বয়ে সৃষ্টি হয় প্রযুক্তিগত পরিবেশ। বর্তমানে শিল্প ও ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে এটি বিশেষ ভূমিকা রাখছে। ফলে সহজেই ব্যবসায়িক সফলতা অর্জন করা যাচ্ছে।

উদ্দীপকে জনাব আকিব ও সাজিদ দুই বন্ধু। তারা বিভিন্ন ধরনের গিফট ও ফাস্টফুড আইটেম তৈরি করে বিক্রি করেন। বিক্রির ক্ষেত্রে তারা অনলাইন মাধ্যম ব্যবহার করেন। এক্ষেত্রে তারা তথ্য প্রযুক্তির বিভিন্ন উপাদান কম্পিউটার, ইন্টারনেট, ওয়েবসাইট প্রভৃতির মাধ্যমে পণ্যের অর্ডার নেওয়া, পণ্য বিক্রির কাজ চালান। আর বর্তমানে এসব মাধ্যমে মানুষ অধিক মাত্রায় যুক্ত থাকায় তারাও জনাব আকিব ও সাজিদের ব্যবসায়ের পণ্য সহজেই কিনতে পারছে। এক্ষেত্রে জনাব আকিব ও সাজিদের পণ্য বিক্রিতে ব্যবহৃত অনলাইন মাধ্যম প্রযুক্তিগত পরিবেশের উপাদানের সাথে মিলে যায়। অতএব পরিশেষে বলা যায় যে, ব্যবসায়ের পণ্য বিক্রয়ে প্রযুক্তিগত পরিবেশের উপাদান বিদ্যমান।

**ঘ** মি. আকিব ও সাজিদের ব্যবসায় সম্প্রসারণে অর্থনৈতিক পরিবেশের উপাদানের প্রভাব অপরিসীম।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায়ে পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। যে দেশের অর্থনৈতিক অবস্থা যত উন্নত সে দেশ তত বেশি অগ্রগতি লাভ করতে পারে।

উদ্দীপকে জনাব আকিব ও সাজিদ গিফট, ফাস্টফুড তৈরি ও বিক্রির ব্যবসায় করেন। গুণগত মান ভালো হওয়ায় তাদের পণ্যগুলো বাজারে বেশ জনপ্রিয়তা অর্জন করে। এজন্য তারা ব্যবসায়টি সম্প্রসারণ করার প্রয়োজন মনে করেন। কিন্তু এক্ষেত্রে পুঁজির অভাব দেখা দেয়। এক্ষেত্রে তারা আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে এ সমস্যার সমাধান করেন।

পর্যাপ্ত মূলধন ছাড়া ব্যবসায় পরিচালনা করা যায় না। তাই তারা আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে ঋণ নেন। এর মাধ্যমে এ ঋণের অর্থ নিয়ে তারা ব্যবসায়ের পরিধি বাড়াতে পারবেন। পরিধি বাড়লে তারা চাহিদামাফিক পণ্য উৎপাদনে সক্ষম হবেন। আর আর্থিক প্রতিষ্ঠানের এ ঋণ দেওয়ার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের একটি উপাদান। সুতরাং, জনাব আকিব ও সাজিদের ব্যবসায় সম্প্রসারণে অর্থনৈতিক পরিবেশের ইতিবাচক প্রভাব রয়েছে। অতএব মি. আকিব ও সাজিদের ব্যবসায় সম্প্রসারণে অর্থনৈতিক পরিবেশের ইতিবাচক ভূমিকা অনস্বীকার্য।

**প্রশ্ন ▶ ০২** জনাব আসাদ আনুষ্ঠানিক পড়ালেখা শেষ করে নরসিংদী জেলায় বাবুরহাট এলাকায় স্বল্প পরিসরে একটি তাঁত শিল্প স্থাপন করেন। ব্যবসায়ের অনুকূল উপাদান, আর্থিক প্রতিষ্ঠানের পুঁজি যোগান ও সরকারি পৃষ্ঠপোষকতার কারণে এ শিল্পের প্রচুর সম্ভাবনা তাকে অনুপ্রাণিত করে। দক্ষ কারিগর ও উন্নত কাঁচামালের কারণে তার উৎপাদিত পণ্যের গুণগতমান বেশ ভালো। ফলে বাজারে প্রচুর চাহিদা থাকায় অল্পদিনের মধ্যে একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ৩০ জন লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মরত আছেন।

ক. পরিমিত পরিমাণ ঝুঁকি কী? ১
খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আসাদ-এর 'তাঁত শিল্প' প্রতিষ্ঠার কারণ কী? বর্ণনা কর। ৩
ঘ. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আসাদের মতো উদ্যোক্তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** ঝুঁকির পরিমাণ বিচার-বিশ্লেষণের মাধ্যমে ন্যূনতম ঝুঁকি নেওয়া হলো পরিমিত পরিমাণ ঝুঁকি।

**খ** সাধারণ অর্থে যেকোনো কাজের কর্ম প্রচেষ্টাই উদ্যোগ। আর ব্যবসায় উদ্যোগ হলো লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করা।
উদ্যোগে মুনাফা অর্জনের উদ্দেশ্য থাকা বাধ্যতামূলক নয়। তবে ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। তাই ব্যবসায় উদ্যোগে মুনাফা অর্জনের উদ্দেশ্য বাধ্যতামূলক।

**গ** ব্যবসায় পরিবেশের কারণে জনাব আসাদ তাঁত শিল্পটি গড়ে তুলতে পেরেছেন।
ব্যবসায় উদ্যোগ বলতে বুঝায় লাভবান হওয়ার আশায় লোকসানের সম্ভাবনা জেনেও ঝুঁকি নিয়ে ব্যবসা প্রতিষ্ঠার জন্য দৃঢ়ভাবে এগিয়ে যাওয়া ও সফলভাবে ব্যবসায় পরিচালনা করা।
ব্যবসায় উদ্যোগের মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। এটি সাধারণত নতুন ব্যবসায় শুরুর সাথে সম্পর্কিত। তবে প্রতিষ্ঠানে নতুন পণ্য বা সেবা চালু করাও ব্যবসায় উদ্যোগের মধ্যে পড়ে।
উদ্দীপকের জনাব আসাদ নরসিংদী জেলার বাবুরহাট এলাকায় স্বল্প পরিসরে একটি তাঁত শিল্প স্থাপন করেন। এটি একটি সম্ভাবনাময় শিল্প। অনুকূল পরিবেশ, আর্থিক পুঁজি যোগান, সরকারি পৃষ্ঠপোষকতা প্রভৃতি তাকে অনুপ্রাণিত করে। অনুকূল পরিবেশের কারণে তিনি উন্নত কাঁচামাল সংগ্রহ করতে পারেন। ফলে তার উৎপাদিত পণ্যের গুণগতমান বেশ ভালো হয়। অতএব ব্যবসায় পরিবেশের অনুকূল পরিস্থিতির কারণে জনাব আসাদ তাঁত শিল্পটি প্রতিষ্ঠা করেছেন।

**ঘ** দেশের আর্থ-সামাজিক উন্নয়নে উদ্দীপকের জনাব আসাদের মতো উদ্যোক্তারা গুরুত্বপূর্ণ অবদান রাখছে।
ব্যবসায় উদ্যোগের ফলে নতুন নতুন পণ্যদ্রব্য উৎপাদিত হয়। এটি কর্মসংস্থানের মাধ্যমে মানুষের আয় বাড়াতে সহায়ক। সার্বিকভাবে এটি দেশের অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন ঘটায়। আর যারা এই উদ্যোগ গ্রহণ করে তাদেরকে বলা হয় ব্যবসায় উদ্যোক্তা।
জনাব আসাদ নরসিংদী জেলায় বাবুরহাট এলাকায় একটি তাঁত শিল্প স্থাপন করেন। ব্যবসায়ের অনুকূল পরিবেশ, সরকারি পৃষ্ঠপোষকতার কারণে জনাব আসাদের ব্যবসায়টি সম্ভাবনাময় হয়ে ওঠে। ব্যবসায়ে অনেক বেকার মানুষের কর্মসংস্থান হয়।
জনাব আসাদের ব্যবসায় উদ্যোগের ফলে সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত হচ্ছে। আবার এ কাজের মাধ্যমে তার পাশাপাশি আরও অনেকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এতে তাদের আয় বেড়েছে। এর মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ঘটছে। অন্যদিকে তার সাফল্য আরও অনেককে উদ্বুদ্ধ করবে। ফলে সার্বিকভাবে দেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা সৃষ্টি হয়েছে। তাই আমি মনে করি, জনাব আসাদের মতো উদ্যোক্তারা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

**প্রশ্ন ▸ ০৩** জনাব গণি মিয়া বি.কম পাস করে যোগ্যতা ও পছন্দ অনুযায়ী চাকরি না পাওয়ায় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ফুল চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তার নিজস্ব অর্থ ও সরকারি একটি আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় ২ একর জমিতে ফুল চাষ করেন। তার দক্ষতা-পরিশ্রম, দৃঢ় মনোবল ও সর্বোপরি সহজলভ্য শ্রম তাকে সফলতা এনে দিয়েছে। ফুলের প্রচুর চাহিদা ও তার সফলতা দেখে অনেকে এ পেশায় আত্মনিয়োগ করছেন।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কী? ১
খ. মহিলাবিষয়ক মন্ত্রণালয়ের কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র হিসেবে ফুল চাষ নির্বাচনে উদ্দীপকের জনাব গণি মিয়া কোন বিষয় বিবেচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব গণি মিয়ার সফলতায় প্রশিক্ষণের ভূমিকা মূল্যায়ন কর। ৪

[রা. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** কর্মসংস্থানের প্রধান উৎস হচ্ছে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান।

**খ** শুধু মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে সরকারি সংস্থাটি হলো মহিলা বিষয়ক মন্ত্রণালয়। মহিলা বিষয়ক মন্ত্রণালয় মূলত মহিলাদের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করে থাকে। বিশেষ করে গ্রামের দুঃস্থ শিক্ষিত, অর্ধ-শিক্ষিত মহিলাদেরকে স্বকর্মসংস্থানের সুযোগ করে দেওয়া এর মূল উদ্দেশ্য। এটি উদ্যোগী মহিলাদের কারিগরি দক্ষতা উন্নয়নের লক্ষ্যে অনানুষ্ঠানিক কারিগরি ও প্রযুক্তিগত প্রশিক্ষণের ব্যবস্থা করে।

**গ** আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র হিসেবে ফুল চাষ নির্বাচনে উদ্দীপকের জনাব গণি মিয়া সঠিক পণ্য নির্বাচনের বিষয়টি বিবেচনা করেছেন।
আত্মকর্মসংস্থানমূলক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে সাফল্য ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের ওপর। তাই আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের সময় উপযুক্ত স্থান, সঠিক পণ্য নির্বাচন ও সেই পণ্যের চাহিদা নির্ধারণ ও দক্ষ কর্মী নিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।
উদ্দীপকের জনাব গণি মিয়া যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ফুল চাষের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। নিজস্ব অর্থ ও সরকারি আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় ২ একর জমিতে ফুল চাষ করেন। ফুল চাষে দক্ষতা অর্জনের কারণে তিনি এটিকে তার ব্যবসায়ের সঠিক পণ্য হিসেবে নির্ধারণ করেন। এক্ষেত্রে তিনি বাজার যাচাই করে ফুলের সঠিক চাহিদা নিরূপণ করতে সক্ষম হন। বিভিন্ন ধর্মীয়, সামাজিক ও জাতীয় অনুষ্ঠানে ফুলের চাহিদা ব্যাপক। অতএব আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র হিসেবে জনাব গণি মিয়ার সঠিক পণ্য নির্বাচন বিষয়গুলো গুরুত্বপূর্ণ।

**ঘ** উদ্দীপকে জনাব গণি মিয়ার সফলতায় প্রশিক্ষণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

কর্মীর দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কার্য নির্বাহের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। প্রশিক্ষণ কর্মীর কর্মদক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করে। তাছাড়া কর্মীদের নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিবিধ কলা-কৌশল সম্পর্কে জ্ঞান দান করে। ফলে কারখানার যন্ত্রপাতি ব্যবহারসহ অন্যান্য দুর্ঘটনা এড়ানো যায়। এজন্য প্রশিক্ষণ প্রয়োজন।

উদ্দীপকের জনাব গণি মিয়া বি.কম পাস করে যোগ্যতা ও পছন্দ অনুযায়ী চাকরি পাননি। তাই তিনি বেকার বসে না থেকে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ফুল চাষের ওপর হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে নিজ চেষ্টায় তিনি আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। জনাব গণি মিয়া ফুল চাষের ওপর বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন। এর মাধ্যমে ফুল কীভাবে চাষ করতে হয় এ সম্পর্কে তিনি হাতে-কলমে শিক্ষা পেয়েছেন। এ শিক্ষা তিনি বাস্তবিকভাবে প্রয়োগ করেন। ফলস্বরূপ তিনি সঠিকভাবে ফুল চাষ করতে সক্ষম হন। পরিশেষে বলা যায় যে, জনাব গণি মিয়ার সফলতায় প্রশিক্ষণের ভূমিকা অতুলনীয়।

**প্রশ্ন ▶ ০৪** আসিফ, মাসুম এবং রাফি তিন বন্ধু মিলে মূলধন ও মুনাফা সমানুপাতে বণ্টনের নিমিত্তে চুক্তিবদ্ধ হয়ে একটি সুপার সপ প্রতিষ্ঠা করেন। ব্যবসায় প্রতিষ্ঠানটি চালু হওয়ার কয়েক মাসের মধ্যে মাসুম মারা যাওয়ায় তার ১৫ বছরের সন্তান টিপুকে চুক্তির আওতায় নিয়ে আসা হয়। অপরদিকে মাহি ও সানি কোম্পানি আইন অনুযায়ী "আদিল এন্ড কোং" নামে আরেকটি ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করে সেটি কোনো সদস্যের মৃত্যুতেও বিলোপসাধন ঘটবে না।

ক. ইউরোপ ও আমেরিকায় প্রায় কত শতাংশ ব্যবসায় এক মালিকানাভিত্তিক? ১

খ. কোন কোন কারণে আদালতের নির্দেশে অংশীদারি ব্যবসায়ের বিলুপ্তি ঘটতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের টিপু কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আদিল এন্ড কোং" এর গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** ইউরোপ ও আমেরিকার প্রায় ৮০ শতাংশ ব্যবসায় একমালিকানাভিত্তিক।

**খ** অংশীদারি ব্যবসায়ের বিলোপসাধন বলতে এর সদস্যদের মধ্যকার চুক্তিবদ্ধ সম্পর্কের বিলুপ্তিকে বোঝায়।

অংশীদারি আইনের ৪৪ ধারা অনুযায়ী আদালতের নির্দেশে এ ব্যবসায়ের বিলোপসাধন হয়। কোনো অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটলে ও অংশীদার দায়িত্ব পালনে চির অসমর্থ হলে আদালতের নির্দেশে বিলুপ্তি ঘটে। অংশীদারদের মধ্যে আস্থা ও বিশ্বাস ক্ষতিগ্রস্ত হলে ও ব্যবসায়ে ক্রমাগত লোকসান হতে থাকলে এ ধরনের বিলোপসাধন হয়।

**গ** উদ্দীপকে টিপু একজন সীমিত অংশীদার।

চুক্তি অনুযায়ী কোনো অংশীদারের দায় সীমাবদ্ধ হলে বা আইন অনুযায়ী সকল অংশীদারের সম্মতিতে কোনো নাবালককে সুবিধা প্রদানের জন্য অংশীদার করা হলে তাকে সীমিত অংশীদার বলা হয়। বিনিয়োজিত মূলধনের অতিরিক্ত দায় তারা বহন করেন না। আর সীমিত অংশীদার ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন না।

উদ্দীপকে আসিফ, মাসুম ও রাফি চুক্তির ভিত্তিতে একটি সুপার শপ পরিচালনায় ছিলেন। ব্যবসায় শুরুর কিছুদিন পর মাসুমের মৃত্যু হয়। এ প্রেক্ষিতে তার ১৫ বছরের সন্তান টিপুকে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ে যুক্ত করা হয়। টিপুর ১৮ বছর না হওয়ায় সে নাবালক হিসেবে বিবেচিত হবে। এ কারণে সে ব্যবসায়ে অন্তর্ভুক্ত হলেও তার দায় সীমিত থাকবে। ব্যবসায় পরিচালনায়ও সে অংশ নিতে পারবে না। এসব বৈশিষ্ট্য সীমিত অংশীদারের সাথে মিলে যায়। তাই বলা যায়, উদ্দীপকে টিপু সীমিত অংশীদার।

**ঘ** 'আদিল অ্যান্ড কোং' এর গঠন প্রক্রিয়া ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী সম্পন্ন হবে।

১৯৯৪ সালের কোম্পানি আইনে কোম্পানি সংগঠনের গঠন প্রক্রিয়া সম্পর্কে বলা হয়েছে। আইন অনুযায়ী একটি কোম্পানি উদ্যোগ গ্রহণ, দলিলপত্র প্রণয়ন, নিবন্ধনপত্র সংগ্রহ ও কার্যারম্ভ – এ চারটি ধারাবাহিক পর্যায়ে গঠিত হয়। এ আইন ও পর্যায় মোতাবেক যৌথ মূলধনী কোম্পানি নিবন্ধিত হয়ে থাকে।

উদ্দীপকে মাহি ও সানি 'আদিল অ্যান্ড কোং' নামে আইনসৃষ্ট একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। এতে প্রতিষ্ঠানটি কোম্পানি আইন অনুযায়ী পরিচালিত হবে। এছাড়া প্রতিষ্ঠানটি একটি কৃত্রিম ব্যক্তিসত্তার মর্যাদা পাবে। ফলে কোনো সদস্যের মৃত্যুতেও তাদের ব্যবসায়টির বিলোপসাধন ঘটবে না।

১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী 'আদিল অ্যান্ড কোং' চারটি ধারাবাহিক পর্যায়ে গঠিত হয়েছে। এক্ষেত্রে সর্বপ্রথম উদ্যোগ গ্রহণ পর্যায়ে মাহি ও সানি একত্র হয়ে কোম্পানির নাম ও মূলধন সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত নেন। এরপর দলিলপত্র প্রণয়ন পর্যায়ে তারা স্মারকলিপি ও পরিমেল নিয়মাবলি প্রস্তুত করেন। পরবর্তীতে উক্ত দলিলপত্র ও নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধনের জন্য আবেদন করেন। তাদের জমাকৃত আবেদনপত্র ও সকল দলিলপত্র যাচাই করে নিবন্ধক সন্তুষ্ট হয়ে প্রতিষ্ঠানটির নাম নিবন্ধন বইতে তালিকাভুক্ত করেন। নিবন্ধনের প্রমাণস্বরূপ তাদের একটি নিবন্ধনপত্র প্রদান করেন। এভাবে কোম্পানি আইন অনুযায়ী যথাযথ গঠন প্রক্রিয়া অনুসরণ করেই 'আদিল অ্যান্ড কোং' প্রতিষ্ঠা করা হয়েছে।

**প্রশ্ন ▶ ০৫** মি. মমতাজ চট্টগ্রামের নামকরা একজন রেস্টুরেন্ট ব্যবসায়ী। তিনি হোটেল ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমানে তিনি লন্ডনের একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হয়েছেন। শর্ত অনুযায়ী তিনি এ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিক্রি করবেন। সুনামের সাথে ব্যবসায়টি চলছিল। কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।

ক. মেধা সম্পদ কী? ১

খ. ট্রেডমার্ক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. মমতাজ কোন ধরনের চুক্তি করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. মমতাজের কোন ধরনের পদক্ষেপ উক্ত প্রতিষ্ঠানটি চালু রাখতে সহায়ক হতো বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** মেধা ও মন দ্বারা সৃষ্ট কাজ হলো মেধাসম্পদ।

**খ** ব্যবসার ক্ষেত্রে কোনো পণ্যকে অন্যের অনুরূপ বা অভিন্ন পণ্য হতে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে ট্রেডমার্ক বলে। স্বাতন্ত্র্যতাই ট্রেডমার্কের মূল বিষয়। ট্রেডমার্কের অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো ডিভাইস, ব্র্যান্ড, শিরোনাম, লেবেল, টিকেট, নাম, স্বাক্ষর, শব্দ, অক্ষর, প্রতীক, সংখ্যাযুক্ত উপাদান, রঙের সমন্বয় বা এগুলোর যেকোনো রূপ ইত্যাদি।

**গ** মি. মমতাজ ফ্রানসাইজিং চুক্তি করেছেন।

কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য তৈরি, বিক্রি বা বিতরণ করার অধিকারই হলো ফ্রানসাইজিং। ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য হলো ফ্রানসাইজ চুক্তি, যা ফ্রানসাইজি ও ফ্রানসাইজারের মধ্যে স্বাক্ষরিত হয়।

উদ্দীপকের মি. মমতাজের একটি রেস্টুরেন্টের ব্যবসায় রয়েছে। বর্তমানে তিনি লন্ডনের একটি প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক চুক্তিতে আবদ্ধ হয়েছেন। এ চুক্তি মোতাবেক তিনি ঐ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিক্রির অনুমতি পেয়েছেন। এর বদলে তিনি প্রতিষ্ঠানটিকে এককালীন নির্ধারিত ফি ও বিক্রির পর আনুপাতিক হারে মুনাফা দিবেন। তবে চুক্তির কোনোকিছু ভঙ্গ হলে ঐ প্রতিষ্ঠানটি তার সাথে সম্পাদিত চুক্তি বাতিল করার অধিকারী হবে। এসবের সাথে ফ্রানসাইজিং চুক্তির মিল আছে। অতএব মি. মমতাজের প্রতিষ্ঠানটির সাথে ফ্রানসাইজিং চুক্তি সম্পাদন করেছেন।

**ঘ** উদ্দীপকে মি. মমতাজ বিমা পদক্ষেপটি নিলে উক্ত প্রতিষ্ঠানটি চালু থাকতো বলে আমি মনে করি।

ব্যবসায় যেকোনো সময় অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটতে পারে। এতে ব্যবসায়ীর আর্থিক ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে। এজন্য ব্যবসায় বা এর পণ্যের বিমা করা হয়। বিমা প্রতিষ্ঠান এ ঝুঁকি গ্রহণ করে এবং ভবিষ্যতের আর্থিক ক্ষতিপূরণের নিশ্চয়তা দেয়। এতে ব্যবসায়ী চিন্তামুক্ত থাকে।

উদ্দীপকে মি. মমতাজ একজন রেস্টুরেন্ট ব্যবসায়ী। চট্টগ্রামে তার একটি নামকরা রেস্টুরেন্ট আছে। বর্তমানে তিনি লন্ডনের একটি প্রতিষ্ঠানের সাথে ফ্রানসাইজিং চুক্তি সম্পাদন করেছেন। সুনামের সাথে প্রতিষ্ঠানটি চলছিল। কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় এটি বন্ধ হয়ে যায়।

ব্যবসায়টির বিমা করা থাকলে এটি এর কার্যক্রম চালিয়ে যেতে পারতো। এতে অগ্নিকান্ডের জন্য প্রতিষ্ঠানটি বিমা প্রতিষ্ঠানের থেকে আর্থিক ক্ষতিপূরণ পেতো। এ ক্ষতিপূরণ দিয়ে উক্ত দুর্ঘটনার ক্ষয়ক্ষতির মাত্রা কমানো যেতো। ফলে মি. মমতাজ আবারও নতুন করে সব শুরু করে করতে পারতেন। তার মূলধনের ঘাটতি কম হতো এবং প্রতিষ্ঠানটি চলমান থাকতো। সুতরাং মি. মমতাজ বিমা পদক্ষেপটি নিলে তার প্রতিষ্ঠানটি বন্ধ হতো না।

**প্রশ্ন ▶ ০৬** মি. মিলটন দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা, বিভিন্ন প্রকাশনা ও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি চামড়াজাত পণ্য উৎপাদন কারখানা স্থাপন প্রকল্প গ্রহণ করেন। তিনি তার সক্ষমতা ও পরিবেশের প্রভাব মাথায় রেখে স্বপরিকল্পিত উপায়ে এই কারখানা প্রতিষ্ঠা করেন। তিনি বড় আকারের ব্যয় যেমন– জমি, ভবন ও যন্ত্রপাতি আমদানি ব্যয় নির্বাহের জন্য একাধিক উৎস হতে তা সংস্থানের চেষ্টা করেন।

ক. প্রকল্প কী? ১

খ. আত্মবিশ্লেষণ বলতে কী বুঝায়? ২

গ. মি. মিলটন তার প্রকল্প বাস্তবায়নে একাধিক উৎস হতে কোন ধরনের মূলধন সংস্থানের চেষ্টা করেন? বর্ণনা কর। ৩

ঘ. মি. মিলটন-এর চামড়াজাত পণ্য উৎপাদন প্রকল্প নির্ধারণে তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন পরিবেশের প্রভাব বিবেচনা করেছেন? বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কার্যপদ্ধতি হলো প্রকল্প।

**খ** যে পদ্ধতিতে একজন উদ্যোক্তা নিজের সক্ষমতাকে যাচাই করেন, তাকে আত্মবিশ্লেষণ পদ্ধতি বলে।

ব্যবসায়ে সাফল্য লাভ বা অকৃতকার্য হওয়ার সাথে ঝুঁকি জড়িত। তাই উদ্যোক্তা নিজেকে বিভিন্ন প্রশ্নের মাধ্যমে উদ্যোগ নিতে কতটা সক্ষম তা যাচাই করতে পারেন। নিজেকে বিশ্লেষণের এ পদ্ধতির নাম আত্মবিশ্লেষণ পদ্ধতি।

**গ** মি. মিলটন তার প্রকল্প বাস্তবায়নে একাধিক উৎস হতে স্থায়ী মূলধন সংস্থানের চেষ্টা করেন।

যেসব মূলধন উৎপাদন ক্ষেত্রে দীর্ঘ সময় ধরে বার বার ব্যবহার করা যায় তাকে স্থায়ী মূলধন বলে। ব্যবসায়ের স্থায়ী সম্পত্তির ব্যয় নির্বাহের জন্য সাধারণত স্থায়ী মূলধন ব্যবহৃত হয়। যেমন : জমি, ভবন, যন্ত্রপাতি প্রভৃতি স্থায়ী মূলধনের অন্তর্গত।

উদ্দীপকের মি. মিলটন চামড়াজাত পণ্য উৎপাদনের একটি কারখানা স্থাপন প্রকল্প গ্রহণ করেন। তাই তার ব্যাপক মূলধনের প্রয়োজন দেখা দেয়। তিনি বড় আকারের ব্যয় যেমন– জমি, ভবন, যন্ত্রপাতি প্রভৃতি ক্রয়ের জন্য অর্থসংস্থানের চেষ্টা করেছেন। জমি, ভবন, যন্ত্রপাতি প্রভৃতি ব্যবসায়ের স্থায়ী সম্পত্তি। আর এই সম্পদগুলো অর্জনের জন্য সাধারণত স্থায়ী মূলধন প্রয়োজন হয়। সুতরাং মি. মিলটন তার প্রকল্প বাস্তবায়নে একাধিক উৎস থেকে স্থায়ী মূলধন সংগ্রহের চেষ্টা করছেন।

**ঘ** মি. মিলটনের চামড়াজাত পণ্য উৎপাদন প্রকল্প নির্ধারণে তার নিয়ন্ত্রণ বহির্ভূত অর্থনৈতিক পরিবেশের প্রভাব বিবেচনা করছেন।

একটি দেশে বসবাসকারী ভোক্তাদের আয়, সঞ্চয়, খরচ করার প্রবণতা, জীবনযাত্রার মান প্রভৃতি দ্বারা এ পরিবেশ প্রভাবিত হয়। ব্যবসায়ের সফলতার ক্ষেত্রে এ পরিবেশের উপাদানগুলো গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে। তাই প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে এ পরিবেশের প্রভাব যথাযথভাবে বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হয়।

উদ্দীপকের মি. মিলটন একটি চামড়াজাত পণ্য উৎপাদন কারখানা স্থাপন প্রকল্প গ্রহণ করেন। তিনি তার সক্ষমতা ও পরিবেশের প্রভাব মাথায় রেখে কারখানাটি স্থাপন করেন। এক্ষেত্রে তিনি দেশে ও বিদেশে এ পণ্যের ব্যাপক চাহিদা, ক্রেতা-ভোক্তাদের আয়, সঞ্চয়, খরচ করার প্রবণতা প্রভৃতির ভিত্তিতে প্রকল্পটি গ্রহণ করেন। এছাড়া তিনি প্রকল্পের বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য অর্থসংস্থানের চেষ্টা করছেন। এ উপাদানগুলোও অর্থনৈতিক পরিবেশের অন্তর্গত।

মি. মিলটন প্রকল্প নির্ধারণের পূর্বে এ পরিবেশের প্রভাব বিবেচনা করেছিলেন। তিনি ভোক্তাদের আয়, সঞ্চয়, খরচ করার প্রবণতা প্রভৃতির ওপর ভিত্তি করে বাজার চাহিদা নিরূপণ করেন। এছাড়াও তিনি স্থায়ী মূলধন সংগ্রহের জন্য অর্থসংস্থানের বিভিন্ন উৎস চিহ্নিত করেন। সংগৃহীত অর্থ দিয়ে জমি, ভবন ও যন্ত্রপাতি কিনবেন। অর্থসংস্থানের এই বিষয়টি অর্থনৈতিক পরিবেশের সাথে জড়িত। এ উপাদানগুলো মি. মিলটন নিয়ন্ত্রণ করতে পারেন না। এজন্য মি. মিলটন পরিবেশের এ উপাদানটি বিভিন্ন প্রকাশনা তথ্যের আলোকে বিচার-বিশ্লেষণ করেছেন।

**প্রশ্ন ▸ ০৭** ইপিজেড-এ জনাব সরওয়ার সাহেবের একটি তৈরি পোশাক কারখানা রয়েছে। তার প্রতিষ্ঠিত কারখানায় প্রতিস্থাপন ব্যয়সহ মোট ১৯ কোটি টাকা ব্যয় হয়েছে এবং ১৫০ জন শ্রমিক কাজ করছে। শুরুর দিকে স্থানীয় চাহিদারভিত্তিতে স্বল্প পরিসরে উৎপাদন করলে সময়ের সাথে সাথে বৈদেশিক অর্ডার আসতে থাকে, কিন্তু উন্নত কাঁচামাল, পর্যাপ্ত পুঁজি ও আধুনিক মেশিনারির সমস্যার কারণে পূর্ণদ্যোমে উৎপাদন কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। তিনি মনে করেন সরকারি কিছু সহায়তায় সমস্যা কাটিয়ে উঠে সঠিকভাবে ব্যবসায় পরিচালনায় সক্ষম হবেন।

ক. কুটির শিল্প কাকে বলে? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব সরওয়ারের প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব সরওয়ারের সফলভাবে ব্যবসায় পরিচালনায় তোমার সুপারিশ ব্যাক্ত কর। ৪

[রা. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** স্বল্প মূলধন ও নিজস্ব কারিগরি জ্ঞানের সাহায্যে পরিবারিক সহযোগিতার ওপর ভিত্তি করে যে শিল্প গড়ে ওঠে তাকে কুটির শিল্প বলে।

**খ** মানুষের জীবনকে সহজ ও আরামদায়ক করার কাজে নিয়োজিত শিল্প হলো সেবা শিল্প।

যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদের ব্যবহারের মাধ্যমে যে সকল সেবামূলক কর্ম সম্পাদিত হয় তাকে সেবা শিল্প বলে।

মৎস্য আহরণ, নির্মাণ শিল্প ও হাউজিং, অটোমোবাইল সার্ভিসিং, বিনোদন শিল্প, হর্টিকালচার, ফ্লোরিকালচার, ফুলচাষ ও ফুল বাজারজাতকরণ, দুগ্ধ ও পোল্ট্রি উৎপাদন এবং বিপণন, হাসপাতাল ও ক্লিনিক, পর্যটন ও সেবা, পরিবহণ ও যোগাযোগ ইত্যাদি সেবা শিল্পের উদাহরণ।

**গ** উদ্দীপকের জনাব সরওয়ারের প্রতিষ্ঠানটি উৎপাদনমুখী মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত।

পণ্যসামগ্রী তৈরি বা প্রক্রিয়াজাতকরণের সাথে জড়িত শিল্পই হলো উৎপাদনমুখী শিল্প। এ ধরনের মাঝারি শিল্পে মূলধনের পরিমাণ ১৫ থেকে ৫০ কোটি টাকা হয়। আবার, এ শিল্পে ১২১ থেকে ৩০০ জন শ্রমিক কাজ করে থাকে।

উদ্দীপকের জনাব সরওয়ারের ইপিজেড-এ একটি তৈরি পোশাকের কারখানা রয়েছে। সেখানে সুতা, কাপড়, রং প্রক্রিয়াজাত করে পোশাক তৈরি করা হয়। অর্থাৎ প্রতিষ্ঠানটি উৎপাদনমুখী শিল্প। এটি প্রতিষ্ঠায় তিনি ১৯ কোটি টাকা বিনিয়োগ করেন। আর তার প্রতিষ্ঠানের শ্রমিক সংখ্যা ১৫০ জন। মূলধন ও শ্রমিকের সংখ্যাগত এসব বৈশিষ্ট্য উৎপাদনমুখী মাঝারি শিল্পের সাথে সাদৃশ্যপূর্ণ। সুতরাং, জনাব সরওয়ারের প্রতিষ্ঠানটিকে উৎপাদনমুখী মাঝারি শিল্প বলা হয়।

**ঘ** উন্নত কাঁচামাল, পর্যাপ্ত পুঁজি ও আধুনিক মেশিনারি জনাব সরওয়ারকে সফলভাবে ব্যবসায় পরিচালনা করতে সুবিধা দিবে বলে আমি মনে করি।

উন্নত কাঁচামাল পণ্যের গুণগত মান নিশ্চিত করে থাকে। আর পর্যাপ্ত পুঁজি ব্যবসায়ের গঠন, পরিচালনা ও সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন করে। এছাড়া আধুনিক প্রযুক্তি বৃহদায়তন পণ্য উৎপাদন নিশ্চিত করে।

উদ্দীপকে ইপিজেড এ জনাব সরওয়ারের একটি পোশাক তৈরির কারখানা রয়েছে। বৈশিষ্ট্যের দিক থেকে এটি একটি উৎপাদনমুখী মাঝারি শিল্প। শুরুর দিকে ব্যবসায়টি স্থানীয় চাহিদার ভিত্তিতে উৎপাদন করার পর বিদেশ থেকেও অর্ডার আসতে থাকে। কিন্তু ব্যবসায়টিতে উন্নত কাঁচামাল, পর্যাপ্ত পুঁজি ও আধুনিক যন্ত্রপাতির অভাবে বৈদেশিক অর্ডারমাফিক পণ্য উৎপাদনে বাধা সৃষ্টি হচ্ছে।

জনাব সরওয়ারের ব্যবসায়টি সফলভাবে পরিচালনার জন্য প্রথমে দরকার উন্নত কাঁচামাল। এটির মাধ্যমে তিনি তাদের পণ্যের মান উন্নয়ন করে বৈদেশিক অর্ডার সরবরাহ করেন। আর এ কাঁচামাল সংগ্রহে তার পর্যাপ্ত পুঁজি দরকার। এছাড়া পুঁজির মাধ্যমে তিনি আধুনিক যন্ত্রপাতির ব্যবস্থাও করতে পারবেন। এ যন্ত্রপাতি উন্নত কাঁচামালকে কম খরচে এবং কম সময়ে বেশি পরিমাণে প্রক্রিয়াজাতকরণে সাহায্য করবে। এভাবে উক্ত বিষয়সমূহ সঠিকভাবে নিশ্চিত করা গেলে জনাব সরওয়ার সফলভাবে ব্যবসায় পরিচালনা করতে পারবেন।

**প্রশ্ন ▶ ০৮** জনাব রাশেদ "খাদি এন্টারপ্রাইজ" এর স্বত্বাধিকারী। তিনি অত্যন্ত বাস্তবজ্ঞানের অধিকারী। প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য সব সময় তাঁর নখদর্পণে থাকে। তিনি সবার সাথে আলাপ আলোচনার মাধ্যমে ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ করেন ও যৌক্তিকতা তুলে ধরেন। ফলে প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা রাখতে পারে। অপরদিকে "সোনালী ট্রেডার্সের" মালিক জনাব শাকিল নেতিবাচক মনোভাব পোষণ করে। ফলে বেশিরভাগ সময় উৎপাদন টার্গেট পূরণ করতে না পারায় অনেক ফরমায়েশ বাতিল হয়। কর্মীরা প্রতিষ্ঠানকে নিজের ভাবতে পারে না।

ক. ব্যবস্থাপনার প্রথম কাজ কী? ১
খ. প্রেষণা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে "খাদি এন্টারপ্রাইজ"-এ কোন নেতৃত্ব বিদ্যমান? বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকের কোন নেতৃত্বকে তুমি সমর্থন কর? যুক্তি উপস্থাপন কর। ৪

[রা. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবস্থাপনার প্রথম কাজ হলো পরিকল্পনা।

**খ** প্রতিষ্ঠানের কর্মীদেরকে কাজের প্রতি আগ্রহী ও উৎসাহী করার প্রক্রিয়াই হলো প্রেষণা।

মানুষের ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে প্রভাবিত করে স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আগ্রহ তৈরি করা প্রেষণার উদ্দেশ্য। এটি কর্মীদের মানসিক অবস্থাকে প্রতিষ্ঠান ও কাজের প্রতি ইতিবাচক করে তোলে। প্রেষণার ফলে কর্মীরা আগ্রহ নিয়ে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ হয় এবং মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত 'খাদি এন্টারপ্রাইজ-এর গণতান্ত্রিক নেতৃত্ব বিদ্যমান।

যে নেতা প্রতিষ্ঠানের কর্মীদের সাথে আলোচনা করেন, প্রয়োজনে পরামর্শ গ্রহণ করেন এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে তার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেন, তিনিই গণতান্ত্রিক নেতা। তিনি কর্মীদেরকে প্রতিষ্ঠানের অংশ মনে করেন এবং কর্মীদের নিকট জবাবদিহিও করেন।

উদ্দীপকে জনাব রাশেদ 'খাদি এন্টারপ্রাইজ' এর স্বত্বাধিকারী। তিনি অত্যন্ত বাস্তবজ্ঞানের অধিকারী। তিনি সবার সাথে আলাপ-আলোচনা করে ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ করেন। ফলে কর্মীরা প্রত্যেকে স্ব স্ব অবস্থানে ভূমিকা রাখতে পারে। কর্মীদের মতামত মূল্যায়ন ও সুযোগ-সুবিধা বিবেচনা করায় কর্মীরা ইতিবাচক মনোভাব প্রকাশ করে। এসব বৈশিষ্ট্যের সাথে গণতান্ত্রিক নেতৃত্বের মিল পাওয়া যায়। সুতরাং 'খাদি এন্টারপ্রাইজ'-এ গণতান্ত্রিক নেতৃত্ব বিদ্যমান।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত গণতান্ত্রিক ও স্বৈরতান্ত্রিক নেতৃত্বের মধ্যে আমি গণতান্ত্রিক নেতৃত্বকে সমর্থন করি।

গণতান্ত্রিক নেতৃত্বে নেতা অধস্তনদের সাথে আলোচনা করে যেকোনো কাজের সিদ্ধান্ত নেওয়ায় কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন। এ নেতৃত্বে কর্মীরা গুরুত্ব পায়। আর স্বৈরতান্ত্রিক নেতৃত্বে নেতা অধস্তনদের চাপ প্রয়োগ ও ভয়ভীতি দেখিয়ে কাজ আদায় করেন। এ নেতৃত্বে কর্মীরা কোনো গুরুত্ব পায় না।

উদ্দীপকে জনাব রাশেদ তার প্রতিষ্ঠানে গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। অন্যদিকে জনাব শাকিল কর্মীদের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। কর্মীরা প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না। অর্থাৎ তিনি স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন।

জনাব রাশেদের গণতান্ত্রিক নেতৃত্বে কর্মীরা সন্তুষ্ট থাকে। তারা নিজেদের মতামতের গুরুত্ব পায় বলে কাজের প্রতি আগ্রহী হয়। এতে কাজের মান ভালো হয়। এটি প্রতিষ্ঠানের মূল লক্ষ্য অর্জনে সহায়তা করে। আর জনাব শাকিলের স্বৈরতান্ত্রিক নেতৃত্বে কর্মীরা সবসময় অসন্তুষ্ট থাকে। এতে একসময় তাদের মধ্যে কাজের প্রতি আগ্রহ হারিয়ে যায়। ফলে এরূপ নেতৃত্ব প্রতিষ্ঠানের জন্য ভালো ফল বয়ে আনে না। তাই বলা যায়, জনাব রাশেদের গণতান্ত্রিক নেতৃত্বই উত্তম।

**প্রশ্ন ▶ ০৯** "বে ক্লথ স্টোর" এর স্বত্বাধিকারী জনাব মান্নান বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে সস্তা ও জনপ্রিয় ইলেকট্রনিক মাধ্যমে তার প্রতিষ্ঠান ও পণ্যের তথ্যাবলি প্রকাশ করে ভোক্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। স্বল্প সময়ে প্রতিষ্ঠানের সুনাম অর্জন সম্ভব হয়। বিক্রয় কার্যাবলি সম্পাদনে সচেতন, সৎ ও মিশুক স্বভাবের অধিকারী মিস রুমাকে নিয়োগ প্রদান করার ফলে লক্ষ্যার্জন সহজ হয়।

ক. বণ্টন প্রণালি কী? ১
খ. মোড়ককিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মান্নান এর অনুসৃত প্রচার মাধ্যমের বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে বিক্রয় প্রসারসহ ব্যবসায়ের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনায় মি. মান্নান এর পদক্ষেপসমূহ বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** যে প্রক্রিয়ায় পণ্য বা সেবা উৎপাদনকারীর কাছ থেকে প্রকৃত ভোক্তা বা ব্যবহারকারীদের কাছে পৌছানো হয় তাকে বণ্টন প্রণালি বলে।

**খ** পণ্যসামগ্রীকে সুন্দর ও আকর্ষণীয় করা এবং নষ্ট বা ভেঙে যাওয়া থেকে রক্ষার উদ্দেশ্যে কিছু দ্বারা আবৃত করাকে মোড়ককিকরণ বলে।

এটি পণ্যকে নষ্ট হতে রক্ষা করে। এর মাধ্যমে পণ্যের আকর্ষণ বৃদ্ধি পায়। শিল্পজাত পণ্য যেমন : ফ্রিজ, টেলিভিশন, সাবান এবং কৃষিজাত পণ্য যেমন : পাস্তুরিত দুধ, মাছ, মাংস ইত্যাদির বিক্রয় ও ক্রেতাদের নিকট গ্রহণযোগ্যতা নির্ভর করে মোড়ককিকরণের ওপর। এছাড়াও পণ্যের খাদ্যমান সুরক্ষায় ও পণ্যের কালগত উপযোগ সৃষ্টিতেও মোড়ককিকরণ ভূমিকা রাখে।

**গ** জনাব মান্নানের অনুসৃত প্রচার মাধ্যমটির নাম হলো টেলিভিশন। বর্তমানে টেলিভিশন বিজ্ঞাপনের অন্যতম জনপ্রিয় ইলেকট্রনিক মাধ্যম। পণ্যের দর্শন ও শ্রবণযোগ্য স্লাইড ব্যবহার করে টেলিভিশনে বিজ্ঞাপন দেওয়া হয়। এর মাধ্যমে অনেক সংখ্যক ক্রেতা ও ভোক্তার কাছে স্বল্প খরচে পণ্য সম্পর্কে তথ্য পৌঁছানো যায়।

উদ্দীপকে 'বে ক্লথ স্টোর' এর স্বত্বাধিকারী জনাব মান্নান। তিনি বিক্রয় বাড়ানোর লক্ষ্যে জনপ্রিয় একটি বিজ্ঞাপন মাধ্যমে তার প্রতিষ্ঠান ও পণ্যের তথ্যাবলি প্রকাশ করেন। এ মাধ্যমে বিজ্ঞাপন দিতে তার কম

খরচ হয়েছে। তাছাড়া এর মাধ্যমে তিনি অনেক সংখ্যক ক্রেতার কাছে বিজ্ঞাপনী বার্তা পৌঁছে দিয়েছেন। এসব বৈশিষ্ট্য টেলিভিশনের সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই বলা যায়, জনাব মান্নানের ব্যবহৃত প্রচার মাধ্যমটি হলো টেলিভিশন।

**ঘ** উদ্দীপকে বিক্রয় প্রসারসহ ব্যবসায়ের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনায় মি. মান্নানের নেওয়া পদক্ষেপসমূহ যথার্থ।

বিজ্ঞাপনের মাধ্যমে ক্রেতাদেরকে পণ্য বা সেবা সম্পর্কে জানানো হয়। ফলে ক্রেতারা পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ হয়। আবার, বর্তমানে ব্যবসায় প্রতিষ্ঠানের সফলতা ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে বিক্রয়কর্মীর ওপর। বিক্রয়কর্মী তার শারীরিক, মানসিক ও নৈতিক গুণাবলির মাধ্যমে সহজেই গ্রাহকের আস্থা অর্জন করতে পারেন। ফলে বিক্রি ও মুনাফা বেড়ে যায়।

উদ্দীপকের জনাব মান্নান 'বে ক্লথ স্টোর' নামে একটি কাপড়ের দোকানের মালিক। বিক্রি বাড়ানোর জন্য তিনি একটি জনপ্রিয় মাধ্যমে তার পণ্য ও প্রতিষ্ঠান সম্পর্কে প্রচার করেন। পাশাপাশি বিক্রির কাজ পরিচালনা করার জন্য একজন সচেতন, মিশুক ও সৎ স্বাভাবের বিক্রয়কর্মী নিয়োগ দেন। ফলে সহজেই তিনি লক্ষ্য অর্জন করতে সক্ষম হন।

এক্ষেত্রে জনপ্রিয় মাধ্যমে বিজ্ঞাপন দেওয়ায় অনেক মানুষ তার প্রতিষ্ঠান ও পণ্য সম্পর্কে জানতে পারবে। এতে তার দোকানে ক্রেতার সমাগম বাড়বে। পাশাপাশি বিক্রয়কর্মীর সততা দেখে তার প্রতিষ্ঠানের প্রতি ক্রেতাদের বিশ্বস্ততা তৈরি হবে। ফলে তারা লেনদেন করতে আগ্রহী হবে। পাশাপাশি বিক্রয়কর্মীর মিশুক স্বভাব ক্রেতাদের সহজেই আপন করে নিয়ে স্থায়ী গ্রাহকে পরিণত করতে সহায়তা করবে। এতে প্রতিষ্ঠানের বিক্রি বাড়বে এবং লক্ষ্য অর্জিত হবে। বিক্রয় প্রসারসহ ব্যবসায়ের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনায় জনাব মান্নানের নেওয়া পদক্ষেপ যথার্থ।

**প্রশ্ন ▸ ১০** আবদুর রহমান তাঁর সঞ্চিত পুঁজি দিয়ে ব্যবসায় শুরু করতে গেলে তাঁর বন্ধু ইফতি তাঁকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও প্রশিক্ষণ গ্রহণে সহায়তা করেন। তাঁর অপর বন্ধু রাকিব প্রতিষ্ঠান নিবন্ধীকরণ ও অবকাঠামোগত দিকগুলোতে সহায়তার হাত বাড়িয়ে দেন। তাছাড়া রাষ্ট্রীয় মালিকানাধীন একটি ব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় তিনি সফলতা লাভ করেন।

ক. প্রকল্পের ধরন অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের ঋণসীমা কত? ১

খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইফতি কোন ধরনের সহায়তা প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবদুর রহমানের সফলতায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভূমিকা কম নয়− উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় বা প্রকল্পের ধরন অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের ঋণসীমা সর্বনিম্ন ৫০ হাজার থেকে সর্বোচ্চ ১০ কোটি টাকা।

**খ** সরকার নতুন শিল্প প্রতিষ্ঠানকে যে সময় পর্যন্ত করের আওতার বহির্ভূত থাকার সুযোগ দেয় ঐ সময়কালই কর অবকাশ।

কর অবকাশ হলো কর মওকুফ করা। সরকার অনেক সময় কোনো বিশেষ শিল্পের উন্নয়নের জন্য অথবা কোনো এলাকায় শিল্পায়ন করার জন্য উদ্যোক্তাদের অর্জিত মুনাফার ওপর সম্পূর্ণ বা নির্দিষ্ট হারে নির্দিষ্ট মেয়াদের জন্য কর মওকুফ করে। এ ব্যবস্থাকেই বলা হয় কর অবকাশ।

**গ** উদ্দীপকে ইফতি উদ্দীপনামূলক সহায়তা প্রদান করে।

উদ্দীপনামূলক সহায়তা বলতে বিভিন্ন প্রকার অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ, বিনিয়োগ সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিতকরণ, শিল্প স্থাপনে সরকারি সাহায্য-সহযোগিতা সম্পর্কে ব্যাপক প্রচার, কারিগরি ও অর্থনৈতিক তথ্য সরবরাহ ও পরামর্শ দানকে বোঝায়। এ ধরনের সহায়তা একজন উদ্যোক্তাকে নতুন ব্যবসায় স্থাপনে আগ্রহী করে তোলে।

উদ্দীপকের আবদুর রহমান তার সঞ্চিত পুঁজি দিয়ে ব্যবসায় শুরু করতে চান। এজন্য তার বন্ধু ইফতি তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও প্রশিক্ষণ গ্রহণে সহায়তা করে। ফলে তিনি তার প্রশিক্ষণকে কাজে লাগিয়ে আত্মবিশ্বাসের সাথে ব্যবসায় স্থাপন করেন। এতে তিনি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দেওয়া সুযোগ-সুবিধার যথাযথ ব্যবহার করতে পারবেন। আর এ বৈশিষ্ট্যগুলো উদ্দীপনামূলক সহায়তার সাথে মিলে যায়। তাই বলা যায়, উদ্দীপকে ইফতি উদ্দীপনামূলক সহায়তা প্রদান করেন।

**ঘ** আবদুর রহমানের সফলতায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভূমিকা কম নয়− উক্তিটি যথার্থ বলে আমি মনে করি।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বাণিজ্যিক ব্যাংক। দ্রুত শিল্পায়নের লক্ষ্যে নতুন শিল্প প্রকল্প স্থাপন, চালু শিল্প প্রকল্পগুলোর আধুনিকীকরণ, যন্ত্রপাতি পরিবর্তন ও সম্প্রসারণের জন্য শিল্প উদ্যোক্তাদের ঋণ, পরামর্শদান ও কৃষিভিত্তিক শিল্পের পৃষ্ঠপোষকতা করা বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের প্রধান কাজ।

উদ্দীপকের আবদুর রহমান তার সঞ্চিত পুঁজি দিয়ে ব্যবসায় শুরু করতে চান। এক্ষেত্রে তার বন্ধু ইফতি তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও প্রশিক্ষণ গ্রহণে সহায়তা করেন। তাছাড়া রাষ্ট্রীয় মালিকানাধীন একটি ব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তা নেন। ফলে তিনি তার ব্যবসায়ে সফলতা অর্জন করেন। বৈশিষ্ট্যানুযায়ী এ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানটি বিডিবিএল।

এটি আবদুর রহমানকে শিল্প স্থাপনে সহায়তা করে। এছাড়া এটি তার স্থাপিত শিল্পের আধুনিকায়ন ও সম্প্রসারণে ঋণ ও কারিগরি সহায়তা দেয়। ফলে জনাব আবদুর রহমান তার ব্যবসায় গঠনগত ও পরিচালনাগত সুবিধা ভোগ করে আবার প্রতিষ্ঠানটি বিভিন্ন আর্থিক পরামর্শমূলক সহায়তার কারণে দেশের আরও শিল্পের বিকাশ হচ্ছে। ফলে আবদুর রহমানের মতো অনেকে তাদের ভাগ্য পরিবর্তন করতে পারছেন। অতএব আবদুর রহমানের সফলতায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভূমিকা কম নয় বলে আমি মনে করি।

**প্রশ্ন ▸ ১১** সততা ট্রেডিং-এর কর্ণধার মি. আফজল পার্শ্ববর্তী দেশসমূহ হতে নিত্য প্রয়োজনীয় পণ্যদ্রব্য আমদানি করেন। দীর্ঘদিনের ব্যবসায়িক অভিজ্ঞতা থেকে তিনি বিশেষ সময়ে নির্দিষ্ট পণ্যের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে আমদানিপূর্বক তা পরিমিত মুনাফায় মধ্যস্থ ব্যবসায়ীর নিকট সরবরাহ করেন। তিনি একজন ব্যবসায়ী ও সমাজের সদস্য হিসেবে সকল পক্ষের প্রতি দায়িত্ব পালনে সচেষ্ট থাকেন যা ব্যবসায়ীমহল অবগত। কিন্তু "আলফা ট্রেডিং" এর কর্ণধার জনাব শফিক বেশি পরিমাণে পণ্য মজুদ করেন এবং বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে অতি মুনাফায় পণ্য বিক্রয়ের চেষ্টা করেন। সম্প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালত-এর নিকট বিষয়টি গোচরীভূত হওয়ায় তাকে জরিমানা করা হয়।

ক. মূল্যবোধ কী? ১

খ. "ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান"– ব্যাখ্যা কর। ২

গ. মি. আফজল কীভাবে ক্রেতাদের প্রতি দায়িত্ব পালন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন ব্যবসায়ীকে তুমি সমর্থন কর? অন্য ব্যবসায়ীর প্রতি তোমার পরামর্শ ব্যক্ত কর। ৪

[রা. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় বলে মনে করা হয় তাকে মূল্যবোধ বলে।

**খ** একটি ব্যবসায়ের ধারণা চিহ্নিত করা থেকে শুরু করে এটি সফলভাবে পরিচালনার সাথে অনেক কাজ জড়িত। ব্যবসায়ের প্রধান লক্ষ্য এসব কাজ সম্পাদনের মাধ্যমে মুনাফা অর্জন করা হলেও সমাজে জনগণের বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিস এবং অন্যান্য দ্রব্যের চাহিদা মেটানোর জন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠানের জন্ম হয় ও চলমান থাকে। তাছাড়া সমাজ থেকে বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই ব্যবসায়কে সামাজিক প্রতিষ্ঠান বলা হয়।

**গ** মি. আফজল ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালনের মাধ্যমে ক্রেতাদের প্রতি দায়িত্ব পালন করেন।

সমাজের অংশ হিসেবে ব্যবসায়ীকে সমাজের বিভিন্ন পক্ষের প্রতি সামাজিক দায়িত্ব পালন করতে হয়। ক্রেতা বা ভোক্তারা হলো সমাজের অংশ ও ব্যবসায়ের প্রাণ। তাই তাদের আস্থা ও সহযোগিতার ওপর ব্যবসায়ের সফলতা বিশেষভাবে নির্ভরশীল।

উদ্দীপকের মি. আফজল সততা ট্রেডিং-এর কর্ণধার। তিনি পার্শ্ববর্তী দেশসমূহ হতে নিত্যপ্রয়োজনীয় পণ্যদ্রব্য আমদানি করেন এবং তা মধ্যস্থ ব্যবসায়ীদের কাছে বিক্রি করেন। তিনি পরিমিত মুনাফায় পণ্য বিক্রি করেন। অতিরিক্ত লাভের আশায় তিনি কখনো পণ্যের মজুতদারী করে বাজারে পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করেন না। তাছাড়া তিনি পণ্যে ভেজাল মেশানো বা নিম্নমানের পণ্য ক্রেতাদের সরবরাহ করেন না। তিনি সবসময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহের চেষ্টা করেন। এসবের সাথে ক্রেতা ভোক্তার প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনের মিল পাওয়া যায়। এভাবে মি. আফজল ক্রেতাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করেন।

**ঘ** উদ্দীপকের প্রথম ব্যবসায়ী মি. আফজালকে আমি সমর্থন করি এবং অন্য ব্যবসায়ীকে আমি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালনের পরামর্শ দেব।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে ব্যবসায়ীর কাজ শুধু মুনাফা অর্জনে সীমাবদ্ধতা থাকা নয়। তাকে বিভিন্ন পক্ষ যেমন : রাষ্ট্র, সমাজ, ক্রেতা-ভোক্তা ও কর্মচারীর প্রতিও দায়িত্ব পালন করতে হয়। এতে প্রতিষ্ঠানের ব্যবসায়িক সুনাম বাড়ে। প্রতিষ্ঠানের প্রতি জনগণ আস্থাশীল হয়।

উদ্দীপকের সততা ট্রেডিং-এর কর্ণধার মি. আফজল সমাজের সকল পক্ষের প্রতি দায়িত্ব পালনে সচেষ্ট থাকেন। অপরদিকে, 'আলফা ট্রেডিং' এর কর্ণধার জনাব শফিক ব্যবসায়ে অসৎ উপায় অবলম্বন করেন। তিনি বেশি পরিমাণে পণ্য মজুদ করে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন। এছাড়া অতি মুনাফায় তিনি পণ্য বিক্রির চেষ্টা করেন। এতে ক্রেতা-ভোক্তাদের নানান ভোগান্তি পোহাতে হয়।

মি. আফজল ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালনের মাধ্যমে সমাজের সকল পক্ষের প্রতি দায়িত্ব পালন করায় সমাজে তার এবং তার ব্যবসায়ের গ্রহণযোগ্যতা বাড়ে, পাশাপাশি ব্যবসায়ের সুনামও বাড়ে। অপরদিকে, জনাব শফিক ব্যবসায়ে অসৎ উপায় অবলম্বন করেন। এজন্য ভ্রাম্যমাণ আদালত তাকে জরিমানা করে। এ পরিস্থিতিতে জনাব শফিকের মতো ব্যবসায়ীদের উচিত পণ্যের মজুতদারী না করা। এছাড়া তাকে ন্যায্যমূল্যে পণ্য সরবরাহ করতে হবে। এতে সমাজে তার ব্যবসায়ের গ্রহণযোগ্যতা বাড়বে। তাই সব ব্যবসায়ীকেই সামাজিক দায়িত্ব পালন করে ব্যবসায় পরিচালনা করা উচিত বলে আমি মনে করি।

# কুমিল্লা বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা)** **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের দিক নির্দেশনা হলো–**
ক) পরিকল্পনা খ) সংগঠিতকরণ
গ) সমন্বয় সাধন ঘ) ব্যবস্থাপনা

২. **আমাদের দেশে 'কোমল পানীয়' কোন বণ্টন প্রণালির মাধ্যমে বিক্রয় হয়?**
ক) খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়
খ) পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়
গ) প্রতিনিধি বা এজেন্টের মাধ্যমে বিক্রয়
ঘ) প্রতিনিধি ও খুচরা বিক্রেতার মাধ্যমে বিক্রয়

৩. **জনাব রাশেদ রাজশাহীর বিসিক এলাকায় একটি রেশম শিল্পের কারখানা স্থাপন করেন। তিনি প্রথম তিনি বছরে যে মুনাফা লাভ করেন তার ১০০% কর অবকাশ পান। জনাব রাশেদ তার ব্যবসায়ে কোন ধরনের সহায়তা পাচ্ছেন?**
ক) উদ্দীপনামূলক খ) সমর্থনমূলক
গ) সংরক্ষণমূলক ঘ) আর্থিক সহায়ত

৪. **নিচের কোনটি সমাজের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা?**
ক) চাকরির নিরাপত্তা বিধান করা খ) মানসম্মত পণ্য সরবরাহ করা
গ) পণ্যের মজুতদারি না করা ঘ) পণ্যের বাজার স্থিতিশীল রাখা

৫. **স্কয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন কে?**
ক) ই.এইচ.চৌধুরী খ) মোঃ জহুরুল ইসলাম
গ) লুৎফা সানজিদা ঘ) স্যামসন এইচ. চৌধুরী

৬. **বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কতটি?**
ক) ৪টি খ) ৫টি গ) ৬টি ঘ) ৭টি

৭. **ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?**
ক) সমাজকল্যাণ খ) জনকল্যাণ
গ) মুনাফা অর্জন ঘ) অধিক সঞ্চয়

৮. **ব্যবসায় হলো–**
i. পণ্য দ্রব্যের উৎপাদন ও বণ্টন ii. মুনাফার আশায় মাছ চাষ
iii. পরিবারের জন্য খাদ্য উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. **'আন্তর্জাতিক সম্পর্ক' কোন পরিবেশের উপাদান?**
ক) অর্থনৈতিক খ) সামাজিক গ) রাজনৈতিক ঘ) আইনগত

১০. **হ্যাচারিতে মাছের পোনা ফুটানো কোন শিল্পের অন্তর্গত?**
ক) প্রজনন শিল্প খ) নিষ্কাশন শিল্প
গ) উৎপাদন শিল্প ঘ) নির্মাণ শিল্প

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক ও তার বড়ো ভাই মিলে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ নিয়ে স্বাবলম্বী হওয়ার আশায় পারিবারিক পুকুরসহ এলাকার আরো একটি পুকুরে মৎস্য চাষ শুরু করেন। এ কাজে তার বন্ধুরা ঝুঁকির কথা বলে তাকে নিরুৎসাহিত করে। কিন্তু তাতে তিনি থেমে না গিয়ে বরং আরো উদ্যমী হয়েছেন।

১১. **রফিকের মৎস্য চাষ শুরু করার কাজকে কী বলা যায়?**
ক) উদ্যোগ খ) ব্যবসায় উদ্যোগ
গ) ব্যবসায় ঘ) শখ

১২. **উদ্যোক্তার যে গুণাবলি রফিকের মধ্যে আছে–**
i. আত্মবিশ্বাসী ii. ঝুঁকি গ্রহণের ক্ষমতা iii. চ্যালেঞ্জ গ্রহণ করার মানসিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **ব্যবসায় থেকে প্রত্যাশিত মুনাফা অর্জনের অনিশ্চয়তাকে কী বলে?**
ক) ব্যবসায়িক ঝুঁকি খ) পরিমিত ঝুঁকি
গ) আর্থিক ঝুঁকি ঘ) ব্যবসায়িক ক্ষতি

১৪. **ব্যবসায়ের জন্য সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত–**
ক) যে কোনো স্থান নির্বাচন খ) সঠিক পণ্য নির্বাচন
গ) কর্মী সংগ্রহ ঘ) পণ্য সংগ্রহ

১৫. **কোনটির পর একজন কর্মীর যোগ্যতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পায়?**
ক) বৃত্তিমূলক শিক্ষা খ) প্রশিক্ষণ
গ) উন্নত প্রযুক্তি ঘ) কর্ম পরিবেশ

১৬. **ব্যবসায়ের স্থান নির্বাচনের ক্ষেত্রে লক্ষ্য রাখা প্রয়োজন–**
i. কাঁচামালের সহজলভ্যতা ii. বাজারজাতকরণের সুবিধা
iii. ভোক্তাদের চাহিদা ও রুচি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. **শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত হয় কোনটি?**
ক) যুব প্রশিক্ষণ কেন্দ্র
খ) বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
গ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ঘ) নট্রামস্

১৮. **কোন প্রকারের অংশীদারের দায় অসীম?**
ক) ঘুমন্ত অংশীদার খ) নামমাত্র অংশীদার
গ) সাধারণ অংশীদার ঘ) আচরণে অনুমিত অংশীদার

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শাহিল ও তার বন্ধু রাজশাহীতে একটি বেকারির কারখানা স্থাপন করেন। সেখানে তিনি ২০ জন শ্রমিক নিয়োগ করেন এবং কারখানাটি ১৯৩২ সালের আইন দ্বারা পরিচালিত হয়ে আসছে।

১৯. **জনাব শাহিলের স্থাপিত কারখানাটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের ব্যবসায় সংগঠন?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) যৌথ মূলধনী ঘ) সমবায়

২০. **জনাব শাহিল ও তার বন্ধুর কারখানা স্থাপনের ক্ষেত্রে–**
i. নিবন্ধন বাধ্যতামূলক নয় ii. আইনগত সত্তার সৃষ্টি হয় না
iii. নিজস্ব নামে পরিচালিত হতে পারে না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. **"অস্ত্র নির্মাণ শিল্প" কোন ধরনের ব্যবসায় সংগঠনের অন্তর্ভুক্ত?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) যৌথ মূলধনী ঘ) রাষ্ট্রীয় ব্যবসায়

২২. **উপন্যাস, কবিতা, গান ইত্যাদি কী দ্বারা সংরক্ষিত হয়?**
ক) পেটেন্ট খ) ট্রেড মার্কস গ) কপিরাইট ঘ) ফ্রানসাইজিং

২৩. **বর্তমানে বাংলাদেশে চালু ট্রেড মার্কস আইন–**
ক) ১৯৪০ সালের খ) ১৯১১ সালের
গ) ২০০৯ সালের ঘ) ২০০৫ সালের

২৪. **ট্রেড মার্কের অন্তর্ভুক্ত নয় কোনটি?**
ক) মোড়ক খ) ডিভাইস গ) ব্রান্ড ঘ) লেবেল

২৫. **জনাব রেজার 'রাওজা স্মার্ট কোম্পানি' আমেরিকার বিখ্যাত "পিজ্জাহাট" কোম্পানির পণ্য বাংলাদেশে তৈরি করে এখানেই বিক্রি করেন। এ ক্ষেত্রে জনাব রেজার 'রাওজা স্মর্ম কোম্পানি' কে কী বলা যাবে?**
ক) ফ্রানসাইজর খ) ফ্রানসাইজি
গ) ফ্র্যানসাইজিং ঘ) ট্রেড মার্কস

২৬. **ম্যাক্রোস্ক্রিনিং-এর প্রভাব কোনটি?**
ক) বাজার চাহিদা খ) কারিগরি দিক
গ) বাণিজ্যিক দিক ঘ) জনসংখ্যা

২৭. **যে শিল্পে ১৬–৫০ জন শ্রমিক কাজ করে তাকে বলে–**
ক) কুটির শিল্প খ) উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্প
গ) মাঝারি শিল্প ঘ) সেবামূলক ক্ষুদ্র শিল্প

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাবির পাটের তৈরি দ্রব্যের কারখানা স্থাপন করেন। তার কারখানায় ২২৫ জন শ্রমিক কাজ করেন।

২৮. **জনাব জাবিরের কারখানাটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
ক) কুটির শিল্প খ) ক্ষুদ্র শিল্প গ) মাঝারি শিল্প ঘ) বৃহৎ শিল্প

২৯. **জনাব জাবিরের কারখানায় উৎপাদিত দ্রব্যাদি–**
i. কার্পেট ii. শাড়ি iii. সুতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) হেনরি ফেওল খ) এ্যাডাম স্মিথ
গ) এফ ডব্লিউ টেইলর ঘ) লুকা প্যাসিওলি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। পদ্মাসেতু চালুর পরপরই ব্যবসা বাণিজ্যের গতি দ্রুত বৃদ্ধি পেয়েছে। মাদারীপুর জেলার বাসিন্দা মোতালেব মিয়া ভালো ভাবেই পর্যবেক্ষণ করলেন পদ্মাসেতু দেখতে সবাই দেশের বিভিন্ন জায়গা থেকে আসবে। ভ্রমণের মধ্যেই ভালো মানের খাবার সবাই আশা করবে। তাই মোতালেব মিয়া একটি RENT-A-CAR এবং মানসম্মত রেস্তোঁরা প্রতিষ্ঠার কাজ শুরু করলেন।
(ক) আমেরিকার ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১
(খ) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে ২টি পার্থক্য লেখ। ২
(গ) মোতালেব মিয়ার RENT-A-CAR ও রেস্তোঁরা প্রতিষ্ঠায় উদ্যোক্তার কোন কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
(ঘ) বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মোতালেব মিয়া কীভাবে অবদান রাখছেন? আলোচনা কর। ৪

২। মধুপুরের বিলকিস বেগম আনারসের ফেলে দেয়া পাতা নিয়ে কাজ শুরু করেন। তিনি পাতাকে প্রক্রিয়াজাত করে কুটির শিল্প সামগ্রী প্রস্তুত করেন। প্রথম দিকে দক্ষ কারিগর এবং প্রচারের অভাব অনুভব করেন। তার সক্রিয় কর্মতৎপরতায় এই বাধাগুলোর অপসারণ করে ভালো মুনাফা করছেন।
(ক) ব্যবসায় কাকে বলে? ১
(খ) "ব্যবসায় সৃজনশীল কাজের উন্নয়ন ঘটায়"– ব্যাখ্যা কর। ২
(গ) বিলকিস বেগমের প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩
(ঘ) বিলকিস বেগমের কার্যক্রমে ব্যবসায়িক পরিবেশের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। লেখাপড়া শেষ করেই রবিন হবিগঞ্জ শহরে একটি ফার্মেসিতে যোগদান করেন। বিক্রয়কর্মী হিসাবে পাঁচ বছর চাকরি করেন। ঔষধ বিক্রয়ের উপর যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করে প্রয়োজনীয় কোর্স সমাপ্ত করেন। এখন নিজে একটি ঔষধের দোকান চালাচ্ছেন। তার ব্যবসা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।
(ক) আহছানিয়া মিশন কোন ধরনের প্রতিষ্ঠান? ১
(খ) "আবেগ তাড়িত হয়ে কর্মী নিয়োগ করা অনুচিত"– ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে রবিনের কাজটি কীসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) তুমি কি মনে কর, জনাব রবিন একজন সফল উদ্যোক্তা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪। জামালপুরে ভুট্টার ব্যাপক উৎপাদন হয়। তাই জনাব বাবু তার দশজন বন্ধু নিয়ে ভুট্টার গাছ থেকে গরুর খাবার সাইলেজ তৈরির কারখানা দেন। শুরুতে স্থানীয় খামারিদের চাহিদা পূরণের পাশাপাশি ঢাকা ও তার আশেপাশের খামারিদের চাহিদা পূরণ করতে গিয়ে চাপের মধ্যে আছেন। তাই কারখানার সম্প্রসারণ করতে শেয়ার বাজার থেকে মূলধন সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।
(ক) কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ১
(খ) ঘুমন্ত অংশীদার বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব বাবুর প্রথম পর্যায়ের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব বাবুর ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় অর্থায়নের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫। পটুয়াখালীতে মুগডালের ব্যাপক চাষ হয়। কিন্তু ডাল ভাঙানোর মেশিনের অভাবে চাষীরা কম মূল্যে খোসাসহ ডাল কমদামে বিক্রি করে দিত। স্থানীয় ব্যবসায়ী জুয়েল আহমেদ বিদেশ থেকে মেশিন আমদানির ব্যবস্থা করেন। মেশিনগুলো সমুদ্র পথে আসতে তাই ঝুঁকি নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।
(ক) যন্ত্রপাতির সুরক্ষায় কোন বিমা গ্রহণ করা হয়? ১
(খ) "কপিরাইট চুক্তিপত্র" গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব জুয়েল আহমেদের গৃহীত বিমাটি কী? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে ঝুঁকি নিরসনে জনাব জুয়েল আহমেদের প্রয়োজনীয় পদক্ষেপ বিশ্লেষণ কর। ৪

৬। আসাদ মন্ডল মিরপুরের বেনারসি পাড়ায় ছয় বছর কারিগর হিসেবে কাজ করেন। পরে শিবচরে তার নিজ বাড়িতে বেনারসি তাঁত স্থাপন করেন। পরিবারের সবাইকে এই কাজে যুক্ত করেন। অপরদিকে গফুর ব্যাপারি লক্ষ্য করলেন তার এলাকায় প্রচুর লোক ঢাকায় পোশাক শিল্প কারখানায় কাজ করেন। তাই ১০০ কোটি টাকা ব্যয়ে ৩০০ জন শ্রমিক নিয়ে একটি গার্মেন্টস স্থাপন করেন।
(ক) সেবামূলক শিল্প কী? ১
(খ) "প্রযুক্তিগত উন্নয়ন, উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে"– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আসাদ মন্ডলের স্থাপিত শিল্পের ধরন ব্যাখ্যা কর। ৩
(ঘ) বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব গফুর ব্যাপারীর শিল্পের অবদান মূল্যায়ন কর। ৪

৭। জনাব আকমল একটি পোশাক কারখানার ব্যবস্থাপক। ২০–২৫ জন নারী শ্রমিক তার সাথে দেখা করে বলে, তারা চাকরি ছেড়ে দিবে। আকমল সাহেব তাদের চাকরি ছাড়ার কারণ জানতে চাইলে তারা বলেন, কর্মক্ষেত্র থেকে দূরত্ব এবং বাড়ি ফিরতে নিরাপত্তাহীনতা। জনাব আকমল সাহেব কারখানার সাথেই প্রয়োজনীয় ব্যবস্থাসহ স্বল্প খরচে আবাসনের ব্যবস্থা করেন।
(ক) নির্দেশনা কী? ১
(খ) "ব্যবস্থাপনার সাথে পুরো প্রতিষ্ঠান জড়িত থাকে।"– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আকমল কোন ধরনের নেতৃত্ব দিয়ে সমস্যার সমাধান করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উপযুক্ত নেতৃত্ব প্রতিষ্ঠানকে যে কোনো অবস্থায় লক্ষ্য অর্জনে সহায়তা করে"। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৮। সুধীর বাবু একটি রেফ্রিজারেটর কেনার জন্য প্রচার মাধ্যম ও Online-এ খোজাখুজির পর বাজারে গেলেন। একটি দোকানের বিক্রয়কর্মী তার দোকানের রেফ্রিজারেটর দেখালেন এবং দাম কম বলে তাদের আকর্ষণ করার চেষ্টা করলেন। অন্যদিকে আরেক বিক্রয়কর্মী পণ্যটির সবকিছু বিশেষ করে কারিগরি দিক সুন্দরভাবে বুঝানোর চেষ্টা করলেন। দাম আগেরটির চেয়ে বেশি চাইলেন। সুধীর বাবু এখান থেকেই পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।
(ক) প্রাচীর পত্র কী? ১
(খ) "প্রমিতকরণ বিক্রয়ের গতিশীলতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের দ্বিতীয় দোকানের বিক্রয় কর্মীর পণ্য বিক্রয়ে কোন গুণাবলি ফুটে উঠে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের সুধীর বাবুর রেফ্রিজারেটর ক্রয়ের সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত? তুলনামূলক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৯। সফুরা বেগম লেখাপড়া শেষ করার পর একটি সরকারি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ এবং কিছু পুঁজি সংগ্রহ করেন। তিনি একটি কৃষি খামার গড়ে তুলেন এবং সমস্যার সম্মুখীন হন। তাই আরো প্রশিক্ষণ এবং ঋণ সুবিধার জন্য দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন।
(ক) NGO-এর পূর্ণরূপ কী? ১
(খ) নারী উদ্যোক্তা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) সফুরা বেগম প্রথমে কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "সফুরা বেগম দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন"– নারীদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষণে এই সংস্থাগুলোর অবদান মূল্যায়ন কর। ৪

১০। মেঘনা নদীতে খাচায় মৎস্য চাষ বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এর মাধ্যমে প্রাকৃতিক সুবিধায় মৎস্য চাষ করে চাষীরা স্বাবলম্বী। কিন্তু চাষীদের সাথে কথা বলে তাদের সমস্যাও জানা গেছে। তারা বললেন শুকনো মৌসুমে বিভিন্ন ডাইং কোম্পানিগুলো তাদের শিল্পবর্জ্য নদীতে ছেড়ে দেয়। তাই তারা সেই সময় মৎস্য চাষ বন্ধ রাখেন। ভবিষ্যতে মাছের অস্তিত্ব হুমকীর মধ্যে পড়বে বলে চাষীরা মনে করেন।
(ক) সামাজিক দায়বদ্ধতা কী? ১
(খ) আচরণের মানদণ্ড কী? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে মৎস্য চাষীদের ব্যবসা পরিচালনায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ডাইং কোম্পানিগুলোর ব্যবসায়িক কার্যক্রমের ক্ষেত্রে কোন বড় সমস্যাটি প্রতিফলিতি হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১। দেশে পেঁয়াজের ব্যাপক চাহিদা রয়েছে। ফরিদপুরের একজন অভিজ্ঞ মহিলা চাষী সফলতা লাভ করেছেন। এখন তিনি পেঁয়াজ এবং পেঁয়াজের বীজ উভয়টির উৎপাদন করার পরিকল্পনা নিয়েছেন। পরিকল্পনা বাস্তবায়নের জন্য বীজের চাহিদা, দাম, ভূমির খরচ সব কিছু যথাযথভাবে নিরূপণ করে পেঁয়াজ উৎপাদন শুরু করেন। পরিকল্পনার বাস্তবায়ন ও টেকসই করার জন্য এখন প্রচুর অর্থের প্রয়োজন অনুভব করছেন।
(ক) সম আয়-ব্যয় বিন্দু কী? ১
(খ) মাইক্রো স্কিনিং বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) পেঁয়াজ চাষীর প্রকল্প নির্বাচনে কোন পদ্ধতি অবলম্বন করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) পরিকল্পনা টেকসই করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপটি মূল্যায়ন কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** পদ্মাসেতু চালুর পরপরই ব্যবসা বাণিজ্যের গতি দ্রুত বৃদ্ধি পেয়েছে। মাদারীপুর জেলার বাসিন্দা মোতালেব মিয়া ভালোভাবেই পর্যবেক্ষণ করলেন পদ্মাসেতু দেখতে সবাই দেশের বিভিন্ন জায়গা থেকে আসবে। ভ্রমণের মধ্যেই ভালো মানের খাবার সবাই আশা করবে। তাই মোতালেব মিয়া একটি RENT-A-CAR এবং মানসম্মত রেস্তোঁরা প্রতিষ্ঠার কাজ শুরু করলেন।

ক. আমেরিকার ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১

খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে ২টি পার্থক্য লেখ। ২

গ. মোতালেব মিয়ার RENT-A-CAR ও রেস্তোঁরা প্রতিষ্ঠায় উদ্যোক্তার কোন কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মোতালেব মিয়া কীভাবে অবদান রাখছেন? আলোচনা কর। ৪

[কু. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** আমেরিকায় ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতা হেনরি ফোর্ড।

**খ** সাধারণ অর্থে যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাই উদ্যোগ। আর ব্যবসায় উদ্যোগ হলো লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করা।

উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে বেশকিছু পার্থক্য বিদ্যমান। উদ্যোগে মুনাফা অর্জন বাধ্যতামূলক নয়। তবে ব্যবসায় উদ্যোগের প্রধান লক্ষ্য হলো মুনাফা অর্জন।

| উদ্যোগ | ব্যবসায় উদ্যোগ |
|---|---|
| ১. যেকোনো কাজের কর্ম প্রচেষ্টাকে উদ্যোগ বলে। | ১. মুনাফা অর্জনের উদ্দেশ্যে ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করে ব্যবসায় স্থাপনকে ব্যবসায় উদ্যোগ বলে। |
| ২. উদ্যোগ মুনাফা অর্জনের উদ্দেশ্য থাকা বাধ্যতামূলক নয়। | ২. ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। |

**গ** মোতালেব মিয়ার REANT-A-CAR ও রেস্তোরাঁ প্রতিষ্ঠায় একজন উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের ক্ষমতা এবং দূরদর্শিতা/বৈশিষ্ট্য ফুটে উঠেছে।

যে ব্যক্তি দৃঢ় মনোবল ও সাহসিকতার সাথে ফলাফল অনিশ্চিত জেনেও ব্যবসায় স্থাপন করেন ও সফলভাবে পরিচালনা করেন তাকে ব্যবসায় উদ্যোক্তা বলে। একজন সফল উদ্যোক্তা তিনি তার লক্ষ্য বাস্তবায়নের জন্য পরিকল্পনা তৈরি করেন এবং তা বাস্তবায়নের জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেন।

উদ্দীপকে মোতালেব মিয়া তিনি ভালোভাবেই পর্যবেক্ষণ করে দেখলেন পদ্মাসেতু দেখতে সবাই দেশের দূর-দূরান্ত থেকে আসবে ও ভ্রমণের মধ্যেই ভালো মানের খাবার আশা করবেন। তাই তিনি REANT-A-CAR ও রেস্তোরাঁ প্রতিষ্ঠার কাজ শুরু করলেন। জনাব মোতালেব এর মধ্যে ঝুঁকি গ্রহণের মানসিকতা লক্ষ করা যায় ও তার মধ্যে দূরদর্শিতা গুণটি রয়েছে। কেননা তিনি যে কার্যক্রমটি শুরু করেছে তা একজন উদ্যোক্তার দূরদর্শিতা গুণ ও ফলাফল অনিশ্চিত জেনেও ঝুঁকি গ্রহণ করেছেন। একজন সফল উদ্যোক্তা সঠিক পরিকল্পনা প্রণয়ন করে ঝুঁকি গ্রহণ করে থাকে। সুতরাং বলা যায় REANT-A-CAR ও রেস্তোরাঁ প্রতিষ্ঠায় উদ্যোক্তার ঝুঁকি গ্রহণ ও দূরদর্শিতা ফুটে উঠেছে।

**ঘ** বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মোতালেব মিয়া ব্যবসায় উদ্যোগ কার্যক্রমে বিশেষভাবে অবদান রাখছেন।

যিনি উদ্যোগ নেন তিনিই উদ্যোক্তা। উদ্যোক্তা নিজের কর্মসংস্থানের তৈরির পাশাপাশি অন্যেরও কাজের সুযোগ করে দেন বিধায় উদ্যোক্তাকে কর্মসংস্থান সৃষ্টিকারীও বলা হয়।

উদ্দীপকে জনাব মোতালেব তিনি পর্যবেক্ষণ করে দেখলেন পদ্মসেতু দেখতে সবাই দেশের বিভিন্ন জায়গা থেকে আসবে। ভ্রমণের জন্য ও ভালো মানের খাবার নিশ্চিত করার জন্য তিনি গাড়ি ভাড়ায় দেওয়া ও রেস্তোরাঁ প্রতিষ্ঠার কাজ শুরু করেছেন। এতে তিনি নিজেই উপকৃত হচ্ছে না বরং দেশের অর্থনীতিতে অবদান রাখছেন।

জনাব মোতালেব তিনি তার পরিকল্পনা মোতাবেক REANT-A-CAR ও রেস্তোরাঁ প্রতিষ্ঠার কাজ চালু করেছেন। এতে তার প্রতিষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। কর্মী নিয়োগের মাধ্যমে দেশে বেকারত্ব হ্রাস পাবে যার ফলে জাতীয় আয় বৃদ্ধি পাবে। তাই বলা যায়, জনাব মোতালেব বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষভাবে অবদান রাখছেন।

**প্রশ্ন ▶ ০২** মধুপুরের বিলকিস বেগম আনারসের ফেলে দেয়া পাতা নিয়ে কাজ শুরু করেন। তিনি পাতাকে প্রক্রিয়াজাত করে কুটির শিল্প সামগ্রী প্রস্তুত করেন। প্রথম দিকে দক্ষ কারিগর এবং প্রচারের অভাব অনুভব করেন। তার সক্রিয় কর্মতৎপরতায় এই বাধাগুলোর অপসারণ করে ভালো মুনাফা করছেন।

ক. ব্যবসায় কাকে বলে? ১

খ. "ব্যবসায় সৃজনশীল কাজের উন্নয়ন ঘটায়"— ব্যাখ্যা কর। ২

গ. বিলকিস বেগমের প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. বিলকিস বেগমের কার্যক্রমে ব্যবসায়িক পরিবেশের প্রভাব বিশ্লেষণ কর। ৪

[কু. বো. ২০২৪]

## ২নং প্রশ্নের উত্তর

**ক** মুনাফা অর্জনের উদ্দেশ্যে ঝুঁকি গ্রহণ করে দেশের আইনে বৈধ ও সঠিক উপায়ে পরিচালিত সকল অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে।

**খ** নতুন কিছু তৈরি করা বা বিদ্যমান কোনো কিছুকে নতুন রূপদান করাই হলো সৃজনশীলতা।

অনেকের ভেতর সৃজনশীলতার প্রতিভা থাকে, সেই প্রতিভাকে ব্যবসায়ে রূপান্তর করে মুনাফা অর্জন করা হয়। ব্যক্তির সৃজনশীল কাজের এখন উন্নয়ন ঘটে, যখন তিনি তার সৃজনশীলতাকে ব্যবসায়ে রূপ দেয়। যেমন– একজন চিত্রশিল্পী এখনই তার সৃজনশীলতার উন্নয়ন ঘটাতে পারবে, যখন তিনি তার শিল্পকর্মকে ব্যবসায় রূপান্তর করবে। এভাবে ব্যবসায় সৃজনশীল কাজের উন্নয়ন ঘটায়।

**গ** বিলকিস বেগমের প্রতিষ্ঠানটি উৎপাদন শিল্পের অন্তর্গত।

উৎপাদন শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয়। যেমন– বস্ত্রশিল্প, কুটিরশিল্প, পাটজাত শিল্প, আসবাবপত্র শিল্প প্রভৃতি। উৎপাদন শিল্পের দ্বারা কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয়।

উদ্দীপকে বিলকিস বেগম আনারসের ফেলে দেয়া পাতা নিয়ে কাজ শুরু করেন। তিনি পাতাকে প্রক্রিয়াজাত করে কুটির শিল্পের সামগ্রী প্রস্তুত করেন। তিনি কাঁচামালকে প্রক্রিয়াজাত করে পণ্য প্রস্তুত করেন। তার উক্ত কাজটি উৎপাদন শিল্পের অন্তর্গত। কেননা উৎপাদন শিল্পেই কাঁচামাল প্রক্রিয়াজাত করে ব্যবহার উপযোগী পণ্য তৈরি করা হয়। তাই বলা যায়, বিলকিস বেগমের প্রতিষ্ঠানটি উৎপাদন শিল্পের অন্তর্গত।

**ঘ** বিলকিস বেগমের কার্যক্রমে ব্যবসায়িক পরিবেশের প্রতিকূল প্রভাব বাধা সৃষ্টি করেছিলো।

বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিরাজমান পরিবেশ সকল ক্ষেত্রে অনুকূল নয়। বেশকিছু বাধার কারণে এখনো উদ্যোগ উন্নয়ন কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছায়নি। অনুকূল পরিবেশেরই প্রভাবের ফলে উদ্যোক্তা তার ব্যবসায়িক কাজে বাধার মুখোমুখি হয়। উদ্দীপকে বিলকিস বেগম তিনি একজন ব্যবসায়িক উদ্যোক্তা। তিনি আনারসের ফেলে দেয়া পাতা দিয়ে কাজ শুরু করেন। প্রথমদিকে দক্ষ কারিগর ও প্রচারের অভাব অনুভব করেছেন। কেননা আমাদের দেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিরাজমান পরিবেশ সকল ক্ষেত্রে অনুকূল নয়। যার ফলেই তিনি দক্ষ কারিগর ও প্রচারের অভাব অনুভব করেছেন। ব্যবসায় উদ্যোগ উন্নয়নে সরকারি ও বেসরকারি বিভিন্নমুখী পদক্ষেপ সম্পর্কে যথেষ্ট ও কার্যকর প্রচার না থাকায় মেধাবী তরুণ-তরুণী বেকার যুবশক্তি এ সম্পর্কে জানতে পারে না। আবার আমাদের দেশে উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের অভাব রয়েছে। যার ফলে দক্ষ কারিগর সংখ্যায় সীমিত।

দেশে ব্যাপকভাবে যদি প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয় ও দেশব্যাপী ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হয়। তাহলে ব্যবসায় উদ্যোগ উন্নয়নের কাঙ্ক্ষিত পর্যায় পৌঁছাবে। সুতরাং বলা যায়, বিলকিস বেগমের কার্যক্রমে ব্যবসায়িক পরিবেশের প্রতিকূল পরিবেশ প্রভাব সৃষ্টি করেছে।

**প্রশ্ন ▶ ০৩** লেখাপড়া শেষ করেই রবিন হবিগঞ্জ শহরে একটি ফার্মেসিতে যোগদান করেন। বিক্রয়কর্মী হিসেবে পাঁচ বছর চাকরি করেন। ঔষধ বিক্রয়ের উপর যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করে প্রয়োজনীয় কোর্স সমাপ্ত করেন। এখন নিজে একটি ঔষধের দোকান চালাচ্ছেন। তার ব্যবসা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. আহছানিয়া মিশন কোন ধরনের প্রতিষ্ঠান? ১

খ. "আবেগ তাড়িত হয়ে কর্মী নিয়োগ করা অনুচিত"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রবিনের কাজটি কীসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর জনাব রবিন একজন সফল উদ্যোক্তা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

[কু. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** আহছানিয়া মিশন একটি এনজিও (NGO) প্রতিষ্ঠান।

**খ** আবেগ তাড়িত হয়ে কর্মী নিয়োগ করা অনুচিত। কেননা আবেগ তাড়িত হয়ে কর্মী নিয়োগ দেয়া হলে দক্ষ ও যোগ্য কর্মী থেকে প্রতিষ্ঠান বঞ্চিত হয়।

প্রতিষ্ঠানের জন্য কর্মী নিয়োগ দিতে হয় বিভিন্ন প্রকার পরীক্ষা, যাচাই-বাছাইয়ের দ্বারা। প্রতিষ্ঠানের জন্য যোগ্যতাসম্পন্ন ও দক্ষ কর্মী নিয়োগ দেয়া বিশেষ গুরুত্ব বহন করে। কেননা দক্ষতা সমৃদ্ধ কর্মী প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জনে অবদান রাখে।

**গ** উদ্দীপকে রবিনের কাজটি আত্মকর্মসংস্থানের অন্তর্গত।

নিজস্ব পুঁজি অথবা ঋণ করা অর্থ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে ন্যূনতম ঝুঁকি নিয়ে আত্মপ্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে। আত্মকর্মসংস্থান হচ্ছে একটি স্বাধীন পেশা। প্রশিক্ষণ গ্রহণ করে নিজের কর্মসংস্থান নিজেই গড়ে তোলা হয়। জীবিকা অর্জনের বিভিন্ন পেশার মধ্যে আত্মকর্মসংস্থান একটি জনপ্রিয় পেশা।

উদ্দীপকে রবিন পড়ালেখা শেষ করে হবিগঞ্জ শহরে একটি ফার্মেসিতে যোগদান করেন। তিনি সেখানে পাঁচ বছর চাকরি করেন। ঔষধ বিক্রয়ের উপর যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করে প্রয়োজনীয় কোর্স সম্পন্ন করেন। এখন তিনি নিজেই একটি ঔষধের দোকান পরিচালনা করেন। জনাব রবিন তিনি নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করেছেন প্রশিক্ষণ গ্রহণের দ্বারা। পাশাপাশি তিনি তার ব্যবসায় দিন দিন বৃদ্ধি করছেন। সুতরাং বলা যায় যে জনাব রবিনের কাজটি আত্মকর্মসংস্থানের অন্তর্গত।

**ঘ** হ্যাঁ, আমি মনি করি জনাব রবিন একজন সফল উদ্যোক্তা। ব্যবসায়ের সাফল্য কেবল পুঁজির ওপর নির্ভর করে না। উদ্যোগ সুলভ গুণাবলি একজন ব্যক্তিকে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলে। এক্ষেত্রে একজন উদ্যোক্তার সাহস, কঠোর পরিশ্রম, ইচ্ছাশক্তি, অধ্যবসায়, বিচার-বিশ্লেষণ ক্ষমতা প্রভৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উদ্যোক্তা সফল হওয়ার জন্য তার গুণাবলি কর্মক্ষেত্রে প্রয়োগ করেন।

উদ্দীপকে রবিন হবিগঞ্জ শহরে একটি ফার্মেসিতে যোগদান করে। সেখানে দীর্ঘ পাঁচ বছর কাজ করে তিনি ঔষধ বিক্রয়ের ওপর অভিজ্ঞতা অর্জন করেন ও প্রয়োজনীয় কোর্স সমাপ্ত করেন। এরপর তিনি নিজেই একটি ঔষধের দোকান পরিচালনা করে মুনাফা অর্জন শুরু করেন। তার ভেতর একজন সফল উদ্যোক্তার বৈশিষ্ট্য ফুটে ওঠে।

রবিন উদ্যোক্তা হিসেবে উদ্যমের সাথে কাজটি করেছেন। ঔষধের দোকান স্থাপন তিনি বিচার-বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত নিয়েছেন। তার অধ্যবসায় এবং সৃজনশীলতার ফলে তার ব্যবসায়ে বিক্রি বৃদ্ধি পেয়েছে। সঠিক নেতৃত্বদানের ফলে রবিন ঔষধ বিক্রয়ের দ্বারা লাভজনক অবস্থানে রয়েছেন। সুতরাং বলা যায় যে, জনাব রবিন একজন সফল উদ্যোক্তা।

**প্রশ্ন ▶ ০৪** জামালপুরে ভুট্টার ব্যাপক উৎপাদন হয়। তাই জনাব বাবু তার দশজন বন্ধু নিয়ে ভুট্টার গাছ থেকে গরুর খাবার সাইলেজ তৈরির কারখানা দেন। শুরুতে স্থানীয় খামারিদের চাহিদা পূরণের পাশাপাশি ঢাকা ও তার আশেপাশের খামারিদের চাহিদা পূরণ করতে গিয়ে চাপের মধ্যে আছেন। তাই কারখানার সম্প্রসারণ করতে শেয়ার বাজার থেকে মূলধন সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

ক. কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ১

খ. ঘুমন্ত অংশীদার বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব বাবুর প্রথম পর্যায়ের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব বাবুর ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় অর্থায়নের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[কু. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো ব্যক্তি না হয়েও ব্যক্তির ন্যায় আইনগত মর্যাদা ও অধিকার ভোগ করে স্বাধীনভাবে নিজ নামে পরিচিত ও পরিচালিত হয় তাকে কৃত্রিম ব্যক্তিসত্তা বলে।

**খ** সাধারণত ঘুমন্ত অংশীদারগণ ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না। যে অংশীদারগণ ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে, চুক্তি অনুযায়ী লাভের অংশ পায়। কিন্তু অধিকার থাকা সত্ত্বেও সক্রিয়ভাবে ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না তাকে ঘুমন্ত অংশীদার বলে। এমন অনেক ব্যক্তি আছে যাদের ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করার মতো সামর্থ্য রয়েছে কিন্তু ব্যবসায়ে শ্রম দেওয়ার মতো সময় বা যোগ্যতা নেই তারাই ঘুমন্ত অংশীদার হিসেবে ব্যবসায়ে যোগদান করে। তবে এরূপ অংশীদারের দায় সক্রিয় অংশীদারের ন্যায় অসীম নয় সসীম।

**গ** উদ্দীপকে জনাব বাবুর প্রথম পর্যায়ের ব্যবসায়টির অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান।

দুই বা ততোধিক ব্যক্তি স্বেচ্ছায় মিলিত হয়ে অংশীদারি চুক্তির ভিত্তিতে যে ব্যবসায় সংগঠন গড়ে তোলে, তাকে অংশীদারি ব্যবসায় বলে। ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী ব্যবসায়টি পরিচালনা হয়। অংশীদারি ব্যবসায়টি পরস্পর সহযোগিতা-সমঝোতার ভিত্তিতে গঠন ও পরিচালনা হয়। ব্যবসায়টির মূল ভিত্তি হচ্ছে চুক্তিপত্র। চুক্তি অনুযায়ী অংশীদারগণ মূলধন বিনিয়োগ ও লাভ-লোকসান বণ্টন করে থাকে।

উদ্দীপকে জামালপুরে ভুট্টার ব্যাপক উৎপাদন হয়। তাই বাবু ও তার দশজন বন্ধু মিলে ভুট্টার গাছ থেকে সাইলেজ তৈরির কারখানা দেন। তাদের ব্যবসায়ে সদস্য সংখ্যা ২ এর অধিক ও ২০ জনের কম সদস্য দ্বারা গঠিত যা অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্য। তাদের ব্যবসায়টি পারস্পরিক সমঝোতার ভিত্তিতে গড়ে উঠেছে। তাই বলা যায়, জনাব বাবুর প্রথম পর্যায়ের ব্যবসায়টি মালিকানার ভিত্তিতে অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান।

**ঘ** উদ্দীপকে জনাব বাবুর ব্যবসায়ে ধরন পরিবর্তন করে যৌথ মূলধনী ব্যবসায়ের প্রাইভেট লিমিটেড কোম্পানিতে পরিণত করা হয় শেয়ার বিক্রির মাধ্যমে।

যে কোম্পানির সদস্য সংখ্যা সর্বনিম্ন ২ জন এবং সর্বোচ্চ ৫০ জনে সীমাবদ্ধ থাকে ও শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য নয়, তাকে প্রাইভেট লিঃ কোম্পানি বলে। প্রাইভেট লিঃ কোম্পানিতে মূলধন সংগ্রহ করার জন্য শেয়ার বিক্রয় করতে হয়।

উদ্দীপকে জনাব বাবু ও তার বন্ধুরা মিলে একটি কারখানা স্থাপন করেন। যা ছিলো অংশীদারি ব্যবসায়। স্থানীয় খামারিদের চাহিদা পূরণের পাশাপাশি ঢাকা ও আশেপাশের খামারিদের চাহিদা পূরণ করতে গিয়ে চাপে পড়েন। তাই কারখানা স্থাপন করতে শেয়ার বাজার থেকে মূলধন সংগ্রহের ব্যবস্থা নেন। ব্যবসায়ের মূলধন বৃদ্ধিতে জনাব বাবুর সিদ্ধান্ত যৌক্তিক। কেননা তার ব্যবসায়ের মূলধন বৃদ্ধি পাবে শেয়ার বিক্রয় দ্বারা।

ব্যবসায় অর্থায়ন বলতে ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ, সেই অর্থ বিনিয়োগকে বোঝায়। শেয়ার বিক্রয় দ্বারা প্রতিষ্ঠান প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করতে পারবে ও ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পাবে। সুতরাং বলা যায়, জনাব বাবুর ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় অর্থায়ন যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৫** পটুয়াখালীতে মুগডালের ব্যাপক চাষ হয়। কিন্তু ডাল ভাঙানোর মেশিনের অভাবে চাষীরা কম মূল্যে খোসাসহ ডাল কমদামে বিক্রি করে দিত। স্থানীয় ব্যবসায়ী জুয়েল আহমেদ বিদেশ থেকে মেশিন আমদানির ব্যবস্থা করেন। মেশিনগুলো সমুদ্র পথে আসতে তাই ঝুঁকি নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

ক. যন্ত্রপাতির সুরক্ষায় কোন বিমা গ্রহণ করা হয়? ১

খ. "কপিরাইট চুক্তিপত্র" গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব জুয়েল আহমেদের গৃহীত বিমাটি কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ঝুঁকি নিরসনে জনাব জুয়েল আহমেদের প্রয়োজনীয় পদক্ষেপ বিশ্লেষণ কর। ৪

[কু. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** যন্ত্রপাতির সুরক্ষায় অগ্নিবীমা গ্রহণ করা হয়।

**খ** কপিরাইট বলতে লেখক বা শিল্পী কর্তৃক তার সৃষ্ট কর্মের ওপর একটা নির্দিষ্ট সময়ের জন্য স্থায়ী আইনগত অধিকারকে বোঝায়।

কপিরাইট একটি গুরুত্বপূর্ণ বুদ্ধিবৃত্তিক সম্পদ যার মাধ্যমে পণ্য বা সেবা সৃষ্টিকারীকে তার সৃষ্ট মেধাসম্পদ ব্যবহারের একচ্ছত্র অধিকার প্রদান করা হয়। এর উদ্দেশ্য হলো সৃষ্টিকর্ম নকল করা থেকে বিরক্ত রেখে প্রকৃত লেখক, শিল্পী বা স্বত্বাধিকারীর স্বার্থ সুরক্ষা করা, যা না করা হলে স্বত্বাধিকারী বা মালিক ক্ষতিগ্রস্ত হন। কপিরাইটের মাধ্যমে স্বত্বাধিকারীকে তার সৃষ্ট কর্মের ওপর আইনগত স্বীকৃতি দেওয়া হয়। ফলে অন্য কেউ এটি নকল করতে পারে না।

**গ** জনাব জুয়েল আহমেদের গৃহিত বিমাটি হচ্ছে নৌ বিমা।

যে বিমায় নদী ও সামুদ্রিক যাত্রা থেকে সৃষ্ট ঝুঁকির জন্য ক্ষতিপূরণ দেয়ার প্রতিশ্রুতি দেওয়া হয় তাকে নৌ বিমা বলা হয়। সারা পৃথিবীর ব্যবসায় বাণিজ্যের অধিকাংশ পণ্যই নৌপথে পরিবাহিত হয়। তাই নৌপথে বিরাজমান ঝড়-ঝঞ্ঝা, ঢেউ, সুনামি, জলদস্যুতা, যুদ্ধ-বিগ্রহের সকল প্রকার ঝুঁকি এড়াতে নৌ বিমা করা হয়।

উদ্দীপকে পটুয়াখালিতে মুগ ডালের চাষ হয়। কিন্তু ডাল ভাঙানোর মেশিন না থাকায় চাষিরা কম দামে ডাল বিক্রয় করতো। তাই স্থানীয় ব্যবসায়ী জুয়েল আহমেদ বিদেশ থেকে মেশিন আমদানির ব্যবস্থা করেন। যেহেতু মেশিনগুলো সমুদ্রপথে আসবে তাই তিনি ঝুঁকি নিরসনের ব্যবস্থা করেন। যেহেতু মেশিন সমুদ্রপথে আসবে তাই তিনি নৌ বিমা করেছেন। কেননা সমুদ্রপথে পণ্য, যন্ত্রপাতি ইত্যাদি আমদানি করা হলে ঝুঁকি সংক্রান্ত কারণে যে বিষয় সম্পাদন করা হয়, তাই হচ্ছে নৌ বিমা। সুতরাং বলা যায়, জনাব জুয়েলের গৃহীত বিষয়টি হচ্ছে নৌ বিমা।

**ঘ** ঝুঁকি নিরসনে জনাব জুয়েল আহমেদের গৃহীত পদক্ষেপটি যৌক্তিক বলে আমি মনে করি।

বিমা হলো বিমাগ্রহীতা ও বিমাকারীর মধ্যকার সম্পাদিত চুক্তি। এতে বিমাকারী বিমাগ্রহীতাকে নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে সম্ভাব্য ঝুঁকির বিপরীতে ক্ষতিপূরণ দিতে সক্ষম হন। এটি ব্যবসায়ের ঝুঁকিগত বাধা দূর করে।

উদ্দীপকে ডাল ভাঙানোর মেশিনের অভাবে চাষিরা স্বল্প মূল্যে ডাল বিক্রি করে দিতো। স্থানীয় ব্যবসায়ী জুয়েল তিনি বিদেশ থেকে ডাল ভাঙানোর মেশিন আমদানি করেন। মেশিনগুলো যেহেতু সমুদ্রপথে আসবে তাই ঝুঁকি নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে যা হচ্ছে নৌ বিমা চুক্তি।

বিমা হচ্ছে ঝুঁকি বণ্টনের ব্যবস্থা, প্রাকৃতিক ও অপ্রাকৃতিক কারণে ব্যবসায় প্রতিষ্ঠান বিভিন্ন ঝুঁকির সম্মুখীন হয়। এ ঝুঁকি বিমা মাধ্যমে পরিহার বা কমানো যায়। জনাব জুয়েল তিনি বিদেশ থেকে সমুদ্র পথে মেশিনগুলো আমদানি করেন। সমুদ্র পথে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে তিনি বিমা কোম্পানির নিকট থেকে ক্ষতিপূরণের অর্থ পাবেন। এভাবে তিনি ঝুঁকি নিরসন করেছেন। তিনি ক্ষতির সম্মুখীন হলে বিমা কোম্পানি সমপরিমাণ ক্ষতিপূরণ দিবে। তাই বলা যায় জনাব জুয়েল এর প্রয়োজনীয় পদক্ষেপটি সম্পূর্ণ যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৬** আসাদ মণ্ডল মিরপুরের বেনারসি পাড়ায় ছয় বছর কারিগর হিসেবে কাজ করেন। পরে শিবচরে তার নিজ বাড়িতে বেনারসি তাঁত স্থাপন করেন। পরিবারের সবাইকে এই কাজে যুক্ত করেন। অপরদিকে গফুর ব্যাপারি লক্ষ করলেন তার এলাকায় প্রচুর লোক ঢাকায় পোশাক শিল্প কারখানায় কাজ করেন। তাই ১০০ কোটি টাকা ব্যয়ে ৩০০ জন শ্রমিক নিয়ে একটি গার্মেন্টস স্থাপন করেন।

ক. সেবামূলক শিল্প কী? ১
খ. "প্রযুক্তিগত উন্নয়ন, উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আসাদ মণ্ডলের স্থাপিত শিল্পের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব গফুর ব্যাপারীর শিল্পের অবদান মূল্যায়ন কর। ৪

[কু. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদ ব্যবহারের মাধ্যমে যেসব সেবামূলক কর্ম সম্পাদিত হয় সেসব শিল্পকে সেবা শিল্প বলে।

**খ** প্রযুক্তিগত পরিবেশ উৎপাদন প্রক্রিয়াকে সহজ করে।

প্রযুক্তিগত পরিবেশ উন্নত হলে কম খরচে ও শ্রমে বেশি পণ্য উৎপাদন করা যায়। প্রযুক্তির কারণে পণ্যের গুণগত মানও ভালো হয়। এভাবে প্রযুক্তিগত উন্নয়ন উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে।

**গ** জনাব আসাদের স্থাপিত শিল্পের ধরনটি হচ্ছে কুটির শিল্প।

কুটির শিল্পের পরিধি মূলত ছোটো পরিসরে হয়ে থাকে। কুটির শিল্প পরিবারের সদস্যদের শ্রম ও সহযোগিতায় গড়ে ওঠে। এই শিল্প জমি ও কারখানা ভবন ব্যাতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নিচে হয়। পারিবারিক সদস্যসহ জনবল ১৫-এর অধিক নয়। সাধারণত স্বামী-স্ত্রী, পুত্র-কন্যা, ভাই-বোন ও পরিবারের অন্য সদস্যদের সহায়তায় কুটির শিল্প পরিচালিত হয়।

উদ্দীপকে আসাদ মণ্ডল বেনারসি পাড়ায় ছয় বছর কারিগর হিসেবে কাজ করে পরে শিবচরে তার নিজ বাড়িতে তাঁত স্থাপন করেন। পরিবারের সবাইকে তিনি এই কাজে যুক্ত করেন। তিনি শিল্পটি ক্ষুদ্র পরিসরে সহজেই স্থাপন করতে পেরেছেন। আর এখানে তিনি তার সৃজনশীলতাকে কাজে লাগিয়ে পণ্য তৈরি করেন যেখানে তার পরিবারের সদস্যরা তাকে সহযোগিতা করে। এসব বৈশিষ্ট্যের সাথে কুটির শিল্পের মিল রয়েছে। সুতরাং বলা যায়, জনাব আসাদ মণ্ডলের স্থাপিত শিল্পটি হচ্ছে কুটির শিল্প।

**ঘ** বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব গফুর ব্যাপারীর বৃহদায়তন শিল্পে বিশেষ অবদান রয়েছে। তার স্থাপিত শিল্পের দ্বারা কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে ও জাতীয় আয় বৃদ্ধি পাবে।

বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের বিশেষ করে বৃহৎ শিল্পের অবদান দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই আমাদের দেশে সেই ধরনের বৃহৎ শিল্পের প্রয়োজন সেখানে অধিক লোকের কর্মসংস্থান হবে এবং অধিক উৎপাদন হবে। ফলে দেশের অর্থনীতি সমৃদ্ধ হবে।

উদ্দীপকে গফুর ব্যাপারী লক্ষ করলেন তার এলাকার প্রচুর লোক ঢাকায় পোশাক শিল্প কারখানায় কাজ করেন। তাই তিনি ১০০ কোটি টাকা ব্যয়ে ৩০০ শ্রমিক নিয়ে একটি গার্মেন্টস স্থাপন করেন। তার স্থাপিত শিল্পটি হচ্ছে বৃহৎ শিল্প। তার স্থাপিত শিল্পটির ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। ফলে বেকার সমস্যা লাঘব হবে এবং ব্যক্তিগত, সামাজিক, জাতীয় আয় বৃদ্ধি পাবে।

উন্নয়নশীল দেশে শিল্প প্রতিষ্ঠানসমূহ মুখ্য ভূমিকা পালন করে। বৃহৎ শিল্প স্থাপনের দ্বারা দেশে পণ্য উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পাবে যার ফলে দেশের চাহিদা মিটিয়ে বিদেশে পণ্য রপ্তানি করা সম্ভব হয়। শিল্প যতো বেশি স্থাপিত হবে বাংলাদেশের জীবনযাত্রার মান ততোই উন্নত হতে থাকবে। তাই বলা যায়, জনাব গফুর ব্যাপারীর স্থাপিত শিল্প বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে বিশেষ অবদান পালন করবে।

**প্রশ্ন ▶ ০৭** জনাব আকমল একটি পোশাক কারখানার ব্যবস্থাপক। ২০–২৫ জন নারী শ্রমিক তার সাথে দেখা করে বলে, তারা চাকরি ছেড়ে দিবে। আকমল সাহেব তাদের চাকরি ছাড়ার কারণ জানতে চাইলে তারা বলেন, কর্মক্ষেত্র থেকে দূরত্ব এবং বাড়ি ফিরতে নিরাপত্তা হীনতা। জনাব আকমল সাহেব কারখানার সাথেই প্রয়োজনীয় ব্যবস্থাসহ স্বল্প খরচে আবাসনের ব্যবস্থা করেন।

ক. নির্দেশনা কী? ১
খ. "ব্যবস্থাপনার সাথে পুরো প্রতিষ্ঠান জড়িত থাকে।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আকমল কোন ধরনের নেতৃত্ব দিয়ে সমস্যার সমাধান করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উপযুক্ত নেতৃত্ব প্রতিষ্ঠানকে যে কোনো অবস্থায় লক্ষ্য অর্জনে সহায়তা করে"। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

[কু. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** নির্দেশনা বলতে প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনের জন্য কর্মীদের নির্দেশ প্রদানকে বোঝায়।

**খ** ব্যবস্থাপনার সাথে পুরো প্রতিষ্ঠান জড়িত থাকে কারণ ব্যবস্থাপনার কার্যক্রম প্রতিষ্ঠানকে কেন্দ্র করে পরিচালিত হয়।

ব্যবস্থাপনার প্রথম কাজ হলো পরিকল্পনা। প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত লক্ষ্য পরিকল্পনার দ্বারা প্রণয়ন করা হয়। সংগঠন ব্যবস্থার দ্বারা দায়িত্ব ও ক্ষমতা বণ্টন করা হয় যা প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে সহায়তা করে। আবার প্রতিষ্ঠানে উপযুক্ত কর্মী নিয়োগ দেয়া হয় ব্যবস্থাপনার কর্মীসংস্থানের দ্বারা। পরিকল্পনা অনুযায়ী কাজ সম্পাদন করা হয়েছে কিনা তা ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ দ্বারা যাচাই করা হয়। এভাবে ব্যবস্থাপনার সাথে পুরো প্রতিষ্ঠান জড়িত থাকে।

**গ** উদ্দীপকে জনাব আকমল গণতান্ত্রিক নেতৃত্ব দ্বারা সমস্যার সমাধান করেছেন।

যে নেতৃত্বে নেতা কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে ও পরামর্শ গ্রহণ করে তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। গণতান্ত্রিক নেতৃত্বে নেতাকর্মীদের সাথে আলোচনার মাধ্যমে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এক্ষেত্রে নেতা সকল ক্ষমতা নিজের কাছে কেন্দ্রীভূত করে রাখে না। কর্মীদের সাথে আলোচনা করে তাদের প্রশ্ন করার সুযোগ প্রদান করা হয়। তিনি কর্মীদের জবাবদিহিতা আশা করেন।

উদ্দীপকে জনাব আকমল একটি পোশাক কারখানার ব্যবস্থাপক। ২০–২৫ জন নারী তার সাথে দেখা করে বলে তারা চাকুরী ছেড়ে দেবে। তিনি কারণ জানতে চাইলে তারা কারণ উল্লেখ করে। জনাব আকমল তাদের সমস্যা শুনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। তার নেতৃত্বে গণতান্ত্রিক নেতৃত্বের বৈশিষ্ট্য রয়েছে। কেননা তিনি কর্মীদের থেকে জবাবদিহি পেয়েছেন ও কর্মীদের চাহিদা পূরণ করেছেন। সুতরাং বলা যায়, জনাব আকমল গণতান্ত্রিক নেতৃত্ব দিয়ে সমস্যার সমাধান করেছেন।

**ঘ** "উপযুক্ত নেতৃত্ব প্রতিষ্ঠানকে যেকোনো অবস্থায় লক্ষ্য অর্জনে সহায়তা করে।" উক্তিটির সাথে আমি একমত।

যিনি নেতৃত্ব দেন তাকে নেতা বলা হয়। নেতার কাজ হচ্ছে উদ্দেশ্যকে বাস্তবায়ন করার জন্য প্রতিষ্ঠানের কর্মীদের উৎসাহিত ও পরিচালনা করা। নেতৃত্বদানের কঠিন দায়িত্বশীল কাজটি সম্পাদনের জন্য একজন নেতার অনেকগুলো গুণ বা বৈশিষ্ট্য থাকতে হয়। যে বৈশিষ্ট্য তাকে আদর্শ নেতৃত্বদানে সহায়তা করে।

উদ্দীপকে জনাব আকমল তিনি পোশাক কারখানার ব্যবস্থাপক। ২০–২৫ জন নারী শ্রমিক তার সাথে দেখা করে চাকরি ছেড়ে দিবে জানায়, কেন না কর্মক্ষেত্রের দূরত্ব ও বাড়ি ফিরতে নিরাপত্তাহীনতা তিনি কারখানার সাথেই তাদের স্বল্প খরচে থাকার ব্যবস্থা করেন। যা আদর্শ নেতৃত্বের প্রতিচ্ছবি। তিনি প্রতিষ্ঠানের কার্যক্রম যাতে বিলম্ব না হয়, সঠিক সময়ে যেনো কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন হয় সেই ব্যবস্থা গ্রহণ করেছেন।

জনাব আকমল তিনি কোনো সমস্যা হলে দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তার ভেতর নেতৃত্বদানের সমস্যা সমাধান করার ব্যবস্থা বৈশিষ্ট্য রয়েছে। যা আদর্শ নেতৃত্বের গুণাবলি। উক্ত গুণাবলি তাকে আদর্শ নেতৃত্ব দানে সহায়তা করেছে।

সুতরাং বলা যায়, উপযুক্ত নেতৃত্ব প্রতিষ্ঠানকে যে-কোনো অবস্থায় লক্ষ্য অর্জনে সহায়তা করে। উদ্দীপকে জনাব আকমলের কর্মকাণ্ডে তা ফুটে উঠেছে।

**প্রশ্ন ▶ ০৮** সুধীর বাবু একটি রেফ্রিজারেটর কেনার জন্য প্রচার মাধ্যম ও Online-এ খোঁজাখুঁজির পর বাজারে গেলেন। একটি দোকানের বিক্রয়কর্মী তার দোকানের রেফ্রিজারেটর দেখালেন এবং দাম কম বলে তাদের আকর্ষণ করার চেষ্টা করলেন। অন্যদিকে আরেক বিক্রয়কর্মী পণ্যটির সবকিছু বিশেষ করে কারিগরি দিক সুন্দরভাবে বুঝানোর চেষ্টা করলেন। দাম আগেরটির চেয়ে বেশি চাইলেন। সুধীর বাবু এখান থেকেই পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।

ক. প্রাচীরপত্র কী? ১

খ. "প্রমিতকরণ বিক্রয়ের গতিশীলতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের দ্বিতীয় দোকানের বিক্রয় কর্মীর পণ্য বিক্রয়ে কোন গুণাবলি ফুটে উঠে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সুধীর বাবুর রেফ্রিজারেটর ক্রয়ের সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত? তুলনামূলক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

[কু. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** বড় বড় অক্ষরে পোস্টার এবং দেয়ালে সুন্দর সুন্দর ছবি ও লেখাযুক্ত বিজ্ঞাপন হচ্ছে প্রাচীরপত্র।

**খ** পণ্যের গুণাগুণ, আকার, রং, স্বাদ ইত্যাদির উপর ভিত্তি করে পণ্যের মান স্থির করাকে প্রমিতকরণ বলে। প্রমিতকরণের মাধ্যমে পণ্যের গুণাগুণ, আকার, রং, স্বাদ ইত্যাদির উপর ভিত্তি করে পণ্য মান স্থির করা হয়। ফলে পণ্যের বিপণন প্রক্রিয়া সহজ হয় এবং বিক্রয় কার্যের গতিশীলতা বৃদ্ধি পায়।

**গ** উদ্দীপকে দ্বিতীয় দোকানের বিক্রয়কর্মীর পণ্য বিক্রয়ের মানসিক গুণাবলি ফুটে উঠেছে।

বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা নির্ভর করে বিক্রয়কর্মীর ওপর। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট করার জন্য ও পণ্যের বা সেবার প্রতি প্রভাবিত করতে বিক্রয়কর্মীর গুণাবলি ভূমিকা রাখে।

উদ্দীপকে জনাব সুধির বাবু রেফ্রিজারেটর ক্রয় করতে বাজারে যান। সেখানে একজন বিক্রয়কর্মী তাকে পণ্যটির সবকিছু বিশেষ করে কারিগরি দিক সুন্দরভাবে বোঝানোর চেষ্টা করেছেন। যা বিক্রয়কর্মীর মানসিক গুণ। বিক্রয়কর্মী আন্তরিকতার সাথে ক্রেতাকে পণ্য সম্পর্কে ধারণা দিয়েছেন। ক্রেতা যেহেতু পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন তা বিক্রয়কর্মীর মানসিক গুণাবলির আত্মবিশ্বাস। কেননা তিনি দোকানের পণ্য ক্রেতাদের নিকট গ্রহণীয় করে তুলতে পারে। সুতরাং বলা যায়, দ্বিতীয় দোকানের বিক্রয়কর্মীর পণ্য বিক্রয়ের মানসিক গুণাবলি ফুটে উঠেছে।

**ঘ** উদ্দীপকের সুধির বাবুর রেফ্রিজারেটর ক্রয়ের সিদ্ধান্ত তুলনামূলক যৌক্তিক কেননা তিনি বিক্রয়কর্মীর গুণাবলি দ্বারা প্রভাবিত হয়েছেন।

বিক্রয়কর্মীর গুণাবলির মাধ্যমে সহজেই ক্রেতা আকর্ষণ করা হয়। এতে সম্ভাব্য ক্রেতাকে প্রকৃত ও স্থায়ী ক্রেতায় পরিণত করা যায়। এক্ষেত্রে সে তার গুণাবলি ব্যবহার করে ক্রেতার কাছে সহজেই পণ্য বা সেবা বিক্রয় করতে সক্ষম হন।

উদ্দীপকে সুধীর বাবু রেফ্রিজারেটর কিনতে বাজারে যান। একটি দোকানে বিক্রয়কর্মী রেফ্রিজারেটর দেখিয়ে দাম কম বলেন। অন্যদিকে আরেক বিক্রয়কর্মী তাকে পণ্যটির সবকিছু বিশেষ করে কারিগরি দিক সুন্দরভাবে বোঝালেন ও তিনি দাম বেশি হওয়ার পরও পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিলেন। তিনি এখানে বিক্রয়কর্মীর মানসিক গুণাবলি দ্বারা ক্রেতাকে আকৃষ্ট হয়ে পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন।

জনাব সুধীর তিনি দাম বেশি চাওয়ার পরেও পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন। এখানে বিক্রয়কর্মী তার মানসিক গুণাবলি দ্বারা সম্ভাব্য ক্রেতাকে প্রকৃত ক্রেতায় রূপান্তর করেছে। তিনি বিক্রয়কর্মীর গুণাবলিতে প্রভাবিত হয়ে পণ্যটি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন। যা একজন আদর্শ বিক্রয়কর্মীর বৈশিষ্ট্য। তিনি গুণাবলি দ্বারা ক্রেতা আকর্ষণ তৈরি করতে পারেন। সুতরাং বলা যায়, সুধীর বাবুর রেফ্রিজারেটর ক্রয় তুলনামূলক যৌক্তিক।

**প্রশ্ন ▸ ০৯** সফুরা বেগম লেখাপড়া শেষ করার পর একটি সরকারি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ এবং কিছু পুঁজি সংগ্রহ করেন। তিনি একটি কৃষি খামার গড়ে তুলেন এবং সমস্যার সম্মুখীন হন। তাই আরো প্রশিক্ষণ এবং ঋণ সুবিধার জন্য দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. নারী উদ্যোক্তা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. সফুরা বেগম প্রথমে কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সফুরা বেগম দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন"– নারীদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষণে এই সংস্থাগুলোর অবদান মূল্যায়ন কর। ৪

[কু. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** NGO-এর পূর্ণরূপ Non-Government Organization.

**খ** যিনি নিজের মালিকানায়, নিজের উদ্যোগে, নিজস্ব ব্যবস্থাপনায় ব্যবসায়কে সংগঠিত করে পরিচালনা করেন তাকে নারী উদ্যোক্তা বলা হয়।

নারী উদ্যোক্তা হলেন এমন কোনো নারী যিনি একক মালিকানা ব্যবসায় গড়ে তুলেছেন বা অংশীদারি ব্যবসায় বা কোম্পানি সংগঠন গড়ে তুললেও তার ৫১% শেয়ারের মালিক। এক্ষেত্রে শুধু অংশীদারির খাতায় নাম থাকলে বা কোম্পানির শেয়ারহোল্ডার হলেই তাকে নারী উদ্যোক্তা বলা যাবে না।

**গ** সফুরা বেগম প্রথমে মহিলা অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। শুধু নারী কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণে সরকারি সংস্থাটি হলো মহিলা অধিদপ্তর। শহর ও গ্রামে মহিলাদের সৃজনশীলতা বিকাশ, আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নের লক্ষ্যে মহিলা অধিদপ্তর নারী উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। মহিলা অধিদপ্তর নারীদের প্রশিক্ষণ প্রদান করে ও ঋণ সরবরাহ করে থাকে। পাশাপাশি বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। হাঁস-মুরগি পালন, গবাদিপশু পালন, কারিগরি প্রভৃতি প্রশিক্ষণ দিয়ে থাকে।

উদ্দীপকে সফুরা বেগম তিনি পড়ালেখা শেষ করার পর একটি সরকারি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি উক্ত প্রতিষ্ঠান থেকে ঋণ পুঁজি সংগ্রহ করে একটি কৃষি খামার গড়ে তোলেন। তিনি যেহেতু উক্ত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ ও ঋণ সংগ্রহ করেছেন তাই প্রতিষ্ঠানটি হচ্ছে মহিলা অধিদপ্তর। মহিলা অধিদপ্তর প্রশিক্ষণের পাশাপাশি আত্মকর্মসংস্থানের জন্য ঋণ প্রদান করে থাকে। তাই বলা যায় সফুরা বেগম প্রথমে মহিলা অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন।

**ঘ** 'সফুরা বেগম দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন। নারীদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষণে এই সংস্থাগুলোর অবদান অসীম।

নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টিকে বেসরকারি প্রতিষ্ঠানসমূহ ভূমিকা পালন করে। একজন নারীকে সাবলম্বী করতে বেসরকারি প্রতিষ্ঠানগুলো প্রশিক্ষণের পাশাপাশি ঋণ সুবিধা প্রদান করে থাকে। প্রশিক্ষণ ও ঋণ সুবিধা পাওয়ার মাধ্যমে নারী উদ্যোক্তা সহজেই ব্যবসায় স্থাপন ও সম্প্রসারণ করতে পারে।

উদ্দীপকে সফুরা বেগম তিনি প্রশিক্ষণ গ্রহণ করে একটি কৃষি খামার গড়ে তোলে। তিনি সমস্যার সম্মুখীন হলে আরও প্রশিক্ষণ ও ঋণ সুবিধার জন্য দুটি বেসরকারি সংস্থার সাথে যুক্ত হন। বেসরকারি সংস্থাগুলো তার মতো উদ্যোক্তাদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষণ গ্রহণে যাবতীয় সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। যার ফলে নারীরা বেকার না থেকে নিজেরাই স্বাবলম্বী হয়ে ওঠে।

বেসরকারি সংস্থাসমূহ যেমন নারীদের প্রশিক্ষণ প্রদান করে তেমনই ঋণ সুবিধা প্রদান করে থাকে। ফলে নারীরা বেকার না থেকে প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে নিজের কর্মসংস্থান গড়ে তোলে। ফলে দেশের অর্থনীতির চাকা সচল থাকে ও জাতীয় আয় বৃদ্ধি পায়। বেসরকারি সংস্থাগুলো একজন নারীর আত্মকর্মসংস্থান সৃষ্টি করে দেয় ঋণ সুবিধার মাধ্যমে ও প্রশিক্ষণের দ্বারা কোনো নির্দিষ্ট পেশাতে দক্ষ করে তোলে। এসব বেসরকারি সংস্থাসমূহ এভাবে নারীদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষণে অবদান রাখছে।

**প্রশ্ন ▸ ১০** মেঘনা নদীতে খাচায় মৎস্য চাষ বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এর মাধ্যমে প্রাকৃতিক সুবিধায় মৎস্য চাষ করে চাষীরা স্বাবলম্বী। কিন্তু চাষীদের সাথে কথা বলে তাদের সমস্যাও জানা গেছে। তারা বললেন শুকনো মৌসুমে বিভিন্ন ডাইং কোম্পানিগুলো তাদের শিল্পবর্জ্য নদীতে ছেড়ে দেয়। তাই তারা সেই সময় মৎস্য চাষ বন্ধ রাখেন। ভবিষ্যতে মাছের অস্তিত্ব হুমকির মধ্যে পড়বে বলে চাষীরা মনে করেন।

ক. সামাজিক দায়বদ্ধতা কী? ১

খ. আচরণের মানদন্ড কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মৎস্য চাষীদের ব্যবসা পরিচালনায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ডাইং কোম্পানিগুলোর ব্যবসায়িক কার্যক্রমের ক্ষেত্রে কোন বড় সমস্যাটি প্রতিফলিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

[কু. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করাই হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

**খ** আচরণের মানদন্ডটি হলো নৈতিকতা। নৈতিকতা বলতে মানুষের ভালো-মন্দের বিচার বিশ্লেষণ করে সঠিকটি বেছে নেওয়ার সক্ষমতাকে বোঝায়। নৈতিকতা মানুষের দৈনন্দিন কাজ কর্মের সাথে জড়িত। দীর্ঘমেয়াদে ব্যবসায় করতে হলে নৈতিকতার সাথে ব্যবসায় করা উচিত। এতে ক্রেতা ও বিক্রেতার মধ্যে দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে ওঠে। ব্যবসায়ে নৈতিকতা অনুসরণ করলে বর্তমানের ক্রেতারা স্থায়ী ও অনুগত ক্রেতায় পরিণত হয়।

**গ** উদ্দীপকে মৎস্য চাষিদের ব্যবসায় পরিচালনায় নৈতিকতার দিকটি ফুটে উঠেছে।

ভালো-মন্দের বিচার-বিশ্লেষণ করে সঠিক কাজটি করাই হচ্ছে নৈতিকতা। আর ব্যবসায়ে বিভিন্ন পক্ষের (সমাজ, রাষ্ট্র, ক্রেতা ও ভোক্তা প্রভৃতি) প্রতি দায়িত্ব পালন করে ব্যবসায় পরিচালনা করা ব্যবসায় নৈতিকতার অন্তর্গত।

উদ্দীপকে মেঘনা নদীতে খাচায় মাছ চাষ বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এর মাধ্যমে প্রাকৃতিক সুবিধায় মৎস্য চাষ করে চাষীরা স্বাবলম্বী। চাষীরা কোন প্রকার নিয়মনীতি ভঙ্গ না করে চাষে কোনো প্রকার অসদুপায় অবলম্বন না করে মৎস্য চাষ করছে। তাদের উক্ত কাজের দ্বারা ব্যবসায় পরিচালনায় নৈতিকতার দিকটি ফুটে উঠেছে।

**ঘ** ডাইং কোম্পানিগুলোর ব্যবসায়িক কার্যক্রমের ক্ষেত্রে পরিবেশ দূষণ সমস্যাটি প্রতিফলিত হয়েছে।

শিল্প উন্নয়নের সবচেয়ে বড়ো সমস্যা হচ্ছে পরিবেশ দূষণ। এর ফলে জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়ছে। তাই পরিবেশ রক্ষা ব্যবসায়ী এবং ভোক্তা উভয়ের জন্য জরুরি।

উদ্দীপকে ডাইং কোম্পানি কারখানার বর্জ্য পার্শ্ববর্তী নদীতে ফেলা হয়। এতে নদীতে অবস্থানরত মাছ ও অন্যান্য জলজ প্রাণী মারা যাচ্ছে। নদীকে জলজ প্রাণীর বসবাস ও বংশবিস্তারের অনুপযোগী করে তুলছে। ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। এভাবে জনাব রাতুলের স্থাপিত সার কারখানা পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান পানিকে দূষিত করছে, যা মানুষের ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। এসব কারণে শিল্পয়নের সাথে পরিবেশ দূষণের সম্পর্ক প্রতিকূল, যা ডাইং কোম্পানি কারখানার মাধ্যমে প্রমাণিত।

**প্রশ্ন ▸ ১১** দেশে পেঁয়াজের ব্যাপক চাহিদা রয়েছে। ফরিদপুরের একজন অভিজ্ঞ মহিলা চাষী সফলতা লাভ করেছেন। এখন তিনি পেঁয়াজ এবং পেঁয়াজের বীজ উভয়টির উৎপাদন করার পরিকল্পনা নিয়েছেন। পরিকল্পনা বাস্তবায়নের জন্য বীজের চাহিদা, দাম, ভূমির খরচ সব কিছু যথাযথভাবে নিরূপণ করে পেঁয়াজ উৎপাদন শুরু করেন। পরিকল্পনার বাস্তবায়ন ও টেকসই করার জন্য এখন প্রচুর অর্থের প্রয়োজন অনুভব করছেন।

- ক. সম আয়-ব্যয় বিন্দু কী? ১
- খ. মাইক্রোস্কিনিং বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
- গ. পেঁয়াজ চাষীর প্রকল্প নির্বাচনে কোন পদ্ধতি অবলম্বন করেছেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পরিকল্পনা টেকসই করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপটি মূল্যায়ন কর। ৪

[কু. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয়-ব্যয় বিন্দু (Break Even point) বলে।

**খ** ম্যাক্রোস্ক্রিনিং হলো এমন একটি পদ্ধতি যা কতকগুলো প্রভাবক বা উপাদানের ভিত্তিতে ব্যবসায়ের ধারণাগুলো মূল্যায়ন করে একটি প্রকল্প ধারণা নির্বাচন করতে সহায়তা করে। সকল ব্যবসায় বা শিল্পপ্রতিষ্ঠানের কার্যাবলি উদ্যোক্তার নিয়ন্ত্রণ বহির্ভূত কতিপয় উপাদান দ্বারা কম-বেশি প্রভাবিত হয়। এ প্রভাবকগুলো হলো জনসংখ্যা, অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও আইনগত পরিবেশ। এসব প্রভাবক বা উপাদানের ভিত্তিতে ব্যবসায়ের ধারণাগুলো মূল্যায়ন করা হয়। ফলে এটি সঠিক প্রকল্প ধারণা নির্বাচনে সহায়তা করে।

**গ** পেঁয়াজ চাষী প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অবলম্বন করেছেন।

দুইটি ধারণার দ্বারা প্রকল্প নির্বাচন করা যায়। এর একটি হলো ম্যাক্রোস্ক্রিনিং এবং অন্যটি হলো মাইক্রোস্ক্রিনিং।

মাইক্রোস্ক্রিনিং হলো বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও আর্থিক দিক এবং জাতীয় অর্থনীতিতে অবদান ইত্যাদি দিক বিবেচনা করে প্রকল্পে সম্ভাব্যতা যাচাই করার বিস্তারিত প্রক্রিয়া।

উদ্দীপকে ফরিদপুরের মহিলা চাষী তিনি পেঁয়াজ এবং পেঁয়াজের বীজ উভয়টির উৎপাদন করার পরিকল্পনা নিয়েছেন। পরিকল্পনা বাস্তবায়নের জন্য বীজের চাহিদা, দাম, ভূমির খরচ ইত্যাদি যথাযথভাবে নিরূপণ করে পেঁয়াজ উৎপাদন শুরু করেন। তিনি উৎপাদন শুরুর পূর্বে চাহিদা নিরূপণ করেন, যা মাইক্রোস্ক্রিনিং এর বাজার চাহিদার অন্তর্ভুক্ত। তিনি দাম ও উৎপাদন খরচ বিচার-বিশ্লেষণ করেন যা মাইক্রোস্ক্রিনিং এর বাণিজ্যিক দিকের অন্তর্ভুক্ত। তিনি এভাবে মাইক্রোস্ক্রিনিং এর উপাদানসমূহ যাচাই করেছেন। সুতরাং বলা যায়, পেঁয়াজ চাষী তিনি প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অনুসরণ করেছেন।

**ঘ** উদ্দীপকের পরিকল্পনা টেকসই করার প্রয়োজনীয় পদক্ষেপ হচ্ছে ব্যবসায়ের জন্য মূলধন সংগ্রহ বা ব্যবসায় অর্থায়ন।

যে কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। এ অর্থ প্রয়োজন হয় ব্যবসায় শুরু করার জন্য। ব্যবসায় কার্যক্রম সচল রাখার জন্য ও সম্প্রসারণের জন্য। ব্যবসায়ের পরিকল্পনা বাস্তবায়নের জন্য তহবিলের ব্যবস্থা করা ব্যবসায় অর্থায়নের কার্যাবলি। একটি সঠিক পরিকল্পনা তখনই বাস্তবায়িত হবে যখন প্রতিষ্ঠান অর্থ বিনিয়োগ করবে। মূলধন পর্যাপ্ত পরিমাণে বিনিয়োগ না করা হলে পরিকল্পনা দীর্ঘমেয়াদি হয় না।

উদ্দীপকে পেঁয়াজ চাষী তিনি পেঁয়াজ ও পেঁয়াজের বীজ উৎপাদনের পরিকল্পনা নিয়েছেন। তিনি সফল কিছু বিশ্লেষণ করে উৎপাদন শুরু করেন। তিনি পরিকল্পনা বাস্তবায়ন ও টেকসই করতে প্রচুর অর্থের অভাব অনুভব করেছেন। কেননা একটি পরিকল্পনা তখনই বাস্তবায়িত হবে যখন প্রতিষ্ঠান পরিকল্পনা অনুসারে ব্যবসায়ে অর্থ বিনিয়োগ করতে পারা হবে।

উদ্দীপকের পেঁয়াজ চাষী তিনি বিভিন্ন উৎস থেকে ব্যবসায় অর্থায়ন ঘটাতে পারে। তার জন্য সঠিক হবে বাণিজ্যিক ব্যাংক অথবা কৃষি ব্যাংক থেকে স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ করা। যা তার পরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখবে। সুতরাং বলা যায়, উদ্দীপকের পেঁয়াজ চাষীর পরিকল্পনা বাস্তবায়ন ও টেকসই করার জন্য সুবিধাজনক উৎস থেকে অর্থ সংগ্রহ করে তা যথাযথভাবে বিনিয়োগ করা।

# যশোর বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **বাংলাদেশের অন্যতম সফল উদ্যোক্তা জনাব জহুরুল ইসলাম কোন জেলায় জন্মগ্রহণ করেন?**
ক) ঢাকা খ) কিশোরগঞ্জ
গ) যশোর ঘ) ময়মনসিংহ

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মজনু চাল বিক্রেতা। তিনি সব সময় ভেজালমুক্ত চাল বিক্রি করেন। এতে ক্রেতাদের স্বাস্থহানির যেমন সমস্যা থাকে না তেমনি ক্রেতারাও তাকে বিশ্বাস করে।

২. **জনাব মজনু ক্রেতার স্বাস্থ্যের দিক বিবেচনা করে কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেন?**
ক) সমাজ খ) রাষ্ট্রীয় গ) শ্রমিক ঘ) ভোক্তা

৩. **জনাব মজনু ব্যবসায় পরিচালনায় যাদের স্বাস্থ্য রক্ষা করেন—**
i. জনগণ ii. ব্যবসায় iii. বিদেশীদের
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. **কৃষি শিক্ষক রতন তার শিক্ষার্থীদের নিয়ে বাগান করার সিদ্ধান্ত নিলেন। নির্দিষ্ট দিনে কাজটি শেষও করলেন। রতন স্যারের কাজটিকে কী বলা যায়?**
ক) ব্যবসায় উদ্যোগ খ) ব্যবসায়
গ) আত্মকর্মসংস্থান ঘ) উদ্যোগ

৫. **নতুন ব্যবসায় বা শিল্প স্থাপন কেমন কাজ?**
i. সৃজনশীল ii. সহায়ক iii. গঠনমূলক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. **স্যামসন এইচ চৌধুরী কত সালে মৃত্যুবরণ করেন?**
ক) ২০০৯ খ) ২০১০ গ) ২০১১ ঘ) ২০১২

৭. **অন্য লোকদের সামার্থ্যকে কাজে লাগিয়ে কোনো কাজ করে নেওয়ার দক্ষতা ও কৌশলই হলো—**
ক) পরিকল্পনা খ) ব্যবস্থাপনা গ) শিল্প ঘ) উদ্যোগ

□ **নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মোস্তাক সাহেব তার চাচার সাথে চাচার রং কারখানা পরিদর্শনে গিয়েছেন। তিনি দেখলেন ঐ কারখানায় তিন শতাধিক লোক কর্মরত। কারখানটির পরিসর বেশ বড় এবং বিভিন্ন যন্ত্রের সমন্বয় দেখলেন।

৮. **মোস্তাকের চাচার কারখানাটি যে শিল্পের অন্তর্গত—**
ক) ক্ষুদ্র শিল্প খ) কুটির শিল্প
গ) মাঝারি শিল্প ঘ) বৃহৎ শিল্প

৯. **কারখানাটির জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ও প্রতিস্থাপন ব্যায়সহ সর্বনিম্ন কত টাকা?**
ক) ২০ কোটি খ) ২৫ কোটি গ) ৩০ কোটি ঘ) ৫০ কোটি

১০. **সংগঠনের মাধ্যমে বণ্টিত হয়—**
i. দায়িত্ব ii. মূলধন iii. ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. **কীসের মাধ্যমে পণ্যের সময়গত বাধা দূর হয়?**
ক) ক্রয় খ) বিক্রয়
গ) গুদামজাতকরণ ঘ) পরিবহন

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মতিন শহর থেকে বাড়ির ডিজাইন ও রং এর কাপড় ক্রয় করে প্রথমত আকার ও গুণ অনুযায়ী মূল্য নির্ধারণ করেন। পরবর্তীতে ভোক্তাদের চাহিদা ও রুচি অনুযায়ী কাপড়গুলো বিক্রয় করেন।

১২. **উদ্দীপকের জনাব মতিনের ব্যবসায়টিকে কী বলা হয়?**
ক) বিক্রয় প্রতিনিধি খ) পাইকারি ব্যবসায়
গ) উৎপাদনকারী ঘ) খুচরা ব্যবসায়

১৩. **জনাব মতিনের ক্রয় পরবর্তী কার্যক্রম বিপণন কার্যাবলির কোন কোনটির সাথে সমাঞ্জস্যপূর্ণ?**
i. পরিবহন ii. প্রমিতকরণ iii. ভোক্তা বিশ্লেষণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. **সমর্থনমূলক সহায়তা কোনটি?**
ক) তথ্য সরবরাহ খ) পরামর্শ দান
গ) পুঁজির সংস্থান ঘ) প্রতিবন্ধকতা দূর করা

১৫. **পারস্পরিক আস্থা ও বিশ্বাস কথাটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) যৌথ মূলধনী ঘ) রাষ্ট্রীয়

১৬. **আমিন সাহেব একজন ব্যবস্থাপক। কোম্পানির ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করেন—**
ক) শেয়ার হোল্ডাররা খ) জনগণ
গ) দাতারা ঘ) বেতনভুক্ত কর্মকর্তা

১৭. **সমবায় সমিতি সর্বপ্রথম কোথায় প্রতিষ্ঠিত হয়?**
ক) ইংল্যান্ডে খ) জাপানে গ) যুক্তরাষ্ট্রে ঘ) থাইল্যান্ডে

১৮. **বর্তমানে যে পদ্ধতিতে ব্যবসায় স্থাপন ও পরিচালনা জনপ্রিয় হয়ে উঠছে—**
ক) সানসাইজিং খ) ফ্রানসাইজিং
গ) ফ্রানসাইজর ঘ) ফ্রানসাইজি

১৯. **বিমা চুক্তির দলিলকে কী বলা হয়?**
ক) বিমাপত্র খ) অঙ্গীকারনামা
গ) বিশেষ বিমাপত্র ঘ) ক্ষতিপূরণের দলিল

২০. **কোনটির অভাবে ব্যবসায়ের সফলতা অনিশ্চিত হয়ে পড়ে?**
ক) সঞ্চয়ের অভাবে খ) অবকাঠামোর অভাবে
গ) সুষ্ঠু পরিকল্পনার অভাবে ঘ) ঋণের অভাবে

২১. **আবুল সাহেব কোনো ব্যবসায়ে অর্থ বিনিয়োগ করতে চাইলে প্রতিষ্ঠানের কী বিশ্লেষণ করে সিদ্ধান্ত গ্রহণ করবেন?**
ক) ব্যবসায় পরিকল্পনা খ) বিবরণপত্র
গ) নির্দেশিকা ঘ) পত্রিকা

২২. **ব্যবসায় পরিকল্পনা কেমন হওয়া উচিত?**
ক) সংক্ষিপ্ত খ) বিশদ গ) কঠিন ঘ) সরল

২৩. **শিল্পকে প্রধানত কত ভাগে ভাগ করা হয়েছে?**
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

২৪. **ভিন্ন দেশের সাথে সম্পর্ক স্থাপন ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?**
ক) সামাজিক খ) রাজনৈতিক
গ) আইনগত ঘ) অর্থনৈতিক

২৫. **সফল উদ্যোক্তাগণ কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন?**
ক) ঝুঁকি গ্রহণের মাধ্যমে খ) পর্যবেক্ষণের মাধ্যমে
গ) বিচার-বিশ্লেষণের মাধ্যমে ঘ) তার ইচ্ছানুযায়ী

২৬. **ব্যবসায় স্থাপন ও পরিচালনা সম্ভব হয় না—**
ক) মূলধনের অভাবে খ) উদ্যোক্তার অভাবে
গ) মুনাফার অভাবে ঘ) সুনামের অভাবে

২৭. **যে কোনো উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে প্রয়োজন—**
i. ইচ্ছা ii. কর্ম প্রচেষ্টা iii. পরিশ্রম
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. **আত্মকর্মসংস্থানের আওতাভুক্ত—**
i. মুদির দোকান ii. কবুতর পালন iii. রাস্তাঘাট তৈরি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. **কোন প্রতিষ্ঠানটি কুটির শিল্পের কাজের প্রশিক্ষণ দিয়ে থাকে?**
ক) নট্রামস খ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
গ) যুব প্রশিক্ষণ কেন্দ্র ঘ) মহিলা বিষয়ক মন্ত্রণালয়

৩০. **পণ্য নির্বাচনের পূর্বে বাজারে পণ্যের যা নিরূপণ করতে হয়—**
i. চাহিদা ii. গ্রহণযোগ্যতা iii. সাইজ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। "স্বদেশী পণ্য গ্রহণ কর আর বিদেশী পণ্য বর্জন কর" এই শ্লোগানের উপর ভিত্তি করে জনাব হাসনাইন কুমিল্লা জেলার বাহাদুরপুর গ্রামে খাদি কাপড় তৈরি করতে আগ্রহী হন। শুরুতে তিনি কিছু দক্ষ তাঁতি দিয়ে হাতে চালানো তাঁতের দ্বারা খাদি পোশাক তৈরি করেন। বর্তমানে দক্ষ তাঁতিদের অনেকে মারা যাওয়ায় তিনি তাঁতের পরিবর্তে ব্যাংক থেকে ঋণ নিয়ে নতুন মেশিন ক্রয়ের মাধ্যমে খাদি পোশাক তৈরি করেন। এতে উৎপাদন ও পোশাকের গুণগত মান বৃদ্ধি পায়।
(ক) ব্যবসায় কী? ১
(খ) কোন শিল্পের মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক হয়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব হাসনাইন এর ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব হাসনাইনের ব্যবসায় উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ব্যবসায়িক পরিবেশের উপাদানের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২। নিম্নে জনাব আরমানের কার্যাবলি 'ক' ও 'খ' নামে দুটি ছকে দেওয়া হল :

| ছক-ক | ছক-খ |
|---|---|
| * নিজ গ্রামে পাঠাগার স্থাপন। | * ফটোকপির দোকান স্থাপন। |
| * বাড়িতে ছাদ বাগান করার চেষ্টা। | * শোপিস তৈরি ও বিক্রয়। |
| * আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতার আয়োজন। | * খাদ্যজাত দ্রব্যাদি উৎপাদন। |
| * শিক্ষা সফরের আয়োজন। | * কাঠের আসবাবপত্র তৈরির ব্যবসায় স্থাপন। |

(ক) ব্যবসায় ঝুঁকি কী? ১
(খ) সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরমানের ছক 'ক' এর কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আরমানের ছক 'খ' এর কার্যাবলির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৩। জনাব আরিফ এমবিএ পাস করেও যোগ্যতা অনুযায়ী চাকরি লাভে ব্যর্থ হন। তিনি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বর্তমানে তিনি স্থানীয় বাজারে একটি কম্পিউটার ও ফটোকপির দোকান দেন। তিনি এলাকার শিক্ষিত বেকার যুবক-যুবতীদেরকে কম্পিউটার চালনা শিক্ষা দেন। এতে তারা দক্ষতা ও মিতব্যয়িতার সাথে নিজেদের কর্মসংস্থান করে নেন। তাছাড়া শিক্ষার্থীদের অনলাইন ভর্তি সংক্রান্ত আবেদন কার্যক্রমও সম্পাদন করেন। ফলে তিনি তার চাকরিরত বন্ধুদের থেকেও বেশি আয় করেন।
(ক) 'BRDB' এর পূর্ণরূপ কী? ১
(খ) আত্মকর্মসংস্থানের জন্য বয়স কোনো সমস্যা নয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরিফ কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব আরিফের কর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৪। তালহা, তামিম ও তোহা তিন বন্ধু সমঝোতার ভিত্তিতে 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' নামে একটি ব্যবসায় সংগঠন গড়ে তোলেন। তিন বন্ধু সমানভাবে মূলধন বিনিয়োগ করেন এবং পরিচালনায় অংশগ্রহণ করেন। বিভিন্ন সময়ে স্থানীয় বখাটে ছেলেরা তাদের প্রতিষ্ঠানে চাঁদার জন্য আসে। পরবর্তীতে এই সমস্যা সমাধানের জন্য তারা এলাকার প্রভাবশালী লোক জনাব সাকিবকে নির্দিষ্ট অর্থের বিনিময়ে তার নামের সুনাম ব্যবহারের অনুমতি দিবে এই মর্মে নতুন অংশীদার হিসাবে গ্রহণ করেন। কিছুদিন পর অংশীদার তামিমের ব্যক্তিগত সম্পদের তুলনায় দায় বেশি হওয়ায় আদালত তাদের দেউলিয়া ঘোষণা করে।
(ক) রাষ্ট্রীয় ব্যবসায় কাকে বলে? ১
(খ) কোম্পানির সংবিধান বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব সাকিব কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' সংগঠনের বিলোপ সাধনের প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৫। দিনাজপুরের জনাব সামিউল আলম একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের চারু ও কারুকলা বিষয়ের একজন সহকারী শিক্ষক। শিক্ষকতার পাশাপাশি তিনি পোশাকে ডিজাইন করেন। "নীল অপরাজিতা" নামে তার পোশাক ইতোমধ্যে একটা বিশেষ ব্র্যান্ড হিসাবে পরিচিতি লাভ করেছে। তিনি একজন ভাস্কর এবং ভালো ছবিও আঁকতে পারেন। তিনি বিভিন্ন সময়ে খ্যাতিমান লোকদের ছবি তৈল চিত্রে ফুটিয়ে তুলেন। খড়িমাটির মধ্যে পৃথিবীর বিখ্যাত মনীষীদের ছবি খোদাই করে বেশ সুনাম অর্জন করেছেন। তার কয়েকটি চিত্র ও ভাস্কর্য নন্দিত হওয়ায় তিনি এগুলো আইনগত সুরক্ষার ব্যবস্থা করেছেন।
(ক) পেটেন্ট কী? ১
(খ) পণ্যের মান সংরক্ষণে BSTI গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের "নীল অপরাজিতা" নামটি ব্যবসায়ের কোন আইনগত দিককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) অঙ্কিত ছবি ও ভাস্কর্য সুরক্ষায় গৃহীত আইন ব্যবস্থার যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। জনাব আলম ও তার চার বন্ধু অনলাইনে পোশাক বিক্রি করার জন্য "পারফেক্ট ফ্যাশনস" নামে একটি সংগঠন চুক্তির ভিত্তিতে গড়ে তোলেন। তাদের প্রতিষ্ঠানে জনাব আলম ও তার এক বন্ধু পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। তাদের প্রদত্ত মূলধনের পরিমাণ দুই কোটি টাকা। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তারা সংগঠনের ধরন পরিবর্তন করে তা সম্প্রসারণের সিদ্ধান্ত নিলেন। ব্যাংক ঋণের জটিলতার কথা চিন্তা করে তারা নিজেদের মধ্যে শেয়ার বিক্রয়ের মাধ্যমে অতিরিক্ত তিন কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নিলেন।
(ক) সমবায়ের প্রধান নীতিটি কী? ১
(খ) সংগঠন কখন নামের অংশ হিসেবে সমবায় শব্দটি ব্যবহার করতে পারবে? ব্যাখ্যা কর। ২
(গ) মালিকানার ভিত্তিতে প্রথম পর্যায়ে গঠিত "পারফেক্ট ফ্যাশনস" সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "পারফেক্ট ফ্যাশনস" প্রতিষ্ঠানটি পরবর্তীতে কোম্পানি সংগঠনের ধরন অনুযায়ী মূলধন সংগ্রহ করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। নুরু মিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে প্রচুর পরিমাণে আম ক্রয় করে তা স্থানীয় ফল বিক্রেতাদের নিকট বিক্রয় করেন। সম্প্রতি তিনি হিরু মিয়া নামে একজন নম্র ও ভদ্র বিক্রয়কর্মী নিয়োগ দেন। বিক্রয়কর্মী শিক্ষিত হওয়ায় সবার প্রতি সচেতন থেকে ভালো আচরণ করেন এবং কোনো ক্রেতা যদি পণ্যের মান ও মূল্য সম্পর্কে নেতিবাচক মন্তব্য করেন তিনি তা হাসি-মুখে মেনে নেন।
(ক) বিপণন কী? ১
(খ) ভোক্তা বিশ্লেষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) বণ্টন প্রণালি অনুযায়ী নুরু মিয়ার অবস্থান ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে হিরু মিয়াকে একজন আদর্শ বিক্রয়কর্মী বলা যায় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। জনাব আদনান যশোরের বিসিক এলাকায় সোনালী ব্যাংক থেকে বিশ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি কোমল পানীয় তৈরির কারখানা স্থাপন করেন। কর অবকাশ সুবিধা নেয়ার জন্য তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করেন। তিনি পণ্যের গুণগত মানের ক্ষেত্রে আপোষহীন। তাই তিনি উন্নতমানের কোমল পানীয় তৈরির জন্য কোন ধরনের মেশিন ব্যবহার করবেন এবং মেশিন ক্রয়ের ক্ষেত্রে পুঁজি আসবে কোন উৎস থেকে এগুলো পূর্বেই নির্ধারণ করেন। ফলে জনাব আদনানের কারখানা দ্রুত সম্প্রসারণ হয়।
(ক) NGO-এর পূর্ণরূপ কী? ১
(খ) এসএমই-কে Employment Generating Machine হিসেবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আদনানের কারখানা স্থাপনের ক্ষেত্রে আর্থিক সহায়তার উৎস কী? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব আদনানের কারখানা সম্প্রসারণের ক্ষেত্রে সমর্থনমূলক সহায়তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯। জনাব নাবিলের কুষ্টিয়ায় কাপড় তৈরির একটি কারখানা রয়েছে। তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের সময়মত বেতন ও মজুরি প্রদান করেন। তিনি ন্যায্য ও সঠিক মূল্যে কাপড় বিক্রি করেন। এতে তার ব্যবসায়ে প্রচুর মুনাফা অর্জিত হয়। কিন্তু তিনি নিয়মিত আয়কর পরিশোধ করেন না। তাছাড়া প্রতিষ্ঠানের বর্জ্য নির্দিষ্ট জায়গায় না ফেলে যেখানে সেখানে ফেলেন। এ কারণে স্থানীয় লোকজন তার উপর ক্ষুব্ধ।
(ক) ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা কী? ১
(খ) মূল্যবোধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব নাবিলের ব্যবসায়টি পরিবেশে কোন ধরনের দূষণ করে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব নাবিলের ব্যবসায়টি বিভিন্ন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা কতটুকু পালন করেছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

১০। মেহেদী ২০২০ সালে বুয়েট থেকে ইঞ্জিনিয়ারিং পাস করে কয়েকজন বন্ধুসহ "রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লিঃ" নামে একটি গাড়ি কোম্পানি স্থাপনের প্রকল্প গ্রহণ করেন। প্রকল্প গ্রহণের সময় তারা পুরো কর্মকাণ্ডের দীর্ঘ মেয়াদি একটি আর্থিক বিবরণী ছক প্রণয়ন করেন। বাজার জরিপ করে পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণ করেন। প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট মূলধন নিজেদের না থাকায় মূলধন সংগ্রহের বিকল্প উৎসও নির্ধারণ করেন। ভবিষ্যতে প্রকল্পটি জাতীয় অর্থনীতিতে কীভাবে অবদান রাখতে পারবে তারও একটি ছক নির্ধারণ করেন।
(ক) সম আয়-ব্যয় বিন্দু কী? ১
(খ) শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল কোন পরিবেশ থেকে আসে? ব্যাখ্যা কর। ২
(গ) "রায়না অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ লিঃ" এর প্রকল্প বাস্তবায়নে কোন ধরনের মূলধন প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "রায়না অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ লিঃ" প্রকল্পটি নির্বাচনের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং এর উপাদানসমূহ বিবেচনা করার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

১১। পবন ও পলাশ দুই বন্ধু। পবন তার ব্যবসায় পরিচালনার জন্য জনতা ব্যাংক থেকে আট লক্ষ টাকা ঋণ নেন। তিনি নেতা-কর্মীদের উপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত থাকেন। কর্মীদের জবাবদিহিতা আদায় করেন না। পক্ষান্তরে, পলাশ ব্যবসায়ের নেতাকর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এতে কর্মীরা প্রতিষ্ঠানটিকে নিজেদের অংশ মনে করেন। ফলে, পলাশ এর ব্যবসায়টি দিন দিন উন্নতির দিকে যাচ্ছে। কিন্তু পবন এর ব্যবসায়টি পলাশ-এর ব্যবসায়ের মতো সফলতা পাচ্ছে না।
(ক) পরিকল্পনা কী? ১
(খ) কর্মীদের প্রেষণাদান করা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
(গ) পবন কোন ধরনের উৎস থেকে অর্থায়ন করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) পবনের ব্যবসায়টি পলাশের ব্যবসায়ের মত সফল না হওয়ার কারণ নেতৃত্বের ধরন অনুযায়ী বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** "স্বদেশী পণ্য গ্রহণ কর আর বিদেশী পণ্য বর্জন কর" এই শ্লোগানের উপর ভিত্তি করে জনাব হাসনাইন কুমিল্লা জেলার বাহাদুরপুর গ্রামে খাদি কাপড় তৈরি করতে আগ্রহী হন। শুরুতে তিনি কিছু দক্ষ তাঁতি দিয়ে হাতে চালানো তাঁতের দ্বারা খাদি পোশাক তৈরি করেন। বর্তমানে দক্ষ তাঁতিদের অনেকে মারা যাওয়ায় তিনি তাঁতের পরিবর্তে ব্যাংক থেকে ঋণ নিয়ে নতুন মেশিন ক্রয়ের মাধ্যমে খাদি পোশাক তৈরি করেন। এতে উৎপাদন ও পোশাকের গুণগত মান বৃদ্ধি পায়।

ক. ব্যবসায় কী? ১

খ. কোন শিল্পের মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাসনাইন এর ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হাসনাইনের ব্যবসায় উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ব্যবসায়িক পরিবেশের উপাদানের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় হলো মুনাফা অর্জনের আশায় দেশের আইনে বৈধ ও সঠিক উপায়ে পরিচালিত সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের সমষ্টি।

**খ** সেবা শিল্প বিভিন্ন প্রকার সেবা প্রদানের মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করে। বিদ্যুৎ ও গ্যাস উৎপাদন এবং বিতরণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা ইত্যাদি সেবা শিল্পের অন্তর্গত। যন্ত্রপাতি বা স্থায়ী সম্পদ ও মেধাসম্পদ প্রয়োগের মাধ্যমে এসব সেবামূলক কাজ করা হয়।

**গ** জনাব হাসনাইনের ব্যবসায়টি শিল্প শাখার অন্তর্গত।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহারের উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলা হয়। শিল্পে শ্রম ও যন্ত্রের মাধ্যমে কাঁচামাল প্রক্রিয়াজাতকরণ করা হয়। এতে পণ্যর নতুন উপযোগ সৃষ্টি হয়। শিল্পকে উৎপাদনের বাহন বলা হয়।

উদ্দীপকে জনাব হাসনাইনের কুমিল্লায় একটি কারখানা রয়েছে। কারখানাটিতে খাদি পোশাক তৈরি করা হয়। কাঁচামাল, শ্রম এবং যন্ত্রের মাধ্যমে প্রক্রিয়াজাত করে কাপড় তৈরি করা হয়। এ কাপড় দিয়ে মানুষের ব্যবহার উপযোগী খাদি পোশাক তৈরি করা হয়। এভাবে কারখানাটিতে কাঁচামালের রূপগত উপযোগ সৃষ্টির মাধ্যমে চূড়ান্ত পণ্য তৈরি করা হয়। এর সাথে শিল্পের বৈশিষ্ট্যের মিল পাওয়া যায়। সুতরাং বলা যায়, জনাব হাসনাইনের ব্যবসায়টি শিল্পের অন্তর্গত কর্মকাণ্ড।

**ঘ** জনাব হাসনাইনের ব্যবসায়ের উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে 'ব্যবসায়িক পরিবেশের' উপাদানের প্রভাব লক্ষণীয় বলে আমি মনে করি।

যেকোন ব্যবসায়ের উন্নতি নির্ভর করে ব্যবসায়ের পরিবেশের ওপর। ব্যবসায়ের ওপর পরিবেশের অনুকূল ও প্রতিকূল দুই প্রভাবই লক্ষ করা যায়। ব্যবসায় পরিবেশের উপাদানগুলো ব্যবসায়ের সামগ্রিক কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে। এর মাধ্যমেই ব্যবসায় পরিচালনা করতে হয়। এজন্য ব্যবসায়িক সফলতায় এ উপাদানগুলোর অনুকূলতা অত্যন্ত জরুরি। ব্যবসায় পরিবেশের প্রতিকূলতা ব্যবসায়ে নেতিবাচক প্রভাব ফেলে।

উদ্দীপকে জনাব হাসনাইন একজন ব্যবসায়ী। তিনি তার কারখানায় খাদি কাপড়ের পোশাক তৈরি করেন। তার কারখানার অনেক দক্ষ তাঁতি মারা গেছেন। তিনি গুণগত মানের পোশাক উৎপাদনে বিকল্প ব্যবস্থা নেন। তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে খাদি পোশাক তৈরির মেশিন কেনেন। এতে তার তৈরি পোশাকের উৎপাদন ও গুণগতমান বাড়ে। এভাবে তার ব্যবসায়ে সামাজিক, অর্থনৈতিক ও প্রযুক্তিগত পরিবেশের উপাদান অনুকূল ও প্রতিকূল প্রভাব চোখে পড়ে।

দক্ষ শ্রমিকের মৃত্যুতে জনাব হাসনাইনের উৎপাদনে সমস্যা দেখা দেয়। এক্ষেত্রে দক্ষ শ্রমিকের অপ্রতুলতা সামাজিক পরিবেশের নেতিবাচক প্রভাবকে ইঙ্গিত করে। এরপর তিনি ঋণ নিয়ে পোশাক তৈরির মেশিন কিনেন। এ ঋণ অর্থনৈতিক পরিবেশের উপাদান। এ উপাদানটি অনুকূল হওয়ায় ব্যবসায়ের কার্যক্রম অব্যাহত রাখা সম্ভব হয়েছে। এ অনুকূলতার জন্যই তিনি উৎপাদন ও গুণগতমান বাড়ানোর কাজগুলো করতে পেরেছেন। এভাবে জনাব হাসনাইনের ব্যবসায়ে ব্যবসায়িক সকল পরিবেশের উপাদানগুলো প্রভাব ফেলে।

**প্রশ্ন ▶ ০২** নিম্নে জনাব আরমানের কার্যাবলি 'ক' ও 'খ' নামে দুটি ছকে দেওয়া হল :

| ছক-ক | ছক-খ |
|---|---|
| * নিজ গ্রামে পাঠাগার স্থাপন।<br>* বাড়িতে ছাদ বাগান করার চেষ্টা।<br>* আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতার আয়োজন।<br>* শিক্ষা সফরের আয়োজন। | * ফটোকপির দোকান স্থাপন।<br>* শোপিস তৈরি ও বিক্রয়।<br>* খাদ্যজাত দ্রব্যাদি উৎপাদন।<br>* কাঠের আসবাবপত্র তৈরির ব্যবসায় স্থাপন। |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১

খ. সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরমানের ছক 'ক' এর কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আরমানের ছক 'খ' এর কার্যাবলির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

[য. বো. ২০২৪]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্য বা সেবার চাহিদা কমে যাওয়ার কারণে মুনাফা কম অর্জিত হওয়াকে ব্যবসায়িক ঝুঁকি বলে।

**খ** দেশ ও জনগণের কল্যাণে গৃহীত উদ্যোগ সুষ্ঠুভাবে বাস্তবায়নে ঐদেশের সরকার কর্তৃক যে সুযোগ সুবিধা ও অনুকূল পরিবেশ তৈরি করা হয় তাকে সরকারি পৃষ্ঠপোষকতা বলা হয়।

সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে দেশের ব্যবসায় উদ্যোগের আরও সম্প্রসারণ ও সমৃদ্ধি সম্ভব। সরকারি বিভিন্ন সিদ্ধান্ত যেমন– কর মওকুফ, স্বল্প বা বিনা সুদে মূলধন সরবরাহ ইত্যাদি ব্যবসায় উদ্যোগের অনুকূল পরিবেশ সৃষ্টি করতে পারবে।

**গ** জনাব আরমানের ছক 'ক' এর কাজকে উদ্যোগ বলে।

যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাই হলো উদ্যোগ। এক্ষেত্রে অর্থ বা মুনাফা অর্জনের কোনো উদ্দেশ্য থাকে না। সাধারণত এটি সৃজনশীল কাজের সাথে জড়িত থাকে। বিভিন্ন প্রকার জনহিতকর কাজ যেমন– স্কুল-কলেজ ও পাঠাগার স্থাপন প্রভৃতি উদ্যোগের উদাহরণ।

উদ্দীপকে জনাব আরমানের দুই ধরনের কার্যাবলি দেওয়া হয়েছে। এর মধ্যে ছক-ক এর কাজগুলো হলো পাঠাগার তৈরি, বাগান করা, বিতর্ক ও শিক্ষা সফর আয়োজন। এগুলোর মধ্যে কিছু কিছু কাজ যেমন– বাগান করা, বিতর্ক ও শিক্ষা সফর আয়োজন সৃজনশীল কাজের উদাহরণ। আবার নিজ গ্রামে পাঠাগার স্থাপনের কাজটি একটি জনহিতকর কাজ। এসব কাজে মুনাফা বা অর্থ অর্জনের কোনো উদ্দেশ্য নেই। বরং তিনি জনকল্যাণের উদ্দেশ্যে এই কাজগুলো করছেন। এ বিষয়গুলো উদ্যোগের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। সুতরাং জনাব আরমানের ছক-ক এর কাজকে উদ্যোগ বলা যায়।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আরমানের ছক-খ এর কার্যাবলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

লাভবান হওয়ার আশায় লোকসানের সম্ভাবনা জেনেও ঝুঁকি নিয়ে ব্যবসায় প্রতিষ্ঠার জন্য দৃঢ়ভাবে এগিয়ে যাওয়া ও সফলভাবে ব্যবসায় পরিচালনা করাকে ব্যবসায় উদ্যোগ বলে। কোনো কাজের কর্মপ্রচেষ্টাই উদ্যোগ। উদ্যোগ যেকোনো বিষয়ের ব্যাপারেই হতে পারে কিন্তু লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাই হলো ব্যবসায় উদ্যোগ। ব্যবসায় উদ্যোগের মাধ্যমে উদ্যোক্তার কর্মসংস্থানের ব্যবস্থা হয়। অন্যদিকে সমাজের আরও অনেক বেকার যুবক-যুবতীও কাজের সুযোগ পায়। এতে উৎপাদনশীল কাজে জড়িত থাকায় দক্ষ মানব সম্পদ তৈরি হয়। এছাড়া প্রাকৃতিক ও মানব সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে অর্থনীতিও শক্তিশালী হয়।

উদ্দীপকে জনাব আরমানের দুই ধরনের কাজ দেখানো হয়েছে। এর মধ্যে ছক-খ এর কাজগুলো ব্যবসায় উদ্যোগের সাথে জড়িত। যেমন– ফটোকপির দোকান, শোপিস ও খাদ্যজাত দ্রব্য তৈরি ও বিক্রি প্রভৃতি। জনাব আরমানের এই ব্যবসায় উদ্যোগগুলোর মাধ্যমে তার নিজের ও সমাজের অন্যান্যদের কর্মসংস্থান হয়। ফলে এ এলাকার মানুষদের আর্থ-সামাজিক উন্নয়ন হয়। পাশাপাশি তাদের জীবনযাত্রার মান উন্নত হয়। আবার জনাব আরমানের দেখাদেখি অন্যরাও এ ধরনের কাজে এগিয়ে আসবে। ফলে নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে ও পরনির্ভরশীলতা দূর হবে। এটি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে। এভাবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আরমানের ছক-খ এর কাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**প্রশ্ন ▶ ০৩** জনাব আরিফ এমবিএ পাস করেও যোগ্যতা অনুযায়ী চাকরি লাভে ব্যর্থ হন। তিনি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বর্তমানে তিনি স্থানীয় বাজারে একটি কম্পিউটার ও ফটোকপির দোকান দেন। তিনি এলাকার শিক্ষিত বেকার যুবক-যুবতীদেরকে কম্পিউটার চালনা শিক্ষা দেন। এতে তারা দক্ষতা ও মিতব্যয়িতার সাথে নিজেদের কর্মসংস্থান করে নেন। তাছাড়া শিক্ষার্থীদের অনলাইন ভর্তি সংক্রান্ত আবেদন কার্যক্রমও সম্পাদন করেন। ফলে তিনি তার চাকরিরত বন্ধুদের থেকেও বেশি আয় করেন।

ক. 'BRDB' এর পূর্ণরূপ কী? ১
খ. আত্মকর্মসংস্থানের জন্য বয়স কোনো সমস্যা নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরিফ কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরিফের কর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** BRDB এর পূর্ণরূপ হলো– Bangladesh Rural Development Board.

**খ** যেকোনো বয়সের মানুষ আত্মকর্মসংস্থানের ক্ষেত্রে নিয়োজিত হতে পারে। নিজেই নিজের কর্মসংস্থান করাই হলো আত্মকর্মসংস্থান। আত্মকর্মসংস্থান স্বাধীন পেশা। কারণ এক্ষেত্রে ব্যক্তিকে যেমন কারো অধীনে কাজ করতে হয় না তেমনি ব্যক্তিকে কারো কাছে জবাবদিহি করতে হয় না। এক্ষেত্রে ব্যক্তি নিজেই নিজের সুবিধামতো কাজ করতে পারে। আত্মকর্মসংস্থানকে স্বাধীন পেশা বলা হয়। তাই আত্মকর্মসংস্থানের জন্য বয়স কোনো সমস্যা নয়।

**গ** জনাব আরিফ নট্রামস থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

নট্রামস শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান। বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেও বহু শিক্ষিত বেকার যুবক-যুবতি আত্মকর্মসংস্থানের সুযোগ করে নিয়েছে।

উদ্দীপকের জনাব আরিফ এমবিএ পাস করেও যোগ্যতা অনুযায়ী চাকরি লাভ করতে ব্যর্থ হন। এরপর তিনি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নেন। সেখান থেকেই তিনি কম্পিউটার প্রোগ্রামিং এর পাশাপাশি কম্পিউটার চালানো শিখেছেন। প্রতিষ্ঠানটি তাদের কম্পিউটার সম্পর্কে জ্ঞান ও ধারণা দিয়েছে। এতে জনাব আরিফ তার প্রতিষ্ঠিত কম্পিউটার ট্রেনিং সেন্টার সুষ্ঠুভাবে পরিচালনা করতে পেরেছেন। সাধারণত নট্রামস যুবকদের এ ধরনের প্রশিক্ষণগুলো দেয়। তাই বলা যায়, কম্পিউটার বিষয়ে সহায়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানটি হচ্ছে নট্রামস।

**ঘ** জনাব আরিফের কর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অনেক।

কর্মীর দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কার্য নির্বাহের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। প্রশিক্ষণ কর্মীর কর্মদক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করে। তাছাড়া কর্মীদের নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিবিধ কলা-কৌশল সম্পর্কে জ্ঞান দান করে। ফলে কারখানার যন্ত্রপাতি ব্যবহারসহ অন্যান্য দুর্ঘটনা এড়ানো যায়। এজন্য প্রশিক্ষণ প্রয়োজন।

উদ্দীপকের জনাব আরিফ একজন শিক্ষিত বেকার ছিলেন। যোগ্যতা অনুযায়ী চাকরি না পেয়ে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত নট্রামস থেকে কম্পিউটার ও প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণ নেন। এরপর তিনি কম্পিউটার ও ফটোকপির দোকান প্রতিষ্ঠা করেন। এভাবে তিনি নিজের কর্মসংস্থানের ব্যবস্থা করেন। নট্রামস থেকে প্রশিক্ষণ নিয়ে জনাব আরিফ কম্পিউটার ও প্রোগ্রামিং সম্পর্কে বিশেষ ধারণা লাভ করেন। এ ধারণাকে তিনি দক্ষভাবে কাজে লাগান। এ প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার করে তিনি সঠিকভাবে তার দোকান পরিচালনা করেন। আবার, তিনি এলাকার অন্যান্য শিক্ষিত যুবক-যুবতীদেরও কম্পিউটার প্রশিক্ষণ দিয়ে থাকেন। এতে একদিকে যেমন তার নিজের আয় হচ্ছে আবার অন্যদেরও কাজের সংস্থান হচ্ছে। পরিশেষে বলা যায়, উদ্দীপকের জনাব আরিফের কর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।

**প্রশ্ন ▶ ০৪** তালহা, তামিম ও তোহা তিন বন্ধু সমঝোতার ভিত্তিতে 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' নামে একটি ব্যবসায় সংগঠন গড়ে তোলেন। তিন বন্ধু সমানভাবে মূলধন বিনিয়োগ করেন এবং পরিচালনায় অংশগ্রহণ করেন। বিভিন্ন সময়ে স্থানীয় বখাটে ছেলেরা তাদের প্রতিষ্ঠানে চাঁদার জন্য আসে। পরবর্তীতে এই সমস্যা সমাধানের জন্য তারা এলাকার প্রভাবশালী লোক জনাব সাকিবকে নির্দিষ্ট অর্থের বিনিময়ে তার নামের সুনাম ব্যবহারের অনুমতি দিবে এই মর্মে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করেন। কিছুদিন পর অংশীদার তামিমের ব্যক্তিগত সম্পদের তুলনায় দায় বেশি হওয়ায় আদালত তাদের দেউলিয়া ঘোষণা করে।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কাকে বলে? ১
খ. কোম্পানির সংবিধান বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সাকিব কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' সংগঠনের বিলোপ সাধনের প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবসায় বলে।

**খ** স্মারকলিপিকে কোম্পানির মূল দলিল বা সংবিধান বলা হয়।

এতে কোম্পানির নাম, ঠিকানা, উদ্দেশ্য, মূলধন, দায় ও সম্পত্তির বিষয় দেওয়া থাকে। এছাড়া এটি কোম্পানির কাজের ক্ষেত্র ও ক্ষমতার সীমা নির্দেশ করে। এতে অন্তর্ভুক্ত নেই এমন কোনো কাজ কোম্পানি করলে, তা ক্ষমতার বাইরের কাজ হিসেবে বিবেচনা করা হয়। তাই একে কোম্পানির মূল সনদ বা সংবিধান বলা হয়।

**গ** উদ্দীপকে জনাব সাকিব একজন নামমাত্র অংশীদার।

আমরা জানি, যেসকল অংশীদারগণ ব্যবসায় মূলধন বিনিয়োগ করে না এবং ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না। তবে চুক্তি অনুযায়ী লাভের অংশ বা নির্দিষ্ট অর্থের বিনিময়ে নিজের সুনাম ব্যবহারের অনুমতি দেয় তাকে নামমাত্র অংশীদার বলা হয়। শুধু তার সুনাম ব্যবসায়ের কাজে ব্যবহারের অনুমতি দেন। তবে অন্যান্য অংশীদারের মতো তিনি ব্যবসায়ের অসীম দায় বহনে বাধ্য থাকেন না।

উদ্দীপকে তালহা, তামিম ও তোহা তিন বন্ধু সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় সংগঠন গড়ে তোলেন। কিন্তু কিছুদিন ধরে স্থানীয় বখাটেরা তাদের প্রতিষ্ঠানে চাঁদা দাবি করছে। তাই ব্যবসায়ের সুবিধার্থে তারা এলাকার প্রভাবশালী লোক জনাব সাকিবকে অংশীদার হিসেবে নেন। ব্যবসায়টিতে জনাব সাকিব মূলধন বিনিয়োগ করেননি। শুধু মৌখিক চুক্তিতে নামমাত্র অংশীদার। আবার তিনি ব্যবসায় পরিচালনায়ও অংশ নেন না। তিনি শুধু তার সুনাম ব্যবসায়ে ব্যবহারের অনুমতি দেন। এসব কাজের সাথে নামমাত্র অংশীদারের বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ। সুতরাং জনাব সাকিব নামমাত্র অংশীদার।

**ঘ** উদ্দীপকে 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' সংগঠনের বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপসাধন হবে বলে আমি মনে করি।

১৯৩২ সালের অংশীদারি আইনের ৪২ ধারায় এ বিলোপসাধনের কথা বলা হয়েছে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যখন পাওনাদার, আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের ঋণ পরিশোধে অক্ষম হয় তখন উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দেউলিয়া হিসেবে গণ্য করা হয়। সাধারণত আইনসজ্ঞাতভাবে আদালত একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দেউলিয়া বলে ঘোষণা করতে পারে। এক্ষেত্রে অংশীদারি ব্যবসায়ের নির্দিষ্ট মেয়াদ ও উদ্দেশ্য অর্জিত হলে এ ধরনের বিলোপসাধন হয়। এছাড়া কোনো অংশীদার মারা গেলে অথবা কোনো অংশীদার আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলেও এ ধরনের বিলোপ হয়।

উদ্দীপকের তালহা, তামিম ও তোহা তিন বন্ধু মিলে চুক্তিবদ্ধ হন। এর মাধ্যমে তারা 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' নামে একটি ব্যবসায় স্থাপন করেন। কিছুদিন পর অংশীদার তামিমের ব্যক্তিগত সম্পদের তুলনায় দায় বেশি হয়ে যায়। এতে আদালত তাকে দেউলিয়া ঘোষণা করে। তামিম তার ব্যক্তিগত দায়ের কারণে আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন। তাই তিনি ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করার সুযোগ পাবেন না। এ অবস্থায় তার ব্যবসায়ে সদস্য থাকাও সম্ভব নয়। অংশীদারি ব্যবসায়ে এগুলোকে বিশেষ ঘটনা হিসেবে গণ্য করা হয়। এ ধরনের পরিস্থিতিতে আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায়ের অবসান হয়। তাই বলা যায়, 'ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স' সংগঠনটির বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপসাধন হবে।

**প্রশ্ন ▶ ০৫** দিনাজপুরের জনাব সামিউল আলম একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের চারু ও কারুকলা বিষয়ের একজন সহকারী শিক্ষক। শিক্ষকতার পাশাপাশি তিনি পোশাকে ডিজাইন করেন। "নীল অপরাজিতা" নামে তার পোশাক ইতোমধ্যে একটা বিশেষ ব্র্যান্ড হিসেবে পরিচিতি লাভ করেছে। তিনি একজন ভাস্কর এবং ভালো ছবিও আঁকতে পারেন। তিনি বিভিন্ন সময়ে খ্যাতিমান লোকদের ছবি তৈল চিত্রে ফুটিয়ে তুলেন। খড়িমাটির মধ্যে পৃথিবীর বিখ্যাত মনীষীদের ছবি খোদাই করে বেশ সুনাম অর্জন করেছেন। তার কয়েকটি চিত্র ও ভাস্কর্য নন্দিত হওয়ায় তিনি এগুলো আইনগত সুরক্ষার ব্যবস্থা করেছেন।

ক. পেটেন্ট কী? ১
খ. পণ্যের মান সংরক্ষণে BSTI গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের "নীল অপরাজিতা" নামটি ব্যবসায়ের কোন আইনগত দিককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অঙ্কিত ছবি ও ভাস্কর্য সুরক্ষায় গৃহীত আইন ব্যবস্থার যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** পেটেন্ট হলো নতুন আবিষ্কৃত পণ্যের ওপর নির্দিষ্ট সময়ের জন্য একক মালিকানা পাওয়ার জন্য সরকারের সাথে আবিষ্কারকের সম্পাদিত চুক্তি।

**খ** বাংলাদেশের পণ্যের মান নির্ধারণ, পণ্য মান পরীক্ষা ও মান নিশ্চিত করার জন্য যে সরকারি প্রতিষ্ঠান নিয়োজিত আছে তা হলো বিএসটিআই। বিএসটিআই সাধারণত পণ্য ও সেবার বিষয়ে আঞ্চলিক ও আন্তর্জাতিক মানের সাথে দেশি মান নির্ধারণ করে। দৈর্ঘ্য, ওজন, ভর, আয়তন এবং শক্তির পরিমাপ বিষয়েও বাংলাদেশি পণ্যের মান প্রতিষ্ঠা করে প্রতিষ্ঠানটি। এছাড়া পণ্য রপ্তানি বৃদ্ধির জন্য উৎপাদিত পণ্য, উৎপাদন প্রক্রিয়া এবং কার্যপদ্ধতির গুণ ও দক্ষতা পরীক্ষা ও পরিদর্শনের মাধ্যমে প্রয়োজনীয় রিপোর্ট প্রদান করে।

**গ** উদ্দীপকে "নীল অপরাজিতা" নামটি দ্বারা ব্যবসায়ের 'ট্রেডমার্ক' আইনগত দিকটি প্রকাশ পেয়েছে।

ব্যবসায়ের ক্ষেত্রে কোনো পণ্যকে প্রতিযোগীর অনুরূপ পণ্য থেকে আলাদা করার লক্ষ্যে ট্রেডমার্ক ব্যবহৃত হয়। এটি দেখে ক্রেতারা সহজেই কোনো প্রতিষ্ঠানের পণ্যকে চিহ্নিত করতে পারে। ডিভাইস, ব্র্যান্ড, শিরোনাম শব্দ প্রতীক প্রভৃতি এর উদাহরণ।

উদ্দীপকের জনাব সামিউল আলম শিক্ষকতার পাশাপাশি পোশাক ডিজাইন করেন। "নীল অপরাজিতা" নামে তার পোশাক একটি ব্র্যান্ড হিসেবে পরিচিতি লাভ করেছে। তাই অন্য কেউ এই "নীল অপরাজিতা" নামটি ব্যবহার করতে পারবে না। আর করলেও জনাব সামিউল আলম তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারবে। এক্ষেত্রে জনাব সামিউল আলম "নীল অপরাজিতা" ব্র্যান্ডটির একক অধিকারী। এসব বৈশিষ্ট্য ট্রেডমার্কের সাথে মিলে যায়। সুতরাং বলা যায়, "নীল অপরাজিতা" নামটি ব্যবসায়ের ট্রেডমার্কের দিককে নির্দেশ করছে।

**ঘ** অঙ্কিত ছবি ও ভাস্কর্য সুরক্ষায় 'কপিরাইট' আইন ব্যবস্থার যথার্থতা রয়েছে বলে আমি মনে করি।

কপিরাইট হলো লেখক বা শিল্পীর সৃষ্টকর্মের ওপর একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থায়ী আইনগত অধিকার। এর মাধ্যমে শিল্পকর্ম নির্দিষ্ট সময়ের জন্য বিক্রি, উন্নয়ন বা ব্যবহারের একক অধিকার লাভ করা যায়। গ্রন্থ, গল্প, প্রবন্ধ, চিত্রকর্ম, ভাস্কর্য, গান, চলচ্চিত্র প্রভৃতির সুরক্ষার জন্য কপিরাইট আইনের সহায়তা নিতে হয়।

উদ্দীপকের জনাব সামিউল আলম একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের চারু ও কারুকলা বিষয়ের একজন শিক্ষক। পাশাপাশি তিনি একজন ভাস্কর এবং ভালো ছবি আঁকতে পারেন। খড়িমাটির মধ্যে পৃথিবীর বিখ্যাত মনীষীদের ছবি খোদাই করে তিনি বেশ সুনাম অর্জন করেছেন। এছাড়া তার কয়েকটি চিত্র ও ভাস্কর্যও নন্দিত হয়েছে। তাই তিনি এগুলো আইনগত সুরক্ষার ব্যবস্থা করেছেন। জনাব সামিউল আলম কপিরাইটের মাধ্যমে তার বুদ্ধিবৃত্তিক সম্পদ সুরক্ষার ব্যবস্থা করেছেন। এতে তিনি তার চিত্রকর্ম ও ভাস্কর্যের একক মালিকানা পাবেন। তাই অন্য কেউ তার চিত্রকর্ম ও ভাস্কর্য ব্যবহার করতে পারবে না। আর করলেও তিনি তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারবেন। এছাড়া ক্ষতিপূরণও আদায় করতে পারবেন। ফলে তিনি তার মেধাসম্পদের সুরক্ষা নিশ্চিত করতে পারবেন। তাই বলা যায়, অঙ্কিত ছবি ও ভাস্কর্য সুরক্ষায় গৃহীত কপিরাইট আইন ব্যবস্থার যথার্থতা রয়েছে।

**প্রশ্ন ▶ ০৬** জনাব আলম ও তার চার বন্ধু অনলাইনে পোশাক বিক্রি করার জন্য "পারফেক্ট ফ্যাশনস" নামে একটি সংগঠন চুক্তির ভিত্তিতে গড়ে তোলেন। তাদের প্রতিষ্ঠানে জনাব আলম ও তার এক বন্ধু পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাদের প্রদত্ত মূলধনের পরিমাণ দুই কোটি টাকা। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তারা সংগঠনের ধরন পরিবর্তন করে তা সম্প্রসারণের সিদ্ধান্ত নিলেন। ব্যাংক ঋণের জটিলতার কথা চিন্তা করে তারা নিজেদের মধ্যে শেয়ার বিক্রয়ের মাধ্যমে অতিরিক্ত তিন কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নিলেন।

ক. সমবায়ের প্রধান নীতিটি কী? ১
খ. সংগঠন কখন নামের অংশ হিসেবে সমবায় শব্দটি ব্যবহার করতে পারবে? ব্যাখ্যা কর। ২
গ. মালিকানার ভিত্তিতে প্রথম পর্যায়ে গঠিত "পারফেক্ট ফ্যাশনস" সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "পারফেক্ট ফ্যাশনস" প্রতিষ্ঠানটি পরবর্তীতে কোম্পানি সংগঠনের ধরন অনুযায়ী মূলধন সংগ্রহ করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** সমবায় সংগঠনের প্রধান নীতি তথা মূলমন্ত্র হলো একতাই বল।

**খ** সংগঠন নিবন্ধিত বা অনুমোদিত হওয়ার পর নামের অংশ হিসেবে সমবায় শব্দটি ব্যবহার করতে পারবে।

সমবায় আইন ২০০১ অনুযায়ী সমবায় সমিতি নিবন্ধিত বা অনুমোদিত হয়। এ আইন অনুযায়ী নিবন্ধিত না হলে কোনো ব্যক্তি, ব্যক্তিসংঘ, সংগঠন বা সমিতি তার নামের অংশ হিসেবে সমবায় বা Cooperative শব্দটি ব্যবহার করতে পারবে না। অর্থাৎ নিবন্ধন ব্যতীত 'সমবায়' শব্দ ব্যবহার নিষিদ্ধ।

**গ** মালিকানার ভিত্তিতে প্রথম পর্যায়ে গঠিত উদ্দীপকের "পারফেক্ট ফ্যাশনস" একটি অংশীদারি ব্যবসায় সংগঠন।

চুক্তির মাধ্যমে দুই বা ততোধিক ব্যক্তি যে ব্যবসায় গঠন করে তাকে অংশীদারি ব্যবসায় বলে। অংশীদারদের পারস্পরিক বিশ্বাসের ওপরই অংশীদারি ব্যবসায় টিকে থাকে। বিশ্বাসের ভিত্তিতে কখনো মৌখিক কখনো বা লিখিত চুক্তির মাধ্যমে এ ব্যবসায় গড়ে তোলা হয়। সদস্য চাইলে সরকার কর্তৃক নির্ধারিত নিবন্ধকের অফিসে তাদের ব্যবসায়টি নিবন্ধন করতে পারে। নিবন্ধন করা বাধ্যতামূলক নয়। তবে নিবন্ধন অংশীদারি ব্যবসায় আইনি সুযোগ-সুবিধা লাভ করতে পারে।

উদ্দীপকের জনাব আলম ও তার চার বন্ধু মিলে একটি পোশাক বিক্রির ব্যবসায় গড়ে তোলেন। ব্যবসায়টি তারা পারস্পরিক বিশ্বাস ও চুক্তির ভিত্তিতে গড়ে তোলেন। তাদের ব্যবসায়ে জনাব আলম ও তার এক বন্ধু পরিচালকের দায়িত্ব পালন করেন। ব্যবসায়ের মুনাফা বণ্টন ও অন্যান্য বিষয়ে তারা চুক্তি অনুসারে সিদ্ধান্ত নেন। আবার ব্যবসায়ের দায়ও তারা সমানভাবে ভাগ করে নেন। এসব বৈশিষ্ট্য অংশীদারি ব্যবসায়ের সাথে সজ্ঞাতিপূর্ণ। তাই বলা যায়, মালিকানার ভিত্তিতে প্রথম পর্যায়ে গঠিত "পারফেক্ট ফ্যাশনস" একটি অংশীদারি ব্যবসায়।

**ঘ** "পারফেক্ট ফ্যাশনস" প্রতিষ্ঠানটি পরবর্তীতে প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রূপান্তর হওয়ায় তাদের মূলধন সংগ্রহ করার যৌক্তিকতা রয়েছে বলে আমি মনে করি।

প্রাইভেট লিমিটেড কোম্পানি আইনসৃষ্ট ব্যবসায় প্রতিষ্ঠান। এটি নিজেদের মধ্যে শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করতে পারে। এতে অধিক পরিমাণ মূলধন সংস্থান করা যায়। ফলে বৃহৎ পরিসরে ব্যবসায় পরিচালন ও সম্প্রসারণ সম্ভব হয়।

উদ্দীপকের আলম ও তার চার বন্ধু মিলে প্রথমে "পারফেক্ট ফ্যাশনস" নামে একটি অংশীদারি ব্যবসায় স্থাপন করেন। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তারা সংগঠনের ধরন পরিবর্তন ও ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। ব্যাংক ঋণের জটিলতার কারণে সেখান থেকে তারা অর্থায়নে আগ্রহী নয়। তাই তার নিজের মধ্যে শেয়ার বিক্রয়ের মাধ্যমে অতিরিক্ত ৩ কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন।

জনাব আলম ও তার বন্ধুদের "পারফেক্ট ফ্যাশনস" প্রাইভেট লিমিটেড কোম্পানি হওয়ায় তারা নিজের মধ্যে শেয়ার বিক্রয় করতে পারবে। এতে তারা তাদের প্রয়োজনীয় মূলধন সহজেই সংগ্রহ করতে পারবে। অন্যদিকে ব্যাংক ঋণের জটিলতা থেকেও তারা মুক্তি পাবে। নিজেরাই মূলধন সরবরাহ করায় ব্যবসায় সম্প্রসারণ খুবই সহজ হবে। এতে তারা অধিক উৎপাদন সুবিধা পাবে। পরিশেষে বলা যায়, "পারফেক্ট ফ্যাশনস" এর মূলধন সংগ্রহ করায় যৌক্তিকতা রয়েছে।

**প্রশ্ন ▸ ০৭** নুরু মিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে প্রচুর পরিমাণে আম ক্রয় করে তা স্থানীয় ফল বিক্রেতাদের নিকট বিক্রয় করেন। সম্প্রতি তিনি হিরু মিয়া নামে একজন নম্র ও ভদ্র বিক্রয়কর্মী নিয়োগ দেন। বিক্রয়কর্মী শিক্ষিত হওয়ায় সবার প্রতি সচেতন থেকে ভালো আচরণ করেন এবং কোনো ক্রেতা যদি পণ্যের মান ও মূল্য সম্পর্কে নেতিবাচক মন্তব্য করেন তিনি তা হাসিমুখে মেনে নেন।

ক. বিপণন কী? ১

খ. ভোক্তা বিশ্লেষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বণ্টন প্রণালি অনুযায়ী নুরু মিয়ার অবস্থান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হিরু মিয়াকে একজন আদর্শ বিক্রয়কর্মী বলা যায় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[য. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তা বা ব্যবহারকারীর নিকট পৌঁছে দেওয়ার যাবতীয় কার্যাবলিকে বিপণন বলে।

**খ** ভোক্তার চাহিদা, রুচি, পছন্দ প্রভৃতি যাচাই-বাছাই করা হলো ভোক্তা বিশ্লেষণ।

ভোক্তা বিশ্লেষণের মাধ্যমে ক্রেতা ভোক্তা বা ব্যবহারকারীর চাহিদা ও রুচি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। এটি বিপণনের একটি গুরুত্বপূর্ণ কাজ। এটি বিশ্লেষণের মাধ্যমে রুচি, চাহিদা, বৈশিষ্ট্য ও আগ্রহ বিশ্লেষণ ও মূল্যায়ন করা হয়। কারণ যথাযথভাবে ভোক্তা বিশ্লেষণের কাজটি করতে না পারলে ব্যবসায়িক ঝুঁকি বেড়ে যায় এবং ব্যবসায়ের প্রসার ব্যাহত হয়।

**গ** বণ্টন প্রণালিতে নুরু মিয়া পাইকারি ব্যবসায়ী হিসেবে অবস্থান করছেন।

উৎপাদনকারী থেকে বেশি পরিমাণে পণ্য কিনে খুচরা ব্যবসায়ীর কাছে বিক্রি করে। এভাবে পাইকার উৎপাদক ও খুচরা ব্যবসায়ীর মাঝে সেতুবন্ধনের কাজটি করে। উৎপাদকের কাছ থেকে পণ্য বা সেবা চূড়ান্ত ভোক্তার কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়াকে বণ্টন প্রণালি বলা হয়। পণ্য বিক্রয়ের কাজ পরিচালনা করতে বণ্টন প্রণালির প্রয়োজন হয়। এর শুরুতে থাকে উৎপাদক। এরপর পাইকার ও খুচরা ব্যবসায়ী থাকে। আর সবশেষে ভোক্তার অবস্থান।

উদ্দীপকের নুরু মিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে প্রচুর পরিমাণে আম কিনেন। পরবর্তীতে সেগুলো তিনি স্থানীয় ফল বিক্রেতাদের কাছে বিক্রি করেন। এক্ষেত্রে নুরু মিয়া রাজশাহীর আমের উৎপাদক ও স্থানীয় বিক্রেতাদের মাঝে যোগসূত্র স্থাপন করছেন। বৈশিষ্ট্য অনুযায়ী পণ্য বণ্টন প্রণালিতে তার সম্পাদিত কাজগুলো পাইকারি ব্যবসায়ীর কাজের সাথে মিলে যায়। সুতরাং, বণ্টন প্রণালিতে নুরু মিয়া পাইকারি ব্যবসায়ী হিসেবে অবস্থান করছেন।

**ঘ** উদ্দীপকের হিরু মিয়াকে একজন আদর্শ বিক্রয়কর্মী বলা যায়।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনের বিক্রয়কর্মীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মীর দ্বারা অনেকাংশে প্রভাবিত হয়। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেক গুণের অধিকারী হতে হয়। একজন বিক্রয়কর্মী তার গুণাবলির মাধ্যমে আদর্শ বিক্রয়কর্মী হয়ে ওঠেন। তিনি তার নিজস্ব গুণ বা বৈশিষ্ট্য দিয়ে ক্রেতা ও ভোক্তাদের সহজে আকৃষ্ট করতে পারেন।

উদ্দীপকের নুরু মিয়া একজন পাইকারি ফল ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে আম কিনে স্থানীয় ফল বিক্রেতাদের সরবরাহ করেন। সম্প্রতি তিনি নিজের কাজে সহায়তার জন্য হিরু মিয়া নামক একজন ভদ্র, নম্র বিক্রয়কর্মী নিয়োগ দেন। হিরু মিয়া শিক্ষিত হওয়ায় সবার সাথে সচেতন থেকে ভালো আচরণ করেন। পাশাপাশি তিনি পণ্যের মান ও মূল্য সম্পর্কে ভোক্তাদের নেতিবাচক মনোভাব হাসিমুখে গ্রহণ করেন।

এক্ষেত্রে হিরু মিয়ার শিক্ষাগত যোগ্যতা থাকায় ব্যবসায়ের বিভিন্ন পরিস্থিতিতে কেমন আচরণ করা উচিত সে সম্পর্কে তিনি অবগত। তাই যেকোনো পরিস্থিতি তিনি সহজেই মোকাবিলা করতে পারেন। এছাড়া তার নম্র, ভদ্র ও মার্জিত ব্যবহার ক্রেতাদের বেশি আকৃষ্ট করে। তাই তারা পণ্য কিনতে আগ্রহী হয়। পাশাপাশি তিনি ক্রেতাদের যেকোনো নেতিবাচক মন্তব্য হাসিমুখে গ্রহণ করেন। এর মাধ্যমে তার ইতিবাচক দৃষ্টিভঙ্গির প্রকাশ পায়। এসব দিক তার আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির প্রমাণ দেয়। তাই, জনাব হিরু মিয়াকে একজন আদর্শ বিক্রয়কর্মী বলা হয়।

**প্রশ্ন ▶ ০৮** জনাব আদনান যশোরের বিসিক এলাকায় সোনালী ব্যাংক থেকে বিশ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি কোমল পানীয় তৈরির কারখানা স্থাপন করেন। কর অবকাশ সুবিধা নেয়ার জন্য তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করেন। তিনি পণ্যের গুণগত মানের ক্ষেত্রে আপোষহীন। তাই তিনি উন্নতমানের কোমল পানীয় তৈরির জন্য কোন ধরনের মেশিন ব্যবহার করবেন এবং মেশিন ক্রয়ের ক্ষেত্রে পুঁজি আসবে কোন উৎস থেকে এগুলো পূর্বেই নির্ধারণ করেন। ফলে জনাব আদনানের কারখানা দ্রুত সম্প্রসারণ হয়।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. এসএমই-কে Employment Generating Machine হিসেবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আদনানের কারখানা স্থাপনের ক্ষেত্রে আর্থিক সহায়তার উৎস কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আদনানের কারখানা সম্প্রসারণের ক্ষেত্রে সমর্থনমূলক সহায়তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** NGO-এর পূর্ণরূপ হলো Non-Government Organization.

**খ** এসএমই এর মাধ্যমে বিপুলসংখ্যক কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে বিধায় এসএমইকে Employment Generating Machine বলা হয়।

ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় সম্প্রসারণ, উন্নয়ন, তথ্য ও প্রযুক্তি সরবরাহ, ঋণ সহায়তা ইত্যাদি প্রদানের মাধ্যমে এগিয়ে নিতে বাংলাদেশ সরকারের স্বাধীন, স্বতন্ত্র ও অমুনাফাভোগী ফাউন্ডেশনকে এসএমই ফাউন্ডেশন বলে। এসএমই খাতটি সাধারণত শ্রমঘন হওয়ায় তা জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে দ্রুত অবদান রাখতে সক্ষম। এ কারণে এসএমই-কে 'Employment Generating Machine' বা কর্মসংস্থান সৃষ্টিকারী যন্ত্র বলা হয়।

**গ** জনাব আদনানের কারখানা স্থাপনের ক্ষেত্রে আর্থিক সহায়তার উৎস হলো বাণিজ্যিক ব্যাংক।

দেশের চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক) এবং বাংলাদেশ কৃষি ব্যাংক তাদের বিভিন্ন শাখার মাধ্যমে উদ্যোক্তাদের আর্থিক সেবা দিয়ে আসছে। এক্ষেত্রে ব্যবসায় বা প্রকল্পের ধরন অনুযায়ী ঋণসীমা সর্বনিম্ন ৫০ হাজার টাকা থেকে সর্বোচ্চ ১০ কোটি টাকা হয়ে থাকে। শিল্পোদ্যোক্তারা এ ঋণ নিয়ে সহজে তাদের শিল্প স্থাপন ও প্রয়োজনে তা সমপ্রসারণ করতে পারেন। বিশেষ করে শ্রমঘন ও কর্মসংস্থানমুখী ক্ষুদ্র ও মাঝারি শিল্পের দ্রুত প্রসারের জন্য ব্যাংকগুলো বিভিন্ন সহায়তা প্রদান করে।

উদ্দীপকের জনাব আদনান যশোরের বিসিক এলাকায় একটি কোমল পানীয় তৈরির কারখানা স্থাপন করেন। এ কারণে তার অধিক পরিমাণ মূলধনের প্রয়োজন হয়। তাই তিনি সোনালী ব্যাংক থেকে বিশলক্ষ টাকা ঋণ নেন। এই মূলধনের কারণে জনাব আদনানের কারখানা স্থাপন করা সম্ভব হয়েছে। সোনালী ব্যাংকের মতো বাণিজ্যিক ব্যাংকগুলো দেশের শিল্প খাতের অগ্রগতির জন্য এ ধরনের সহায়তা প্রদান করে। সুতরাং, জনাব আদনান কারখানা স্থাপনের জন্য বাণিজ্যিক ব্যাংক থেকে আর্থিক সহায়তা নিয়েছেন।

**ঘ** জনাব আদনানের কারখানা সম্প্রসারণের ক্ষেত্রে সমর্থনমূলক সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ব্যবসায় গঠনে আগ্রহী হওয়ার পর বাস্তবে তা স্থাপনে সমর্থনমূলক সহায়তা প্রয়োজন। এর মাধ্যমে উদ্যোক্তা সঠিকভাবে শিল্প স্থাপন, পরিচালনা এবং সম্পদের যথাযথ ব্যবহার করতে পারেন। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা, বেসিক ব্যাংক লিমিটেড, সরকারি ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক প্রভৃতি এ ধরনের সহায়তা দেয়।

উদ্দীপকের জনাব আদনান যশোরের বিসিক শিল্প এলাকায় একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। কর অবকাশ সুবিধা নেওয়ার জন্য তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করেন। উন্নতমানের জুস তৈরির জন্য কোন ধরনের মেশিন ভালো হবে তিনি এ বিষয়ে আগে থেকেই চিন্তা করেন। আবার তিনি প্রয়োজনীয় অর্থ কোন উৎস থেকে আসবে, তা পূর্ব থেকেই নির্ধারণ করেন।

জনাব আদনান শিল্প স্থাপনে সমর্থনমূলক সহায়তা পেয়েছেন। তিনি সরকারি নিয়ম-নীতির আওতায় তার প্রতিষ্ঠানটির নিবন্ধন করতে পেরেছেন। এতে তার ব্যবসায়টি কার্যক্রমের বৈধতা এবং কর অবকাশ সুবিধা পেয়েছে। এছাড়া তিনি বিসিক, বাণিজ্যিক ব্যাংক প্রভৃতি সংস্থা হতে প্রয়োজনীয় পরামর্শ ও অর্থ সহায়তা পেয়েছেন। ফলে তিনি ব্যবসায়ের কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখতে পেরেছেন। এতে তিনি অধিক উৎপাদন সুবিধা লাভ করেছেন। এভাবে তিনি তার ব্যবসায়ের আরও সম্প্রসারণ করতে পেরেছেন। সুতরাং, জনাব আদনানের কারখানা সম্প্রসারণে সমর্থনমূলক সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব নাবিলের কুষ্টিয়ায় কাপড় তৈরির একটি কারখানা রয়েছে। তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের সময়মত বেতন ও মজুরি প্রদান করেন। তিনি ন্যায্য ও সঠিক মূল্যে কাপড় বিক্রি করেন। এতে তার ব্যবসায়ে প্রচুর মুনাফা অর্জিত হয়। কিন্তু তিনি নিয়মিত আয়কর পরিশোধ করেন না। তাছাড়া প্রতিষ্ঠানের বর্জ্য নির্দিষ্ট জায়গায় না ফেলে যেখানে সেখানে ফেলেন। এ কারণে স্থানীয় লোকজন তার উপর ক্ষুব্ধ।

ক. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা কী? ১

খ. মূল্যবোধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নাবিলের ব্যবসায়টি পরিবেশে কোন ধরনের দূষণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাবিলের ব্যবসায়টি বিভিন্ন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা কতটুকু পালন করেছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের জন্য ব্যবসায়ীর কিছু কল্যাণমূলক কাজ করা হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

**খ** যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে তাই মূল্যবোধ।

মূল্যবোধ মানুষের জীবন ইতিবাচক, মঙ্গলময় ও কল্যাণময় দিকের নির্দেশনা দেয়। অন্যায় থেকে ন্যায়, অধর্ম থেকে ধর্মকে আলাদা করতে এটি জ্ঞানবোধ জাগ্রত করে। ভালো-মন্দ বা ন্যায়-অন্যায়ের পার্থক্য নিরূপণ করার ক্ষেত্রে মূল্যবোধ মানুষকে সাহায্য করে থাকে। মূল্যবোধ মানুষের ইতিবাচক চিন্তায় প্রভাবিত করে ও জীবনে কল্যাণ বয়ে আনে।

**গ** জনাব নাবিলের ব্যবসায়টি পরিবেশের বায়ু দূষণ করে।
প্রকৃতিতে মানুষের কর্মকাণ্ডের খারাপ প্রভাব প্রতিফলিত হওয়া হলো পরিবেশ দূষণ। ব্যবসা বা শিল্পোন্নয়নের সবচেয়ে বড়ো সমস্যা হলো এই পরিবেশ দূষণ। একদিকে যেমন– শিল্প বর্জ্য নদী-নালায় মিশে পানি দূষিত হচ্ছে। অপরদিকে যত্রতত্র ময়লা আবর্জনা নিক্ষেপ ও যানবাহনের ধোঁয়া বায়ু দূষণ করছে।
উদ্দীপকের জনাব নাবিলের কুষ্টিয়ায় কাপড় তৈরির একটি কারখানা রয়েছে। কিন্তু তিনি বর্জ্য নিষ্কাশনের ক্ষেত্রে মোটেও সচেতন নন। তিনি তার প্রতিষ্ঠানের বর্জ্য নির্দিষ্ট জায়গায় না ফেলে যেখানে সেখানে ফেলেন। পরবর্তীতে সে বর্জ্যগুলো পঁচে দুর্গন্ধ ছড়ায়। এতে অত্র এলাকার বায়ু দূষিত হয়। এ বায়ু দূষণের ফলে মানুষ নানাবিধ রোগে আক্রান্ত হয়। সুতরাং জনাব নাবিলের ব্যবসায়টি বায়ু দূষণের জন্য দায়ী।

**ঘ** জনাব নাবিলের ব্যবসায়টি বিভিন্ন পক্ষের প্রতি সমানভাবে সামাজিক দায়বদ্ধতা পালন করেনি বলে আমি মনে করি।
বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে ব্যবসায়ীর কাজ শুধু মুনাফা অর্জনে সীমাবদ্ধ থাকে না। তাকে বিভিন্ন পক্ষ যেমন রাষ্ট্র, সমাজ ক্রেতা-ভোক্তা ও কর্মচারীর প্রতিও দায়িত্ব পালন করতে হয়। এতে প্রতিষ্ঠানের ব্যবসায়িক সুনাম বাড়ে। প্রতিষ্ঠানের প্রতি জনগণ আস্থাশীল হয়।
উদ্দীপকের জনাব নাবিলের কুষ্টিয়ায় কাপড় তৈরির একটি কারখানা আছে। তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের সময়মতো বেতন ও মজুরি প্রদান করেন। তিনি ন্যায্য ও সঠিক মূল্যে কাপড় বিক্রি করেন। কিন্তু তিনি নিয়মিত কর পরিশোধ করেন না। তাছাড়া তিনি তার প্রতিষ্ঠানের বর্জ্য নির্দিষ্ট জায়গায় না ফেলে যেখানে সেখানে ফেলেন।
জনাব নাবিল তার কর্মকাণ্ডের মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের প্রতি তার সামাজিক দায়বদ্ধতা যথাযথভাবে পালন করেছেন। আবার ন্যায্যমূল্যে কাপড় বিক্রি করে ক্রেতা-ভোক্তাদের প্রতিও তার দায়িত্ব পালন করছেন। কিন্তু তিনি নিয়মিত আয়কর পরিশোধ করেন না। এটি রাষ্ট্রের প্রতি তার সামাজিক দায়িত্ব পালনের অবহেলা। আবার তিনি যেখানে সেখানে প্রতিষ্ঠানের বর্জ্য ফেলে পরিবেশ দূষণ করেন। এটি সমাজের প্রতি তার ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনের অবজ্ঞা প্রকাশ করে। তাই বলা যায়, জনাব নাবিল সমাজের বিভিন্ন পক্ষের প্রতি সমানভাবে সামাজিক দায়বদ্ধতা পালন করেননি।

**প্রশ্ন ▶ ১০** মেহেদী ২০২০ সালে বুয়েট থেকে ইঞ্জিনিয়ারিং পাস করে কয়েকজন বন্ধুসহ "রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লিঃ" নামে একটি গাড়ি কোম্পানি স্থাপনের প্রকল্প গ্রহণ করেন। প্রকল্প গ্রহণের সময় তারা পুরো কর্মকাণ্ডের দীর্ঘমেয়াদি একটি আর্থিক বিবরণী ছক প্রণয়ন করেন। বাজার জরিপ করে পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণ করেন। প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট মূলধন নিজেদের না থাকায় মূলধন সংগ্রহের বিকল্প উৎসও নির্ধারণ করেন। ভবিষ্যতে প্রকল্পটি জাতীয় অর্থনীতিতে কীভাবে অবদান রাখতে পারবে তারও একটি ছক নির্ধারণ করেন।

ক. সম আয়-ব্যয় বিন্দু কী? ১
খ. শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল কোন পরিবেশ থেকে আসে? ব্যাখ্যা কর। ২
গ. "রায়না অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ লিঃ" এর প্রকল্প বাস্তবায়নে কোন ধরনের মূলধন প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "রায়না অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ লিঃ" প্রকল্পটি নির্বাচনের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং এর উপাদানসমূহ বিবেচনা করার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** যে পরিমাণ পণ্য বিক্রি করলে কোনো ব্যবসায়ের মোট ব্যয় ও আয় সমান হয় তাকে সম আয়-ব্যয় বিন্দু বলে।

**খ** শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল প্রাকৃতিক পরিবেশ থেকে আসে।
ব্যবসায়ের ক্ষেত্রে প্রাকৃতিক পরিবেশ গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে। কারণ শিল্পের যাবতীয় কাঁচামাল প্রাকৃতিক পরিবেশ থেকেই সংগ্রহ করা হয়। তাই ব্যবসায়ের সফলতা অনুকূল প্রাকৃতিক পরিবেশের ওপর অনেকাংশে নির্ভর করে।

**গ** "রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লি." এর প্রকল্প বাস্তবায়নে স্থায়ী ও চলতি মূলধন সংগ্রহ করা প্রয়োজন।
স্থায়ীভাবে বা দীর্ঘদিন কোনো সম্পত্তি ব্যবহার করার জন্য স্থায়ী মূলধনের প্রয়োজন হয়। এ জাতীয় খরচ ব্যবসায় শুরুর সময়ে করতে হয়। আর চলতি মূলধনের মাধ্যমে ব্যবসায়ের দৈনন্দিন কাজ পরিচালনা করা হয়। প্রকল্প সফলভাবে বাস্তবায়নের জন্য উভয় ধরনের মূলধন আবশ্যক।
উদ্দীপকের মেহেদি বুয়েট থেকে ইঞ্জিনিয়ারিং পাস করে কয়েকজন বন্ধুকে সাথে নিয়ে একটি গাড়ি কোম্পানি স্থাপনের প্রকল্প নেন। প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট অর্থ না থাকায় তারা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন। সাধারণত জমি, দালান, আসবাবপত্র কেনার জন্য প্রাথমিক ব্যয় নির্বাহ করতে হয়। প্রকল্প প্রণয়নের শুরুতেই এই ব্যয় নির্বাহ করতে হয়। এজন্য স্থায়ী মূলধন দরকার আবার প্রকল্প চালু হওয়ার পর উৎপাদন কাজ চালু রাখার জন্য প্রতিনিয়ত কাঁচামাল ক্রয়, অফিস পরিচালনা ও শ্রমিকদের মজুরি দেওয়ার জন্যও অর্থের প্রয়োজন। এই ব্যয়গুলো জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়। তাই বলা যায়, রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লি.-এর প্রকল্প বাস্তবায়নে মেহেদীদের স্থায়ী ও চলতি দুই ধরনের মূলধনই প্রয়োজন।

**ঘ** "রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লি." প্রকল্পটি নির্বাচনের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং এর উপাদানসমূহ বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি।
প্রকল্প নির্বাচনে উদ্যোক্তা যে উপাদানগুলো নিজে নিয়ন্ত্রণ করতে পারেন তাকে মাইক্রোস্ক্রিনিং বলে। বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও অর্থনৈতিক দিক মাইক্রোস্ক্রিনিংয়ের উপাদান। এ উপাদানগুলো ব্যবসায়ের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে।
উদ্দীপকের মেহেদি ও তার কয়েকজন বন্ধু মিলে "রায়না অটোমোবাইলস ইন্ডাস্ট্রিজ লি." নামে একটি গাড়ি কোম্পানি স্থাপনের প্রকল্প গ্রহণ করেন। তারা বাজার জরিপ করে পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণ করেন। অর্থাৎ তারা গ্রাহকদের চাহিদা, দৃষ্টিভঙ্গি ও আগ্রহ, প্রতিযোগীদের সংখ্যা প্রভৃতি যাচাই করেন। এ উপাদানগুলো মাইক্রোস্ক্রিনিং পদ্ধতির অন্তর্গত।

মেহেদী ও তার বন্ধুরা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রথমে বাজার জরিপ করেছেন। এর মাধ্যমে তারা ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ এবং বাজারে প্রতিযোগীদের অবস্থান সম্পর্কে ধারণা পেয়েছেন। পাশাপাশি তারা প্রকল্পের উৎপাদিত পণ্যের বাজার চাহিদা ও বাণিজ্যিক দিক নির্ধারণ করেছেন। এছাড়া প্রকল্পটিতে কোন ধরনের উৎপাদন প্রক্রিয়া অনুসৃত হবে, কী ধরনের যন্ত্র নির্বাচন করতে হবে, সেটিও তারা বিবেচনা করেছেন। এতে তাদের প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন সম্ভব হবে। আবার জাতীয় অর্থনীতিতে প্রকল্পটির অবদানও তারা যাচাই করেছেন। ফলস্বরূপ তারা একটি টেকসই প্রকল্প নির্বাচন করতে পেরেছেন। তাই বলা যায়, উদ্দীপকের প্রকল্পটি নির্বাচনের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং এর উপাদানসমূহ বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে।

**প্রশ্ন ▸ ১১** পবন ও পলাশ দুই বন্ধু। পবন তার ব্যবসায় পরিচালনার জন্য জনতা ব্যাংক থেকে আট লক্ষ টাকা ঋণ নেন। তিনি নেতা-কর্মীদের উপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত থাকেন। কর্মীদের জবাবদিহিতা আদায় করেন না। পক্ষান্তরে, পলাশ ব্যবসায়ের নেতাকর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এতে কর্মীরা প্রতিষ্ঠানটিকে নিজেদের অংশ মনে করেন। ফলে পলাশ এর ব্যবসায়টি দিন দিন উন্নতির দিকে যাচ্ছে। কিন্তু পবন এর ব্যবসায়টি পলাশ-এর ব্যবসায়ের মতো সফলতা পাচ্ছে না।

ক. পরিকল্পনা কী? ১

খ. কর্মীদের প্রেষণাদান করা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. পবন কোন ধরনের উৎস থেকে অর্থায়ন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পবনের ব্যবসায়টি পলাশের ব্যবসায়ের মত সফল না হওয়ার কারণ যা নেতৃত্বের ধরন অনুযায়ী বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো ব্যবসায় সংগঠনের পূর্বনির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতে কী কাজ, কে, কীভাবে, কখন করবে তা নির্ধারণ করাকে পরিকল্পনা বলে।

**খ** কর্মীদের পূর্ণ কার্যক্ষমতা ব্যবহারের লক্ষ্যে তাদেরকে কাজের প্রতি অনুপ্রাণিত বা উৎসাহিত করার জন্য প্রেষণা দেওয়া হয়।

মানুষের ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে প্রভাবিত করে স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আগ্রহ তৈরি করা প্রেষণার উদ্দেশ্য। এটি কর্মীদের মানসিক অবস্থাকে প্রতিষ্ঠান ও কাজের প্রতি ইতিবাচক করে তোলে। এতে কাজের প্রতি কর্মীর মনোবল বাড়ে। এজন্য কর্মীদের প্রেষণা দেওয়া হয়।

**গ** পবন বাণিজ্যিক ব্যাংক থেকে অর্থ সংগ্রহ করেছেন।

ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস হলো বাণিজ্যিক ব্যাংক। এগুলো মুনাফাকেন্দ্রিক আর্থিক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানগুলো জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে। অতঃপর ব্যবসায়ীদের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি নগদ অর্থ ঋণ দিয়ে থাকে।

উদ্দীপকে পবন ব্যবসায় পরিচালনার জন্য জনতা ব্যাংক থেকে আট লক্ষ টাকা ঋণ নেন। জনতা ব্যাংক বাংলাদেশের একটি সরকারি প্রতিষ্ঠান। এটি ব্যবসায়ীদের বিভিন্ন মেয়াদে নগদ অর্থ ধার দিয়ে থাকে। এছাড়া প্রতিষ্ঠানটি ব্যবসায় স্থাপন ও সম্প্রসারণের ক্ষেত্রেও উদ্যোক্তাদের সহায়তা করে। তাছাড়া এটি জনগণের কাছ থেকে বিভিন্ন হিসাবের মাধ্যমে আমানত গ্রহণ করে। এসব কাজ বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সম্পন্ন হয়। সুতরাং পবন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে অর্থায়ন করেছেন।

**ঘ** পবনের ব্যবসায়টি মুক্ত নেতৃত্ব অনুসরণ করার ফলে গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করা পলাশের ব্যবসায়ের মতো সফল হতে পারেনি বলে আমি মনে করি।

মুক্ত নেতৃত্বে নেতা কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত থাকেন। তিনি কর্মীদের জবাবদিহিতা আদায় করেন না। কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে থাকে। অপরদিকে গণতান্ত্রিক নেতৃত্বে নেতা কর্মীদের কাজের জবাবদিহিতা আদায় করেন। প্রয়োজনীয় বিষয়ে তাদের সাথে আলোচনা করেন ও পরামর্শ গ্রহণ করেন।

উদ্দীপকে পবন তার ব্যবসায়ের কাজে নেতা-কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্ত থাকেন। তিনি কর্মীদের জবাবদিহিতা নিশ্চিত করেন না। অর্থাৎ, তিনি মুক্ত নেতৃত্ব অনুসরণ করেন। অপরদিকে পলাশ তার ব্যবসায়ে নেতা-কর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এটি গণতান্ত্রিক নেতৃত্বের বহিঃপ্রকাশ।

পবন তার ব্যবসায়ের মুক্ত নেতৃত্ব অনুসরণ করার ফলে কর্মীরা কাজের প্রতি উদাসীন থাকে। তারা তাদের ইচ্ছামতো কাজ করে। এতে সময়মতো কোনো কাজ সম্পাদন হয় না। ফলে তার ব্যবসায় প্রতিষ্ঠানটি সফলতা পাচ্ছেন। অপরদিকে পলাশ গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করার ফলে কর্মীরা প্রতিষ্ঠানের প্রতি অনুগত থাকেন। তারা সময়মতো কাজ করেন ও কাজের প্রতি আগ্রহী থাকেন। ফলে তার ব্যবসায় প্রতিষ্ঠান উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। অতএব মুক্ত নেতৃত্ব অনুসরণ করার ফলে পবনের ব্যবসায়টি পলাশের ব্যবসায়ের মতো সফল হয়নি।

# চট্টগ্রাম বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কোনটি উৎপাদন শিল্পের অন্তর্গত?**
ক) রাস্তা তৈরি খ) গ্যাস উত্তোলন
গ) ফার্নিচার তৈরি ঘ) হ্যাচারী

২. **পণ্য বিনিময় নিম্নের কোন বাঁধা দূর করে?**
ক) স্থানগত খ) স্বত্বগত গ) সময়গত ঘ) অর্থগত

৩. **'শিল্পনীতি' ম্যাক্রোস্ক্রিনিং এর কোন ধরনের প্রভাবক?**
ক) সাংস্কৃতিক খ) অর্থনৈতিক গ) আইনগত ঘ) রাজনৈতিক

☐ **নিচের উদ্দীপকের আলোকে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রনি একজন উদ্যোক্তা। বর্তমানে তিনি তার প্রতিষ্ঠিত কোম্পানির জুস ও চিপস কারখানা স্থাপনের সম্ভাব্যতা যাচাই করেছেন। জুস কারখানা স্থাপনের জন্য তিনি রাজশাহী ও সাতক্ষীরা দুটি জেলার কথা ভাবছেন। তবে চিপস কারখানা স্থাপনের ক্ষেত্রে তিনি হিসাব করে দেখলেন প্রতি প্যাকেট ১০ টাকা করে বছরে ১,০০,০০০ প্যাকেট বিক্রয় করতে পারলে প্রথম ৩ বছরে কোনো লাভ হবে না। ৩ বছর পর প্রকল্পটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে সক্ষম হবে।

৪. **মি. রনি জুস কারখানা স্থাপনের সময় ব্যবসায় পরিবেশের কোন উপাদানটি বিবেচনা করেছেন?**
ক) প্রাকৃতিক খ) অর্থনৈতিক গ) সামাজিক ঘ) প্রযুক্তিগত

৫. **মি. রনি চিপস কারখানা স্থাপনের ক্ষেত্রে–**
i. মাইক্রোস্ক্রিনিং করেছেন ii. ম্যাক্রোস্ক্রিনিং করেছেন
iii. সম আয়-ব্যয় বিবরণী বিশ্লেষণ করেছেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. **সফল উদ্যোক্তা হতে হলে সবচেয়ে বেশি প্রয়োজন–**
ক) বিপুল পরিমাণ অর্থ খ) মূল্যবান সম্পদ
গ) প্রবল ইচ্ছাশক্তি ঘ) সফল প্রশিক্ষণ

৭. **ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশ তৈরির জন্য অবকাঠামোগত উপাদান হচ্ছে–**
ক) কর মওকুফ খ) গ্যাস সরবরাহ
গ) পুঁজির যোগান ঘ) অর্থনৈতিক স্থিতিশীলতা

৮. **নিম্নের কোনটি বেতনভিত্তিক কর্মসংস্থানের উদাহরণ?**
ক) কয়েল প্রস্তুতকরণ খ) জাহাজ নির্মাণ
গ) সরকারি চাকরি ঘ) ব্যবসায়

৯. **আত্মকর্মসংস্থানের ক্ষেত্রে কোনটি নির্বাচনে অবকাঠামোগত সুবিধার প্রতি লক্ষ্য রাখা প্রয়োজন?**
ক) স্থান নির্বাচন খ) কর্মী নির্বাচন
গ) সঠিক পণ্য নির্বাচন ঘ) পণ্যের বাজার চাহিদা

☐ **নিচের উদ্দীপকের আলোকে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাহিদের উত্তরা ও বাড্ডা এলাকায় দুইটি কনফেকশনারি স্টোর আছে। বিভিন্ন বিষয়ে তার সিদ্ধান্তই চূড়ান্ত। কর্মীদের ছুটি প্রদানের ক্ষেত্রেও তিনি আপোষহীন। তবে তাদের ব্যক্তিগত বা পারিবারিক অসুবিধায় তিনি সবসময় পাশে থাকেন। বর্তমানে তিনি বেইলী রোডে দোকানের একটি শাখা স্থাপনের চিন্তা করছেন এবং আগের দোকানের অভিজ্ঞ দুইজন কর্মচারীকে ঐ দোকানের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন।

১০. **বেইলী রোডে নতুন শাখা খোলার ক্ষেত্রে জনাব জাহিদের সম্পাদিত ব্যবস্থাপকীয় কাজটি হচ্ছে–**
ক) পরিকল্পনা খ) সমন্বয় গ) নির্দেশনা ঘ) নিয়ন্ত্রণ

১১. **জনাব জাহিদ–**
i. একজন স্বৈরতান্ত্রিক নেতা ii. জেন্ডার সচেতন গুণসম্পন্ন নেতা
iii. মানবীয় সম্পর্ক অনুধাবন গুণসম্পন্ন নেতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. **নিচের কোনটি নির্দেশনা কৌশলের অন্তর্ভুক্ত?**
ক) পুরস্কার খ) শাস্তি প্রদান গ) বোনাস প্রদান ঘ) মতবিনিময়

১৩. **পরিকল্পনা অনুযায়ী কাজ হচ্ছে কিনা তা যাচাই করা হয় কোনটির মাধ্যমে?**
ক) প্রেষণা খ) নির্দেশনা
গ) নিয়ন্ত্রণ ঘ) সংগঠিতকরণ

১৪. **নিচের কোন ব্যবসায় সংগঠনের ক্ষেত্রে ব্যবসায়ের পরিধি বৃদ্ধির সুযোগ সবচেয়ে বেশি?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) প্রাইভেট লিমিটেড ঘ) পাবলিক লিমিটেড

১৫. **শহরে একমালিকানা ব্যবসায় করতে হলে কোথা থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হয়?**
ক) পৌরসভা খ) জেলা প্রশাসক
গ) উপজেলা পরিষদ ঘ) ইউনিয়ন পরিষদ

☐ **নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সায়েম নিত্য নতুন মোবাইল গেইমস তৈরি করেন। তার প্রস্তুতকৃত গেমসসমূহ বাজারজাত করার জন্য তিনি APP BAZAR এর সাথে চুক্তিবদ্ধ। বাজারজাতকৃত গেমসসমূহের মূল্যের ৬৫% তিনি APP BAZAR থেকে পেয়ে থাকেন। এছাড়া তিনি একটি বিমা কোম্পানির সাথে নির্দিষ্ট অর্থের বিনিময়ে ১০ বছরের জন্য চুক্তিবন্ধ হয়েছেন। ৫ বছর পর তিনি হঠাৎ মৃত্যুবরণ করলে তার স্ত্রী বিমা কোম্পানির নিকট বিমাকৃত অর্থ দাবি করে।

১৬. **জনাব সায়েম APP BAZAR এর মধ্যে সম্পাদিত চুক্তিটি কোন ধরনের মেধা সম্পন্ন?**
ক) পেটেন্ট খ) ট্রেডমার্ক
গ) কপিরাইট ঘ) ফ্রানসাইজিং

১৭. **জনাব সায়েমের গৃহীত বিমা চুক্তি দ্বারা–**
i. ক্ষতিপূরণ করা সম্ভব ii. মনোনীত ব্যক্তির অর্থ পাওয়া সম্ভব
iii. বিমাকৃত অর্থ প্রাপ্তি সব সময় চিহ্নিত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮. **পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
ক) বিসিক খ) বিটাক গ) বিটিআরসি ঘ) বিএসটিআই

১৯. **ভালো-মন্দের বিচার বিশ্লেষণ করতে সহায়তা করে নিম্নের কোনটি?**
ক) সততা খ) নৈতিকতা গ) সচেতনতা ঘ) সামাজিকতা

২০. **করাত কল স্থাপনের ফলে–**
i. বায়ু দূষণ হয় ii. শব্দ দূষণ হয় iii. মাটি দূষণ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. **রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড প্রবর্তন করেন কে?**
ক) জহুরুল ইসলাম খ) লুৎফা সানজিদা
গ) স্যামসন এইচ চৌধুরী ঘ) আবুল কালাম আজাদ

☐ **নিচের উদ্দীপকের আলোকে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শামীম তার নিজ গ্রামে কারখানা প্রতিষ্ঠা করেছেন এবং সেখানে গ্রামের যুবকদের কাজে নিয়োগ দিয়েছেন। প্রতিষ্ঠানে তিনি কাজের সুন্দর পরিবেশ নিশ্চিত করেছেন। গ্রামের দুস্থ ও দরিদ্র পরিবারের সন্তানেরা যাতে পড়ালেখা করতে পারে তাই তিনি কারখানার পাশে একটি বিদ্যালয় স্থাপন করেছেন।

২২. **উদ্দীপকে মি. শামীমের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন সফল উদ্যোক্তার মিল রয়েছে?**
ক) শাহিদা বেগম খ) লুৎফা সানজিদা
গ) জহুরুল ইসলাম ঘ) স্যামসন এইচ চৌধুরী

২৩. **উদ্দীপকের মি. শামীমের সম্পাদিত সামাজিক দায়িত্বসমূহ হলো–**
i. ভোক্তার প্রতি ii. সমাজের প্রতি iii. শ্রমিক-কর্মচারীর প্রতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. **নিচের কোনটি বিজ্ঞাপণের নমুনা মাধ্যম?**
ক) মূল পত্রিকার সাথে বিভিন্ন কোড়পত্র প্রকাশ
খ) মেলার পণ্য প্রদর্শনী
গ) পণ্য ক্রয়ে ১০% মূল্য ছাড় ঘ) ২টি কিনলে ১টি ফ্রি

২৫. **মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে কী বলা হয়?**
ক) প্রমিতকরণ খ) পর্যায়িতকরণ
গ) মোড়ককিকরণ ঘ) গুদামজাতকরণ

২৬. **বাণিজ্যিক ব্যাংক হতে ঋণ প্রাপ্তির জন্য যোগ্য ব্যক্তি হলেন–**
ক) সদ্য বিশ্ববিদ্যালয় পাশ করা যুবক-যুবতী খ) প্রতিষ্ঠিত ব্যবসায়ের স্বত্বাধিকারী
গ) অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা ঘ) বিদেশি নাগরিক

২৭. **নিচের কোনটি জাতীয় শিল্পনীতি ২০১০ অনুযায়ী সংরক্ষণমূলক সহায়তা?**
ক) জাতীয় উদ্যোক্তা দিবস পালন খ) বিশেষ অঞ্চলে কর অবকাশ প্রদান
গ) উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক শিক্ষাক্রমের প্রবর্তন
ঘ) আইসিটিতে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া

২৮. **কোনটি কুটির শিল্পের উপযুক্ত ক্ষেত্র?**
ক) মৃৎ খ) সার গ) কাগজ ঘ) সিমেন্ট

২৯. **নিচের কোনটি সেবা শিল্প?**
ক) তুলা থেকে সুতা তৈরি খ) আখ থেকে চিনি উৎপাদন
গ) বাঁশ থেকে ঝুড়ি উৎপাদন ঘ) সমুদ্র সৈকতে হোটেল স্থাপন

৩০. **সেবামূলক ক্ষুদ্র শিল্পে সর্বনিম্ন বিনিয়োগ সীমা কত?**
ক) ৫ লক্ষ খ) ১০ লক্ষ গ) ২০ লক্ষ ঘ) ৫০ লক্ষ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব জুবায়ের সয়াবিন তেল বোতলজাত করে বিক্রি করার জন্য একটি অয়েল মিল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন। অয়েল মিল প্রতিষ্ঠার পূর্বে তিনি পণ্যটির প্রতি ভোক্তার চাহিদা ও কাঁচামাল সংগ্রহের প্রতি গুরুত্ব দেন। ফলাফল অনুকূল হওয়ায় তিনি কারখানা স্থাপন করলেন। পরবর্তীতে প্রয়োজনীয় অর্থ ও দক্ষ কলাকৌশলের প্রয়োগের অভাবে তিনি চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে পারছেন না।

(ক) আত্ম-বিশ্লেষণ কী? ১
(খ) সম আয়-ব্যয় বিন্দু জানা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব জুবায়ের প্রকল্প নির্বাচনে ম্যাক্রোস্ক্রিনিং এর কোন কোন উপাদান যাচাই করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব জুবায়ের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে না পারার কারণ বিশ্লেষণ কর। ৪

২। জনাব রায়হান একজন সফল টমেটো ব্যবসায়ী। টমেটোর মৌসুমে দাম কম হওয়ার কারণে তিনি অনেক টমেটো কিনে সংরক্ষণ করেন। পরবর্তীতে দাম বাড়লে বিক্রয়ের সিদ্ধান্ত নেন। হঠাৎ অগ্নিকান্ডে সমস্ত টমেটো পুড়ে যায়। ফলে তার ব্যবসায়টি বন্ধ হয়ে যায়।

(ক) প্রমিতকরণ কী? ১
(খ) বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব রায়হান বিপণনের কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) কোন পদক্ষেপটি জনাব রায়হানের ব্যবসায়টি টিকে থাকতে সহায়তা করতে পারতো বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। মামুন, মাসুদ ও মাসরুর XYZ নামে সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। ব্যবসায় প্রতিষ্ঠানটি পরিচালনার ক্ষেত্রে তারা এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, তারা মূলধন অনুপাতে লাভ লোকসান বণ্টন করে নিবেন। ব্যবসায়টি দ্রুত সফল হওয়ার কারণে তারা আরও কমপক্ষে ৪ জন বন্ধু মিলে ABC লিঃ নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। কিন্তু প্রতিষ্ঠানটি সকল কার্যক্রম শেষ হলে এখনও নিবন্ধন করতে পারেনি। যার ফলে প্রতিষ্ঠান তার কার্যক্রম শুরু করতে ব্যর্থ হয়েছে।

(ক) কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ১
(খ) রাষ্ট্রীয় কারবার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) XYZ ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ABC লিঃ প্রতিষ্ঠানটি কার্যক্রম শুরু না করার কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। জনাব সজল একজন বেকার যুবক। বন্ধুর পরামর্শে তিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে গবাদি পশু-পাখি পালনের প্রশিক্ষণ নেন। নিজের জমাকৃত কিছু অর্থ এবং বন্ধুর কাছ থেকে কিছু টাকা ধার নিয়ে তিনি হাঁস-মুরগি পালনের প্রকল্প হাতে নেন। অল্প কিছু দিনের মধ্যে তিনি আর্থিকভাবে সচ্ছল হন।

(ক) নট্রামস এর প্রধান কাজ কী? ১
(খ) ব্যবসায়ে সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব সজলের কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "জনাব সজলের মতো সফল ব্যক্তিরাই দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে পারে" ।– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। লেখাপড়া শেষ করে জনাব মাসুদা চাকরি না করে স্বাবলম্বী হতে চান। টেলিভিশনে শাড়ির বিজ্ঞাপন দেখে তিনি একটি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিয়ে তাঁতের শাড়ি তৈরির কারখানা স্থাপন করেন। কিন্তু কারখানাটি স্থাপনের সময় কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত কিছু সমস্যায় পড়েন। যা থেকে উত্তরণের জন্য জনাব মাসুদা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় সহায়তা পান। এমনকি প্রতিষ্ঠানটি বিপণনেও সহায়তা করে।

(ক) বিসিক এর প্রধান কাজ কী? ১
(খ) মহিলাবিষয়ক অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মাসুদা কোন ধরনের সহায়তা নিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব মাসুদার ব্যবসায় প্রতিষ্ঠানে সহায়তাকারী সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৬। জনাব আবির রংপুর মহাসড়কের পাশে একটি ওয়ার্কশপের কারখানা গড়ে তোলেন। নিজের জমানো টাকা, বন্ধু ও আত্মীয়-স্বজনের থেকে ধার নিয়ে ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করেন। তিনি দক্ষতার সাথে মেরামতের কাজ করেন। এজন্য তিনি ব্যবসায় সম্প্রসারণ করে আরও ৩ জন কর্মচারী নিয়োগ দেন ও একটি বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে সহায়তা নেন। কর্মচারীরা প্রতিষ্ঠানের কার্যাবলি সঠিকভাবে করছে কিনা সেটি তদারকি করেন। ফলে প্রতিষ্ঠানটি দিন দিন উন্নতির দিকে ধাবিত হচ্ছে।

(ক) ব্যবসায় অর্থায়ন কী? ১
(খ) বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আবির ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব আবিরের আর্থিক সহায়তার উৎসসমূহের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৭। জনাব আলম ঢাকা জেলার EPZ এলাকায় সরকারের অনুমোদন নিয়ে 'আলম ট্যানারি লিঃ' নামে একটি চামড়া প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তার বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ২০ কোটি টাকা। নদী সংলগ্ন তার কারখানায় ২০০ জন শ্রমিক কর্মরত রয়েছে। পরিবেশের দূষণ না করে এই কারখানায় তৈরি ব্যাগ, জুতা ও বেল্ট বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি হচ্ছে।

(ক) প্রজনন শিল্প কী? ১
(খ) "কর্মসংস্থানের বড় ক্ষেত্র হচ্ছে শিল্প"– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আলমের ব্যবসায়টি যে শিল্পের অন্তর্গত তা বর্ণনা কর। ৩
(ঘ) আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জনাব আলমের শিল্পটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮। মিসেস শায়লা একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি তার প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে সুন্দর ব্যবহার করেন এবং ন্যায্য পারিশ্রমিক দেন। এছাড়াও তিনি উৎসব বোনাস ও বার্ষিক বনভোজনের ব্যবস্থা করেন। শীতকালে তার একটি নিজস্ব ফাউন্ডেশন থেকে এলাকার দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন। এছাড়াও স্কুল-কলেজের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে অনুদানের ব্যবস্থা করেন।

(ক) নৈতিকতা কী? ১
(খ) শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কোনটি ব্যাখ্যা কর। ২
(গ) মিসেস শায়লা কোন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালন করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত মিসেস শায়লার সামাজিক কার্যক্রমের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব সাজু একজন উদ্ভাবনকারী। তিনি দীর্ঘদিন গবেষণা করে সৌরশক্তিকে কাজে লাগিয়ে ইঞ্জিন চালিত স্পীডবোট তৈরি করেন। এটি অল্প সময়ে কম ব্যয়ে বাজারে দ্রুত প্রসার লাভ করে। কিন্তু এক শ্রেণির অসাধু ব্যক্তি অনুরূপ স্পীডবোট নকল করে কমদামে বাজারজাত করেন। কিন্তু কোনোরূপ লেবেল, স্বাক্ষর, টিকেট ব্যবহার করেননি। উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিলে জনাব সাজু আইনি সুবিধা ভোগ করেন।

(ক) লাইসেন্স কী? ১
(খ) ফ্রানসাইজিং বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব সাজুর স্পীডবোট আবিষ্কার কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব সাজুর আইনগত সুবিধা ভোগের কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। তানভির, সজল ও নিরব তিন বন্ধু দশ বছরের জন্য চুক্তিবদ্ধ হয়ে 'ফ্রেন্ডস ট্রান্সকম' নামে একটি ব্যবসায় পরিচালনা করেন। কিছুদিন পর তাদের বন্ধু মনোজকেও তারা অংশীদার হিসেবে চুক্তিবদ্ধ করেন। কিন্তু মনোজ ব্যবসায়ে বিনিয়োগ করেননি এবং পরিচালনায়ও অংশগ্রহণ করবেন না। চুক্তি অনুযায়ী লাভের অংশ নিবে। মনোজ 'সমীর এন্ড কোং' এর নিকট থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে পরিশোধে ব্যর্থ হলে আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়। এর কিছুদিন পর তাদের ব্যবসায়ের মেয়াদ শেষ হয়ে যায়।

(ক) আচরণে অনুমিত অংশীদার কী? ১
(খ) "প্রচারই প্রসার"– উক্তিটির বিশ্লেষণ কর। ২
(গ) উদ্দীপকে মনোজ কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের ব্যবসায় সংগঠনটির বিলোপ সাধন পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

১১। জনাব আকরাম একটি স্বনামধন্য কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে তার বাবার পতিত জমিতে সবজি বাগান করেন। তার সবজি বাগানটি সুবিধাজনক স্থানে হওয়ায় পাইকারি ব্যবসায়িরা খুব সহজেই তার উৎপাদিত সবজি ক্রয় করতে পারে । বর্তমানে তার বাগানের সবজি স্থানীয় চাহিদা পূরণ করে বিভিন্ন জেলায় সরবরাহ করা হচ্ছে। মূলধন বৃদ্ধি পাওয়ায় এখন তার বাগানে ২০ জনের অধিক দক্ষ শ্রমিক কাজ করে।

(ক) ব্যবসায়ের প্রযুক্তিগত পরিবেশ কী? ১
(খ) ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির সম্পর্ক ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আকরামের ব্যবসায়টি গড়ে উঠার অনুকূল পরিবেশের উপাদানগুলো বর্ণনা কর। ৩
(ঘ) আর্থ-সামসাজিক উন্নয়নে জনাব আকরামের ব্যবসায় প্রতিষ্ঠানটির গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব জুবায়ের সয়াবিন তেল বোতলজাত করে বিক্রি করার জন্য একটি অয়েল মিল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন। অয়েল মিল প্রতিষ্ঠার পূর্বে তিনি পণ্যটির প্রতি ভোক্তার চাহিদা ও কাঁচামাল সংগ্রহের প্রতি গুরুত্ব দেন। ফলাফল অনুকূল হওয়ায় তিনি কারখানা স্থাপন করলেন। পরবর্তীতে প্রয়োজনীয় অর্থ ও দক্ষ কলাকৌশল প্রয়োগের অভাবে তিনি চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে পারছেন না।

ক. আত্মবিশ্লেষণ কী? ১

খ. সম আয়-ব্যয় বিন্দু জানা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব জুবায়ের প্রকল্প নির্বাচনে ম্যাক্রোস্ক্রিনিং এর কোন কোন উপাদান যাচাই করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব জুবায়ের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে না পারার কারণ বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** যেকোনো ব্যক্তির ব্যবসায় শুরু করার পূর্বে তার ব্যবসা করার সক্ষমতা আছে কিনা তা যাচাই করার প্রক্রিয়াই আত্মবিশ্লেষণ।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যেখানে প্রতিষ্ঠানের আয়-ব্যয় সমান হয়।

যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। এর মাধ্যমে জানা যায় একটি প্রতিষ্ঠানে কী পরিমাণ পণ্য বিক্রয় করলে ব্যবসায়ে কোনো লোকসান হবে না। এছাড়াও সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** জনাব জুবায়ের প্রকল্প নির্বাচনে ম্যাক্রোস্ক্রিনিং এর 'জনসংখ্যা' এবং 'প্রাকৃতিক পরিবেশ' উপাদান যাচাই করেছেন।

সঠিক ব্যবসায় বাছাইয়ের ক্ষেত্রে প্রকৃতিক পরিবেশ ও জনসংখ্যা বড়ো ভূমিকা পালন করে। কারণ শিল্পের কাঁচামাল প্রাকৃতিক পরিবেশ থেকে আসে এবং একটি ব্যবসায়ের অস্তিত্ব, প্রবৃদ্ধি ও অগ্রগতি নির্ভর করে উক্ত এলাকার জনগোষ্ঠীর ওপর। প্রাকৃতিক পরিবেশ ও জনসংখ্যা উপাদানসমূহ ব্যবসায়ের বিরাট ভূমিকা পালন করে। কেননা শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল আসে প্রাকৃতিক পরিবেশ থেকেই ও ব্যবসায়টির সফলতা আসে ভোক্তার চাহিদার উপর নির্ভর করে।

উদ্দীপকে জনাব জুবায়ের সয়াবিন তেল বোতলজাত করে বিক্রির উদ্দেশ্যে একটি অয়েল মিল প্রতিষ্ঠা করে। তিনি কারখানাটি প্রতিষ্ঠার পূর্বে ভোক্তার চাহিদা ও কাঁচামাল সংগ্রহকে গুরুত্ব প্রদান করেন। কাঁচামাল সংগ্রহ করা হয় প্রাকৃতিক পরিবেশ থেকেই, তাই তিনি মাইক্রোস্ক্রিনিং এর 'প্রাকৃতিক পরিবেশ' উপাদানটি যাচাই করেছেন ও ভোক্তার চাহিদা বিশ্লেষণ হচ্ছে 'জনসংখ্যা' উপাদানের আওতাভুক্ত। তাই বলা যায় যে, জনাব জুবায়ের ম্যাক্রোস্ক্রিনিং এর প্রাকৃতিক পরিবেশ ও জনসংখ্যা উপাদান বিশ্লেষণ করেছেন।

**ঘ** উদ্দীপকে জনাব জুবায়েরের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন না করতে পারার কারণ হচ্ছে সঠিক পরিকল্পনা।

পরিকল্পনা হচ্ছে ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। একটি ব্যবসায় কোন দিকে অগ্রসর হবে ও কীভাবে ব্যবসায়ের সাফল্য অর্জন করা যাবে তার সুনির্দিষ্ট দিক-নির্দেশনা ব্যবসায় পরিকল্পনায় পাওয়া যায়। ব্যবসায় সম্প্রসারণের জন্য পরিকল্পনার প্রয়োজন হয়।

সঠিক পরিকল্পনা প্রণয়ন না করা হলে ব্যবসায় পণ্য উৎপাদনসহ নানাবিধি বাধার সম্মুখীন হয়। সঠিক পরিকল্পনা বাস্তবায়নের দ্বারা ব্যবসায়ের সফলতা নির্ভর করে।

উদ্দীপকে জনাব জুবায়ের সয়াবিন তেল উৎপাদনের জন্য একটি অয়েল মিল স্থাপন করেন। পরবর্তীতে প্রয়োজনীয় অর্থের অভাবে ও দক্ষ কলাকৌশলের প্রয়োগ করতে না পারাতে তিনি পণ্য উৎপাদন করতে পারছেন না। এখানে জনাব জুবায়ের ব্যবসা স্থাপনের পূর্বে সঠিক পরিকল্পনা প্রণয়ন করেননি, যার ফলেই তিনি পণ্য উৎপাদনে বাধাগ্রস্ত হয়েছেন। তিনি পর্যাপ্ত মূলধন ও দক্ষ কলাকৌশল প্রয়োগে ব্যর্থ হয়েছেন। তিনি পূর্বে থেকেই যদি মূলধন ও কারিগরি দিক উন্নত রাখতেন, তাহলে তার ব্যবসায়ে উৎপাদন বাধাগ্রস্ত হতো না। পরিকল্পনা অনুযায়ী কখন, কী কাজ, কীভাবে করতে হবে তা যাচাই করেনি।

তাই বলা যায় যে, জনাব জুবায়ের সঠিক পরিকল্পনার কারণেই পণ্য উৎপাদন করতে পারছেন না।

**প্রশ্ন ▶ ০২** জনাব রায়হান একজন সফল টমেটো ব্যবসায়ী। টমেটোর মৌসুমে দাম কম হওয়ার কারণে তিনি অনেক টমেটো কিনে সংরক্ষণ করেন। পরবর্তীতে দাম বাড়লে বিক্রয়ের সিদ্ধান্ত নেন। হঠাৎ অগ্নিকাণ্ডে সমস্ত টমেটো পুড়ে যায়। ফলে তার ব্যবসাটি বন্ধ হয়ে যায়।

ক. প্রমিতকরণ কী? ১

খ. বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রায়হান বিপণনের কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন পদক্ষেপটি জনাব রায়হানের ব্যবসায়টি টিকে থাকতে সহায়তা করতে পারতো বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

## ২নং প্রশ্নের উত্তর

**ক** পণ্যের ক্রয়-বিক্রয় সহজতর করার জন্য ওজন, গুণাগুণ ও আকার অনুযায়ী পণ্যের মান নির্ধারণ করাই হলো প্রমিতকরণ।

**খ** ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বিক্রয়িকতা বলে।

এর মাধ্যমে একজন বিক্রয়কর্মী তার দক্ষতা ও কৌশলকে কাজে লাগিয়ে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। এছাড়াও তিনি তার নিজ গুণে ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকেন।

**গ** উদ্দীপকে জনাব রায়হান বিপণনের 'গুদামজাতকরণ' কাজটি সম্পাদন করেছেন।

একটি নির্দিষ্ট সময় পর্যন্ত পণ্য গুদামজাতকরণ করতে হয়। বিপণনের সকল পর্যায়ে পণ্যসামগ্রী সংরক্ষণের প্রয়োজন হয়। অনেক পণ্য বছরের নির্দিষ্ট সময়ে উৎপাদিত হয়, কিন্তু ব্যবহার হয় সারা বছর। গুদামজাতকরণের দ্বারা একত্রে অনেক পণ্য সংরক্ষণ করার ব্যবস্থা করা হয়, যার দ্বারা পণ্যের সময়মতো উপযোগ সৃষ্টি হয়।

উদ্দীপকে জনাব রায়হান একজন টমেটো ব্যবসায়ী। তিনি টমেটোর দাম কম হওয়াতে অনেক টমেটো সংরক্ষণ করে রাখেন। তার এই কাজটি 'গুদামজাতকরণ' কার্যাবলির অন্তভুক্ত। কেননা তিনি একত্রে অনেক পরিমাণ টমেটো কিনে তা সংরক্ষণের ব্যবস্থা করেন। তার এই কার্যক্রমটি বিপণনের 'গুদামজাতকরণ' কার্যাবলি। তাই বলা যায়, জনাব রায়হান বিপণনের 'গুদামজাতকরণ' কাজ সম্পাদন করেছেন।

**ঘ** অগ্নিবীমা চুক্তি পদক্ষেপটি জনাব রায়হানের ব্যবসায়টিকে টিকে থাকতে সহায়তা করতে পারতো বলে আমি মনে করি।

যে চুক্তির মাধ্যমে কোনো প্রতিষ্ঠান বা কোম্পানি কর্তৃক নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে কোনো নির্দিষ্ট ব্যক্তি বা বিষয় সম্পর্কিত কোনো ঘটনাজনিত ক্ষতির বা ঘটনার জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করা হয় তাকে বীমা চুক্তি বলে। আর চুক্তি অনুযায়ী বীমাকারী বীমাগ্রহীতাকে অগ্নিজনিত ক্ষতির জন্য যে ক্ষতিপূরণ প্রদান করে তাকে অগ্নিবীমা বলা হয়। সাধারণত ঘর-বাড়ি, গুদামঘর, পণ্য ইত্যাদি আগুনে পুড়ে যাওয়া থেকে সুরক্ষার জন্য অগ্নিবীমা করা হয়।

বীমা চুক্তি কোনো ব্যবসায়কে টিকে রাখতে সহায়তা প্রদান করে। একটি ব্যবসায় যেকোনো সময়ে দুর্ঘটনার শিক্ষার হতে পারে। বীমাচুক্তি সম্পাদন করা থাকলে ব্যবসায়টি আর্থিক ক্ষতিপূরণ লাভ করে। পণ্য উৎপাদন ও বিক্রয়ে ঝুঁকি বিদ্যমান। তাই বীমা করা থাকলে প্রতিষ্ঠান বা মালিক আর্থিক ক্ষতিপূরণ পায়। তাই ব্যবসায়ের জন্য বীমা অত্যন্ত সহায়ক।

উদ্দীপকে জনাব রায়হান একজন ব্যবসায়ী। তিনি দাম কম হওয়াতে প্রচুর টমেটো কিনে সংরক্ষণ করে। হঠাৎ অগ্নিকাণ্ডে সমস্ত টমেটো পুড়ে যায় ফলে তার ব্যবসায়টি বন্ধ হয়ে যায়। তবে তিনি যদি পূর্বেই অগ্নিবীমা চুক্তি সম্পাদন করে রাখতেন, তাহলে উক্ত অগ্নিজনিত ক্ষতিপূরণ বিমা কোম্পানি চুক্তি মোতাবেক প্রদান করতো। তাই বলা যায়, অগ্নিবীমা জনাব রায়হানের ব্যবসায়টি টিকে থাকতে সহায়তা করতে পারতো।

**প্রশ্ন ▸ ০৩** মামুন, মাসুদ ও মাসবুর XYZ নামে সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। ব্যবসায় প্রতিষ্ঠানটি পরিচালনার ক্ষেত্রে তারা এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, তারা মূলধন অনুপাতে লাভ লোকসান বণ্টন করে নিবেন। ব্যবসায়টি দ্রুত সফল হওয়ার কারণে তারা আরও কমপক্ষে ৪ জন বন্ধু মিলে ABC লিঃ নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। কিন্তু প্রতিষ্ঠানটি সকল কার্যক্রম শেষ হলে এখনও নিবন্ধন করতে পারেনি। যার ফলে প্রতিষ্ঠান তার কার্যক্রম শুরু করতে ব্যর্থ হয়েছে।

ক. কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ১
খ. রাষ্ট্রীয় কারবার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. XYZ ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ABC লিঃ প্রতিষ্ঠানটি কার্যক্রম শুরু না করার কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** কৃত্রিম ব্যক্তিসত্তা হচ্ছে ব্যক্তি না হয়েও ব্যক্তির ন্যায় আইনগত মর্যাদা ও অধিকার অর্জন করা।

**খ** সাধারণ অর্থে সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবসায় বলে। এ ব্যবসায় রাষ্ট্রপ্রধানের অধ্যাদেশ বা জাতীয় সংসদে বিল পাসের মাধ্যমে গঠিত হয়। রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল উদ্দেশ্য জনসেবা বা জনকল্যাণ। অন্যান্য ব্যবসায়ের মতো মুনাফা অর্জন নয়। এ জাতীয় ব্যবসায়ে লাভ হলে তা সরকারি তহবিলে জমা হয় এবং জনকল্যাণে ব্যয় হয়। আবার লোকসান হলে সরকারকেই তা বহন করতে হয়।

**গ** উদ্দীপকের 'XYZ' প্রতিষ্ঠানটি মালিকানার ভিত্তিতে অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান।

সাধারণত দুই বা ততোধিক ব্যক্তি স্বেচ্ছায় মিলিত হয়ে অংশীদারি চুক্তির ভিত্তিতে যে ব্যবসায় সংগঠন গঠন করে তাকে অংশীদারি ব্যবসায় বলে। একের অধিক বলতে ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী সর্বনিম্ন দুই জন এবং সর্বোচ্চ ২০ জন অংশীদারকে বোঝায়। চুক্তিপত্র হচ্ছে অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি। চুক্তি অনুসারেই সদস্যগণ মূলধনের যোগান দেয় ও লাভ লোকসান বণ্টন করে।

উদ্দীপকে মামুন, মাসুদ ও মাসবুর সমঝোতার ভিত্তিতে 'XYZ' প্রতিষ্ঠান গড়ে তোলেন। উক্ত প্রতিষ্ঠানটি পরিচালনার জন্য তারা সিদ্ধান্ত নেয় তারা মূলধনের অনুপাতে লাভ লোকসান বণ্টন করবে, যা অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্য। অংশীদারি ব্যবসায়ে অংশীদারগণ মূলধনের অনুপাতে লাভ লোকসান বণ্টন করে থাকে। পারস্পরিক আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে অংশীদারি ব্যবসায় পরিচালনা হয়ে থাকে। যেহেতু তারা সংখ্যায় দুইয়ের ভিত্তিতে লাভ লোকসান বণ্টন করে। তাই বলা যায় যে, 'XYZ' প্রতিষ্ঠানটি অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান।

**ঘ** ABC লি. প্রতিষ্ঠানটি হচ্ছে যৌথ মূলধনী ব্যবসায়ের প্রাইভেট লিমিটেড কোম্পানি, প্রতিষ্ঠানটি কার্যক্রম শুরু করতে না পারার কারণ হচ্ছে নিবন্ধন করতে না পারা।

যে কোম্পানির সদস্য সংখ্যা সর্বনিম্ন ২ জন এবং সর্বোচ্চ ৫০ জনে সীমাবদ্ধ এবং যার শেয়ার অবাধে হস্তান্তর যোগ্য নয়, তাকে প্রাইভেট লি. কোম্পানি বলে। প্রাইভেট লি. কোম্পানির কার্যক্রম শুরু করার জন্য নিবন্ধন অফিসে আবেদন পত্র জমা ও ফি প্রদান করার পর নিবন্ধন অফিস সকল কাগজ পর্যালোচনা করে যদি সন্তুষ্ট হয় তাহলে নিবন্ধন পত্র প্রদান করে।

উদ্দীপকে মামুন, মাসুদ, মাসবুরসহ আরোও ৪ জন মিলে একটি প্রতিষ্ঠান স্থাপন করে 'ABC লি.' নামে। কিন্তু প্রতিষ্ঠানটি নিবন্ধন করতে না পারায় কার্যক্রম চালু করতে ব্যর্থ হয়েছে। কেননা প্রাইভেট

লি. কোম্পানির ক্ষেত্রে সকল কার্যক্রম সম্পন্ন করার পরেও নিবন্ধনপত্র সংগ্রহ না করা পর্যন্ত প্রতিষ্ঠান কার্যক্রম শুরু করতে পারে না। নিবন্ধনপত্র সংগ্রহ করার জন্য প্রথমত আবেদনপত্র জমা দিতে হয়। নির্দিষ্ট ফি ও দলিলসহ কাগজাদি পরীক্ষা করে নিবন্ধন বইতে কোম্পানির নাম লিপিবদ্ধ করে নিবন্ধনপত্র প্রদান করে নিবন্ধক। নিবন্ধন পাওয়ার পরপরই তারা কার্যক্রম শুরু করতে পারবে। তাই বলা যায়, নিবন্ধনপত্র সংগ্রহ না করতে পারায় ABC লি. কার্যক্রম শুরু করতে ব্যর্থ হয়েছে।

**প্রশ্ন ▸ ০৪** জনাব সজল একজন বেকার যুবক। বন্ধুর পরামর্শে তিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে গবাদি পশু-পাখি পালনের প্রশিক্ষণ নেন। নিজের জমাকৃত কিছু অর্থ এবং বন্ধুর কাছ থেকে কিছু টাকা ধার নিয়ে তিনি হাঁস-মুরগি পালনের প্রকল্প হাতে নেন। অল্প কিছু দিনের মধ্যে তিনি আর্থিকভাবে সচ্ছল হন।

ক. নট্রামস এর প্রধান কাজ কী? ১
খ. ব্যবসায়ে সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সজলের কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব সজলের মতো সফল ব্যক্তিরাই দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে পারে"।– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** নট্রামস এর প্রধান কাজ হলো বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং এবং কম্পিউটার চালনা শিক্ষা দেওয়া।

**খ** ব্যবসায় সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত হচ্ছে সঠিক পণ্য নির্বাচন। সঠিক পণ্য নির্বাচন একটি ব্যবসায়ের সাফল্য বয়ে আনে। ব্যবসায়ের জন্য কোন পণ্যটি সঠিক হবে তা নির্বাচনের জন্য পূর্বে বাজারে পণ্যটির চাহিদা ও গ্রহণযোগ্যতা নিরূপণ করতে হবে। পণ্যটির চাহিদা ও গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করেই সঠিক পণ্য নির্বাচনের দ্বারা একটি ব্যবসায় প্রতিষ্ঠান সাফল্য বয়ে আনে।

**গ** জনাব সজলের কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজ।

নিজস্ব পুঁজি অথবা ঋণ করা স্বল্প সম্পদ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে ন্যূনতম ঝুঁকি নিয়ে আত্মপ্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে। জীবিকা অর্জনের বিভিন্ন পেশার মধ্যে আত্মকর্মসংস্থান একটি জনপ্রিয় পেশা। এছাড়া এটি একটি স্বাধীন পেশা।

উদ্দীপকের জনাব সজল যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে গরু মোটাতাজাকরণ ও হাঁস-মুরগি পালন প্রকল্প শুরু করেছেন। এজন্য তিনি যুব উন্নয়ন অধিদপ্তর ও বন্ধুর কাছ থেকে কিছু টাকা ঋণ নেন। এ প্রকল্পের মাধ্যমে তার নিজের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। তিনি নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে নিজের প্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থা করেছেন। এটি আত্মকর্মসংস্থানের বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ। সুতরাং আলোচনা থেকে বলা যায়, জনাব সজলের কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজ।

**ঘ** 'জনাব সজলের মতো সফল ব্যক্তিরাই দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করেন' –উক্তিটি যথার্থ।

একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে ব্যবসায় উন্নয়নের প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান। এজন্য সফল ব্যবসায়ীই সমাজ ও দেশের জন্য মঙ্গালজনক কাজ করেন।

উদ্দীপকের জনাব সজল একজন সফল ব্যবসায়ী। তিনি গবাদিপশু মোটাতাজাকরণ ও হাঁস-মুরগি পালনের একটি আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প হাতে নিয়েছিলেন। তিনি বুঝতে পেরেছিলেন, বাংলাদেশে কর্মসংস্থান তৈরি সহজ নয়। এদেশে অসংখ্য বেকার যুবক-যুবতী রয়েছে, যাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা সরকারের একার পক্ষে সম্ভব নয়।

জনাব সজল আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের মাধ্যমে নিজের জীবিকা অর্জনের ব্যবস্থার পাশাপাশি অন্যদের কর্মসংস্থানের ব্যবস্থা করেন। এভাবে তিনি নতুন নতুন কর্মসংস্থান তৈরির মাধ্যমে দেশের বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখেন। তার মতো সফল ব্যবসায়ীরা নিয়মিত কর প্রদান করে দেশের রাজস্ব আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন, যা দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে। এতে দেশের উন্নয়ন সাধিত হয়।

অতএব আলোচনা থেকে বলা যায়, 'সজলের মতো সফল ব্যক্তিরাই দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে পারে'– উক্তিটি সঠিক ও যথার্থ।

**প্রশ্ন ▸ ০৫** লেখাপড়া শেষ করে জনাব মাসুদা চাকরি না করে স্বাবলম্বী হতে চান। টেলিভিশনে শাড়ির বিজ্ঞাপন দেখে তিনি একটি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিয়ে তাঁতের শাড়ি তৈরির কারখানা স্থাপন করেন। কিন্তু কারখানাটি স্থাপনের সময় কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত কিছু সমস্যায় পড়েন। যা থেকে উত্তরণের জন্য জনাব মাসুদা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় সহায়তা পান। এমনকি প্রতিষ্ঠানটি বিপণনেও সহায়তা করে।

ক. বিসিক এর প্রধান কাজ কী? ১
খ. মহিলাবিষয়ক অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাসুদা কোন ধরনের সহায়তা নিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মাসুদার ব্যবসায় প্রতিষ্ঠানে সহায়তাকারী সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

[চ. বো. ২০২৪]

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** বিসিকের প্রধান কাজ হলো ক্ষুদ্র ও কুটির শিল্প খাতের উন্নয়নের জন্য বিনিয়োগের পরামর্শদান।

**খ** মহিলা অধিদপ্তরের প্রধান কাজ হলো মহিলাদের সৃজনশীলতার বিকাশ, আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়ন।

শহর ও গ্রামের মহিলাদের সৃজনশীলতার বিকাশ, আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নের লক্ষ্যে মহিলা অধিদপ্তর নারী উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, ঋণ প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে থাকে। প্রশিক্ষণের মধ্যে রয়েছে হাঁস-মুরগি ও গবাদি পশুপালন, হস্থশিল্প, বাটিকের কাজ, বুনন শিল্প, সেলাই ইত্যাদি।

**গ** জনাব মাসুদা সমর্থনমূলক সহায়তা নিয়েছেন।

ব্যবসায় বা শিল্প প্রতিষ্ঠান স্থাপন একটি ঝুঁকিপূর্ণ কাজ। তাই উদ্যোক্তা ব্যবসায় গঠনে আগ্রহী হওয়ার পর তা বাস্তবে রূপ দিতে সমর্থনমূলক সহায়তার প্রয়োজন হয়। ব্যবসায় নিবন্ধন, মূলধন সহায়তা, যন্ত্রপাতি সংগ্রহ, কর অবকাশ, অবকাঠামোগত সহায়তা প্রভৃতি এ সহায়তার অন্তর্গত।

উদ্দীপকের মাসুদা টেলিভিশনে শাড়ির বিজ্ঞাপন দেখে তিনি একটি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নেন। এরপর তিনি তাঁতের শাড়ি তৈরির

কারখানা স্থাপন করেন। কিন্তু কারখানাটি স্থাপনের সময় কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত সমস্যায় পড়েন। এজন্য তিনি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় সহায়তা নেন। প্রতিষ্ঠানটি তাকে কাঁচামাল সরবরাহের জন্য প্রয়োজনীয় সহায়তা দেয়। আবার এটি অবকাঠামোগত অবস্থা উন্নয়নেও তাকে প্রয়োজনীয় পরামর্শ দেয়। এতে তার সমস্যা দূর হয়। এ বৈশিষ্ট্যগুলো ব্যবসায়ের সমর্থনমূলক সহায়তার অন্তর্ভুক্ত। তাই বলা যায়, জনাব মাসুদা সমর্থনমূলক সহায়তা নিয়েছেন।

**ঘ** জনাব মাসুদার ব্যবসায়টি স্থাপনে সহায়তাকারী সংস্থাটির অর্থাৎ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) এর ভূমিকা অপরিসীম। বর্তমানে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণে নিয়োজিত সরকারি খাতের প্রধান সহায়তাকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। বিসিকের প্রধান কাজ হলো ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য বিনিয়োগে পরামর্শদান। এছাড়াও শিল্পসংক্রান্ত তথ্য সরবরাহ, উদ্যোক্তা চিহ্নিতকরণ, শিল্পোদ্যোগ উন্নয়ন, প্রকল্প নির্বাচন, প্রকল্প মূল্যায়ন, অবকাঠামোগত উন্নয়ন, ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন, পণ্য ডিজাইন, কাঁচামাল সরবরাহে সাহায্য, উৎপাদিত দ্রব্যসামগ্রী বিপণনে সহায়তা, ক্ষুদ্র ও কুটির শিল্পের রেজিস্ট্রেশন প্রভৃতি কাজ এর আওতাভুক্ত।

উদ্দীপকে জনাব মাসুদা শাড়ি তৈরির কারখানাটি স্থাপনের সময় কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত কিছু সমস্যায় পড়েন। আর উক্ত সমস্যা থেকে উত্তরণের জন্য তিনি বিসিকের শরণাপন্ন হন। কেননা কাঁচামাল সরবরাহে সহায়তা, অবকাঠামোগত সহায়তা বিসিকের কাজের আওতাভুক্ত। তাছাড়া বিসিক তাকে কারখানাটি তালিকাভুক্তিসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করেন। মূলত বিসিকের সার্বিক সহায়তায় জনাব মাসুদা ব্যবসায়ে সফলতা লাভ করেছেন। অতএব বলা যায়, জনাব মাসুদার ব্যবসায়টি স্থাপনে সহায়তাকারী সংস্থাটির অর্থাৎ বিসিকের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▶ ০৬** জনাব আবির রংপুর মহাসড়কের পাশে একটি ওয়ার্কশপের কারখানা গড়ে তোলেন। নিজের জমানো টাকা, বন্ধু ও আত্মীয়-স্বজনের থেকে ধার নিয়ে ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করেন। তিনি দক্ষতার সাথে মেরামতের কাজ করেন। এজন্য তিনি ব্যবসায় সম্প্রসারণ করে আরও ৩ জন কর্মচারী নিয়োগ দেন ও একটি বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে সহায়তা নেন। কর্মচারীরা প্রতিষ্ঠানের কার্যাবলি সঠিকভাবে করছে কিনা সেটি তদারকি করেন। ফলে প্রতিষ্ঠানটি দিন দিন উন্নতির দিকে ধাবিত হচ্ছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আবির ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আবিরের আর্থিক সহায়তার উৎসসমূহের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষণ, সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত সকল কার্যাবলিকে ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** জীবন বিমা ব্যতীত অন্যসকল বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়। বিমাচুক্তির শর্তানুযায়ী বিমাকারী প্রিমিয়ামের প্রতিদানে বিমাগ্রহীতাকে আর্থিক সহায়তা দেয়, ক্ষতিপূরণ করে এবং ঝুঁকি মোকাবিলায় সহায়তা করে। সাধারণ বিমায় বিমাকৃত সম্পত্তি ক্ষতিগ্রস্ত বা বিনষ্ট হলে সম্পত্তির যে ক্ষতি হয়, তা বিমাকারী চুক্তি অনুযায়ী ক্ষতিপূরণ করে বলে বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়।

**গ** জনাব আবির ব্যবস্থাপনার কর্মীসংস্থান কাজটি সম্পাদন করেছেন। একটি প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে উক্ত প্রতিষ্ঠানের কর্মীর উপর। প্রতিষ্ঠানের অন্যতম উপাদান হচ্ছে কর্মী। কর্মীকে ব্যবসায়ের অন্যতম মানবিক সম্পদ হিসেবে বিবেচনা করা হয়ে থাকে।

প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত কর্মী সংগ্রহ, নির্বাচন, নিয়োগ ও প্রশিক্ষণ পদন্নতি, বদলি ইত্যাদি কাজের সমষ্টিকে কর্মসংস্থান বলা হয়।

উদ্দীপকে জনাব আবির ওয়ার্কশপের কারখানা গড়ে তোলেন, তিনি দক্ষতার সাথে কাজ সম্পাদন করেন। তাই তিনি ব্যবসায় সম্প্রসারণের জন্য আরোও ৩ জন কর্মচারী নিয়োগ প্রদান করেছেন যা কর্মীসংস্থান। প্রতিষ্ঠানের জন্য নতুন কর্মী নিয়োগ প্রদান কার্যটি ব্যবস্থাপনার কর্মীসংস্থানের অন্তর্ভুক্ত। কর্মীসংস্থানের কার্যাবলি সমস্ত কর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ, পদোন্নতি ইত্যাদি সংক্রান্ত। কার্যসম্পাদনের উদ্দেশ্যে জনাব আবির যেহেতু নতুন কর্মী নিয়োগ প্রদান করেছেন। তাই বলা যায় যে, তিনি ব্যবস্থাপনার কর্মীসংস্থান কাজটি সম্পাদন করেছেন।

**ঘ** জনাব আবির তিনি নিজস্ব তহবিল, আত্মীয়-স্বজন, বাণিজ্যিক ব্যাংকসমূহ থেকে ব্যবসায়ের অর্থায়ন করেছেন।

যে কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। ব্যবসায়কে সচল রাখার জন্য বিভিন্ন উৎস থেকে মূলধন সংগ্রহ করার সুযোগ রয়েছে।

উদ্দীপকে জনাব আবির তিনি একটি ওয়ার্কশপ কারখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজের জমানো টাকা ও আত্মীয়স্বজন থেকে ধার নিয়ে ব্যবসায়ে মূলধন সংস্থান করেছেন যা নিজস্ব তহবিল ও আত্মীয়-স্বজন উৎস ব্যবহার করেছেন। অর্থায়নে নিজস্ব তহবিল হচ্ছে কোনো ব্যবসায়ের প্রকৃত মূলধন যা দ্বারাই একটি ব্যবসা প্রথমে প্রতিষ্ঠিত হয়। ব্যবসায়ে আরও অর্থের প্রয়োজন হলে আত্মীয়-স্বজন, বন্ধুর নিকট থেকে ঋণ গ্রহণ করা হয়ে থাকে। জনাব আবির ব্যবসায় সম্প্রসারণ করার জন্য একটি বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থের সংস্থান করেন। ব্যবসায়ে বড়ো ধরনের মূলধনের প্রয়োজন হলে ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে বিভিন্ন মেয়াদি ঋণ গ্রহণ করে মূলধন সংগ্রহ করা হয়ে থাকে। সাধারণত ব্যবসায়ের জন্য বাণিজ্যিক ব্যাংকই হচ্ছে অর্থ সংগ্রহের প্রধান উৎস। ব্যবসায়ীরা ব্যবসায়ের কার্যক্রম চালু রাখতেই ব্যাংক থেকে ঋণ নেয়। প্রয়োজনে ব্যাংক ব্যবসায় সংক্রান্ত পরামর্শ প্রদান করে থাকে। ব্যাংকের সহযোগিতা ছাড়া তার একার পক্ষে অতিরিক্ত মূলধনের যোগান দেওয়া কঠিন। সুতরাং ব্যবসায়ের অর্থায়নের উক্ত উৎসসমূহের ভূমিকা শতভাগ কার্যকরী।

**প্রশ্ন ▶ ০৭** জনাব আলম ঢাকা জেলার EPZ এলাকায় সরকারের অনুমোদন নিয়ে 'আলম ট্যানারি লিঃ' নামে একটি চামড়া প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তার বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ২০ কোটি টাকা। নদী সংলগ্ন তার কারখানায় ২০০ জন শ্রমিক কর্মরত রয়েছে। পরিবেশের দূষণ না করে এই কারখানায় তৈরি ব্যাগ, জুতা ও বেল্ট বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি হচ্ছে।

ক. প্রজনন শিল্প কী? ১
খ. "কর্মসংস্থানের বড় ক্ষেত্র হচ্ছে শিল্প"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আলমের ব্যবসায়টি যে শিল্পের অন্তর্গত তা বর্ণনা কর। ৩
ঘ. আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জনাব আলমের শিল্পটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[চ. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** উদ্ভিদ ও প্রাণীর বংশবিস্তারের মাধ্যমে উৎপাদন কাজ পরিচালিত হওয়াকে প্রজনন শিল্প বলে।

**খ** সাধারণত ব্যাপক মূলধন সামগ্রী ব্যবহার করে কারখানাতে কাঁচামাল বা প্রাথমিক দ্রব্যকে মাধ্যমিক বা চূড়ান্ত দ্রব্যে রূপান্তর করার প্রক্রিয়াকে শিল্প বলা হয়।

শিল্প রূপগত উপযোগ সৃষ্টি করে। শিল্পের উৎপাদন সাধারণত কারখানাভিত্তিক হয়। কারখানার উৎপাদন কাজ চালিয়ে যাওয়ার জন্য কারখানার বিভিন্ন সেক্টরে কর্মীর প্রয়োজন হয়। ফলে দেশের অনেক লোকেরই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। তাই বলা যায়, কর্মসংস্থানের বড়ো ক্ষেত্র হচ্ছে শিল্প।

**গ** উদ্দীপকের জনাব আলমের ব্যবসায়টি হচ্ছে উৎপাদনমুখী মাঝারি শিল্পের অন্তর্গত।

যে শিল্পের প্রতিস্থাপন ব্যয়সহ সকল খরচ ১৫ কোটি টাকার অধিক ও ৫০ কোটি টাকার মধ্যে এবং যেসব শিল্পে ১২১-৩০০ জন শ্রমিক কাজ করে, তাকে উৎপাদনমুখী মাঝারি শিল্প বলে। এ শিল্প পণ্য সমগ্রী তৈরি ও প্রক্রিয়াকরণের সাথে জড়িত।

উদ্দীপকে জনাব আলম চামড়া প্রক্রিয়াজাত কারখানা স্থাপন করেন যা প্রক্রিয়াকরণের সাথে সংযুক্ত। তিনি কারখানা স্থাপনের জন্য ২০ কোটি অর্থ বিনিয়োগ করেছেন এবং কারখানাটিতে ২০০ জন শ্রমিক কর্মরত রয়েছে। বিনিয়োগ ও সংখ্যার দিক দিয়ে এর সাথে উৎপাদনমুখী মাঝারি শিল্পের বৈশিষ্টের মিল আছে। তাই জনাব আলমের ব্যবসায়টি উৎপাদনমুখী মাঝারি শিল্পের অন্তর্গত।

**ঘ** জনাব আলমের উৎপাদনমুখী মাঝারি শিল্পটি দেশের অর্থনীতিতে কার্যকর অবদান রাখে।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের অগ্রগতির ক্ষেত্রে মাঝারি শিল্পের অবদান সবচেয়ে বেশি কার্যকরি। দারিদ্র্যবিমোচন ও কর্মসংস্থানের ক্ষেত্রে এর অবদান উল্লেখযোগ্য। কর্মসংস্থানের একটি বড়ো ক্ষেত্র হচ্ছে শিল্প। এ ধরনের শিল্প থেকে বৈদেশিক মুদ্রা অর্জিত হয়।

উদ্দীপকে জনাব আলম একটি চামড়া প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেছেন। কারখানাটি উৎপাদনমুখী। এ ধরনের শিল্পে দেশের বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়, ফলে বেকার সমস্যা সমাধান হয়। এছাড়া শিল্পটির উৎপাদিত চামড়া জাতীয় পণ্য দেশের বাহিরে রপ্তানি দ্বারা বৈদেশিক মুদ্রার রিজার্ভ ও জাতীয় আয় বৃদ্ধি পায়। দেশে শিল্প স্থাপনের দ্বারা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্ভব হয়। তার স্থাপিত শিল্পটি যেমন–দেশের বেকারত্বের হার হ্রাস করবে, পাশাপাশি বাংলাদেশের জাতীয় আয় বৃদ্ধিতে অবদান রাখবে। তাই বলা যায়, দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জনাব আলমের শিল্প স্থাপনের যৌক্তিকতা অপরিসীম।

**প্রশ্ন ▶ ০৮** মিসেস শায়লা একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি তার প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে সুন্দর ব্যবহার করেন এবং ন্যায্য পারিশ্রমিক দেন। এছাড়াও তিনি উৎসব বোনাস ও বার্ষিক বনভোজনের ব্যবস্থা করেন। শীতকালে তার একটি নিজস্ব ফাউন্ডেশন থেকে এলাকার দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন। এছাড়াও স্কুল-কলেজের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে অনুদানের ব্যবস্থা করেন।

ক. নৈতিকতা কী? ১
খ. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কোনটি ব্যাখ্যা কর। ২
গ. মিসেস শায়লা কোন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মিসেস শায়লার সামাজিক কার্যক্রমের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** নৈতিকতা হলো মানব আচরণের মণদণ্ড।

**খ** শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ। নতুন নতুন শিল্পকারখানা স্থাপনের ফলে শিল্পবর্জ্যের পরিমাণ বেড়ে যায়। শিল্পবর্জ্যের নির্গত তরল পদার্থ নদী-নালায় পড়ে পানি দূষিত করে। বিষাক্ত পানি মাছসহ জলজ প্রাণী বাস করার অনুপযোগী করে তোলে। আবার কারখানার কালো ধোঁয়া বায়ু দূষণ করে। তাছাড়া কারখানার মেশিন ও জেনারেটরের বিকট আওয়াজে ভয়াবহ শব্দ দূষণ হচ্ছে। এছাড়া শিল্পকারখানা প্রতিষ্ঠার নামে অবাধে গাছ নিধন ও পাহাড় কেটে পরিবেশকে দূষণ করা হচ্ছে। এতে মানুষের স্বাস্থ্যহানি ঘটছে, একইভাবে জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়ছে। তাই বলা যায়, শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ।

**গ** উদ্দীপকে উল্লিখিত মিসেস শায়লা তার প্রথম পর্যায়ের কাজগুলো দ্বারা শ্রমিক-কর্মচারীদের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন।

শ্রমিক ও কর্মচারীদের অব্যাহত প্রচেষ্টার ফলেই ব্যবসায়ে মুনাফা অর্জিত হয়। তাই তাদের স্বার্থকে গুরুত্ব না দিয়ে ব্যবসা পরিচালনা করা যায় না। ব্যবসায় উন্নতির সাথে তাদের বেতন-ভাতা বৃদ্ধি ও বোনাস প্রদান এবং তাদের অবস্থার উন্নতির চেষ্টা করা উচিত। একজন ব্যবসায়ীকে তার প্রতিষ্ঠানের শ্রমিক ও কর্মচারীদের প্রতি বিভিন্ন দায়িত্ব পালন করতে হয়। যেমন– উপযুক্ত পারিশ্রমিক ও আর্থিক সুবিধা প্রদান; চাকরির নিরাপত্তা বিধান করা; কাজের উপযুক্ত পরিবেশ তৈরি করা; প্রশিক্ষণ ও পদোন্নতির ব্যবস্থা গ্রহণ; বাসস্থান ও চিকিৎসার ব্যবস্থা করা।

উদ্দীপকের মিসেস শায়লা একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি তার প্রতিষ্ঠানের কর্মচারীদের সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করাসহ যথাযথ বেতন প্রদান করেন। এছাড়াও তিনি উৎসব বোনাস ও বার্ষিক বনভোজনের ব্যবস্থা করেন। অতএব বলা যায়, উদ্দীপকে উল্লিখিত মিসেস শায়লা তার প্রথম পর্যায়ের কাজগুলো দ্বারা শ্রমিক-কর্মচারীদের প্রতি যথাযথ দায়িত্ব পালন করেছেন।

**ঘ** উদ্দীপকে মিসেস শায়লার সামাজিক কার্যক্রমের ভূমিকা আলোচনা করা হলো :

ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলতে মুনাফা অর্জনের সাথে সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করাকে বোঝায়। সমাজ থেকে প্রাপ্ত নানান সুবিধা ও সহযোগিতার বিপক্ষে সমাজ ও সমাজসংশ্লিষ্ট পক্ষসমূহের প্রতি কর্তব্য পালন ব্যবসায়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ। ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালন করার মাধ্যমে

ব্যবসায় প্রবৃদ্ধি আনয়ন করা যায় বিধায়, ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা প্রয়োজন।

মিসেস শায়লা একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি শীতকালে তার এলাকার দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন এবং স্কুল কলেজের বিভিন্ন অনুষ্ঠানে অনুদান দেওয়ার ফলে সমাজ উপকৃত হয়। আর সমাজে বসবাসরত জনগণও উক্ত প্রতিষ্ঠানের প্রতি সহানুভূতিশীল থাকবে।

ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান। সমাজকে ঘিরেই এর কার্যক্রম। আর উক্ত ব্যবসায় প্রতিষ্ঠান সমাজের প্রতি দায়বদ্ধতার নিদর্শনস্বরূপ বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করায় উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানের পণ্য বা সেবা ক্রয়ে এলাকাবাসী ইতিবাচক মনোভাব দেখাবে। ফলে ব্যবসায় অধিক মুনাফা ও সুনাম অর্জনের মাধ্যমে অধিকতর সুবিধা পাবে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৯** জনাব সাজু একজন উদ্ভাবনকারী। তিনি দীর্ঘদিন গবেষণা করে সৌরশক্তিকে কাজে লাগিয়ে ইঞ্জিন চালিত স্পীডবোট তৈরি করেন। এটি অল্প সময়ে কম ব্যয়ে বাজারে দ্রুত প্রসার লাভ করে। কিন্তু এক শ্রেণির অসাধু ব্যক্তি অনুরূপ স্পীডবোট নকল করে কমদামে বাজারজাত করেন। কিন্তু কোনোরূপ লেবেল, স্বাক্ষর, টিকেট ব্যবহার করেননি। উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিলে জনাব সাজু আইনি সুবিধা ভোগ করেন।

ক. লাইসেন্স কী? ১
খ. ফ্রানসাইজিং বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাজুর স্পীডবোট আবিষ্কার কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সাজুর আইনগত সুবিধা ভোগের কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় শুরুর আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে নেওয়া লিখিত অনুমোদনপত্র হলো লাইসেন্স।

**খ** কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য তৈরি, বিক্রি বা বিতরণ করার অধিকার হলো ফ্রানসাইজিং।

ফ্রানসাইজিং ব্যবসার প্রধান বৈশিষ্ট্য হলো ফ্রানসাইজিং চুক্তি, যা ফ্রানসাইজি ও ফ্রানসাইজরের মধ্যে স্বাক্ষরিত হয়। এতে ফ্রানসাইজি প্রথমে নির্দিষ্ট অঙ্কের ফি এবং পরে বিক্রয়ের ওপর নির্দিষ্ট হারে মাসিক ফি প্রদান করে। প্রতিদান হিসেবে ফ্রানসাইজি ফ্রানসাইজরের পণ্য বা সেবা বিক্রয়ের অধিকার পায়।

**গ** জনাব সাজুর স্পীডবোট আবিষ্কার মেধাসম্পদের অন্তর্গত।

শিল্প বা ব্যবসায় উদ্যোক্তার মেধাসম্পদ বলতে ঐসব মূল্যবান সম্পদকে বোঝায় যা সে দীর্ঘদিন প্রচেষ্টা চালিয়ে উদ্ভাবন করেছে। ব্যবসায় শিল্পে বা বাণিজ্যে প্রয়োগ উপযোগী আবিষ্কার, সাহিত্য ও শিল্পকর্ম, নকশা, প্রতীক, নাম ইত্যাদি মেধাসম্পদের অন্তর্ভুক্ত। সব সৃজনশীল ও উদ্ভাবন কর্মকাণ্ডের মূলে রয়েছে মেধাসম্পদ।

উদ্দীপকে জানাব সাজু একজন উদ্ভাবনকারী। তিনি দীর্ঘদিন গবেষণা করে সৌরশক্তিকে কাজে লাগিয়ে ইঞ্জিন চালিত স্পীডবোট তৈরি করেন। জনাব সাজু দীর্ঘদিন ও মেধা ব্যয় করে স্পীডবোটটি তৈরি করেছেন, যা বাজারে দ্রুত প্রসার লাভ করেছে। সুতরাং বলা যায়, জনাব সাজুর আবিষ্কৃত যন্ত্রটি মেধাসম্পদের অন্তর্ভুক্ত।

**ঘ** জনাব সাজুর আইনগত সুবিধা ভোগের কারণ হচ্ছে তার আবিষ্কৃত স্পীডবোট তার নামে পেটেন্ট করা ছিল।

পেটেন্টের মাধ্যমে আবিষ্কারের জন্য আবিষ্কারককে তার স্বীকৃতিস্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য একচেটিয়া মালিকানা প্রদান করা হয়। এক্ষেত্রে পণ্য বা সেবার উদ্ভাবক বা আবিষ্কারক ও সরকারের মধ্যে চুক্তি হয়। আবিষ্কারকের পেটেন্টটি প্রদানের অর্থ হলো এই নির্দিষ্ট সময়ে অন্য কেউ এটি তৈরি, ব্যবহার ও বিক্রয় করতে পারবে না।

উদ্দীপকে জনাব সাজু একটি সৌরশক্তির সাহায্যে চালিত স্পীডবোট তৈরি করেছেন। যা বাজারে অন্য স্পীডবোট থেকে আলাদা। কিন্তু এক শ্রেণির অসাধু ব্যক্তি নকল করে স্পীডবোট বাজারে ছাড়ে, উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিলে তিনি আইনি সুবিধা ভোগ করেন। কেননা তার আবিষ্কৃত স্পীডবোটটি তার নামে পেটেন্ট করা ছিল।

পেটেন্টকৃত কোনো পণ্য কেউ নকল করে বাজারজাত করলে সহজেই এর আইনি প্রতিকার পাওয়া যায় এবং আইন মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা যায়। সুতরাং বলা যায় জনাব সাজুর আবিষ্কৃত স্পীডবোটটি পেটেন্ট করা ছিল বিধায় তিনি আইনগত সুবিধা ভোগ করেন।

**প্রশ্ন ▶ ১০** তানভির, সজল ও নিরব তিন বন্ধু দশ বছরের জন্য চুক্তিবদ্ধ হয়ে 'ফ্রেন্ডস ট্রান্সকম' নামে একটি ব্যবসায় পরিচালনা করেন। কিছুদিন পর তাদের বন্ধু মনোজকেও তারা অংশীদার হিসেবে চুক্তিবদ্ধ করেন। কিন্তু মনোজ ব্যবসায়ে বিনিয়োগ করেননি এবং পরিচালনায়ও অংশগ্রহণ করবেন না। চুক্তি অনুযায়ী লাভের অংশ নিবে। মনোজ 'সমীর এন্ড কোং' এর নিকট থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে পরিশোধে ব্যর্থ হলে আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়। এর কিছুদিন পর তাদের ব্যবসায়ের মেয়াদ শেষ হয়ে যায়।

ক. আচরণে অনুমিত অংশীদার কী? ১
খ. "প্রচারই প্রসার"– উক্তিটির বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকে মনোজ কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবসায় সংগঠনটির বিলোপ সাধন পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো ব্যক্তি যদি ব্যবসায়ের অংশীদারি না হয়েও মৌখিক কথাবার্তা, লেখা বা অন্য কোনো আচরণের দ্বারা নিজেকে ব্যবসায়ের অংশীদার হিসেবে পরিচয় দেয় তবে তাকে আচরণে অনুমতি অংশীদার বলে।

**খ** প্রচারে পণ্যের গতিশীলতা বাড়ে। প্রচার হচ্ছে পণ্য বা সেবা সামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য একটি উপায় বা কৌশল।

প্রচারের মাধ্যমে পণ্যের গুণাগুণ, বৈশিষ্ট্য, মূল্য ও প্রাপ্তিস্থান উল্লেখপূর্বক মুদ্রিত লিফলেট, প্রচারপত্র ইত্যাদি জনগণের নিকট প্রচার করার একটি কৌশল। প্রতিদিন আমরা টিভি, রেডিও এবং পত্রিকার মাধ্যমে বিভিন্ন পণ্যের আকর্ষণীয় বিজ্ঞাপন দেখি ও শুনে থাকি। বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতা সাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়। বিজ্ঞাপনে অন্যান্য মাধ্যম হচ্ছে লিফলেট, ম্যাগাজিন, পরিবহণ, বিলবোর্ড, সাইন বোর্ড, ইন্টারনেট ইত্যাদি। তাই বলা হয় প্রচারই প্রসার।

**গ** উদ্দীপকে মনোজ একজন নামমাত্র অংশীদার।

যে অংশীদার ব্যবসায়ে মূলধন সরবরাহ করে না, ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না, কিন্তু চুক্তি অনুযায়ী লভ্যাংশের বিনিময়ে নিজের সুনাম ব্যবহারের অনুমতি দেয় তাকে নামমাত্র অংশীদার বলে। এরূপ অংশীদারের দায় সীমিত। এরূপ অংশীদার যদি তৃতীয় পক্ষ থেকে ঋণ নেয় তাহলে সে সাধারণ অংশীদারের মতো তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধ হবে।

উদ্দীপকে তানভির, সজল, নিরব তিন বন্ধু একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করে। তারা কিছুদিন পর মনোজকে অংশীদার হিসেবে চুক্তিবন্ধ করেন। মনোজ ব্যবসায় মূলধন বিনিয়োগ করেনি ও তিনি পরিচালনায় অংশ নেন না এবং তৃতীয় পক্ষের থেকে ঋণ গ্রহণ করেছেন। যার ফলে দায়বন্ধ হয়েছেন যা নামমাত্র অংশীদারের বৈশিষ্ট্য। তাই বলা যায়, উদ্দীপকের মনোজ একজন নামমাত্র অংশীদার।

**ঘ** উদ্দীপকের ব্যবসায়টির বিলোপ সাধন পদ্ধতি হচ্ছে– বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপ সাধন।

অংশীদারি ব্যবসায়ের আইনের ৪২ ধারায় বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপসাধনের বৈশিষ্ট্য বর্ণনা করা হয়েছে। ব্যবসায়ের নির্দিষ্ট সময় ও কাজ শেষ হয়ে গেলে আবার কোনো অংশীদার আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে প্রতিষ্ঠানের বিলোপ হয়ে থাকে।

উদ্দীপকে 'ফ্রেন্সড ট্রান্সকম' ব্যবসায়টি একটি অংশীদারি ব্যবসায়। ব্যবসায়ের অংশীদার জনাব মনোজ তিনি 'সমীর এন্ড কোং' এর নিকট থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে পরিশোধে ব্যর্থ হলে আদালত তাকে দেউলিয়া ঘোষিত করে। যার বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপ সাধন হবে তাদের ব্যবসায়টি। এছাড়াও তাদের ব্যবসায়ের মেয়াদ কিছুদিন পর শেষ হয়ে যায়। ব্যবসায়ের নির্দিষ্ট সময় শেষ হয়ে গেলে ব্যবসায়টি বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপ সাধন হয়ে থাকে।

তাই বলা যায়, উদ্দীপকের অংশীদারি ব্যবসায় সংগঠনটি বিলোপ সাধন পদ্ধতির ক্ষেত্রে বিশেষ ঘটনাসাপেক্ষে বিলোপ সাধন হবে।

**প্রশ্ন ▸ ১১** জনাব আকরাম একটি স্বনামধন্য কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে তাঁর বাবার পতিত জমিতে সবজি বাগান করেন। তার সবজি বাগানটি সুবিধাজনক স্থানে হওয়ায় পাইকারি ব্যবসায়ীরা খুব সহজেই তার উৎপাদিত সবজি ক্রয় করতে পারে। বর্তমানে তার বাগানের সবজি স্থানীয় চাহিদা পূরণ করে বিভিন্ন জেলায় সরবরাহ করা হচ্ছে। মূলধন বৃদ্ধি পাওয়ায় এখন তার বাগানে ২০ জনের অধিক দক্ষ শ্রমিক কাজ করে।

ক. ব্যবসায়ের প্রযুক্তিগত পরিবেশ কী? ১
খ. ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. জনাব আকরামের ব্যবসায়টি গড়ে উঠার অনুকূল পরিবেশের উপাদানগুলো বর্ণনা কর। ৩
ঘ. আর্থ-সামসাজিক উন্নয়নে জনাব আকরামের ব্যবসায় প্রতিষ্ঠানটির গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[চ. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** বিজ্ঞান ও কারিগরি শিক্ষা, বিজ্ঞান সংক্রান্ত প্রশিক্ষণ ও গবেষণা, উন্নত প্রযুক্তির ব্যবহার, প্রযুক্তি আমদানির সুযোগ প্রভৃতি উপাদানের সমন্বয়ে গঠিত পরিবেশ হলো প্রযুক্তিগত পরিবেশ।

**খ** ব্যবসায় উদ্যোগের সাথে ঝুঁকির সম্পর্ক সর্বদা বিদ্যমান। কোনো ব্যবসায়ে ঝুঁকি কম, আবার কোনো ব্যবসায়ে ঝুঁকি বেশি। যে ব্যবসায়ে ঝুঁকি বেশি তাতে লাভের সম্ভাবনাও বেশি। আবার যে ব্যবসায়ে ঝুঁকি কম তাতে লাভের সম্ভাবনাও কম। ব্যবসায়ে বিভিন্ন ধরনের ঝুঁকি রয়েছে। যেকোনো সময়ে উৎপাদিত পণ্যের অথবা সেবার চাহিদা কমে যেতে পারে। এর ফলে অর্জিত মুনাফা কমে যেতে পারে। এই সম্ভাবনাই ব্যবসায়িক ঝুঁকি। অন্যদিকে দেখা গেল, ব্যবসায় থেকে বছরে উদ্যোক্তা একটি নির্দিষ্ট পরিমাণ মুনাফা আশা করেছিল, কিন্তু বাস্তবে এর চেয়ে কম মুনাফা অর্জিত হয়েছে। এটিই হলো আর্থিক ঝুঁকি। অর্থাৎ ব্যবসায় উদ্যোগ এবং ঝুঁকি একে অপরের সাথে সম্পর্কযুক্ত।

**গ** জনাব আকরামের ব্যবসায়টি গড়ে উঠার অনুকূল পরিবেশের উপাদানগুলো হচ্ছে উন্নত অবকাঠামোগত উপাদান ও পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা।

একটি দেশের অগ্রগতির একটি প্রধান কারণ হলো ব্যবসায় প্রতিষ্ঠা, পরিচালনা ও সম্প্রসারণের অনুকূল পরিবেশ। ব্যবসায় উদ্যোগ গড়ে ওঠার জন্য অনুকূল পরিবেশের মধ্যে উন্নত অবকাঠামোগত উপাদান, সরকারি পৃষ্ঠপোষকতা, আর্থ-সামাজিক স্থিতিশীলতা, অনুকূল আইনশৃঙ্খলা পরিস্থিতি, পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা থাকলেই অনুকূল পরিবেশ বলে চিহ্নিত করা যায়। উদ্দীপকে জনাব আকরাম তার বাবার পতিত জমিতে সবজি বাগান করেন। স্থানগত সুবিধা হওয়াতে পাইকার ব্যবসায়ীরা তার উৎপাদিত সবজি কিনে নেন। তাছাড়া তার উৎপাদিত সবজি বিভিন্ন জেলাতে সরবরাহ করা সহজ হয়। উন্নত অবকাঠামোগত সুযোগ-সুবিধার ফলেই উক্ত কার্যক্রমগুলোর বাস্তবায়ন সম্ভব হয়েছে। আবার তার ব্যবসায়ে মূলধন বৃদ্ধি পাওয়াতে তিনি অনেকের কর্মসংস্থান সৃষ্টি করেছেন। বস্তুত তিনি পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা নিশ্চিত করতে পেরেছেন ব্যবসায়ের অনুকূল পরিবেশের উপাদানের দ্বারাই।

সুতরাং বলা যায়, জনাব আকরামের ব্যবসায়টি গড়ে উঠতে অবকাঠামোগত সুবিধা ও পুঁজির প্রাপ্যতা প্রভৃতি উপাদানগুলো অবদান রেখেছে।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আকরামের ব্যবসায় প্রতিষ্ঠানটির গুরুত্ব তাৎপর্যপূর্ণ।

পরিবেশের উপাদানগুলো অঞ্চলভেদে ভিন্ন ভিন্ন হয়। যার কারণে এক একটি অঞ্চলে একেক ধরনের পেশা দেখা যায়। প্রাকৃতিক পরিবেশের বিশেষ উপাদান হচ্ছে ভূমি ও জলবায়ু। জনাব আকরাম যার ফলে সবজি বাগানে ফসল চাষাবাদ করে সুফল ভোগ করেছেন।

উদ্দীপকে জনাব আকরাম বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে সবজির বাগান করে সাফল্য ভোগ করেছেন। যার ফলে তিনি তার বাগানে ২০ জনের অধিক শ্রমিকের কাজের ব্যবস্থা করেছেন। তার কর্মকাণ্ডের দ্বারা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন হচ্ছে। তিনি নিজে বেকার না থেকে ব্যবসা শুরু করেছেন পাশাপাশি মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন। ফলে দেশে বেকারত্ব হ্রাস পেয়েছে। তার এই কর্মকাণ্ডের ফলে জাতীয় আয় বৃদ্ধি পায় ও কর্মসংস্থান সৃষ্টি হয়। এতে একটি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হয়। তাই বিপুল জনসংখ্যার ফলে দেশে যেহেতু চাকরির সুযোগ কম সুতরাং নিজের কর্মসংস্থান নিজেই করা হচ্ছে বিকল্প, যা জনাব আকরাম করেছেন। তার পাশাপাশি অন্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন। তাই বলা যায়, আর্থ-সামাজিক উন্নয়ন তার ব্যবসায় প্রতিষ্ঠানটির ভূমিকা অপরিসীম।

# বরিশাল বোর্ড-২০২৪

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কোনটি 'বন' শিল্পের অন্তর্গত?**
ⓚ ক্রিকেট ব্যাট ⓛ মধু আহরণ
ⓖ রাবারের ব্যাগ ⓘ মিষ্টির প্যাকেট

২. **পার্বত্য জেলাসমূহে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানগুলোর ১০০% কর অবকাশের মেয়াদ কত বছর?**
ⓚ ২ ⓛ ৩ ⓖ ৫ ⓘ ৭

৩. **জনাব মাহিম জনসাধারণের স্বার্থ বিবেচনায় রেখে নতুন পণ্য বাজারে আনেন। তিনি ব্যবসায় পরিবেশের কোন্ উপাদানের কথা চিন্তা করছেন?**
ⓚ প্রাকৃতিক ⓛ সামাজিক ⓖ রাজনৈতিক ⓘ আইনগত

৪. **পণ্যের বাজার স্থিতিশীল রাখা কাদের প্রতি দায়বদ্ধতা নির্দেশ করে?**
ⓚ সমাজের ⓛ রাষ্ট্রের
ⓖ ক্রেতা ও ভোক্তার ⓘ শ্রমিক কর্মচারীদের

৫. **হাবিবা ৩০ হাজার টাকা নিয়ে একটি তৈরি পোশাকের শোরুম দেন। এটিই ছিল তার জীবনের ঘুরে দাঁড়ানোর সময়। হাবিবার সাথে কোন উদ্যোক্তার মিল পাওয়া যায়?**
ⓚ নায়েব আলি ⓛ লুৎফা সানজিদা
ⓖ শাহিদা বেগম ⓘ আবুল কালাম আজাদ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
চলতি বছরে মাধ্যমিক পাস মিস শেফা একটি প্রাইভেট লিমিটেড কোম্পানির পরিচালক হয়েছেন। পরিচালকদের মধ্যে তিনি ৪০% অংশের মালিক। তিনি বাণিজ্যিক ব্যাংক হতে ঋণ নিতে চান। কিন্তু ব্যাংক তাকে ঋণ দিতে অসম্মতি জানান।

৬. **কী কারণে মিস শেফাকে একজন নারী উদ্যোক্তা বলা যায় না?**
ⓚ স্বল্প শিক্ষা ⓛ মালিকানার অংশ
ⓖ প্রশিক্ষণ ⓘ ঋণ খেলাপি

৭. **মিস শেফার ঋণ না পাওয়ার কারণ–**
i. বয়স ii. শেয়ারের অংশ iii. প্রতিষ্ঠানের আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮. **কোনটি ব্যবস্থাপনার সংগঠিতকরণ কাজ?**
ⓚ আচারের জন্য কাঁচা আম সংগ্রহের দায়িত্ব বণ্টন
ⓛ বাণিজ্যিক ব্যাংক হতে স্বল্প মেয়াদি ঋণ গ্রহণ
ⓖ কর্মীদের মধ্যে একজনকে শাখা ব্যবস্থাপক করা
ⓘ মহিলা কর্মীদের নিরাপদে যাতায়াতের ব্যবস্থা করা

৯. **খনি থেকে তেল উত্তোলন কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ প্রজনন ⓛ নিষ্কাশন ⓖ নির্মাণ ⓘ উৎপাদন

১০. **দেশে বৃত্তিমূলক শিক্ষার প্রসার ঘটানো ম্যাক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
ⓚ আইনগত পরিবেশ ⓛ প্রাকৃতিক পরিবেশ
ⓖ রাজনৈতিক পরিবেশ ⓘ সাংস্কৃতিক পরিবেশ

১১. **পরিমিত ঝুঁকি নিতে সাহায্য করে কোনটি?**
ⓚ শিল্প ⓛ বাণিজ্য
ⓖ সেবা ⓘ ব্যবসায় উদ্যোগ

১২. **মাহমুদ একজন শিক্ষিত বেকার। তিনি অন্যের অধীন থাকা পছন্দ করেন না। তিনি যদি ব্যবসায় করতে চান তবে প্রথমে তার কী করা উচিত?**
ⓚ ব্যবসায় উদ্যোগ গ্রহণ করা ⓛ মূলধন গঠন করা
ⓖ ঝুঁকি গ্রহণ করা ⓘ ঋণ গ্রহণ করা

১৩. **সুস্মিতা বাজার থেকে আসার পথে দেখলেন একজন নতুন উৎপাদিত শ্যাম্পু ফ্রি বিতরণ করছেন। এটি কোন ধরনের বিজ্ঞাপন?**
ⓚ পণ্য সজ্জা ⓛ নমুনা বিতরণ ⓖ লিফলেট ⓘ ফ্যাস্টুন

১৪. **জনাব রিপন লিচুর দাম ও স্বাদ বিবেচনা করে মূল্য নির্ধারণ করেন। তিনি বিপণনের কোন কাজটি অনুসরণ করেছেন?**
ⓚ গুদামজাতকরণ ⓛ পর্যায়িতকরণ
ⓖ প্রমিতকরণ ⓘ মোড়কিকরণ

১৫. **বাজারে পেয়ারার চাহিদা থাকা সত্ত্বেও সাগর কম পরিমাণে পেয়ারা সরবরাহ করেছেন। সাগর-এর এমন সিদ্ধান্তের কারণ কী?**
ⓚ দূরদৃষ্টির অভাব ⓛ সাহসের অভাব
ⓖ অভিজ্ঞতার অভাব ⓘ মূলধনের অভাব

১৬. **ব্যবস্থাপনার সর্বশেষ কাজ কোনটি?**
ⓚ পরিকল্পনা ⓛ নির্দেশনা
ⓖ নিয়ন্ত্রণ ⓘ সংগঠিতকরণ

১৭. **পচনশীল জাতীয় পণ্যের জন্য কোন ধরনের ব্যবসায় সংগঠন উপযোগী?**
ⓚ অংশীদারি ⓛ সমবায় সমিতি
ⓖ একমালিকানা ⓘ প্রাইভেট লি.

১৮. **জহুরুল ইসলাম কত সালে জন্মগ্রহণ করেন?**
ⓚ ১৯২৬ ⓛ ১৯২৮ ⓖ ১৯৩০ ⓘ ১৯৪৫

১৯. **কোনটি সংরক্ষণমূলক সহায়তা?**
ⓚ কারিগরি তথ্য সরবরাহ ⓛ অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ
ⓖ ব্যবসায় সম্প্রসারণ ⓘ পুঁজির সংস্থান

২০. **বিজ্ঞাপনের উদ্দেশ্য হলো–**
i. পণ্যের প্রচার বাড়ানো ii. উৎপাদকের আচরণ পরিবর্তন করা
iii. পণ্যের তথ্য সরবরাহ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

২১. **আদর্শ নেতার গুণাবলি হলো–**
i. অন্যের বক্তব্য মনোযোগ দিয়ে শোনা
ii. ছোটো বড়ো সকলের প্রতি ন্যায় বিচার করা
iii. স্বল্প সময় কাজ করে বিশ্রাম নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২২. **'মার্জিত ব্যবহার' একজন বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি?**
ⓚ শারীরিক ⓛ নৈতিক ⓖ মানসিক ⓘ অন্যান্য

২৩. **'বিডিবিএল' প্রধান কাজ হলো–**
i. নতুন শিল্প স্থাপন ii. শিল্পের আধুনিকীকরণ
iii. শিল্প উদ্যোক্তাদের পরামর্শ দান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৪. **পরিবহণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ⓚ সময়গত ⓛ স্থানগত ⓖ ঝুঁকিগত ⓘ তথ্যগত

২৫. **"প্রত্যাশিত মুনাফা লাভ" মাইক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
ⓚ বাজার চাহিদা ⓛ কারিগরি দিক
ⓖ বাণিজ্যিক দিক ⓘ আর্থিক দিক

২৬. **নিচের কোনটি মেধা সম্পদ?**
ⓚ নিজে চিনির সরবত তৈরি ⓛ ফটোকপির অধিকার
ⓖ সফট্ওয়ার এর স্বত্বভোগ ⓘ কম্পিউটার বিক্রয়ের অধিকার

২৭. **বিএসটিআই এর কাজ কোনটি?**
ⓚ প্রতীক নির্ধারণ করা ⓛ পণ্যের সঠিকতা যাচাই করা
ⓖ পণ্যের মালিকানা দেওয়া ⓘ নকল পণ্য থেকে বাঁচানো

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ – ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
পিংকি একজন ফ্যাশন ডিজাইনার। তিনি ১,০০,০০০ টাকা বিনিয়োগ করে ভালো আয় করেন। কোন নিবন্ধন ছাড়া তার বান্ধবী আয়েশা তার সাথে শেয়ারে ব্যবসা করার জন্য অলিখিত চুক্তি করেন। কিন্তু আয়েশা প্রতিষ্ঠানে কোনো কাজ করতেন না। পরবর্তীতে আয়েশা লাভের অংশ নিয়ে বিদেশে চলে যান।

২৮. **পিংকির ব্যবসায়টি কোন ধরনের?**
ⓚ একমালিকানা ⓛ অংশীদারি ⓖ সমবায় ⓘ প্রাইভেট লি.

২৯. **আয়শা উক্ত প্রতিষ্ঠানের কোন ধরনের অংশীদার ছিলেন?**
ⓚ সাধারণ ⓛ ঘুমন্ত ⓖ নামমাত্র ⓘ সীমিত

৩০. **পিংকি আয়েশার বিরুদ্ধে সর্বোচ্চ কত টাকা আদায়ের জন্য মামলা করতে পারবেন?**
ⓚ ১০০ ⓛ ১,০০০ ⓖ ১০,০০০ ⓘ ১,০০,০০০

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আরমান একজন বুদ্ধিমান, সাহসী ও সৎ লোক। হঠাৎ বাবার মৃত্যুর কারণে তাকে বাবার ব্যবসা দেখাশোনা করতে হয়। তিনি কখনও অধিক মুনাফার আশায় পণ্যের কৃত্রিম বাজার সংকট তৈরি করেন না এবং জাতীয় দুর্যোগে মানুষের মাঝে টাকা-পয়সা, খাদ্য-সামগ্রী, ঔষধ ইত্যাদি দিয়ে সাহায্য করেন। অন্যদিকে তার বন্ধু সায়মন অতি লোভের আশায় খাদ্যদ্রব্যে ভেজাল, ক্রেতাদের ওজনে কম দিয়ে পণ্য বিক্রয় করে প্রচুর মুনাফা অর্জন করেন। আরমান সায়মনের চেয়ে কম অর্থ উপার্জন করলেও মানসিকভাবে অনেক সুখী।
(ক) মূল্যবোধ কী? ১
(খ) "জীববৈচিত্র্য" হুমকির মুখে পড়েছে কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরমান ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব সায়মন আর্থিকভাবে লাভবান হলেও এর পরিণাম তার জন্য কখনও ভালো হবে না।– উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২। মি. সুমন পড়ালেখা শেষ করে ইলেকট্রনিকস পণ্য সামগ্রীর দোকান দেয়। তিনি চীন থেকে স্মার্ট ওয়াচ, ইলেকট্রিক চার্জার ফ্যান, হেড ফোন ইত্যাদি সামগ্রী আমদানি করে বিক্রয় করেন। তার পণ্যের মান ভালো হওয়ায় বিক্রয় বৃদ্ধির সাথে সাথে মুনাফার পরিমাণও বাড়ে। ফলে তিনি আরও একটি দোকান প্রতিষ্ঠার কথা ভাবছেন। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার কথা চিন্তাভাবনা করছেন।
(ক) বাণিজ্য কী? ১
(খ) "চামড়া থেকে জুতা তৈরি" কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ২
(গ) মি. সুমনের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. সুমনের ঋণ নেওয়ার চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করেছে বলে তুমি মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। দরিদ্র পরিবারের সন্তান আশিক পারিবারিক কারণে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশুনা করার সুযোগ পায়। প্রতিবেশীর পরামর্শে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে কম্পিউটার চালনার উপর একটি কোর্স সম্পন্ন করে। পরবর্তীতে মায়ের কাছ থেকে কিছু টাকা ঋণ নিয়ে পৌরসভা এলাকায় "মা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র" নামে একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করে। প্রশিক্ষণ কেন্দ্রটি সফলতার সাথে সে পরিচালনা করে। প্রশিক্ষণ কেন্দ্র থেকে যারা ভালো ফলাফল করে তাদের প্রশিক্ষক হিসেবে নিয়োগ দিয়ে থাকে। ফলে বেকার ছেলে-মেয়ে সমাজ বিরোধী কাজে লিপ্ত না হয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে পারে।
(ক) BRDB এর পূর্ণরূপ লেখ। ১
(খ) কর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির কৌশল কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে আসিফের কাজটিকে কী বলে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে আসিফের প্রতিষ্ঠানটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৪। জনাব তালহা একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য কর্মীদের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। কিন্তু কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়। তিনি চিন্তা-ভাবনা করছেন প্রতিষ্ঠানের কর্মীদের নিয়ে একটি সভা করবেন। ব্যর্থতার কারণ খুঁজে সকলের পরামর্শ গ্রহণ করবেন এবং কর্মীদের প্রশ্ন করার সুযোগ দিবেন। তিনি আশাবাদী সকলে একসাথে কাজ করলে প্রতিষ্ঠানের সফলতা অর্জন সম্ভব।
(ক) ব্যবসায় অর্থায়ন কী? ১
(খ) পরিকল্পনা বাস্তবায়ন সহজতর হয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব তালহার মাঝে প্রথমে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব তালহা প্রতিষ্ঠানের সফলতা অর্জনে নেতৃত্বের ধরনের কীরূপ পরিবর্তন নিশ্চিত করেছেন বলে মনে করো? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব আবরার একজন ফলের ব্যবসায়ী। তিনি তার দোকানের ফলগুলো ছোটো-বড়ো সাইজ, ওজন ইত্যাদির ভিত্তিতে ভাগ করে বিক্রয় করেন। ফলে তার পরিশ্রম কম লাগে এবং বিক্রয় সহজ হয়। সম্প্রতি তার দোকানে মাসুদ নামের একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। বিক্রয়কর্মী সকল বয়সের ছেলে-মেয়ে, নারী-পুরুষ ক্রেতাদের সম্পর্কে সচেতন থেকে ভদ্র ব্যবহার করেন। কোনো ক্রেতা পণ্যের মান ও মূল্য সম্পর্কে খারাপ মন্তব্য করলেও তিনি হাসি-মুখে তাদের বিদায় জানায়।
(ক) বণ্টন প্রণালি কী? ১
(খ) পণ্যক্রয়ে কীভাবে ক্রেতাদের উদ্বুদ্ধ করা যায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আবরার বিপণনের কোন কজটি সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'মাসুদ একজন দক্ষ বিক্রয়কর্মী'– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। মি. টুটুল নিজের জমানো অর্থ এবং মায়ের কাছ থেকে কিছু টাকা ঋণ নিয়ে আবাসিক এলাকায় "জননী লন্ড্রি" নামে একটি দোকান ভাড়া নেন। কাপড় ইস্ত্রির অভিজ্ঞতা না থাকায় একজন কর্মী নিয়োগ দেন। কিন্তু দোকানের কর্মী প্রায়ই গ্রাহকের কাপড় পুড়ে ফেলে। ফলশ্রুতিতে মালিক টুটুলকে আর্থিক ক্ষতিপূরণ বহন করতে হয়। কারণ তার ব্যবসায়টির ধরন হলো কম ঝুঁকিপূর্ণ ও অসীমদায় সম্পন্ন।
(ক) ঘুমন্ত অংশীদার কে? ১
(খ) কোম্পানির মূল দলিল কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) মি. টুটুলের ব্যবসায়টি মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. টুটুলের ব্যবসায়টি "কম ঝুঁকিপূর্ণ ও অসীমদায় সম্পন্ন"– উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। সুজন তার মা-বাবা, ভাই-বোনদের নিয়ে চার লক্ষ টাকা মূলধন খাটিয়ে বেতের ঝুড়ি, চেয়ার, দোলনা, চাটাই, কুলা ইত্যাদি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে। তাদের প্রস্তুতকৃত পণ্যের মান ভালো হওয়ায় তার সুনাম দ্রুত ছড়িয়ে পড়ে। অন্যদিকে তার বন্ধু রুমন বত্রিশ কোটি টাকা পুঁজি নিয়ে পাট ও পাটজাত পণ্য তৈরির একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। তার উৎপাদিত পণ্য সামগ্রী দেশের চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানি করা হয়। বর্তমানে প্রতিষ্ঠানটিতে তিনশ জনের মতো শ্রমিক কাজ করে।
(ক) জনশক্তি রপ্তানি কোন শিল্প? ১
(খ) শ্রমঘন শিল্প কী? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে সুজনের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে রুমনের শিল্পের অবদান মূল্যায়ন কর। ৪

৮। জনাব মাজহারুল ইসলাম একটি কনফেকশনারির মালিক। তার দোকানের বছর শেষের আয়-ব্যয়ের তথ্য ছিল– পণ্যক্রয় ৫০,০০০ টাকা, কর্মচারীর বেতন ৩০,০০০ টাকা, মেশিন ক্রয় ৭০,০০০ টাকা, বিদ্যুৎ খরচ ১০,০০০ টাকা, দোকান ভাড়া ১৫,০০০ টাকা, পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা ও অগ্রিম বেতন ৫,০০০ টাকা।
(ক) প্রকল্প কী? ১
(খ) সম আয়-ব্যয় বিন্দু কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ে প্রাক্কলিত লাভ নির্ণয় কর। ৩
(ঘ) বর্তমানে মাজহারুল ইসলামের ব্যবসায়ের অবস্থা কী সন্তোষজনক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। জসিম সাহেব একজন লেখক। তিনি দুই বছর সময় নিয়ে একটি উপন্যাস লেখেন। পরবর্তীতে একটি স্বনামধন্য প্রকাশনী থেকে দুই হাজার কপি ছাপিয়ে বাজারজাত করেন। তাঁর উপন্যাসটির মান ভালো হওয়ায় কিছু দিনের মধ্যে সুনাম ছড়িয়ে পড়ে। কিন্তু একটি প্রকাশনী তাঁর বইটি নকল করে বাজারজাত করে। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। পরবর্তীতে অসাধু চক্রকে চিহ্নিত করে নিকটবর্তী থানায় অভিযোগ জানান। দায়িত্বরত পুলিশ অফিসার সবকিছু শুনে অসাধু চক্রের বিরুদ্ধে আইনগত কোনো ব্যবস্থা নিতে পারবেন না বলে জানান।
(ক) ফ্রানসাইজিং কী? ১
(খ) BSTI কী? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জসিম সাহেবের কাজটি কোন সম্পদের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) অসাধু চক্রের বিরুদ্ধে জসিম সাহেব আইনগত সহায়তা কেন নিতে পারেননি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

১০। জনাব নয়ন ঢাকার সাভার এলাকায় একটি বস্ত্রশিল্প প্রতিষ্ঠা করেন। তার প্রতিষ্ঠানটিতে শাড়ি, গামছা, বেডশিট ইত্যাদি তৈরি হয়। শিল্পটিকে আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য একটি প্রতিষ্ঠান হতে ঋণ নেন। সংস্থাটি ব্যবসায় উদ্যোক্তাদের মধ্যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে ঋণ সুবিধা প্রদান করে থাকে। অপরদিকে বাবার মৃত্যুর কারণে কলেজ পড়ুয়া ছাত্র ফারুক একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক হয়। তার বর্তমান বয়স ১৭ বছর ও ১ বছর যাবৎ ব্যবসায়টি দেখাশুনা করছে। অভিজ্ঞতা না থাকার কারণে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়ার প্রত্যাশা করে। কিন্তু প্রতিষ্ঠানটি ঋণ না দিয়ে তাকে খালি হাতে নিরাশ করে।
(ক) নতুন ব্যবসায় বা শিল্প স্থাপন কী ধরনের কাজ? ১
(খ) নারী শিল্পোদ্যোক্তা কারা? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব নয়ন কোন সংস্থা হতে ঋণ সুবিধা পায়? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ফারুককে আর্থিক প্রতিষ্ঠানটি কেন ঋণ দেয়নি? এর যৌক্তিক কারণ বিশ্লেষণ কর। ৪

১১। লেখাপড়া শেষ করার পর জনাব খোরশেদ নিজস্ব পুঁজি এবং ব্যাংক থেকে ঋণ নিয়ে তার পৈত্রিক জমিতে মাছ চাষ আরম্ভ করেন। কঠোর পরিশ্রমের ফলে তার খামারটি লাভজনক হয়। তিনি নিজের কর্মসংস্থানের পাশাপাশি আরও ২০ জন লোকের কর্মসংস্থান করেন।
(ক) আর্থিক ঝুঁকি কী? ১
(খ) বিতর্ক প্রতিযোগিতার আয়োজন ও জুয়েলারির দোকান প্রতিষ্ঠা দুটির মধ্যে কোনটি ব্যবসায় উদ্যোগ? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব খোরশেদ কীভাবে তার কর্মসংস্থান করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব খোরশেদ কী শুধু আত্মকর্মী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব আরমান একজন বুদ্ধিমান, সাহসী ও সৎ লোক। হঠাৎ বাবার মৃত্যুর কারণে তাকে বাবার ব্যবসা দেখাশোনা করতে হয়। তিনি কখনও অধিক মুনাফার আশায় পণ্যের কৃত্রিম বাজার সংকট তৈরি করেন না এবং জাতীয় দুর্যোগে মানুষের মাঝে টাকা-পয়সা, খাদ্য-সামগ্রী, ওষুধ ইত্যাদি দিয়ে সাহায্য করেন। অন্যদিকে তার বন্ধু সায়মন অতি লোভের আশায় খাদ্য দ্রব্যে ভেজাল, ক্রেতাদের ওজনে কম দিয়ে পণ্য বিক্রয় করে প্রচুর মুনাফা অর্জন করেন। আরমান সায়মনের চেয়ে কম অর্থ উপার্জন করলেও মানসিকভাবে অনেক সুখী।

ক. মূল্যবোধ কী? ১

খ. "জীববৈচিত্র্য" হুমকির মুখে পড়েছে কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরমান ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সায়মন আর্থিকভাবে লাভবান হলেও এর পরিণাম তার জন্য কখনও ভালো হবে না।− উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় বলে মনে করা হয় তাকে মূল্যবোধ বলে।

**খ** ব্যবসায় বিশেষ করে শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা হলো পরিবেশ দূষণ।

শিল্প কারখানা প্রতিষ্ঠার নামে অবাধে গাছ নিধন ও পাহাড় কেটে পরিবেশকে দূষণ করা হচ্ছে। আবাসনের নামে চাষের জমি হরণ, খালবিল ভরাট করে আবাসন তৈরি, নদীভাঙন, নির্বিচারে অনুপযুক্ত যানবাহন রাস্তায় চালানো ও শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্রের ব্যবহার পরিবেশ দূষণ ঘটাচ্ছে । এর ফলে মানুষের স্বাস্থ্যহানি যেমন হচ্ছে তেমনি জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়েছে।

**গ** উদ্দীপকে আরমানের ব্যবসায়িক কার্যক্রম ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার আওতাভুক্ত সমাজের প্রতি দায়বদ্ধতা এবং ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতা পালন করে।

সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই ব্যবসায়কে সমাজের প্রতি সমাজের প্রয়োজন মাফিক মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ করা; কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; বিভিন্ন জনহিতকর কাজে সহায়তা করা; জাতীয় দুর্যোগে জনগণের পাশে দাঁড়ানো; পরিবেশ দূষণ থেকে এলাকাকে রক্ষা করা; পণ্যের মজুতদারি না করা প্রভৃতি দায়িত্ব পালন করতে হয়। তাছাড়া ব্যবসায়ীকে পণ্যের বাজার স্থিতিশীল রাখা; মানসম্মত পণ্য সরবরাহ করা; পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর করা; পণ্য ও বাজারসংক্রান্ত বিভিন্ন তথ্য সরবরাহ করা প্রভৃতি দায়িত্ব ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতাস্বরূপ পালন করতে হয়।

উদ্দীপকের জনাব আরমান একজন বুদ্ধিমান, সাহসী ও সৎ লোক। তার বাবার মৃত্যুর পর তাকে পারিবারিক ব্যবসায় দেখাশোনা করতে হয়। তিনি কখনও অধিক মুনাফার আশায় বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন না। তিনি মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ করেন। তাছাড়া যেকোনো জাতীয় দুর্যোগে তিনি জনগণের পাশে দাঁড়ান। তার এসব কর্মকান্ড ব্যবসায়ের সমাজের প্রতি দায়িত্ব পালনের সাথে মিলে যায়। সুতরাং জনাব আরমান ব্যবসায়ের সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করেন।

**ঘ** জনাব সায়মন আর্থিকভাবে লাভবান হলেও এর পরিণাম তার জন্য কখনও ভালো হবে না– উক্তিটি যুক্তিযুক্ত। কেননা উদ্দীপকের জনাব সায়মন ব্যবসায়ের নৈতিকতার বিষয়টি লঙ্ঘন করেছেন।

ব্যবসায়িক নৈতিকতার মাধ্যমে কোনো বিষয়ে ভালো-মন্দ, উচিত-অনুচিত, ঠিক-বেঠিক, ন্যায়-অন্যায় প্রভৃতি বিচার করা হয়। এটি ব্যবসায়ীদের কাজের প্রতি সচেতনতা বাড়ায়। এছাড়া ব্যবসায়ের সুনামও বাড়ে। সামাজিক দায়বদ্ধতা হিসেবে ব্যবসায়ীকে ক্রেতা ও ভোক্তাদের প্রতি বিশেষভাবে দায়িত্ব পালন করতে হয়। কারণ ব্যবসায়ের সফলতা অনেকাংশে নির্ভর করে ক্রেতা ও ভোক্তার উপর।

উদ্দীপকে জনাব সায়মন একজন খুচরা ব্যবসায়ী। তিনি সম্প্রতি বেশি মুনাফা অর্জনের আশায় নিম্নমানের খাদ্যদ্রব্য এবং ওজনে কম দিয়ে পণ্য বিক্রি করেন। তিনি ব্যবসায়ের ভালো-মন্দ, ন্যায়-অন্যায়, ঠিক-বেঠিক বিচার না করে নীতিবহির্ভূত কাজে লিপ্ত হন। ফলে মানুষের ক্ষতি হয় এবং তার ব্যবসায়ের সুনাম নষ্ট হয়। তাই বলা যায়, জনাব সায়মন বেশি মুনাফা অর্জনের আশায় ব্যবসায়িক নৈতিকতা লঙ্ঘন করেন।

**প্রশ্ন ▶ ০২** মি. সুমন পড়ালেখা শেষ করে ইলেকট্রনিকস পণ্য সামগ্রীর দোকান দেয়। তিনি চীন থেকে স্মার্ট ওয়াচ, ইলেকট্রিক চার্জার ফ্যান, হেড ফোন ইত্যাদি সামগ্রী আমদানি করে বিক্রয় করেন। তার পণ্যের মান ভালো হওয়ায় বিক্রয় বৃদ্ধির সাথে সাথে মুনাফার পরিমাণও বাড়ে। ফলে তিনি আরও একটি দোকান প্রতিষ্ঠার কথা ভাবছেন। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার কথা চিন্তা-ভাবনা করছেন।

ক. বাণিজ্য কী? ১

খ. "চামড়া থেকে জুতা তৈরি" কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ২

গ. মি. সুমনের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. সুমনের ঋণ নেওয়ার চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করেছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৪]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে।

**খ** চামড়া থেকে জুতা তৈরি এটি উৎপাদন শিল্পের অন্তর্গত।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। শিল্পের কাজ হলো প্রাকৃতিক সম্পদ উত্তোলন, শোধন এবং রূপগত পরিবর্তনের মাধ্যমে পণ্যদ্রব্যের নতুন উপযোগ সৃষ্টি করা।

**গ** মি. সুমনের কাজটি ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্গত।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে। বাণিজ্যকে ব্যবসায়ের পণ্য বা সেবাসামগ্রী বণ্টনকারী শাখা হিসেবে চিহ্নিত করা হয়।

উদ্দীপকের মি. সুমন একজন ইলেকট্রনিক পণ্যের ব্যবসায়ী। তিনি চীন থেকে পণ্য আমদানি করে বিক্রি করেন। এক্ষেত্রে তিনি পরিবহণের মাধ্যমে পণ্য আমদানি করেন। এটি পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করে। আবার এ পণ্য তিনি ক্রেতা-ভোক্তাদের কাছে বিক্রি করেন। এতে পণ্যের মালিকানা পরিবর্তন হয়। এভাবে তিনি পরিবহণ ও ক্রয়-বিক্রয় কাজের মাধ্যমে এক স্থানের পণ্য অন্য স্থানের ক্রেতার কাছে পৌঁছে দেন। উক্ত কার্যক্রম সম্পন্ন করে ক্রেতার হাতে পণ্যকে আকর্ষণীয় করে উপস্থাপন করার সকল কাজই বাণিজ্যের অন্তর্গত। তাই মি. সুমনের ব্যবসায় প্রতিষ্ঠানটি ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্গত।

**ঘ** উদ্দীপকের মি. সুমন ঋণ নেওয়ার প্রক্রিয়াটি ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের উপাদান।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক। সঞ্চয় ও বিনিয়োগ, মূলধন, অর্থ ও ব্যাংকিং প্রভৃতি উপাদান নিয়ে অর্থনৈতিক পরিবেশ গড়ে ওঠে। এ উপাদানগুলো অনুকূলে থাকলে ব্যবসায় প্রসার সহজ হয়।

উদ্দীপকের মি. সুমন চীন থেকে স্মার্ট ওয়াচ, ইলেকট্রনিক চার্জার ফ্যান, হেড ফোন ইত্যাদি সামগ্রী আমদানি করে বিক্রয় করেন। ব্যাপক চাহিদা ও ভালো দাম পাওয়ায় তিনি নতুন, আধুনিক সরঞ্জাম কেনার কথা ভাবছেন। কিন্তু নিজস্ব তহবিল না থাকায় আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার চিন্তা করছেন। যেহেতু অর্থ, ঋণ ব্যবস্থা, আর্থিক প্রতিষ্ঠান, দক্ষ উদ্যোক্তা প্রভৃতি পরিবেশের উপাদান। এক্ষেত্রে মি. সুমনের ঋণ নেওয়ার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের প্রভাবকে নির্দেশ করে। তিনি এ ঋণ দিয়ে ব্যবসায় পরিচালনা ও সম্প্রসারণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। এতে তার ব্যবসায়ের পরিধি বাড়বে। ব্যবসায়ের পরিধি বাড়লে আগের তুলনায় তার বিক্রিও বেড়ে যাবে। ফলে তিনি আরও বেশি মুনাফা অর্জন করতে পারবেন। মি. সুমন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অর্থনৈতিক পরিবেশের অন্তর্ভুক্ত। তাই বলা যায়, উদ্দীপকের মি. সুমন ঋণ নেওয়ার প্রক্রিয়াটি ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের উপাদান।

**প্রশ্ন ▸ ০৩** দরিদ্র পরিবারের সন্তান আশিক পারিবারিক কারণে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশুনা করার সুযোগ পায়। প্রতিবেশীর পরামর্শে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে কম্পিউটার চালনার উপর একটি কোর্স সম্পন্ন করে। পরবর্তীতে মায়ের কাছ থেকে কিছু টাকা ঋণ নিয়ে পৌরসভা এলাকায় "মা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র" নামে একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করে। প্রশিক্ষণ কেন্দ্রটি সফলতার সাথে সে পরিচালনা করে। প্রশিক্ষণ কেন্দ্র থেকে যারা ভালো ফলাফল করে তাদের প্রশিক্ষক হিসেবে নিয়োগ দিয়ে থাকে। ফলে বেকার ছেলে-মেয়ে সমাজ বিরোধী কাজে লিপ্ত না হয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে পারে।

ক. BRDB এর পূর্ণরূপ লেখ। ১
খ. কর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির কৌশল কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আসিফের কাজটিকে কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে আসিফের প্রতিষ্ঠানটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** BRDB-এর পূর্ণরূপ হলো Bangladesh Rural Development Board.

**খ** কর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির কৌশল হলো প্রশিক্ষণ।

কর্মীর দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কার্য নির্বাহের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। প্রশিক্ষণ কর্মীর কর্মদক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করে। তাছাড়া কর্মীদের নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিবিধ কলা-কৌশল সম্পর্কে জ্ঞান দান করে। ফলে কারখানার যন্ত্রপাতি ব্যবহারসহ অন্যান্য দুর্ঘটনা এড়ানো যায়। এজন্য প্রশিক্ষণ প্রয়োজন।

**গ** উদ্দীপকের আসিফের কাজকে আত্মকর্মসংস্থানের সহায়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানটি হলো নট্রামস।

স্বল্প পুঁজি ও ন্যূনতম ঝুঁকি নিয়ে নিজের প্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থা করা হয়। এটি মূলত নিজেই নিজের কর্মসংস্থানের সুযোগ তৈরি করার একটি উপায়। নট্রামস শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান। বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেও বহু শিক্ষিত বেকার যুবক-যুবতী আত্মকর্মসংস্থানের সুযোগ করে নিয়েছে।

উদ্দীপকের আসিফ বেশি পড়াশোনা করার সুযোগ না পেয়ে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নেন এবং পরবর্তীতে সে 'মা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র' নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলে। এক্ষেত্রে আসিফ নিজের দক্ষতা ও পরিশ্রম দিয়ে নিজের কর্মসংস্থান করেছে। তাই আসিফের কাজটিকে আত্মকর্মসংস্থানমূলক কাজ বলা যায়।

**ঘ** দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আসিফের প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে আমি মনে করি।

উদ্যোক্তাগণ ব্যবসায় উদ্যোগমূলক কাজের মাধ্যমে নিজেদের জীবিকা অর্জনের ব্যবস্থা করেন। আবার অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেন। এছাড়া তারা সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনীতিকে গতিশীল করেন।

উদ্দীপকের আসিফ দরিদ্র পরিবারের স্বল্প শিক্ষিত এক যুবক। প্রতিবেশীর পরামর্শে সে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে কম্পিউটার চালনার ওপর প্রশিক্ষণ নেয়। এরপর সে 'মা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র' নামের একটি প্রতিষ্ঠান চালু করে। এই প্রতিষ্ঠানটি সে সফলতার সাথে পরিচালনা করে।

জনাব আসিফের এই আত্মকর্মসংস্থানমূলক কর্মকাণ্ডের ফলে তার আর্থিক অবস্থায় উন্নতি ঘটেছে। আবার তার প্রতিষ্ঠানে যারা ভালো ফলাফল করে তাদেরকে প্রশিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হয়। এতে অন্যান্য বেকারদেরও কর্মসংস্থান হয়েছে। আবার তার এই উদ্যোগে উৎসাহিত অনেকেই আত্মকর্মসংস্থানমূলক কাজের প্রতি উৎসাহিত হবে। এতে দেশের বেকারত্ব অনেকাংশে দূর হবে এবং জাতীয় আয় বাড়বে। তাই বলা যায়, দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে আসিফের প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**প্রশ্ন ▸ ০৪** জনাব তালহা একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য কর্মীদের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। কিন্তু কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়। তিনি চিন্তা-ভাবনা করছেন প্রতিষ্ঠানের কর্মীদের নিয়ে একটি সভা করবেন। ব্যর্থতার কারণ খুঁজে সকলের পরামর্শ গ্রহণ করবেন এবং কর্মীদের প্রশ্ন করার সুযোগ দিবেন। তিনি আশাবাদী সকলে একসাথে কাজ করলে প্রতিষ্ঠানের সফলতা অর্জন সম্ভব।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. পরিকল্পনা বাস্তবায়ন সহজতর হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তালহার মাঝে প্রথমে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব তালহা প্রতিষ্ঠানের সফলতা অর্জনে নেতৃত্বের ধরনের কীরূপ পরিবর্তন নিশ্চিত করেছেন বলে মনে করো? বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করাই হলো ব্যবসায় অর্থায়ন। ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষণ, সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত যাবতীয় কার্যকে ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে কোন কাজ কে করবে, কীভাবে করবে, কখন করবে, কতটুকু সময়ের মধ্যে করা হবে ইত্যাদি নির্ধারণ করার অগ্রিম কর্মসূচি প্রণয়নের কাজকে পরিকল্পনা বলে।

পরিকল্পনা বর্তমান পরিস্থিতির আলোকেই ভবিষ্যতের জন্য প্রণয়ন করা হয়। পরিকল্পনার মাধ্যমেই ভবিষ্যতের যেকোনো কাজ সম্পর্কে বর্তমানে পূর্ণাঙ্গ ধারণা পাওয়া যায়। এজন্যই বলা হয়, পরিকল্পনা হলো ভবিষ্যতের আয়না। তাই বলা যায়, সঠিক দিকনির্দেশনার মাধ্যমে পরিকল্পনা ব্যবসায়ের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

**গ** উদ্দীপকের জনাব তালহার মাঝে মুক্ত নেতৃত্ব পরিলক্ষিত হয়।

যে নেতৃত্বে নেতা কর্মীদের ওপর যাবতীয় দায়িত্ব দিয়ে নিশ্চিত থাকেন। নিজে কাজ করতে পছন্দ করেন না এবং আগ্রহী নন তাকে মুক্ত নেতৃত্ব বলে। এ নেতৃত্বে নেতা কর্মীদের সুনির্দিষ্ট কোন আদেশও দেন না। কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে। আর এ কাজের জন্য কর্মীদের কাছে থেকে কোন জবাবদিহিতা আদায় করা হয় না। এ নেতৃত্বে নেতা নিজে কাজ করতে পছন্দ করেন না।

উদ্দীপকে জনাব তালহা একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য কর্মীদের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। তাদের সুনির্দিষ্ট কাজের নির্দেশ দেন না। কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে। এতে সঠিক সময়ে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন সম্ভব হয় না। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়। এসব বৈশিষ্ট্য মুক্ত নেতৃত্বের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, জনাব তালহার মাঝে মুক্ত নেতৃত্ব পরিলক্ষিত হয়।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জনাব তালহার সফলতা অর্জনে গণতান্ত্রিক নেতৃত্ব বিরাজমান রয়েছে।

যে নেতৃত্বে নেতা অধস্তনদের সাথে আলোচনা এবং পরামর্শ গ্রহণ করেন তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। গণতান্ত্রিক নেতৃত্বে নেতা কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এক্ষেত্রে নেতা সকল ক্ষমতা নিজের হাতে কেন্দ্রীভূত না রেখে প্রয়োজনীয় কর্তৃত্ব কর্মীদের কাছে অর্পণ করেন। উদ্দীপকের জনাব তালহা তার ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে তাদেরকে দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন এবং বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। যার ফলে সকল কর্মী কাজে মনোনিবেশ করেন। জনাব তালহা প্রথমে মুক্ত নেতৃত্ব অনুসরণ করতেন। ফলে তার প্রতিষ্ঠানের কর্মীরা স্বেচ্ছাচারী হয়ে ওঠে। তারা কাজের প্রতিও অমনোযোগী হয়ে ওঠে। কাজের প্রতি অনাগ্রহের ফলে ব্যবসায় প্রতিষ্ঠান ক্ষতির সম্মুখীন হয়। এ থেকে উত্তরণের জন্য তিনি গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করার কথা ভাবেন। এতে কর্মীদের মতামতকে গুরুত্ব দেওয়ায় কাজের প্রতি তাদের আগ্রহ বাড়বে। তারা প্রতিষ্ঠানের প্রতি আন্তরিক হয়ে ওঠবে। ফলে প্রতিষ্ঠানের কাজে গতিশীলতা আসবে। এখানে উল্লিখিত বিষয়গুলো গণতান্ত্রিক নেতৃত্বের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। সুতরাং বলা যায়, উদ্দীপকের প্রতিষ্ঠানে সফলতা অর্জনে তালহার গণতান্ত্রিক নেতৃত্ব নিশ্চিত করেছেন।

**প্রশ্ন ▸ ০৫** জনাব আবরার একজন ফলের ব্যবসায়ী। তিনি তার দোকানের ফলগুলো ছোটো-বড়ো সাইজ, ওজন ইত্যাদির ভিত্তিতে ভাগ করে বিক্রয় করেন। ফলে তার পরিশ্রম কম লাগে এবং বিক্রয় সহজ হয়। সম্প্রতি তার দোকানে মাসুদ নামের একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। বিক্রয়কর্মী সকল বয়সের ছেলে-মেয়ে, নারী-পুরুষ ক্রেতাদের সম্পর্কে সচেতন থেকে ভদ্র ব্যবহার করেন। কোনো ক্রেতা পণ্যের মান ও মূল্য সম্পর্কে খারাপ মন্তব্য করলেও তিনি হাসিমুখে তাদের বিদায় জানায়।

ক. বণ্টন প্রণালি কী? ১
খ. পণ্যক্রয়ে কীভাবে ক্রেতাদের উদ্বুদ্ধ করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আবরার বিপণনের কোন কাজটি সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মাসুদ একজন দক্ষ বিক্রয়কর্মী'– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** যে প্রক্রিয়ার মাধ্যমে পণ্য বা সেবা উৎপাদনকারী থেকে প্রকৃত ভোক্তা বা ব্যবহারকারীর হাতে পৌঁছে তাকে বন্টন প্রণালি বলা হয়।

**খ** ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বিক্রয়িকতা বলে।

এর মাধ্যমে একজন বিক্রয়কর্মী তার দক্ষতা ও কৌশলকে কাজে লাগিয়ে সে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। এছাড়াও তিনি তার নিজ গুণে ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকে।

**গ** জনাব আবরার বিপণনের পর্যায়িতকরণের কাজটি করেছেন।

এর মাধ্যমে মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হয়। সাধারণত ওজন, আকার ও গুণাগুণ অনুযায়ী পণ্য ভাগ করা হয়। এতে পণ্য বিক্রয়ের কাজ সহজ হয়। এছাড়া ক্রেতারা সহজেই তাদের পছন্দমতো পণ্য সংগ্রহ করতে পারে। ফলে ক্রেতা সন্তুষ্টি অর্জন করা যায়।

উদ্দীপকের জনাব আবরার একজন ফল ব্যবসায়ী। তার দোকানের ফলগুলোকে সাইজ অনুযায়ী আলাদা আলাদা করে পর্যায়িতকরণ করেন। এরপর সেগুলো গুণাগুণ, ওজন ও আকৃতি অনুযায়ী শ্রেণিবিন্যাস করেন। এতে তার বিক্রির কাজ সহজ হয়। এছাড়া পণ্য বিভিন্ন শ্রেণিতে বিভক্ত হওয়ায় ক্রেতারা সহজেই তাদের পছন্দমতো পণ্য কিনতে পারেন। এরূপ পণ্য শ্রেণিবিন্যাস বলতে পর্যায়িতকরণকে বোঝায়। সুতরাং বলা যায়, জনাব আবরার তার উৎপাদিত পণ্যগুলোকে বিপণনের পর্যায়িতকরণের কাজটি করেছেন।

**ঘ** মাসুদ একজন দক্ষ বিক্রয়কর্মী– উক্তিটি যথার্থ।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মী দ্বারা প্রভাবিত হয়। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেকগুলো গুণের অধিকারী হতে হয়। একজন দক্ষ বা আদর্শ বিক্রয়কর্মী বিভিন্ন শারীরিক (সুদর্শন চেহারা, সুস্বাস্থ্য), মানসিক (ধৈর্য, আন্তরিকতা), নৈতিক গুণাবলির (মার্জিত ব্যবহার, জেন্ডার সচেতনতা, ইতিবাচক দৃষ্টিভঙ্গি) অধিকারী হতে হয়। যিনি তার গুণাবলি দিয়ে ক্রেতাদের সহজে আকৃষ্ট করতে পারেন।

উদ্দীপকে জনাব আবরার একজন ফল ব্যবসায়ী। সম্প্রতি তিনি মাসুদ নামে একজন বিক্রয়কর্মী নিয়োগ দিয়েছেন। মাসুদ সকল বয়সের ছেলে-মেয়ে, নারী-পুরুষ ক্রেতাদের বিষয়ে সচেতন। ক্রেতারা পণ্যের নাম ও মূল্য সম্পর্কে নেতিবাচক মন্তব্য করলে তিনি হাসিমুখে পরিস্থিতি সামাল দেন। এক্ষেত্রে মাসুদের মাঝে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলি লক্ষ করা যায়।

ক্রেতাদের মাঝে ছেলে-মেয়ে, নারী-পুরুষ বিষয়টি খেয়াল রাখা মাসুদের জেন্ডার সচেতনতা প্রকাশ করে। আবার ক্রেতার সাথে নম্র, ভদ্র ব্যবহার করায় ক্রেতারা তার দিকে আকৃষ্ট হয়। ফলে তার দোকানে ক্রেতা সমাগম বেড়ে যায়। এছাড়া ক্রেতাদের নেতিবাচক মন্তব্য হাসিমুখে গ্রহণ করার মাধ্যমে তার ইতিবাচক দৃষ্টিভঙ্গি ফুটে ওঠে।

অতএব বলা যায়, একজন দক্ষ বিক্রয়কর্মীকে যে সকল গুণের অধিকারী হতে হয় তার প্রায় সব গুণাবলিই বিক্রয়কর্মী মাসুদের মধ্যে পরিলক্ষিত হয়।

**প্রশ্ন ▶ ০৬** মি. টুটুল নিজের জমানো অর্থ এবং মায়ের কাছ থেকে কিছু টাকা ঋণ নিয়ে আবাসিক এলাকায় "জননী লন্ড্রি" নামে একটি দোকান ভাড়া নেয়। কাপড় ইস্ত্রির অভিজ্ঞতা না থাকায় একজন কর্মী নিয়োগ দেন। কিন্তু দোকানের কর্মী প্রায়ই গ্রাহকের কাপড় পুড়িয়ে ফেলে। ফলশ্রুতিতে মালিক টুটুলকে আর্থিক ক্ষতিপূরণ বহন করতে হয়। কারণ তার ব্যবসায়টির ধরন হলো কম ঝুঁকিপূর্ণ ও অসীম দায় সম্পন্ন।

ক. ঘুমন্ত অংশীদার কে? ১
খ. কোম্পানির মূল দলিল কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. মি. টুটুলের ব্যবসায়টি মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. টুটুলের ব্যবসায়টি "কম ঝুঁকিপূর্ণ ও অসীম দায় সম্পন্ন"– উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৪]

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** যে সকল অংশীদার অধিকার থাকা সত্ত্বেও ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করে না তবে মূলধন বিনিয়োগ ও চুক্তি অনুযায়ী লাভের অংশ পায় তাকে ঘুমন্ত অংশীদার বলে।

**খ** স্মারকলিপি হলো কোম্পানির দলিল, সনদ বা সংবিধান, যাতে কোম্পানির গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ থাকে।

স্মারকলিপিতে কোম্পানির নাম, ঠিকানা, উদ্দেশ্য, মূলধনের পরিমান, শেয়ার মালিকদের দায়-দায়িত্ব, ন্যূনতম চাঁদা ইত্যাদি বিষয় লিপিবদ্ধ থাকে। এটি কোম্পানির কর্মপরিধি ও কর্মদক্ষতার সীমা নির্দেশ করে। এতে অন্তর্ভুক্ত নেই এমন কোনো কাজ কোম্পানি সম্পাদন করতে পারে না। অর্থাৎ কোম্পানি সর্বদা স্মারকলিপিতে নির্দেশিত সীমা মেনে চলতে বাধ্য থাকে। এ স্মারকলিপিকে কোম্পানির মূল দলিল বলা হয়।

**গ** মালিকানার ভিত্তিতে টুটুলের ব্যবসায়ের ধরন হলো একমালিকানা ব্যবসায়।

মুনাফা অর্জনের লক্ষ্যে যখন কোনো ব্যক্তি নিজ দায়িত্বে মূলধন জোগাড় করে কোনো ব্যবসায় গঠন ও পরিচালনা করে এবং উক্ত ব্যবসায়ে অর্জিত সকল লাভ নিজে ভোগ করে বা ক্ষতি হলে নিজেই তা বহন করে, তখন তাকে একমালিকানা ব্যবসায় বলে।

উদ্দীপকের মি. টুটুল নিজের জমানো অর্থ ও কিছু ঋণ নিয়ে আবাসিক, এলাকায় জননী লন্ড্রি নামে একটি দোকান ভাড়া নেন এবং একজন কর্মচারী দিয়ে ব্যবসায় পরিচালনা করেন। ব্যবসায়ের ঝুঁকি ও মুনাফা তিনি একাই বহন করেন। টুটুলের ব্যবসায়ের বর্ণনাটি একমালিকানা ব্যবসায়ের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, টুটুলের ব্যবসায়টি একমালিকানা ব্যবসায়।

**ঘ** সাংগঠনিক ধরন বিবেচনায় মি. টুটুলের ব্যবসায়টি একমালিকানা ব্যবসায়; যা কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন।

সাধারণভাবে একজন ব্যক্তির মালিকানায় প্রতিষ্ঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় বলে। একমালিকানা ব্যবসায় একজন মাত্র ব্যক্তির তত্ত্বাবধানে হওয়ায় আয়তন যেমন ক্ষুদ্রাকৃতির হয় তেমনি এর ঝুঁকিও কম থাকে। অপরদিকে লাভ হলে যেমন মালিক একা ভোগ করেন তেমনি লোকসান হলেও তিনিই বহন করবেন। তাই এক্ষেত্রে মালিকের দায় অসীম।

উদ্দীপকের টুটুল একজন একমালিকানা ব্যবসায়ী। তিনি মায়ের কাছ থেকে ধার করা স্বল্প মূলধন নিয়ে একটি আবাসিক এলাকায় "জননী লন্ড্রি" নামে দোকান দিয়েছেন। মূলত টুটুল একমালিকানা ব্যবসায়টি প্রতিষ্ঠিত হয়েছে স্বল্প পুঁজি নিয়ে এবং নিজের সার্বিক তত্ত্বাবধানে। স্বল্প পুঁজির এ ব্যবসায়ে টুটুল নিজের আন্তরিকতা বিদ্যমান থাকায় তুলনামূলকভাবে ঝুঁকি কম। তবে লোকসানের সকল দায়ভার তাকেই নিতে হবে। এক্ষেত্রে তার দায় হবে অসীম। কেননা ব্যবসায়ের যেকোনো লোকসান কিংবা দায়-দেনার জন্যে টুটুল ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন। সুতরাং সাংগঠনিক ধরন বিবেচনায় টুটুলের ব্যবসায়টি 'কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন'– উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০৭** সুজন তার মা-বাবা, ভাই-বোনদের নিয়ে চার লক্ষ টাকা মূলধন খাটিয়ে বেতের ঝুড়ি, চেয়ার, দোলনা, চাটাই, কুলা ইত্যাদি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে। তাদের প্রস্তুতকৃত পণ্যের মান ভালো হওয়ায় তার সুনাম দ্রুত ছড়িয়ে পড়ে। অন্যদিকে তার বন্ধু রুমন বত্রিশ কোটি টাকা পুঁজি নিয়ে পাট ও পাটজাত পণ্য তৈরির একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। তার উৎপাদিত পণ্য সামগ্রী দেশের চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানি করা হয়। বর্তমানে প্রতিষ্ঠানটিতে তিনশ জনের মতো শ্রমিক কাজ করে।

ক. জনশক্তি রপ্তানি কোন শিল্প? ১
খ. শ্রমঘন শিল্প কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সুজনের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে রুমনের শিল্পের অবদান মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** জনশক্তি রপ্তানি সেবা শিল্পের অন্তর্গত।

**খ** কায়িক শ্রমের ওপর নির্ভর করে গড়ে ওঠে এমন শিল্পকে বলা হয় শ্রমঘন শিল্প।

যেসব শিল্পে শ্রমের আধিক্যতা বেশি সেগুলোই শ্রমঘন শিল্প। ক্ষুদ্র ও কুটির শিল্পে বেশি সংখ্যক শ্রমিক ব্যবহারের প্রয়োজন বলে এটিকে শ্রমঘন শিল্প বলা হয়। অনুন্নত ও উন্নয়নশীল দেশে শ্রমঘন শিল্পের উপস্থিতি বেশি।

**গ** উদ্দীপকের সুজনের শিল্পটি কুটির শিল্পের অন্তর্গত।

স্বল্প মূলধন ও নিজস্ব কারিগরি জ্ঞানের সাহায্যে পারিবারিক সহযোগিতার ওপর ভিত্তি করে যে শিল্প গড়ে ওঠে তাকে কুটির শিল্প বলে।

কুটির শিল্প বলতে পরিবারের সদস্যদের প্রাধান্যবিশিষ্ট সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝায় যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নিচে এবং পারিবারিক সদস্য সমন্বয়ে সর্বোচ্চ জনবল ১৫ এর অধিক নয়। সাধারণত স্বামী-স্ত্রী, পুত্র-কন্যা, ভাই-বোন ও পরিবারের অন্য সদস্যদের সহায়তায় কুটির শিল্প পরিচালিত হয়। তারা পূর্ণকালীন ও খণ্ডকালীন সময়ে উৎপাদন বা সেবা কাজে জড়িত থাকে।

উদ্দীপকে সুজন বেতের জিনিসপত্র তৈরি করে বিক্রি করেন। তিনি বেতের ঝুড়ি, চেয়ার, দোলনা, চাটাই, কুলা প্রভৃতি পণ্য তৈরি করেন। এ কাজে তিনি চার লক্ষ টাকা বিনিয়োগ করেন। এর মাধ্যমে তার নিজের পাশাপাশি পরিবারের সদস্যদেরও আয়ের সুযোগ সৃষ্টি হয়েছে। এসবের সাথে কুটির শিল্পের মিল রয়েছে। সুতরাং উদ্দীপকের সুজনের শিল্পটি কুটির শিল্পের অন্তর্ভুক্ত।

**ঘ** বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে রুমনের মাঝারি শিল্পের অবদান রয়েছে বলে আমি মনে করি।

এসকল শিল্প পণ্যসামগ্রী তৈরি বা প্রক্রিয়াকরণের সাথে জড়িত। উৎপাদনমুখী মাঝারি শিল্পে ১৫ থেকে ৫০ কোটি টাকা মূলধন প্রয়োজন হয়। আবার এ শিল্পে ১২১ থেকে ৩০০ জন শ্রমিক কাজ করে।

উদ্দীপকে রুমন পাট ও পাটজাত পণ্য তৈরির একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটিতে তিনি ৩২ কোটি টাকা বিনিয়োগ করেন। এছাড়া এটিতে ৩০০ জনের মতো শ্রমিক কাজ করে। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্য দেশের চাহিদা মেটানোর পাশাপাশি বিদেশেও রপ্তানি করা হচ্ছে। বৈশিষ্ট্যানুযায়ী সুমনের শিল্পটি উৎপাদনমুখী মাঝারি শিল্প। এটির মাধ্যমে বৃহদায়তন উৎপাদন নিশ্চিত করা যাবে। এ উৎপাদিত পণ্য দেশের বাজারের পাশাপাশি বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা যাবে। এছাড়া কারখানাটিতে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ হচ্ছে। এতে শ্রমিক-কর্মচারীদের আয় ও জীবনযাত্রার মান বাড়ছে। এসব বিষয় দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এভাবে রুমনের শিল্পটি বাংলাদেশের অর্থনীতিতে অসামান্য ভূমিকা রাখছে।

**প্রশ্ন ▶ ০৮** জনাব মাজহারুল ইসলাম একটি কনফেকশনারির মালিক। তার দোকানের বছর শেষের আয়-ব্যয়ের তথ্য ছিল– পণ্যক্রয় ৫০,০০০ টাকা, কর্মচারীর বেতন ৩০,০০০ টাকা, মেশিন ক্রয় ৭০,০০০ টাকা, বিদ্যুৎ খরচ ১০,০০০ টাকা, দোকান ভাড়া ১৫,০০০ টাকা, পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা ও অগ্রিম বেতন ৫,০০০ টাকা।

ক. প্রকল্প কী? ১
খ. সম আয়-ব্যয় বিন্দু কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ে প্রাক্কলিত লাভ নির্ণয় কর। ৩
ঘ. বর্তমানে মাজহারুল ইসলামের ব্যবসায়ের অবস্থা কি সন্তোষজনক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কার্যপদ্ধতি হলো প্রকল্প।

**খ** যে পরিমাণ পণ্য বিক্রি করলে আয়-ব্যয় সমান হয়, তাকে সম আয়-ব্যয় বিন্দু বলে।

একটি ব্যবসায় প্রতিষ্ঠান কী পরিমাণ পণ্য বিক্রি করলে লাভ-লোকসান হবে না, তা সম আয়-ব্যয় বিন্দু নির্ণয়ের সাহায্যে জানা যায়। এছাড়া এ বিন্দু নির্ণয়ের মাধ্যমে প্রতিষ্ঠান পণ্যের মূল্য ও কাঙ্ক্ষিত বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করতে পারে। এজন্য ব্যবসায়ের ক্ষেত্রে সম আয়-ব্যয় বিন্দু জানা প্রয়োজন।

**গ** প্রাক্কলিত আয় থেকে বাদ দেওয়ার পর উদ্বৃত্ত অংশকে প্রাক্কলিত লাভ বলে। জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ের প্রাক্কলিত লাভ নিচে তুলে ধরা হলো–

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রাক্কলিত আয় (বিক্রয় থেকে প্রাপ্তি)** | | ১,০০,০০০ |
| বাদ : প্রাক্কলিত ব্যয় | | |
| পণ্য ক্রয় | ৫০,০০০ | |
| কর্মচারীর বেতন | ৩০,০০০ | |
| বিদ্যুৎ খরচ | ১০,০০০ | |
| দোকান ভাড়া | ১৫,০০০ | |
| **মোট ব্যয়** | | ১,০৫,০০০ |
| **প্রাক্কলিত ক্ষতি (বাৎসরিক)** | | (৫,০০০) |

সুতরাং জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ের প্রাক্কলিত ক্ষতির পরিমাণ ৫,০০০ টাকা।

**ঘ** জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ের অবস্থা সন্তোষজনক নয়। একটি ব্যবসায়ের বার্ষিক লাভ-ক্ষতি পরিমাণ নির্ণয়ের মাধ্যমে এর সার্বিক অবস্থা সম্পর্কে জানা যায়। ব্যবসায়ে ব্যয়ের তুলনায় আয় বেশি হলে ধরে নেওয়া হয়, ব্যবসায়ের অবস্থা সন্তোষজনক। আর ব্যয়ের তুলনায় আয় কম হলে বুঝতে হবে ব্যবসায় ক্ষতির সম্মুখীন হচ্ছে।

উদ্দীপকের জনাব মাজহারুল ইসলাম একটি কনফেকশনারির মালিক। তার ব্যবসায়ে গড় একবছরে অর্জিত প্রাক্কলিত আয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা। অপরদিকে প্রাক্কলিত মোট ব্যয়ের পরিমাণ হলো ১,০৫,০০০ টাকা। দেখা যায়, জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ে আয়ের তুলনায় ব্যয়ের পরিমাণ বেশি। তিনি তার মোট আয়ের চেয়ে অতিরিক্ত (১,০০,০০০ − ১,০৫,০০০) টাকা বা ৫,০০০ টাকা বেশি ব্যয় করেন। তাই বলা যায়, বর্তমানে জনাব মাজহারুল ইসলামের ব্যবসায়ের অবস্থা সন্তোষজনক নয়।

**প্রশ্ন ▸ ০৯** জসিম সাহেব একজন লেখক। তিনি দুই বছর সময় নিয়ে একটি উপন্যাস লেখেন। পরবর্তীতে একটি স্বনামধন্য প্রকাশনী থেকে দুই হাজার কপি ছাপিয়ে বাজারজাত করেন। তাঁর উপন্যাসটির মান ভালো হওয়ায় কিছুদিনের মধ্যে সুনাম ছড়িয়ে পড়ে। কিন্তু একটি প্রকাশনী তাঁর বইটি নকল করে বাজারজাত করে। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। পরবর্তীতে অসাধু চক্রকে চিহ্নিত করে নিকটবর্তী থানায় অভিযোগ জানান। দায়িত্বরত পুলিশ অফিসার সবকিছু শুনে অসাধু চক্রের বিরুদ্ধে আইনগত কোনো ব্যবস্থা নিতে পারবেন না বলে জানান।

ক. ফ্রানসাইজিং কী? ১
খ. BSTI কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জসিম সাহেবের কাজটি কোন সম্পদের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অসাধু চক্রের বিরুদ্ধে জসিম সাহেব আইনগত সহায়তা কেন নিতে পারেননি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

[ব. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য বা সেবা তৈরি ও বিক্রি করার অধিকার হলো ফ্রানসাইজিং।

**খ** বাংলাদেশের পণ্যের মান নির্ধারণ, পণ্য মান পরীক্ষা ও মান নিশ্চিত করার জন্য যে সরকারি প্রতিষ্ঠান নিয়োজিত আছে তাই হলো বিএসটিআই । বিএসটিআই সাধারণত পণ্য ও সেবার বিষয়ে আঞ্চলিক ও আন্তর্জাতিক মানের সাথে দেশি মান নির্ধারণ করে। দৈর্ঘ্য, ওজন, ভর, আয়তন এবং শক্তির পরিমাপ বিষয়েও বাংলাদেশি পণ্যের মান প্রতিষ্ঠা করে প্রতিষ্ঠানটি। এছাড়া পণ্য রপ্তানি বৃদ্ধির জন্য উৎপাদিত পণ্য, উৎপাদন প্রক্রিয়া এবং কার্যপদ্ধতির গুণ ও দক্ষতা পরীক্ষা ও পরিদর্শনের মাধ্যমে প্রয়োজনীয় রিপোর্ট প্রদান করে।

**গ** উদ্দীপকের জসিম সাহেবের উপন্যাস লেখার কাজটি মেধাসম্পদের অন্তর্গত।

সৃজনশীল ব্যক্তি তার মেধা ও মননশীলতা প্রয়োগ করে মেধাসম্পদ সৃষ্টি করেন। এ ধরনের সম্পদ সৃষ্টি করার জন্য ব্যক্তিকে দীর্ঘদিন গবেষণা ও প্রচেষ্টা চালিয়ে যেতে হয়। সাহিত্য ও শিল্পকর্ম মেধা সম্পদের আওতাভুক্ত।

উদ্দীপকের জসিম সাহেব একজন লেখক। তিনি দুই বছর সময় নিয়ে একটি উপন্যাস লেখেন। তার উপন্যাসটির মান ভালো হওয়ায় কিছু দিনের মধ্যে তার সুনাম ছড়িয়ে পড়ে। এ কাজের জন্য তিনি মানসিক শ্রম ও মেধা ব্যবহার করেছেন। এভাবে দীর্ঘ সাধনা ও প্রচেষ্টার মাধ্যমে তিনি উপন্যাসটি প্রকাশ করতে সমর্থ হয়েছেন। এটি মেধা সম্পদের বৈশিষ্ট্যের সাথে মিলে যায়। সুতরাং জসিম সাহেবের রচিত উপন্যাসটি মেধাসম্পদের আওতায় পড়ে।

**ঘ** জসিম সাহেব তার মেধাসম্পদের কপিরাইট না করার কারণে কোনো আইনগত সুবিধা নিতে পারেননি বলে আমি মনে করি।

কপিরাইট হলো লেখক বা শিল্পীর সৃষ্টিকর্মের ওপর একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থায়ী আইনগত অধিকার। এর মাধ্যমে সাহিত্য বা শিল্পকর্মে নির্দিষ্ট সময়ের জন্য বিক্রি, উন্নয়ন বা ব্যবহারের একক অধিকার লাভ করা যায়। গ্রন্থ, গল্প, প্রবন্ধ, কবিতা, নাটক, গান, চলচ্চিত্র প্রভৃতির সুরক্ষার জন্য কপিরাইট আইনের সহায়তা নিতে হয়।

উদ্দীপকের জসিম সাহেব দীর্ঘদিন পরিশ্রম করে একটি উপন্যাস লেখেন। পরবর্তীতে একটি প্রকাশনী থেকে বইটি বাজারজাত করেন। আর উপন্যাসটির মান ভালো হওয়ায় দ্রুত সুনাম ছড়িয়ে পড়ে। কিন্তু একটি প্রকাশনী তার বইটি নকল করে বাজারজাত করে। এ অবস্থায় তিনি আইনি ব্যবস্থা নিয়েও কোনো প্রতিকার পাননি।

জসিম সাহেব তার উপন্যাসটির কপিরাইট করলে অন্য কেউ এটি নকল করতে পারতো না। আর নকল করলেও তিনি তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারতেন। এতে তার পক্ষে ক্ষতিপূরণ আদায় করাও সম্ভব হতো। কিন্তু উপন্যাসটির কোনো কপিরাইট না থাকায় অসাধু ব্যবসায়ীরা এটি নকল করার সুযোগ পেয়েছে। জসিম সাহেবও তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিয়েও কোনো প্রতিকার পাননি। সুতরাং জসিম সাহেবের উপন্যাসটির কপিরাইট না থাকায় তিনি আইনগত সুবিধা পাননি।

**প্রশ্ন ▸ ১০** জনাব নয়ন ঢাকার সাভার এলাকায় একটি বস্ত্রশিল্প প্রতিষ্ঠা করেন। তার প্রতিষ্ঠানটিতে শাড়ি, গামছা, বেডশিট ইত্যাদি তৈরি হয়। শিল্পটিকে আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য একটি প্রতিষ্ঠান হতে ঋণ নেন। সংস্থাটি ব্যবসায় উদ্যোক্তাদের মধ্যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে ঋণ সুবিধা প্রদান করে থাকে। অপরদিকে বাবার মৃত্যুর কারণে কলেজ পড়ুয়া ছাত্র ফারুক একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক হয়। তার বর্তমান বয়স ১৭ বছর ও ১ বছর যাবৎ ব্যবসায়টি দেখাশুনা করছে, অভিজ্ঞতা না থাকার কারণে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়ার প্রত্যাশা করে। কিন্তু প্রতিষ্ঠানটি ঋণ না দিয়ে তাকে খালি হাতে নিরাশ করে।

ক. নতুন ব্যবসায় বা শিল্প স্থাপন কী ধরনের কাজ? ১
খ. নারী শিল্পোদ্যোক্তা কারা? ব্যাখ্যা কর। ২
গ. জনাব নয়ন কোন সংস্থা হতে ঋণ সুবিধা পায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ফারুককে আর্থিক প্রতিষ্ঠানটি কেন ঋণ দেয়নি? এর যৌক্তিক কারণ বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** নতুন ব্যবসায় বা শিল্প স্থাপন একটি সৃজনশীল ও গঠনমূলক কাজ।

**খ** একজন নারী যদি কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক হন তাহলে তিনি নারী উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন।

কোনো নারী, অংশীদারি বা যৌথ মূলধনী ব্যবসায়ের শেয়ারহোল্ডারদের মধ্যে ন্যূনতম ৫১% শেয়ারের মালিক হলে, তাকে বলা হয় নারী

উদ্যোক্তা। কিন্তু ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে নারী কোনো ব্যবসায় স্থাপন করলেই তাকে নারী উদ্যোক্তা হিসেবে ধরা হয়। অংশগ্রহণে দেশের সুষম অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত হয়।

**গ** উদ্দীপকের জনাব নয়ন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (BDBL) হতে ঋণ সুবিধা পায়।

বিডিবিএল হলো সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বিশেষায়িত ব্যাংক। নতুন শিল্প প্রকল্প স্থাপন, চালু শিল্প প্রকল্পগুলোর আধুনিকীকরণ, শিল্প উদ্যোক্তাদের ঋণ ও পরামর্শদান, কৃষিভিত্তিক শিল্পের পৃষ্ঠপোষকতা প্রভৃতি এর প্রধান কাজ। এছাড়া বিডিবিএল ক্ষুদ্র উদ্যোক্তাদের অগ্রাধিকার, উৎপাদন ও সেবা খাতকে অগ্রাধিকার, নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার এসব সহায়তাগুলো দিয়ে থাকে।

উদ্দীপকের নয়ন ঢাকার সাভার এলাকায় একটি বস্ত্রশিল্প প্রতিষ্ঠা করে। তার প্রতিষ্ঠানটিতে শাড়ি, গামছা, বেডশিট ইত্যাদি তৈরি হয়। তিনি তার শিল্পটিকে আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য একটি সংস্থা হতে ঋণ নেন। সংস্থাটি ব্যবসায় উদ্যোক্তাদের জন্য ঋণ সুবিধা দিয়ে সহায়তা করে থাকে। এছাড়া সংস্থাটি উদ্যোক্তাদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করে। এ ধরনের সহায়তা বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক (বিডিবিএল) দিয়ে থাকে। সুতরাং জনাব নয়ন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড হতে ঋণ সুবিধা পায়।

**ঘ** উদ্দীপকের ফারুকের ঋণপ্রাপ্তির যোগ্যতা নেই বলে বাণিজ্যিক ব্যাংক তাকে ঋণ দেয়নি।

এ ধরনের ব্যাংক থেকে ব্যবসায়িক ঋণ নিতে চাইলে ঋণ প্রার্থীর ২ বছরের ব্যবসায়িক অভিজ্ঞতা থাকতে হবে। তাকে সুস্থ, শিক্ষিত এবং বয়স ১৮ থেকে ৬০-এর মধ্যে হতে হবে। ঋণ প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। এক্ষেত্রে ঋণ খেলাপি, দেউলিয়া, উন্মাদ কোনো ব্যক্তি ঋণের আবেদন করতে পারবে না এবং মহিলারা অগ্রাধিকার পাবে।

উদ্দীপকের ফারুক তার বাবার মৃত্যুর কারণে একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক হয়। তার বর্তমান বয়স ১৭ বছর। এছাড়া সে ১ বছর যাবৎ তার ব্যবসায়টি দেখাশোনা করছে। তার ব্যবসায়িক অভিজ্ঞতা না থাকার কারণে সে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। এতে সে একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়ার প্রত্যাশা করে। কিন্তু প্রতিষ্ঠানটি তাকে ঋণ প্রদান করেনি।

এ ধরনের ব্যাংক উদ্যোক্তাদের কিছু যোগ্যতা যাচাই করে ঋণ প্রদান করে থাকে। এক্ষেত্রে ফারুক বাংলাদেশের নাগরিক ও সুস্থ মস্তিষ্কের মানুষ। কিন্তু সে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নেওয়ার অন্য শর্তগুলো বয়স ও অভিজ্ঞতা পূরণ করতে সক্ষম হয়নি। ফারুকের বয়স ১৮ বছরের কম। তাছাড়া তার ব্যবসায়িক অভিজ্ঞতা ২ বছর পূর্ণ হয়নি। এজন্য বাণিজ্যিক ব্যাংক ফারুককে ঋণ সুবিধা প্রদান করেনি। তাই বলা যায়, ফারুককে আর্থিক প্রতিষ্ঠানটির ঋণ না দেওয়ার যৌক্তিকতা রয়েছে।

**প্রশ্ন ▸ ১১** লেখাপড়া শেষ করার পর জনাব খোরশেদ নিজস্ব পুঁজি এবং ব্যাংক থেকে ঋণ নিয়ে তার পৈত্রিক জমিতে মাছ চাষ আরম্ভ করেন। কঠোর পরিশ্রমের ফলে তার খামারটি লাভজনক হয়। তিনি নিজের কর্মসংস্থানের পাশাপাশি আরও ২০ জন লোকের কর্মসংস্থান করেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বিতর্ক প্রতিযোগিতার আয়োজন ও জুয়েলারির দোকান প্রতিষ্ঠা দুটির মধ্যে কোনটি ব্যবসায় উদ্যোগ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব খোরশেদ কীভাবে তার কর্মসংস্থান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব খোরশেদ কি শুধু আত্মকর্মী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** প্রত্যাশিত মুনাফার চেয়ে প্রকৃত মুনাফা কম হওয়া হলো আর্থিক ঝুঁকি।

**খ** বিতর্ক প্রতিযোগিতার আয়োজন ও জুয়েলারির দোকান প্রতিষ্ঠার মধ্যে ২য় কাজটি ব্যবসায় উদ্যোগ।

মুনাফা অর্জনের উদ্দেশ্য ও ঝুঁকির সম্পৃক্ততা ব্যবসায় উদ্যোগের দুইটি বিশেষ বৈশিষ্ট্য। জুয়েলারির দোকানে মুনাফা অর্জনের উদ্দেশ্য থাকলেও বিতর্ক প্রতিযোগিতায় এই উদ্দেশ্য থাকে না। আবার, জুয়েলারির দোকান ঝুঁকি নিয়ে পরিচালনা করা হলেও বিতর্ক প্রতিযোগিতার সাথে ঝুঁকি জড়িত নয়। এসব দিক বিবেচনায় বলা যায়, ২য় কাজটিই ব্যবসায় উদ্যোগ।

**গ** জনাব খোরশেদ আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিজের কাজের ব্যবস্থা করেন।

আত্মকর্মসংস্থান একটি স্বাধীন পেশা। এর মাধ্যমে স্বল্প পুঁজি, নিজস্ব চিন্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে জীবিকা অর্জনের ব্যবস্থা করা হয়। এভাবে কোনো ব্যক্তি নিজেই তার বেকারত্ব দূর করতে পারে। হাঁস-মুরগি পালন, মাছ চাষ প্রভৃতি আত্মকর্মসংস্থানের উদাহরণ। উদ্দীপকের জনাব খোরশেদ নিজস্ব পুঁজি ও ঋণ নিয়ে পৈত্রিক জমিতে মাছ চাষ শুরু করেন। কঠোর পরিশ্রমের ফলে তার খামারটি দ্রুত লাভজনক হয়ে উঠে। এক্ষেত্রে জনাব খোরশেদের মূলধন ছিল তার নিজস্ব অর্থ ও ঋণ করা স্বল্প সম্পদ। তাছাড়া খামারটি দাঁড় করাতে তিনি নিজের দক্ষতা ও শ্রম কাজে লাগিয়েছেন। এভাবে তিনি নিজেই নিজের আয়ের ব্যবস্থা করেছেন। তার এই কাজটির সাথে আত্মকর্মসংস্থানের মিল রয়েছে। সুতরাং জনাব খোরশেদ আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছেন।

**ঘ** জনাব খোরশেদ শুধু আত্মকর্মীই নন, তিনি একজন ব্যবসায় উদ্যোক্তাও।

একজন আত্মকর্মসংস্থান সৃষ্টিকারী ব্যক্তি শুধু নিজের কাজের ব্যবস্থা করেন। কিন্তু একজন ব্যবসায় উদ্যোক্তা নিজের পাশাপাশি আরও অনেকের কাজের ব্যবস্থা করেন। তাই একজন আত্মকর্মসংস্থানকারীর প্রতিষ্ঠানে আরও অনেকে কাজ করতে শুরু করলে তিনি আর আত্মকর্মী থাকেন না। তখন তিনি হয়ে উঠেন ব্যবসায় উদ্যোক্তা।

উদ্দীপকের জনাব খোরশেদ নিজস্ব পুঁজি ও স্বল্প পরিমাণ ঋণ নিয়ে মাছ চাষ শুরু করেন। তার কঠোর পরিশ্রমের ফলে খামারটি দ্রুত মুনাফা অর্জন করতে থাকে। প্রথমে তিনি নিজের আত্মকর্মসংস্থানের জন্য মাছ চাষ শুরু করেন। কিন্তু বর্তমানে সেখানে তার পাশাপাশি আরও ২০ জন লোক কাজ করছে।

উদ্দীপকের জনাব খোরশেদ প্রথমদিকে নিজস্ব পুঁজি ও পরিশ্রমকে কাজে লাগিয়ে নিজেই নিজের কাজের ব্যবস্থা করেছিলেন। অর্থাৎ তিনি আত্মকর্মসংস্থানে নিয়োজিত ছিলেন। কিন্তু পরবর্তীতে তার খামারটি বড়ো হলে সেখানে আরও অনেকের কাজের ব্যবস্থা হয়। বর্তমানে সেখানে আরও ২০ জন লোক কাজ করছেন। ফলে তার আত্মকর্মসংস্থানটি রূপ নেয় ব্যবসায় উদ্যোগে। কারণ ব্যবসায় উদ্যোগে উদ্যোক্তা নিজের পাশাপাশি অন্যান্যদের কাজের ব্যবস্থা করেন। সুতরাং বর্তমানে জনাব খোরশেদ কেবল আত্মকর্মী নন তিনি একজন ব্যবসায় উদ্যোক্তাও।

# সিলেট বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. পণ্য-দ্রব্যের উৎপাদন প্রক্রিয়ায় প্রত্যক্ষভাবে প্রভাব বিস্তার করে কোনটি?**
ক) অর্থনৈতিক পরিবেশ খ) আইনগত পরিবেশ
গ) প্রযুক্তিগত পরিবেশ ঘ) সামাজিক পরিবেশ

**২. ব্যবসায় উদ্যোগের ফলাফল হলো–**
i. একটি ব্যবসায় প্রতিষ্ঠান ii. একটি পণ্য বা সেবা iii. প্রচুর মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. সফল উদ্যোক্তার বিশেষ গুণ কোনটি?**
ক) সৃজনশীলতা খ) প্রভাব বিস্তারের ক্ষমতা
গ) দূরদর্শিতা ঘ) চ্যালেঞ্জ গ্রহণ

**৪. আত্মকর্মসংস্থানের পথে বাধা নয় কোনটি?**
ক) মূলধন খ) দক্ষতা গ) পরিবেশ ঘ) বয়স

**৫. সমবায়ের শাব্দিক অর্থ কী?**
ক) সম্মিলিত উদ্যোগে কাজ করা খ) যৌথভাবে মূলধন সরবরাহ করা
গ) একতাবদ্ধভাবে ব্যবসায় করা ঘ) মিলেমিশে সিদ্ধান্ত গ্রহণ করা

**৬. জীবন বিমা কর্পোরেশন কোন মন্ত্রণালয়ের অধীন?**
ক) বাণিজ্য খ) শিল্প গ) অর্থ ঘ) পাট ও বস্ত্র

**৭. কোম্পানির সকল দলিলপত্রে কোনটির ব্যবহার বাধ্যতামূলক?**
ক) কোম্পানির সিল খ) নিবন্ধকের স্বাক্ষর
গ) পরিচালকদের স্বাক্ষর ঘ) আইন উপদেষ্টার স্বাক্ষর

**৮. মি. জসীম একটি ঔষধ কোম্পানির বিক্রয় প্রতিনিধি। তাছাড়া তিনি ডাক্তারদের চেম্বার ভিজিট করেন এবং কোম্পানির নমুনা ঔষধ বিতরণ করেন। তার কাজটি কোনটির অন্তর্ভুক্ত?**
ক) বিক্রয়িকতা খ) বিজ্ঞাপন
গ) সামাজিক দায়বদ্ধতা ঘ) নৈতিকতা

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জামান এলাকার খামারীদের কাছ থেকে তরল দুধ সংগ্রহপূর্বক প্যাকেটজাতকরণের মাধ্যমে বাজারজাত করেন। তিনি ভোক্তাদের রুচি, আগ্রহ ও মতামত বিশ্লেষণের মাধ্যমে এরূপ সিদ্ধান্ত নেন।

**৯. জনাব জামানের পণ্য প্যাকেটজাতকরণের কারণ–**
i. সুন্দর, আকর্ষণীয় ও বহনযোগ্য করা ii. নষ্ট হওয়া রোধ ও মান ঠিক রাখা iii. ক্রেতাদের নিকট গ্রহণযোগ্যতা বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. জনাব জামান এর ভোক্তা বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ কোন ধরনের কাজ?**
ক) আবশ্যকীয় খ) অন্যতম গ) গুরুত্বপূর্ণ ঘ) অতিরিক্ত

**১১. জাতীয় শিল্পোন্নয়নে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে গঠিত প্রতিষ্ঠান কোনটি?**
ক) BSCIC খ) BITAC গ) BCSIR ঘ) BDBL

**১২. মানুষের ভালো-মন্দের বিচার বিশ্লেষণ করে সঠিকটি গ্রহণ করাকে কী বলে?**
ক) দায়িত্ববোধ খ) নৈতিকতা গ) মূল্যবোধ ঘ) জ্ঞানবোধ

**১৩. রংপুর বিভাগে শিল্প স্থাপনের ক্ষেত্রে কত বছর কর অবকাশ প্রদান করা হয়?**
ক) ৩ খ) ৫ গ) ৭ ঘ) ১০

**১৪. বিপণনের মাধ্যমে পণ্য বা সেবার উপযোগ সৃষ্টি হয়–**
i. মালিকানাগত ii. সময়গত iii. স্থানগত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. দেশের সর্ববৃহৎ বেসরকারি মেডিকেল কলেজ জহুরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতালটি কত শয্যাবিশিষ্ট?**
ক) ৪৫০ খ) ৪০০ গ) ৩৫০ ঘ) ২৫০

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
পতেঙ্গা এলাকার ৩০ জন কৃষক মিলিত হয়ে আইন অনুযায়ী পতেঙ্গা কৃষক সমবায় সমিতি গঠন করেন। সদস্যগণ পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ও গণতান্ত্রিক রীতি-নীতি অনুসারে সমিতি পরিচালনা করেন।

**১৬. উক্ত সমবায় সমিতির প্রধান উদ্দেশ্য কী?**
ক) মুনাফা অর্জন খ) আত্মনির্ভরশীলতা অর্জন
গ) সমাজকল্যাণ ঘ) অর্থনৈতিক ভারসাম্য রক্ষা

**১৭. পতেঙ্গা কৃষক সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য–**
i. একজন সদস্যের একটিমাত্র ভোটাধিকার থাকবে
ii. কোনো সদস্য যে কোনো সংখ্যক শেয়ার ক্রয় করতে পারবে
iii. নিজ নামে সম্পদ অর্জন করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৮. কম্পিউটার সফটওয়্যার কোন আইন দ্বারা সংরক্ষিত হয়?**
ক) পেটেন্ট খ) শ্রম আইন গ) প্রযুক্তি আইন ঘ) কপিরাইট

**১৯. কুটির শিল্পে সমৃদ্ধির ফলে কোন অঞ্চল কুটির শিল্পের নামে পরিচিতি লাভ করেছে?**
ক) চট্টগ্রাম খ) বান্দরবান গ) মনিপুরি ঘ) রাজশাহী

**২০. মানব সভ্যতার শুরুতে ব্যবস্থাপনা ছিল–**
i. পরিবারভিত্তিক ii. দলভিত্তিক iii. গোষ্ঠীভিত্তিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. নির্দিষ্ট লক্ষ্য অর্জনে একটি কাজ সঠিক সময়ে ও যথাযথ পদ্ধতিতে সম্পন্ন হচ্ছে কি না তা নিশ্চিত করা যায়–**
ক) নিয়ন্ত্রণের মাধ্যমে খ) নির্দেশনার মাধ্যমে
গ) কর্মীসংস্থানের মাধ্যমে ঘ) প্রেষণাদানের মাধ্যমে

**২২. সর্বদা নিয়মমাফিক দায়িত্ব পালন করতে হয় কোন নেতৃত্বে?**
ক) মুক্ত খ) স্বৈরতান্ত্রিক
গ) গণতান্ত্রিক ঘ) আমলাতান্ত্রিক

**২৩. মি. সবুজ মিয়া চিনি ফ্যাক্টরিতে আখ সরবরাহ করেন। তাঁর কাজটি কোনটির অন্তর্গত?**
ক) প্রজনন শিল্প খ) নিষ্কাশন শিল্প গ) বাণিজ্য ঘ) সেবা

**২৪. আইনগত পরিবেশের উপাদান কোনটি?**
ক) পরিবেশ সংরক্ষণ আইন খ) আন্তর্জাতিক সম্পর্ক
গ) আইন শৃঙ্খলা ঘ) ধর্মীয় বিশ্বাস

**২৫. ব্যবসায় স্থাপনে সরকারি সুযোগ-সুবিধার ব্যাপক প্রচার কোন ধরনের সহায়তা?**
ক) সহযোগিতামূলক খ) উদ্দীপনামূলক
গ) সমর্থনমূলক ঘ) সংরক্ষণমূলক

**২৬. আতব, আগরবাতি কোন শিল্পের উৎপাদিত দ্রব্য?**
ক) হস্তশিল্প খ) খাদ্য ও সহায়ক শিল্প
গ) মৃৎশিল্প ঘ) কেমিক্যাল শিল্প

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলম দেশে ক্রমবর্ধমান চাহিদা ও শিল্পের গুরুত্ব অনুধাবন করে একটি ইস্পাত শিল্প স্থাপন করেন। এই শিল্পে তিনি জমি ও কারখানা ব্যতীত প্রায় ৫৫০ মিলিয়ন টাকা বিনিয়োগ করেন। এ প্লান্টে ৩০০ জনের অধিক লোক কর্মরত আছেন।

**২৭. মি. আলম কর্তৃক স্থাপিত ইস্পাত শিল্পটি কোন ধরনের শিল্প?**
ক) বৃহদায়তন সেবা শিল্প খ) বৃহদায়তন উৎপাদন শিল্প
গ) মাঝারি উৎপাদন শিল্প ঘ) মাঝারি সেবা শিল্প

**২৮. মি. আলমের এই শিল্প স্থাপনের কারণ–**
i. অন্যান্য দেশের তুলনায় সস্তায় শ্রম পাওয়া যায়
ii. শিল্পের উন্নয়নে সরকারি ও বেসরকারি সহায়তা
iii. কম ঝুঁকিতে অধিক মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি?**
ক) ধারণা মূল্যায়ন খ) প্রতিবেদন তৈরি করা
গ) প্রকল্প তালিকা প্রস্তুতকরণ ঘ) প্রকল্প নির্বাচন

**৩০. ব্যবসায়ে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুতের মাধ্যমে ব্যবসায়ী কী জানতে পারে?**
ক) ব্যবসায়ের প্রকৃত অবস্থা খ) বহিঃদায়ের প্রকৃত অবস্থা
গ) সম্পদের প্রকৃত মূল্য ঘ) নগদের প্রকৃত অবস্থা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সিলেট বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মামুন সাহেব নাটোরের হালতি বিলের পাশে বিশ একর জমি নিয়ে মনোরম পরিবেশে একটি পিকনিক স্পট প্রতিষ্ঠা করেন। তিনি বিভিন্ন সুযোগ-সুবিধা ও বিনোদন সামগ্রী দিয়ে স্পটটি সুন্দরভাবে সাজান এবং যৌক্তিক প্রবেশ ফি নির্ধারণ করেন। প্রথম দিকে লোক সমাগম কম হলেও পরবর্তীতে বিভিন্ন মাধ্যমে প্রচারণার ফলে বর্তমানে দর্শনার্থী সমাগম বৃদ্ধি পায়। ফলে তার আয়ের পরিমাণও বৃদ্ধি পায়।

(ক) উদ্যোক্তা কে? ১

(খ) "বস্তুত সকল শিল্প প্রতিষ্ঠানের মালিকই উদ্যোক্তা"—ব্যাখ্যা কর।২

(গ) মামুন সাহেবের পিকনিক স্পট প্রতিষ্ঠার কাজকে কী বলে? বর্ণনা কর।৩

(ঘ) উদ্দীপকের আলোকে মামুন সাহেবের কাজটি আর্থ-সামাজিক উন্নয়নে কী ধরনের ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা কর। ৪

২। আমাদের দেশের বিভিন্ন শহরতলিতে নিম্ন আয়ের মানুষ বাস করে। তারা বেশির ভাগই রক্ষণশীল পরিবারের সদস্য। জনাব আলম ইউরোপের বিভিন্ন দেশ থেকে বিলাসজাত দ্রব্য কিনে এনে তা বিভিন্ন শহরতলিতে বিক্রয় করেন। কিন্তু তার লাভবান অবস্থা লক্ষ্য করা যাচ্ছে না।

(ক) নিষ্কাশন শিল্প কাকে বলে? ১

(খ) ব্যবসায়ের পরিবেশ ধারণাটি ব্যাখ্যা কর। ২

(গ) জনাব আলমের কাজটি ব্যবসায়ের কোন ধরনের বাধা দূর করে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) জনাব আলমের ব্যবসায়ে লাভবান না হওয়ার মূল কারণ কী? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩। যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে হেলাল প্রশিক্ষণ গ্রহণ করে। হেলাল ও তার বড় ভাই রফিক মিলে পারিবারিক পুকুরে মাছ চাষ করে তা বাজারে বিক্রয়ের সিদ্ধান্ত নেয়। কিন্তু তার বন্ধু-বান্ধব ঝুঁকির কথা বলে তাদের নিরুৎসাহিত করার চেষ্টা করে। কিন্তু তারা দুই ভাই বন্ধুদের কথা না শুনে মাছ চাষ শুরু করে।

(ক) ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ কী? ১

(খ) "একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় অসীম"—ব্যাখ্যা কর। ২

(গ) হেলালের মাছ চাষ শুরু করার কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) বন্ধু বান্ধবের পরামর্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় হেলালের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৪। সুমন, মোহন ও রাজন তিন বন্ধু মিলে একটি অংশীদারি ব্যবসায় স্থাপন করেছিলেন। কিন্তু উক্ত ব্যবসায়ে মূলধনের অপ্রতুলতা, আইনগত সীমাবদ্ধতা ও অসীম দায়ের কারণে তারা বৃহদায়তন ব্যবসায়ে আগ্রহী হলেন। উক্ত ব্যবসায় গঠনের জন্য তারা বিভিন্ন দলিলপত্র প্রণয়নের প্রস্তুতি গ্রহণ করেন। তারা মনে করেন বর্তমানে ব্যবসায়টি বেকারত্ব দূর করে জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে।

(ক) অংশীদারি ব্যবসায় কাকে বলে? ১

(খ) সমবায় সমিতির দুইটি মূলনীতি ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে কী কী ধরনের দলিল প্রণয়নের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর।৩

(ঘ) উদ্দীপকের ব্যবসায়টি কীভাবে জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব হাসান একজন চাকরিজীবী। তিনি রাজশাহীতে বসবাস করলেও প্রতিদিন নাটোর গিয়ে অফিস করেন। তিনি ভবিষ্যৎ জীবনের নিরাপত্তার কথা ভেবে বিমা করেছেন। তিনি নিয়মিত নির্দিষ্ট প্রিমিয়াম প্রদান করেন। তার অবর্তমানে তার স্ত্রীকে ক্ষতিপূরণ বাবদ বিমাকৃত টাকা গ্রহণের নমিনি করেন। অন্যথায় তার জীবিত অবস্থায় তিনি মেয়াদান্তে বোনাসসহ সম্পূর্ণ টাকা পাবেন।

(ক) পেটেন্ট কী? ১

(খ) নৌ বিমা কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে হাসান সাহেব কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকে বর্ণিত বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়"—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬। জনাব হাসান সম্প্রতি একটি ব্যবসায় শুরু করেছেন। তিনি তার প্রতিটি কাজ শুরুর পূর্বে কাজটি কখন, কীভাবে, কার সাথে, কত সময়ে করতে পারবেন তার রূপরেখা তৈরি করেন। ফলে তার ব্যবসায়টি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার ব্যবসাতে প্রথম কয়েক বছর লাভ না হলেও ক্ষতি যেন না হয় তার দিকে লক্ষ রাখছেন।

(ক) কর্মসংস্থানকে প্রধানত কত ভাগে ভাগ করা হয়? ১

(খ) ব্যবসায়ের সফলতার জন্য সঠিক কর্মী নির্বাচনের গুরুত্ব বর্ণনা কর। ২

(গ) জনাব হাসানের প্রতিটি কাজের পূর্বে যে রূপরেখা তৈরি করেন তা ব্যবস্থাপনার কোন কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

(ঘ) জনাব হাসানের "লাভ না হলেও ক্ষতি যেন না হয়" এ চিন্তাটিকে ব্যবসায়ের ভাষায় কী বলা হয়? বিশ্লেষণ কর। ৪

৭। মি. বকুল মিয়া তার এক বন্ধুর পরামর্শ নিয়ে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বাঁশের পাখা, কুলা, ঝাঁকা তৈরি করেন এবং এ কাজে তার স্ত্রী সন্তানরা তাকে সাহায্য করে। রাতদিন পরিশ্রমের ফলে তাদের পরিবারে বর্তমানে অভাব নেই।

(ক) সেবা শিল্প কী? ১

(খ) "বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতাসাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়।"—ব্যাখ্যা কর। ২

(গ) মি. বকুল মিয়ার কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর। ৩

(ঘ) মি. বকুল মিয়ার শিল্পটি কীভাবে বেকার জনগোষ্ঠীকে দরিদ্র ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করতে পারে? বিশ্লেষণ কর। ৪

৮। শিশির ফ্যাশানের মালিক জনাব শিশির তার প্রতিষ্ঠানের অধস্তন কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তিনি কর্মীদের মতামতও গ্রহণ করেন। যার ফলশ্রুতিতে সকল কর্মী কাজে মনোনিবেশ করেন। কিন্তু তার পাশের বৃষ্টি ফ্যাশানের মালিক জনাব বৃষ্টি কর্মীদের কাজের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। কর্মীদের কাজের জন্য জবাবদিহিতা করেন না। কর্মীরা তাদের ইচ্ছামত কাজ করেন বিধায় কাজে বিশৃঙ্খলা দেখা দেয়।

(ক) ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১

(খ) ব্যবস্থাপনার কার্যাবলির সর্বশেষ ধাপটি ব্যাখ্যা কর। ২

(গ) জনাব শিশিরের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিরাজমান রয়েছে? বিশ্লেষণ কর। ৩

(ঘ) ব্যবসায়িক সফলতা লাভের ক্ষেত্রে শিশির ফ্যাশন বৃষ্টি ফ্যাশনের চেয়ে এগিয়ে থাকবে কেন? বিশ্লেষণ কর। ৪

৯। মেসার্স সাদেক ব্রাদার্স নিজস্ব এলাকার ব্যবহারকারীর চাহিদা, ক্রয়ক্ষমতা, রুচি, অভ্যাস নানা বিষয়ের উপর পরীক্ষা-নিরীক্ষা করে তাদের প্রসাধনী সামগ্রির উৎপাদন পরিকল্পনা গ্রহণ করে। ফলে এ বছর তাদের উৎপাদিত প্রসাধনী সামগ্রির সবটুকুই বিক্রি হয়ে যায়। উক্ত দ্রব্যাদির মূল্য উৎপাদক ও ব্যবহারকারী উভয়ের কাছে গ্রহণযোগ্য হয় এবং বছরব্যাপী প্রসাধন সামগ্রির মূল্য স্থিতিশীল ছিল।

(ক) 'মানব সম্পদ' ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান? ১

(খ) 'সরাসরি ভোক্তার নিকট বিক্রয়'—বণ্টন প্রণালিটি ব্যাখ্যা কর। ২

(গ) সাদেক ব্রাদার্সের পণ্য ব্যবহারকারীর উপর সমীক্ষা চালানো কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "সাদেকের সমীক্ষা কার্যক্রম উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করে"—উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০। হালিমা বেগম সরকারি একটি সংস্থা থেকে ঋণ ও পরামর্শ নিয়ে তার বাড়িতে একটি ছোট ধরনের শিল্প স্থাপন করে। এলাকার আশেপাশের অনেক গৃহিণী কাজের ফাঁকে হালিমা বেগমের কারখানায় কাজ করে। কারখানায় উৎপাদিত বিভিন্ন সামগ্রির বেশ কদর আছে।

(ক) ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কোন মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে? ১

(খ) উদ্যোগ উন্নয়নে সংরক্ষণমূলক সহায়তা ধারণাটি ব্যাখ্যা কর। ২

(গ) হালিমা বেগম কোন সংস্থা থেকে পরামর্শ নিয়েছে? ব্যাখ্যা কর।৩

(ঘ) বর্তমান পরিস্থিতিতে হালিমা বেগমের শিল্প দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কীরূপ প্রভাব ফেলবে তা ব্যাখ্যা কর। ৪

১১। জনাব সুরুজ একজন ফল ব্যবসায়ী। তিনি সততার সাথে ব্যবসায়িক কার্যক্রম চালিয়ে আসছেন। তিনি তাঁর বিক্রীত ফলে কোনো ফরমালিন বা ক্ষতিকর কোনো প্রকার রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। তিনি ঋণ নিলে সময়মত তা ফেরত দেন। সমাজে তিনি একজন সৎ ব্যবসায়ী হিসেবে সকলের নিকট পরিচিত।

(ক) মুনাফা কী? ১

(খ) ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝায়? ২

(গ) জনাব সুরুজের ব্যবসায় পরিচালনায় কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) জনাব সুরুজের মতো ব্যবসায়ীরা সামাজিক দায়বদ্ধতা থেকেই সমাজ কল্যাণমূলক কর্মকাণ্ডে আত্মনিয়োগ করে—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** মামুন সাহেব নাটোরের হালতি বিলের পাশে বিশ একর জমি নিয়ে মনোরম পরিবেশে একটি পিকনিক স্পট প্রতিষ্ঠা করেন। তিনি বিভিন্ন সুযোগ-সুবিধা ও বিনোদন সামগ্রী দিয়ে স্পটটি সুন্দরভাবে সাজান এবং যৌক্তিক প্রবেশ ফি নির্ধারণ করেন। প্রথম দিকে লোক সমাগম কম হলেও পরবর্তীতে বিভিন্ন মাধ্যমে প্রচারণার ফলে বর্তমানে দর্শনার্থী সমাগম বৃদ্ধি পায়। ফলে তার আয়ের পরিমাণও বৃদ্ধি পায়।

ক. উদ্যোক্তা কে? ১

খ. 'বস্তুত সকল শিল্প প্রতিষ্ঠানের মালিকই উদ্যোক্তা''—ব্যাখ্যা কর। ২

গ. মামুন সাহেবের পিকনিক স্পষ্ট প্রতিষ্ঠার কাজকে কী বলে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মামুন সাহেবের কাজটি আর্থ-সামাজিক উন্নয়নে কী ধরনের ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা কর। ৪

[সি. বো. ২০২৪]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** যিনি কোন কাজের বা বিষয়ের উদ্যোগ নেন তিনিই উদ্যোক্তা।

**খ** যিনি ঝুঁকি নিয়ে নিজস্ব চেষ্টায় নতুন কিছু তৈরি করেন তিনিই মূলত উদ্যোক্তা।

ফলাফল অনিশ্চিত জেনেও যিনি দৃঢ় মনোবল ও সাহসিকতার সাথে ব্যবসায় স্থাপন ও সফলভাবে তা পরিচালনা করেন তিনি ব্যবসায় উদ্যোক্তা বা শিল্পোদ্যোক্তা। অর্থাৎ সকল শিল্প প্রতিষ্ঠানের মালিকরা হচ্ছেন একেকজন শিল্প উদ্যোক্তা। ভবিষ্যৎ উদ্যোক্তা বা শিল্পোদ্যোক্তা হওয়ার কিছু ব্যক্তিগত গুণাবলি অনেকে জন্মসূত্রেই পেয়ে থাকে। যেমন— আত্মবিশ্বাস, স্বাধীনচেতা, উদ্যোম, সাহস সৃজনশীলতা প্রভৃতি। উদ্যোক্তার এসকল বৈশিষ্ট্য তারা পরবর্তীতে কাজে লাগিয়ে ব্যবসায়ের বা শিল্প প্রতিষ্ঠানের সফলতা অর্জন করেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলতা পান।

তাই প্রকৃতপক্ষে বলা যায় যে উদ্যোক্তা হিসেবে বস্তুত সকল শিল্প প্রতিষ্ঠানের মালিককেই বুঝায়।

**গ** জনাব মামুন সাহেবের কাজটি ব্যবসায় উদ্যোগমূলক কাজ।

লাভের আশায় ঝুঁকি নিয়ে ব্যবসায় গঠন ও পরিচালনা করা হয়। ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। এ উদ্যোগের ফলে অনেক বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের সৃষ্টি হয়।

উদ্দীপকে মামুন সাহেব নাটোরের হালতি বিলের পাশে বিশ একর জমি নিয়ে মনোরম পরিবেশে একটি পিকনিক স্পট প্রতিষ্ঠা করেন। তিনি নিজস্ব চিন্তা, জ্ঞান বুদ্ধি খাটিয়ে তার প্রতিষ্ঠানের সুযোগ সুবিধা ও বিভিন্ন বিনোদন সমাগ্রী দিয়ে স্পটটি সুন্দরভাবে সাজান এবং তার পিকনিক স্পটটি পরিদর্শনের জন্য যৌক্তিক প্রবেশ ফি নির্ধারণ করেন। প্রথমদিকে লোকসমাগম কম হলেও পরবর্তীতে তার দূরদর্শিতা ও বিভিন্ন প্রচারণার মাধ্যমে দর্শনার্থী বৃদ্ধি পায়। ফলে তার ব্যবসায়ের আয়ের পরিমাণও বৃদ্ধি পায়। প্রকল্পের মাধ্যমে মামুন সাহেব নিজস্ব পুঁজি ও দক্ষতা কাজে লাগিয়ে তার নিজের কর্মসংস্থানের ব্যবস্থা করেন। এ কাজের মাধ্যমে তিনি অর্থ উপার্জন করেন। তার এই কর্মসংস্থান তৈরির কাজটি ব্যবসায় উদ্যোগ বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** উদ্দীপকের আলোকে মামুন সাহেবের কাজটি আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখে বলে আমি মনে করি।

উদ্যোক্তাগণ ব্যবসায় উদ্যোগমূলক কাজের মাধ্যমে নিজেদের জীবিকা অর্জনের ব্যবস্থা করেন। আবার, অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেন। এছাড়া তারা সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনীতিকে গতিশীল করেন।

বেকারত্ব দূর হওয়ার পাশাপাশি আর্থিক ও সামাজিক উন্নতি হয়েছে। অন্যদিকে, তার সফলতা দেখে অনেকেই এ ধরনের ব্যবসায় উদ্যোগ নেওয়ায় উৎসাহী হয়েছেন। এভাবে জনাব লিয়াকতের কাজটি সার্বিকভাবে দেশের মোট উৎপাদন ও আয় বৃদ্ধিতে অবদান রাখছে। অতএব, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব লিয়াকতের কর্মকাণ্ড গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▸ ০২** আমাদের দেশের বিভিন্ন শহরতলিতে নিম্ন আয়ের মানুষ বাস করে। তারা বেশিরভাগই রক্ষণশীল পরিবারের সদস্য। জনাব আলম ইউরোপের বিভিন্ন দেশ থেকে বিলাসজাত দ্রব্য কিনে এনে তা বিভিন্ন শহরতলিতে বিক্রয় করেন। কিন্তু তার লাভবান অবস্থা লক্ষ করা যাচ্ছে না।

ক. নিষ্কাশন শিল্প কাকে বলে? ১

খ. ব্যবসায়ের পরিবেশ ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব আলমের কাজটি ব্যবসায়ের কোন ধরনের বাধা দূর করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আলমের ব্যবসায়ে লাভবান না হওয়ার মূল কারণ কী? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

[সি. বো. ২০২৪]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** যে শিল্পের মাধ্যমে ভূগর্ভ, পানি বা বায়ু হতে প্রাকৃতিক সম্পদ আহরণ করা হয়, তাকে নিষ্কাশন শিল্প বলে।

**খ** ব্যবসায়ের গঠন, পরিচালনা ও সম্প্রসারণের ওপর প্রভাব বিস্তার করে এমন সব উপাদানের সমষ্টি হলো ব্যবসার পরিবেশ।

ব্যবসায় প্রবর্তন ও পরিচালনার জন্য অর্থ ও ঋণ মূলধন হিসেবে ব্যবহৃত হয়। এটি ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ উপাদান। মূলধন ব্যতীত কোনো ব্যবসায় পরিচালনা অসম্ভব। যে সমাজে অর্থ ও ঋণের সরবরাহ পর্যাপ্ত সে সমাজে ব্যবসায়-বাণিজ্য দ্রুত সম্প্রসারিত হয়। অপরদিকে, দুর্বল ও ব্যাধিগ্রস্ত অর্থ ও ঋণব্যবস্থা ব্যবসায় সম্প্রসারণে ব্যাঘাত ঘটায়। যেমন– বাংলাদেশের অর্থ ও ঋণব্যবস্থা সুষ্ঠু না হওয়ায় সম্ভাবনা থাকা সত্ত্বেও এখানকার ব্যবসায়-বাণিজ্য অন্যান্য দেশের তুলনায় অনুন্নত।

**গ** জনাব আলমের বিলাসজাত দ্রব্য আমদানিতে বাণিজ্যের, স্থানগত, অর্থগত, ঝুঁকিগত বাধা দূর করে বলে আমি মনে করি।

অভ্যন্তরীণ ও বৈদেশিক পণ্য বিনিময় সঠিকভাবে সম্পন্নের ক্ষেত্রে বাণিজ্যে বাধা সৃষ্টি হয়। বাধা দূর করার জন্য পণ্য বিনিময় সহায়ক কাজ (ক্রয়-বিক্রয়, পরিবহণ, ব্যাংকিং, বিমা, বিজ্ঞাপন) প্রভৃতি করা হয়।

বিক্রির উদ্দেশ্যে বিদেশ থেকে পণ্যসামগ্রী কিনে দেশে আনাকে আমদানি বলা হয়। কোন দেশে যেসব পণ্যের অভাব বা ঘাটতি থাকে তা অন্যদেশ থেকে আমদানি করা হয়। বর্তমান বিশ্বে সব দেশই অভ্যন্তরীণ চাহিদা পূরণে বিদেশ থেকে পণ্য আমদানি করে থাকে।

উদ্দীপকের জনাব আলম ইউরোপের বিভিন্ন দেশ থেকে বিলাসজাত দ্রব্য কিনে এনে তা বিভিন্ন শহরতলিতে বিক্রয় করেন। কিন্তু, পণ্য রপ্তানিতে তাকে বেশকিছু বাধার (স্বত্বগত, স্থানগত, কালগত) সম্মুখীন হতে হয়। এ বাধা তিনি বাণিজ্যের কাজের মাধ্যমে দূর করেন। ফলে তার আমদানি কাজ সঠিকভাবে সম্পন্ন হয়।

পণ্য রপ্তানির ক্ষেত্রে জনাব আলম দেশি গ্রাহকদের চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহের (বিক্রয়) মাধ্যমে স্বত্বগত বাধা দূর করেন। দেশে পণ্য আমদানি করতে পরিবহণ ব্যবস্থার প্রয়োজন। তিনি পরিবহণের মাধ্যমে স্থানগত বাধা দূর করেন। আবার, আমদানি কাজে অর্থ প্রয়োজন এবং এ কাজে ক্ষতি হওয়ারও ঝুঁকি থাকে। তিনি অর্থগত বাধা ব্যাংকের মাধ্যমে এবং ঝুঁকিগত বাধা মোকাবিলায় বিমা চুক্তি করেন। এসব বাধা মোকাবিলার ফলেই জনাব আলম বাণিজ্য কাজ সঠিকভাবে সম্পন্ন হচ্ছে।

**ঘ** জনাব আলম ব্যবসায়ে লাভবান না হওয়ার কারণ সঠিক পণ্য ও উপযুক্ত স্থান নির্বাচনে ব্যর্থ।

ব্যবসায় গঠনের আগে পণ্যের চাহিদা, বাজার প্রভৃতি যাচাই-বাছাই করে কাজ শুরু করতে হয়। এক্ষেত্রে সঠিক পণ্য ও উপযুক্ত স্থান নির্বাচন ব্যবসায়ের সফলতায় ভূমিকা রাখে।

উদ্দীপকের জনাব আলম ইউরোপে থেকে বিলাসজাত দ্রব্য আমদানি করেন। এরপর এসব সামগ্রী বিভিন্ন শহরতলিতে বিক্রি করে থাকেন। পণ্যগুলো গুণগত মানসম্পন্ন। কিন্তু এতে তিনি লাভবান হতে পারছেন না। বাংলাদেশের বিভিন্ন শহরতলিতে সাধারণ নিম্ন আয়ের লোকজন বাস করে। এসব লোকদের বিলাসদ্রব্য কেনার ক্ষমতা কম। সেখানকার মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের চাহিদা বেশি থাকে। এ বিষয়টি উদ্দীপকের জনাব আলম বিবেচনা করেননি। বিলাসজাত দ্রব্যের চাহিদা সেখানে কম। তিনি সেখানে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী বিক্রি করলে লাভবান হতেন। আবার, যেসব জায়গায় বিলাসদ্রব্যের চাহিদা রয়েছে সেখানে এসব দ্রব্য বিক্রি করলেও সফল হতে পারতেন। কিন্তু, এসব বিষয় বিবেচনা না করায় তিনি ব্যর্থ। সুতরাং সঠিক পণ্য ও উপযুক্ত স্থান নির্বাচনে ব্যর্থতার কারণে জনাব আলম ব্যবসায়ে লাভবান হননি।

**প্রশ্ন ▶ ০৩** যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে হেলাল প্রশিক্ষণ গ্রহণ করে। হেলাল ও তার বড় ভাই রফিক মিলে পারিবারিক পুকুরে মাছ চাষ করে তা বাজারে বিক্রয়ের সিদ্ধান্ত নেয়। কিন্তু তার বন্ধু-বান্ধব ঝুঁকির কথা বলে তাদের নিরুৎসাহিত করার চেষ্টা করে। কিন্তু তারা দুই ভাই বন্ধুদের কথা না শুনে মাছ চাষ শুরু করে।

ক. ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. "একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় অসীম"–ব্যাখ্যা কর। ২

গ. হেলালের মাছ চাষ শুরু করার কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বন্ধু বান্ধবের পরামর্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় হেলালের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ হলো Business Entrepreneurship.

**খ** একক ব্যক্তির মালিকানায় গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় বলে।

একমালিকানা ব্যবসায়ের পৃথক কোনো সত্তা থাকে না। মালিকের ব্যক্তিগত সত্তাই এক্ষেত্রে মুখ্য। এ কারণে দায় বণ্টনের কোনো সুযোগ নেই, ফলে ব্যবসায়ের দায়ের জন্য মালিকের ব্যক্তিগত সম্পত্তি দায়বদ্ধ হতে পারে। তাই একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় অসীম।

**গ** হেলালের মাছ চাষ শুরু করার কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজের অন্তর্ভুক্ত।

এর মাধ্যমে স্বল্প পুঁজি, নিজস্ব চিন্তা, চেষ্টা ও দক্ষতাকে কাজে লাগিয়ে জীবিকা অর্জনের ব্যবস্থা করা হয়। এভাবে কোনো ব্যক্তি নিজেই তার বেকারত্ব দূর করতে পারে। তাই একে স্ব-কর্মসংস্থানও বলা হয়।

উদ্দীপকের হেলাল যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নেয়। এরপর সে ও তার বড় ভাই রফিক মিলে পারিবারিক পুকুরে মাছ চাষের সিদ্ধান্ত নেয়। এ কাজে তার বন্ধু-বান্ধব তাকে নিরুৎসাহিত করার চেষ্টা করে। কিন্তু তারা কারো কথা না শুনে মাছ চাষ শুরু করে। এ কাজের মাধ্যমে তারা নিজেদের আয়ের উৎস তৈরি করেছে। এছাড়া অন্যরা নিরুৎসাহিত করা স্বত্ত্বেও তারা ঝুঁকি গ্রহণ করেছেন। হেলালের কাজের এসব বৈশিষ্ট্যগুলো ব্যবসায় উদ্যোগের সাথে সম্পর্কিত।

**ঘ** বন্ধু-বান্ধবের পরামর্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় হেলালের মধ্যে উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের ক্ষমতার গুণটি প্রকাশ পেয়েছে।

উদ্যোক্তার সফলতা ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে তার মধ্যে বিদ্যমান গুণাবলির ওপর। যে কাজে ঝুঁকি বেশি, সে কাজ থেকে আয়ের

সম্ভাবনাও বেশি থাকে। তাই উদ্যোক্তারা ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত হয়ে সফল হওয়ার চেষ্টা করেন।

উদ্দীপকের হেলাল যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নেয়। এরপর সে ও তার বড় ভাই রফিকসহ পারিবারিক পুকুরে মাছ চাষ শুরু করে। তার বন্ধুরা এ ব্যবসায়ের ঝুঁকির কথা বলে তাকে নিরুৎসাহী করার চেষ্টা করে। কিন্তু বন্ধুদের পরামর্শ শুনে তারা থেমে যায়নি। ঝুঁকি আছে জেনেও তারা মাছ চাষ শুরু করেছে।

উদ্দীপকের হেলালের মাছ চাষের কার্যক্রমটি যথেষ্ট ঝুঁকিপূর্ণ। কিন্তু তার ঝুঁকি নেওয়ার মানসিকতা আছে বলেই সে এটি করতে সাহস করেছে। এতে তার মধ্যে ঝুঁকি গ্রহণের ক্ষমতার বহিঃপ্রকাশ ঘটেছে। এছাড়া মাছ চাষে হেলালের মুনাফা অর্জনেরও অনিশ্চয়তা রয়েছে। আবার নানা ধরনের বাধা-বিপত্তির সম্মুখীন হতে পারে। এসব জেনেও সে নিরুৎসাহিত না হয়ে মাছ চাষ শুরু করে। তার এসব কর্মকাণ্ডে উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের ক্ষমতা গুণটি প্রকাশ পায়। সুতরাং উদ্দীপকের হেলালের মধ্যে উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের ক্ষমতার গুণটি বিদ্যমান।

**প্রশ্ন ▶ ০৪** সুমন, মোহন ও রাজন তিন বন্ধু মিলে একটি অংশীদারি ব্যবসায় স্থাপন করেছিলেন। কিন্তু উক্ত ব্যবসায়ে মূলধনের অপ্রতুলতা, আইনগত সীমাবদ্ধতা ও অসীম দায়ের কারণে তাঁরা বৃহদায়তন ব্যবসায়ে আগ্রহী হলেন। উক্ত ব্যবসায় গঠনের জন্য তাঁরা বিভিন্ন দলিলপত্র প্রণয়নের প্রস্তুতি গ্রহণ করেন। তাঁরা মনে করেন বর্তমানে ব্যবসায়টি বেকারত্ব দূর করে জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে।

ক. অংশীদারি ব্যবসায় কাকে বলে? ১
খ. সমবায় সমিতির দুইটি মূলনীতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কী কী ধরনের দলিল প্রণয়নের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবসায়টি কীভাবে জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে? বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** দুই বা ততোধিক ব্যক্তি স্বেচ্ছায় মিলিত হয়ে অংশীদারি চুক্তির ভিত্তিতে যে ব্যবসায় গঠন করে তাকে অংশীদারি ব্যবসায় বলে।

**খ** সমবায় সমিতির দু'টি মূলনীতি নিচে দেওয়া হলো–

১. সমবায়ের প্রধান নীতি হচ্ছে সমমনা, সমপেশা ও অর্থনৈতিক দিক থেকে সমশ্রেণির লোকদের একতা। মূলত একতাই বল (Unity is Strength) নীতির ভিত্তিতে এ ব্যবসায়ের উৎপত্তি হয়েছে।
২. সমবায়ের আরেকটি গুরুত্বপূর্ণ নীতি হলো সাম্য বা সকলের সমান অবস্থান ও অংশগ্রহণ। এর সদস্যগণ অর্থনৈতিক-সামাজিক-রাজনৈতিক ও ধর্মীয়ভাবে যেমনই হোক না কেন সবাই সমান মর্যাদার অধিকারী হন।

**গ** উদ্দীপকের যৌথ মূলধনী ব্যবসায়ের দুটি গুরুত্বপূর্ণ দলিল স্মারকলিপি ও পরিমেল নিয়মাবলি প্রণয়নের কথা বলা হয়েছে।

স্মারকলিপিকে কোম্পানির মূল দলিল বলা হয়। এতে কোম্পানির গুরুত্বপূর্ণ বিষয় যেমন– কোম্পানির নাম, নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা, উদ্দেশ্য, মূলধনের পরিমাণ, শেয়ারমালিকদের দায়-দায়িত্ব, ন্যূনতম চাঁদা ইত্যাদি বিষয় লিপিবদ্ধ করা হয়। অন্যদিকে পরিমেল নিয়মাবলিতে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত প্রয়োজনীয় সকল বিষয় লিপিবদ্ধ করা হয়।

উদ্দীপকের সুমন, মোহন ও রাজন একটি অংশীদারি ব্যবসায় স্থাপন করেছিলেন। এ ধরনের ব্যবসায়ে অপর্যাপ্ত মূলধন, আইনগত সীমাবদ্ধতা ও অসীম দায় বিদ্যমান। তাই তারা বৃহদায়তন ব্যবসায় গঠনে আগ্রহী হন। এজন্য তারা বিভিন্ন দলিলপত্র প্রণয়নের প্রস্তুতি গ্রহণ করেন। প্রথমে তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ স্মারকলিপি প্রস্তুত করতে হয়েছে। এটিতে তাদের কোম্পানির নাম, উদ্দেশ্য, মূলধনের পরিমাণ ও ঠিকানা ইত্যাদি বিষয় উল্লেখ থাকবে। দ্বিতীয় গুরুত্বপূর্ণ দলিল পরিমেল নিয়মাবলি। এখানে তাদের কোম্পানি পরিচালনার যাবতীয় বিষয় লিপিবদ্ধ থাকবে। তাই বলা যায়, উদ্দীপকে স্মারকলিপি ও পরিমেল নিয়মাবলি দলিল দুটি প্রস্তুতের কথা বলা হয়েছে।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি যৌথ মূলধনী কোম্পানি। উক্ত ব্যবসায়টি জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

উদ্দীপকে সুমন, মোহন ও রাজন মিলে একটি অংশীদারি ব্যবসায় গঠন করেন। এ ব্যবসায়ের বিভিন্ন ধরনের সীমাবদ্ধতার কারণে তারা কোম্পানি গঠন করতে আগ্রহী হন। এজন্য তারা প্রয়োজনীয় পদক্ষেপ নেন। তারা মনে করেন, তাদের ব্যবসায়টি দেশের বেকারত্ব দূর করবে। আবার জাতীয় আয় বৃদ্ধিতেও তারা মুখ্য ভূমিকা রাখবে।

যৌথ মূলধনী ব্যবসায় মূলধন গঠন বেশি হওয়ায় বৃহৎ পরিসরে কার্যক্রম পরিচালনা করা যায়। ফলে সেখানে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। এতে দেশের বেকার সমস্যা অনেকটা কমবে। এছাড়া উক্ত কোম্পানিতে নিয়োজিত কর্মীদের মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান বাড়বে। আবার ব্যবসায়টি লাভবান হলে সরকারকেও কর প্রদান করবে। ফলে জাতীয় আয়ও বাড়বে। এতে দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হবে। এভাবে উদ্দীপকের ব্যবসায়টি জাতীয় আয় বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে।

**প্রশ্ন ▶ ০৫** জনাব হাসান একজন চাকরিজীবী। তিনি রাজশাহীতে বসবাস করলেও প্রতিদিন নাটোর গিয়ে অফিস করেন। তিনি ভবিষ্যৎ জীবনের নিরাপত্তার কথা ভেবে বিমা করেছেন। তিনি নিয়মিত নির্দিষ্ট প্রিমিয়াম প্রদান করেন। তাঁর অবর্তমানে তাঁর স্ত্রীকে ক্ষতিপূরণবাবদ বিমাকৃত টাকা গ্রহণের নমিনি করেন। অন্যথায় তাঁর জীবিত অবস্থায় তিনি মেয়াদান্তে বোনাসসহ সম্পূর্ণ টাকা পাবেন।

ক. পেটেন্ট কী? ১
খ. নৌ বিমা কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে হাসান সাহেব কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ''উদ্দীপকে বর্ণিত বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়''–উক্তিটি বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** পেটেন্ট হলো নতুন আবিষ্কৃত পণ্যের ওপর নির্দিষ্ট সময়ের জন্য একক মালিকানা পাওয়ার জন্য সরকারের সাথে আবিষ্কারকের সম্পাদিত চুক্তি।

**খ** নদী বা সমুদ্র পথে সৃষ্ট সম্ভাব্য ঝুঁকি বা ক্ষতির বিপরীতে আর্থিক মূল্যবাবদ ক্ষতিপূরণ পাওয়া যায় বিধায় ব্যবসায়ে নৌ বিমার প্রয়োজন রয়েছে। যে বিমায় নদী ও সামুদ্রিক যাত্রা থেকে সৃষ্ট ঝুঁকির জন্য ক্ষতিপূরণ দেয়ার প্রতিশ্রুতি দেওয়া হয় তাকে নৌ বিমা বলা হয়। নৌপথে বিরাজমান ঝড়-ঝঞ্ঝা, ঢেউ, সুনামি, দস্যুতা, যুদ্ধবিগ্রহ প্রভৃতি কারণে পণ্য বা জাহাজের ক্ষতি হতে পারে। এক্ষেত্রে বিমাকারী প্রতিষ্ঠান নৌপথে কোনো বিপদ হলে ব্যবসায়ীদের আর্থিক সুরক্ষার নিশ্চয়তা দেয়। তাই ব্যবসায়ে নৌ বিমার প্রয়োজনীয়তা রয়েছে।

**গ** উদ্দীপকের জনাব হাসান সাহেব জীবন বিমা চুক্তি করেছিলেন।

যে বিমাচুক্তির মাধ্যমে বিমাকারী বিমা কিস্তির বিনিময়ে বিমা গ্রহণকারী ব্যক্তিকে বা তার নির্বাচিত ব্যক্তি বা উত্তরাধিকারীকে একটি বিশেষ সময়ের পরে বা বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ প্রদান করে থাকে সেই বিমাচুক্তিকেই জীবনবিমা বলে। আর জীবনবিমার বিষয়বস্তু হচ্ছে মানুষের জীবন।

উদ্দীপকে জনাব হাসান সাহেব একজন চাকরিজীবী। তিনি রাজশাহীতে বসবাস করলেও প্রতিদিন নাটোর গিয়ে অফিস করেন। ভবিষ্যতের কথা ভেবে একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবন্ধ হন। তিনি চুক্তি মোতাবেক নির্দিষ্ট হারে প্রিমিয়াম দেন। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি একটি বিশেষ সময়ের পরে জনাব হাসান সাহেব কিংবা তার মৃত্যু বা দুর্ঘটনায় তার মনোনীত ব্যক্তিকে অর্থ দিতে প্রতিশ্রুতি দেয়। এ বিমার বিষয়বস্তুতে তার জীবন জড়িত ছিল। মেয়াদ শেষে চুক্তি মোতাবেক তিনি বিমাকৃত অর্থ পান। তাই বলা যায়, জনাব হাসান সাহেব জীবন বিমা চুক্তি করেছিলেন।

**ঘ** উদ্দীপকে বর্ণিত বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়–উক্তিটি যথার্থ।

উদ্দীপকে বর্ণিত বিমাটি হলো জীবন বিমা। যে বিমা চুক্তির মাধ্যমে বিমাকারী বিমা কিস্তির বিনিময়ে বিমা গ্রহণকারী ব্যক্তিকে বা তার নির্বাচিত ব্যক্তি বা উত্তরাধিকারীকে একটি বিশেষ সমযের পরে বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ প্রদান করে থাকে সেই বিমাচুক্তিকেই জীবন বিমা বলে। বিমা ব্যবসায়ের সবচেয়ে জনপ্রিয় হচ্ছে জীবন বিমা।

জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না। জীবন বিমার বিষয়বস্তু হচ্ছে মানুষের জীবন। জীবন বিমায় মূলত মানুষের মৃত্যুজনিত ঝুঁকি বিমা করা হয়। মানুষের জীবন টাকার অঙ্কে পরিমাপ করা যায় না। বিমাকৃত ব্যক্তির মৃত্যু হলে কত টাকা ক্ষতি হবে তা নিরূপণ করা দুরূহ। যেহেতু মানুষের জীবনের ক্ষতিপূরণের নিশ্চয়তা কেউ দিতে পারে না। তাই জীবন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলে না।

উদ্দীপকের জনাব হাসান ভবিষ্যতের কথা চিন্তা করে জীবন বিমা করেছেন। বিমা চুক্তির পর তিনি সময়মতো নির্দিষ্ট প্রিমিয়াম প্রদান করেন। এক্ষেত্রে তিনি মারা গেলে তার স্ত্রী ক্ষতিপূরণের টাকা পাবেন। আবার তিনি জীবিত থাকলেও মেয়াদান্তে বোনাসসহ সম্পূর্ণ টাকা পাবেন।

জনাব হাসানের সম্পাদিত জীবন বিমা তার অনুপস্থিতিতে তার পরিবারকে আর্থিক সহায়তা দিবে। এ সহায়তা দিয়ে তার পরিবার স্বাভাবিক জীবনযাপন করতে সক্ষম হবে। কিন্তু জনাব হাসানের মৃত্যু তার পরিবারের জন্য একটি অপূরণীয় ক্ষতি হিসেবে বিবেচিত হবে। তাই বিমা কোম্পানি থেকে দেওয়া অর্থে কেবল একটি আর্থিক সহায়তা হিসেবে বিবেচিত হবে, কোনো ক্ষতিপূরণ হিসেবে নয়। সুতরাং উদ্দীপকে বর্ণিত জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয় বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৬** জনাব হাসান সম্প্রতি একটি ব্যবসায় শুরু করেছেন। তিনি তার প্রতিটি কাজ শুরুর পূর্বে কাজটি কখন, কীভাবে, কার সাথে, কত সময়ে করতে পারবেন তার রূপরেখা তৈরি করেন। ফলে তার ব্যবসায়টি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার ব্যবসাতে প্রথম কয়েক বছর লাভ না হলেও ক্ষতি যেন না হয় তার দিকে লক্ষ রাখছেন।

ক. কর্মসংস্থানকে প্রধানত কত ভাগে ভাগ করা হয়? ১

খ. ব্যবসায়ের সফলতার জন্য সঠিক কর্মী নির্বাচনের গুরুত্ব বর্ণনা কর। ২

গ. জনাব হাসানের প্রতিটি কাজের পূর্বে যে রূপরেখা তৈরি করেন তা ব্যবস্থাপনার কোন কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হাসানের "লাভ না হলেও ক্ষতি যেন না হয়" এ চিন্তাটিকে ব্যবসায়ের ভাষায় কী বলা হয়? বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** কর্মসংস্থানকে প্রধানত তিনভাগে ভাগ করা হয়। যথা–

১. মজুরি

২. আত্মকর্মসংস্থান ও

৩. ব্যবসায়।

**খ** কর্মীর দক্ষতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত কর্মী নির্বাচন করাকে সঠিক কর্মী নির্বাচন বলে।

কর্মী প্রতিষ্ঠানের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ উপাদান। এজন্য কর্মী নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, পেশাগত দক্ষতা, বিশ্বস্ততা প্রভৃতি মানদন্ড যাচাই করা উচিত। এতে প্রতিষ্ঠানে সঠিক কর্মী পাওয়া যায়। ফলে কাজের মান ভালো হয়।

**গ** উদ্দীপকের জনাব হাসানের প্রতিটি কাজের পূর্বে যে রূপরেখা তৈরি করেছেন তা ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়ন কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ।

পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে ব্যবসায়ের পূর্বনির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতের করণীয় ঠিক করা হয়। পরিকল্পনা প্রণয়নের মাধ্যমেই ব্যবস্থাপনার কাজ শুরু হয়। সঠিক পরিকল্পনা ব্যবসায়ের ভবিষ্যৎ কাজকে গতিশীল করে এবং দিকনির্দেশনা দেয়।

উদ্দীপকের জনাব হাসান সম্প্রতি একটি ব্যবসায় শুরু করেন। তিনি তার প্রতিটি কাজের পূর্বে ব্যবস্থাপনার কার্যাবলিসমূহের রূপরেখা অঙ্কন করেন। ব্যবস্থাপনা প্রক্রিয়ার প্রথম কাজ হলো পরিকল্পনা। একজন ব্যবস্থাপক প্রথমে পরিকল্পনা প্রণয়ন করেন। এরপর সেই পরিকল্পনার ওপর ভিত্তি করেই সংগঠিতকরণ, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কাজগুলো সম্পন্ন হয়ে থাকে। পরিকল্পনা সঠিক হলে পরবর্তী কাজগুলো সম্পাদন সহজ হয় ও সাফল্য দ্রুত আসে। আর পরিকল্পনায় ভুল থাকলে ব্যর্থ হওয়ারও আশঙ্কা থাকে। এজন্য ব্যবসায় প্রতিষ্ঠান পরিকল্পনা তৈরিতে গুরুত্ব দিয়ে বিভিন্ন

বাধা বিঘ্ন ছাড়াই যথাসময়ে পরিকল্পিত কাজটি তার ব্যবসাটি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তার এসব কাজের সাথে পরিকল্পনীয় মিল রয়েছে। সুতরাং জনাব হাসানের কাজটি ব্যবস্থাপনার পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ।

**ঘ** জনাব হাসানের "লাভ না হলেও ক্ষতি যেন না হয়" এ চিন্তাটিকে ব্যবসায়ের ভাষায় সম আয়-ব্যয় বিশ্লেষণ বলা হয়।

সম আয়-ব্যয় দ্বারা ব্যবসায়ের এমন একটি অবস্থা বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়। এর মাধ্যমে ব্যবসায়ে এমন একটি পর্যায় নির্ধারণ করা হয় যেখানে লাভ হয় না আবার ক্ষতিও হয় না। সম আয়-ব্যয় জানা থাকলে সহজে ব্যবসায়ে ক্ষতি এড়ানো যায়। ফলে ব্যবসায় সফল হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।

উদ্দীপকের জনাব হাসান সম্প্রতি একটি ব্যবসায় শুরু করেছেন। তিনি ব্যবসায়ের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যথার্থ পরিকল্পনা করেন। ফলে তার ব্যবসায়টি সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার ব্যবসায়ে প্রথম কয়েক বছর লাভ না হলেও ক্ষতি যেন না হয় তার দিকে লক্ষ রাখছেন। তার এই কাজটি ব্যবসায়ের সম আয়-ব্যয়ের ধারণার সাথে সামঞ্জস্যপূর্ণ।

জনাব হাসানের "লাভ না হলেও ক্ষতি যেন না হয়" এ ধারণাটি সম আয়-ব্যয় বিশ্লেষণকে নির্দেশ করে। এর মাধ্যমে তিনি সহজে তার ব্যবসায় কী পরিমাণ পণ্য বিক্রয় করলে কোনো ক্ষতি হবে না তা বের করতে পারবেন। আবার কতটুকু পণ্য বিক্রি করলে লাভ করতে পারবেন তা জানলে ব্যবসায় পরিচালনা করা সহজ হয়। ব্যবসায়ের সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে ব্যবস্থাপনার অন্যান্য কার্যাবলি সম্পাদন করা সহজ হয়। ফলে তার ব্যবসায় সফলতার সম্ভাবনা বেড়ে যায়। সুতরাং জনাব হাসানের উক্তিটি ব্যবসায়ের সম আয়-ব্যয় বিশ্লেষণকে নির্দেশ করে।

**প্রশ্ন ▸ ০৭** মি. বকুল মিয়া তার এক বন্ধুর পরামর্শ নিয়ে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বাঁশের পাখা, কুলা, ঝাঁকা তৈরি করেন এবং এ কাজে তার স্ত্রী সন্তানরা তাকে সাহায্য করে রাতদিন পরিশ্রমের ফলে তাদের পরিবারে বর্তমানে অভাব নেই।

ক. সেবা শিল্প কী? ১

খ. "বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতাসাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়।"—ব্যাখ্যা কর। ২

গ. মি. বকুল মিয়ার কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. বকুল মিয়ার শিল্পটি কীভাবে বেকার জনগোষ্ঠীকে দরিদ্র ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করতে পারে? বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** বিভিন্ন প্রকার সেবা দেওয়ার মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করা হলো সেবা শিল্প।

**খ** পণ্য বা সেবাসামগ্রীর প্রতি ক্রেতা জনসাধারণের দৃষ্টি আকর্ষণের উপায় বা কৌশলকে বিজ্ঞাপন বলা হয়।

পণ্যের বিজ্ঞাপন পণ্যকে ক্রেতা সাধারণের নিকট পরিচিতি করিয়ে দেয়। বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতা সাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়। পণ্যের প্রচারে গতিশীলতা আনে বিজ্ঞাপন। বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের মান, মূল্য, ব্যবহারবিধি প্রভৃতি ক্রেতা সাধারণের নিকট তুলে ধরা হয়। ফলে চাহিদা বৃদ্ধি পায়, উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়। ফলে উৎপাদনকারী প্রতিষ্ঠান লাভবান হয়।

**গ** বকুল মিয়ার কাজটি কুটির শিল্পের অন্তর্গত।

কুটির শিল্প পরিবারের সদস্যদের সহায়তায় স্থাপন করা হয়। স্বল্প মূলধন ও সীমিত আয়োজনে এবং ব্যক্তিগত সৃজনশীলতায় এ শিল্প গড়ে ওঠে। জমি এবং কারখানা ভবন ছাড়াই এর স্থায়ী মূল্য ১০ লক্ষ টাকার কম হয়।

উদ্দীপকের মি. বকুল মিয়া যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে পরিবারের সহযোগিতায় বাঁশের পাখা, কুলা, ঝাঁকা তৈরি করেন। তৈরি করা পণ্য বিক্রি করে তিনি অর্থ উপার্জন করেন। এ কাজে তাকে তার পরিবারের সদস্যরা সাহায্য করে। তার এ কাজের মূল উপকরণ হলো বাঁশ। এটি তিনি তার সৃজনশীলতার মাধ্যমে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপ দিয়েছেন। এর সাথে কুটির শিল্পের বৈশিষ্ট্যের মিল আছে। সুতরাং মি. বকুল মিয়ার কাজটি কুটির শিল্পের কাজের সাথে জড়িত।

**ঘ** দরিদ্রতা বিমোচনে মি. বকুল মিয়ার শিল্প বেকার যুবকদের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত– উদ্দীপকের আলোকে উক্তিটি সঠিক।

শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবা হলো আধুনিক ব্যবসায়ের তিনটি ভাগ। অর্থনৈতিক কর্মকাণ্ড হিসেবে গণ্য হলেও ব্যবসায় যেকোনো দেশের আর্থ-সামাজিক রাজনৈতিক তথা সামগ্রিক উন্নয়নে বিশেষ অবদান রেখে চলেছে। ব্যক্তিগত চেষ্টা ও কাঁচামালের সহজলভ্যতা এবং প্রশিক্ষণ থাকলে সহজেই কুটির শিল্প গঠন করা যায়। এজন্য যে কেউ সৃজনশীলতা ও উদ্যোগের সাহায্যে এটি স্থাপন করতে পারেন। পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি করে বেকারত্ব হ্রাস করতে পারেন।

মি. বকুল মিয়া বাঁশের পাখা, কুলা, ঝাঁকা তৈরি করে তিনি তার সৃজনশীলতা, নৈপুণ্য, প্রশিক্ষণলব্ধ জ্ঞান দিয়ে এ কাজটি করছেন। এ কাজে তার পরিবারের সদস্যরাও যুক্ত আছে। এজন্য বর্তমানে তার পরিবারে আর কোনো অভাব নেই।

মি. বকুলের এ শিল্পের মাধ্যমে তার পরিবারের উন্নয়নের পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নও সাধিত হবে। তার পরিবার এ কাজটিতে যুক্ত থাকায় পণ্য বিক্রিয় আয় তারও ভোগ করছে। এতে পরিবারের সদস্যরা আর্থিক সুবিধা পাচ্ছে।

তাছাড়া মি. বকুল মিয়ার ব্যবসায় সম্প্রসারিত হওয়ায় তার নিজের আয় বৃদ্ধি ছাড়াও সেখানে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। দেশে বিভিন্ন রকম ব্যবসায় ও শিল্পের সংখ্যা বাড়বে। দেশের বেকারত্ব ও দরিদ্রতা হ্রাস পাবে। তাই বলা যায়, মি. বকুল মিয়ার শিল্পটি বেকার জনগোষ্ঠীকে দরিদ্র ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করবে।

**প্রশ্ন ▸ ০৮** শিশির ফ্যাশনের মালিক জনাব শিশির তার প্রতিষ্ঠানের অধস্তন কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তিনি কর্মীদের মতামতও গ্রহণ করেন। যার ফলশ্রুতিতে সকল কর্মী কাজে মনোনিবেশ করেন। কিন্তু তার পাশের বৃষ্টি ফ্যাশনের মালিক জনাব বৃষ্টি কর্মীদের কাজের দায়িত্ব দিয়ে

নিশ্চিন্তে থাকেন। কর্মীদের কাজের জন্য জবাবদিহিতা করেন না। কর্মীরা তাদের ইচ্ছামত কাজ করেন বিধায় কাজে বিশৃঙ্খলা দেখা দেয়।

ক. ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১
খ. ব্যবস্থাপনার কার্যাবলির সর্বশেষ ধাপটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব শিশিরের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিরাজমান রয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. ব্যবসায়িক সফলতা লাভের ক্ষেত্রে শিশির ফ্যাশন বৃষ্টি ফ্যাশনের চেয়ে এগিয়ে থাকবে কেন? বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** সাধারণত ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করাকেই ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** ব্যবস্থাপনার কার্যাবলির সর্বশেষ ধাপ হলো নিয়ন্ত্রণ।

পরিকল্পনা অনুযায়ী কার্য সম্পাদিত হচ্ছে কি না তা তদারক করা, ত্রুটি-বিচ্যুতি নির্ণয় করা এবং প্রয়োজনে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করার সার্বিক প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ বলা হয়। নিয়ন্ত্রণের মাধ্যমে প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়ন সহজতর হয়। নিয়ন্ত্রণ ব্যবস্থার সঠিক ও সুদৃঢ় ভূমিকার কারণে ব্যবসায় সংগঠন তার আভ্যন্তরীণ ও বাহ্যিক সকল অচলাবস্থা ও বাধা মোকাবিলা করে উন্নতির দিকে ধাবিত হয়। মূলত নিয়ন্ত্রণের মাধ্যমে সঠিক কাজ সঠিক পদ্ধতিতে সঠিক সময়ে সংঘটিত হচ্ছে কি না তা নিশ্চিত করা হয়।

**গ** জনাব শিশির গণতান্ত্রিক নেতৃত্ব দিয়ে থাকেন।

গণতান্ত্রিক নেতৃত্বে নেতা অধস্তনদের সাথে আলাপ-আলোচনা ও পরামর্শ করে কাজ করেন। এক্ষেত্রে নেতা সব ক্ষমতা নিজের হাতে না রেখে প্রয়োজনীয় কর্তৃত্ব অধস্তনদের কাছে ছেড়ে দেন। এছাড়া তিনি সিদ্ধান্ত নেওয়ার জন্য অধস্তনদের সাথে পরামর্শ করে থাকেন। এর ফলে কর্মীরা নেতার প্রতি সন্তুষ্ট থাকেন। নেতার প্রতি তাদের ইতিবাচক ধারণা তৈরি হয়। কাজের প্রতি মনোবল বৃদ্ধি পায়।

উদ্দীপকে জনাব শিশির 'শিশির ফ্যাশন' প্রতিষ্ঠা করেন। অক্লান্ত পরিশ্রম, সততা, সহনশীলতা ও যোগ্য নেতৃত্ব দিয়ে তিনি ব্যবসায় সফলতা অর্জন করেন। তার উপযুক্ত নেতৃত্ব তার এই সফলতা অর্জনের পথ সহজ করেছে। তিনি সর্বদা সিদ্ধান্ত গ্রহণের পূর্বে তার অধস্তনদের সাথে পরামর্শ করে নেন। তার এই নেতৃত্বের ধরনটিতে গণতান্ত্রিক নেতৃত্ব প্রকাশ পেয়েছে। গণতান্ত্রিক নেতৃত্বের মাধ্যমে কর্মীদের মধ্যে ইতিবাচক মনোভাব তৈরি হয়। যেকোনো বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে অধস্তনদের সাথে পরামর্শ করার ফলে তারা তাদের কাজ সম্পর্কে সচেতন থাকে। তারা তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানতে পারে, ফলে তারা সর্বোচ্চ দক্ষতার সাথে কাজ করে। কর্মীরা স্বেচ্ছায় কাজে আগ্রহী হয়। ফলে কাজের গতিশীলতা বৃদ্ধি পায়, গণতান্ত্রিক নেতৃত্বে কর্মী প্রতিষ্ঠানকে নিজের মনে করে, ফলে যেকোনো সিদ্ধান্তে নিজেদের প্রয়োজনীয় মতামত আগ্রহের সাথে তুলে ধরতে পারে। ফলে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন সহজ হয়। তাই বলা যায়, প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে জনাব শিশিরের প্রতিষ্ঠানে গণতান্ত্রিক নেতৃত্ব বিরাজমান।

**ঘ** ব্যবসায়িক সফলতা ও লাভের ক্ষেত্রে শিশির ফ্যাশন বৃষ্টি ফ্যাশনের চেয়ে এগিয়ে থাকবে বলে আমি মনে করি।

জনাব বৃষ্টির 'বৃষ্টি ফ্যাশনে' মুক্ত নেতৃত্বের চেয়ে 'শিশির ফ্যাশনের' গণতান্ত্রিক নেতৃত্ব অধিকতর যুক্তিযুক্ত।

গণতান্ত্রিক নেতৃত্বে নেতা কর্মীদের সাথে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি সব ক্ষমতা নিজের হাতে না রেখে কর্মীদের মাঝে বণ্টন করে দেন। অপরদিকে মুক্ত নেতৃত্বে নেতা কর্মীদের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। কর্মীদের সুনির্দিষ্ট কোন আদেশ দেন না এবং জবাবদিহিতাও আদায় করেন না।

উদ্দীপকে জনাব বৃষ্টি 'বৃষ্টি ফ্যাশনের' মালিক। তিনি কর্মীদের কাজের দায়িত্ব নিয়ে নিশ্চিন্তে থাকেন। কর্মীদের কাজের কোন জবাবদিহিতা করেন না। কর্মীরা তাদের ইচ্ছামতো কাজ করেন। অপরদিকে জনাব শিশির তার প্রতিষ্ঠানের অধস্তন কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত নিয়ে থাকেন এবং কর্মীদের মতামত গ্রহণ করে কাজে অগ্রসর হন।

জনাব শিশিরের নেতৃত্বে কর্মীরা কাজ করতে বেশি আগ্রহী হন। কারণ তাদের নিজের উপর কাজের দায়িত্ব বা তাদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে কাজ ঠিক করেন। এই কারণে কর্মীরা নিজেদেরকে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ মনে করে। তাই প্রতিষ্ঠানের উন্নয়নে তারা সেচ্ছায় কাজে অগ্রসর হন। অপরদিকে বৃষ্টি ফ্যাশনের বৃষ্টি মুক্ত নেতৃত্বে কর্মীদের কাজ করান। এতে কর্মীরা নিজের মতো কাজ করে। জবাবদিহিতা নাই বলে তারা কাজে অনীহা প্রকাশ করে। কর্মীরা তাদের ইচ্ছেমতো কাজ করেন। যেকোনো সিদ্ধান্ত নিতে সময় বেশি লাগে। ফলে প্রতিষ্ঠানে নেতিবাচক প্রভাব পড়ে। তাই বলা যায়, ব্যবসায়িক সফলতা লাভের ক্ষেত্রে শিশির ফ্যাশন বৃষ্টি ফ্যাশনের চেয়ে এগিয়ে থাকবে।

**প্রশ্ন ▶ ০৯** মেসার্স সাদেক ব্রাদার্স নিজস্ব এলাকার ব্যবহারকারীর চাহিদা, ক্রয়ক্ষমতা, রুচি, অভ্যাস নানা বিষয়ের উপর পরীক্ষা-নিরীক্ষা করে তাদের প্রসাধনী সামগ্রির উৎপাদন পরিকল্পনা গ্রহণ করে। ফলে এ বছর তাদের উৎপাদিত প্রসাধনী সামগ্রির সবটুকুই বিক্রি হয়ে যায়। উক্ত দ্রব্যাদির মূল্য উৎপাদক ও ব্যবহারকারী উভয়ের কাছে গ্রহণযোগ্য হয় এবং বছরব্যাপী প্রসাধন সামগ্রির মূল্য স্থিতিশীল ছিল।

ক. 'মানব সম্পদ' ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান? ১
খ. 'সরাসরি ভোক্তার নিকট বিক্রয়'—বণ্টন প্রণালিটি ব্যাখ্যা কর। ২
গ. সাদেক ব্রাদার্সের পণ্য ব্যবহারকারীর উপর সমীক্ষা চালানো কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সাদেকের সমীক্ষা কার্যক্রম উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করে"—উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

[সি. বো. ২০২৪]

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** 'মানব সম্পদ' ব্যবসায়ের সামাজিক পরিবেশের উপাদান।

**খ** অনেক ক্ষেত্রে পণ্য বিক্রয় বা বণ্টনে মধ্যস্থ ব্যবসায়ী হিসেবে খুচরা ব্যবসায়ীর সাহায্য নেওয়া হয়। উৎপাদনকারীরা তাদের উৎপাদিত পণ্য

নিজেরা ও খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করে। খুচরা ব্যবসায়ীগণ তাদের দোকানে পণ্য রেখে ভোক্তাদের নিকট চাহিদা অনুযায়ী সরবরাহ করে থাকে। সাধারণত ধান, চাল, গোল আলু, সাবান, বিস্কুট, সেমাই ইত্যাদি এ পদ্ধতিতে বিক্রয় ও বণ্টন করা হয়। উৎপাদনকারী স্থানীয় হাট-বাজারে খুচরা ব্যবসায়ীদের নিকট পণ্য বিক্রয় করে থাকে।

উৎপাদনকারী → ভোক্তা

উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা

উৎপাদনকারী → পাইকার → খুচরা বিক্রেতা → ভোক্তা

উৎপাদনকারী → প্রতিনিধি বা এজেন্ট → ভোক্তা

উৎপাদনকারী → প্রতিনিধি বা এজেন্ট → খুচরা বিক্রেতা → ভোক্তা

**গ** সাদেক ব্রাদার্সের পণ্য ব্যবহারকারীর উপর সমীক্ষা চালানোর বিপণন কার্যাবলির 'ভোক্তা বিশ্লেষণ' মূলক কাজ।

ভোক্তার চাহিদা, রুচি, পছন্দ প্রভৃতি যাচাই-বাছাই করা হলো ভোক্তা বিশ্লেষণ।

ভোক্তা বিশ্লেষণের মাধ্যমে ক্রেতা ভোক্তা বা ব্যবহারকারীর চাহিদা ও রুচি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। এটি বিপণনের একটি গুরুত্বপূর্ণ কাজ। এটি বিশ্লেষণের মাধ্যমে রুচি, চাহিদা, বৈশিষ্ট্য ও আগ্রহ বিশ্লেষণ ও মূল্যায়ন করা হয়। কারণ যথাযথভাবে ভোক্তা বিশ্লেষণের কাজটি করতে না পারলে ব্যবসায়িক ঝুঁকি বেড়ে যায় এবং ব্যবসায়ের প্রসার ব্যাহত হয়।

উদ্দীপকে সাদেক ব্রাদার্স নিজস্ব এলাকার ব্যবহারকারীর চাহিদা, ক্রয়ক্ষমতা, রুচি, অভ্যাস নানা বিষয়ের উপর পরীক্ষা-নিরীক্ষা করে তাদের প্রসাধনী সামগ্রির উৎপাদন পরিকল্পনা গ্রহণ করে এবং তার উৎপাদিত সকল সামগ্রী বিক্রি হয়ে যায়। সাদেক সাহেব পণ্যের গ্রহণ যোগ্যতা সবসময় থাকে। সাদেক সাহেব পণ্য ব্যবহারকারীদের চাহিদা, রুচি, অভ্যাস, ইত্যাদি সম্পর্কে ধারণা নেওয়াই হচ্ছে ভোক্তা বিশ্লেষণ। অর্থাৎ সাদেক সাহেবের কাজটি বিপণন কার্যাবলির ভোক্তা বিশ্লেষণ হিসেবে বিবেচিত।

**ঘ** "সাদেকের সমীক্ষা কার্যক্রম উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থরক্ষা করে"– উদ্দীপকের আলোকে উক্তিটি যথার্থ।

উৎপাদকের কাছ থেকে পণ্য বা সেবা ভোক্তার কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া হলো বণ্টন প্রণালি। প্রণালির শুরুতে উৎপাদক কখনও সরাসরি, কখনও বা মধ্যস্থকারী ব্যবসায় পাইকারি বা খুচরা ব্যবসায়ীর মাধ্যমে ভোক্তার নিকট পণ্য বিক্রয় করেন। পণ্য বা সেবার ধরন ও বৈশিষ্ট্যের উপর বণ্টন প্রণালির ধরন নির্ভর করে। উৎপাদক বণ্টন প্রণালির শুরুতে অবস্থান করে আর ভোক্তা সর্বশেষে। মধ্যস্থ ব্যবসায়ীগণ অনেক ক্ষেত্রে তাদের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করেন।

উদ্দীপকের সাদেক সাহেব একজন প্রসাধনী ব্যবসায়ী। তিনি বছরজুড়ে ক্রেতার চাহিদামতো উৎপাদন করেন। বণ্টন প্রণালিতে সাদেক সাহেবের অবস্থান সর্বপ্রথমে। তিনি বছরজুড়ে ক্রেতার চাহিদামতো উৎপাদন করেন এবং অতঃপর ভোক্তার কাছে বিক্রয় করেন। এক্ষেত্রে তিনি নিজে সরাসরি ভোক্তার নিকট পণ্য বিক্রয় করতে পারেন কিংবা কোনো মধ্যস্থকারী ব্যবসায়ীর সাহায্যেও বিক্রয় করতে পারেন। উক্ত দ্রব্যাদির মূল্য উৎপাদক ও ব্যবহারকারীর উভয়ের কাছে গ্রহণযোগ্য হয় এবং বছরব্যাপী প্রসাধন সামগ্রীর মূল্য স্থিতি থাকে এবং চাহিদা ব্যাপক। সুতরাং বলা যায়, সাদেকের সমীক্ষাকার্যক্রম উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করে।

**প্রশ্ন ▸ ১০** হালিমা বেগম সরকারি একটি সংস্থা থেকে ঋণ ও পরামর্শ নিয়ে তার বাড়িতে একটি ছোট ধরনের শিল্প স্থাপন করে। এলাকার আশেপাশের অনেক গৃহিণী কাজের ফাঁকে হালিমা বেগমের কারখানায় কাজ করে। কারখানায় উৎপাদিত বিভিন্ন সামগ্রির বেশ কদর আছে।

ক. ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কোন মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে? ১

খ. উদ্যোগ উন্নয়নে সংরক্ষণমূলক সহায়তা ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. হালিমা বেগম কোন সংস্থা থেকে পরামর্শ নিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্তমান পরিস্থিতিতে হালিমা বেগমের শিল্প দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কীরূপ প্রভাব ফেলবে তা ব্যাখ্যা কর। ৪

[সি. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা শিল্প মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে।

**খ** যে ধরনের সাহায্য একজন ব্যবসায়ী বা শিল্পোদ্যোক্তাকে ব্যবসায় টিকিয়ে রাখতে সাহায্য করে, তাকে সংরক্ষণমূলক সহায়তা বলে।

শিল্প বা ব্যবসায় স্থাপনের পরও একজন উদ্যোক্তা উৎপাদনকার্য অব্যাহত রাখার ক্ষেত্রে বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। এ সকল প্রতিবন্ধকতা দূর করার জন্য প্রয়োজন হয় সংরক্ষণমূলক সহায়তার। ব্যবসায় আধুনিকীকরণ, সম্প্রসারণ, ঋণ ও সুদ পরিশোধের সময়সীমা বৃদ্ধি ইত্যাদি সংরক্ষণমূলক সহায়তার অন্তর্ভুক্ত।

**গ** হালিমা বেগম 'মহিলা অধিদপ্তর' সংস্থা থেকে ঋণ ও পরামর্শ নিয়ে তার বাড়িতে ছোটো একটি শিল্প স্থাপন করেন।

এ প্রতিষ্ঠান নারী উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিয়ে থাকে। এ প্রশিক্ষণের মধ্যে আছে হাঁস-মুরগি ও গবাদিপশু পালন, হস্ত শিল্প, বাটিকের কাজ, বুনন শিল্প, সেলাই প্রভৃতি। এসব ক্ষেত্রে প্রশিক্ষণ নিয়ে নারীরা নিজেদের কর্মসংস্থান তৈরি করতে পারে।

উদ্দীপকে হালিমা বেগম আর্থিক সচ্ছলতা আনার লক্ষ্যে মহিলা অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নেন। এছাড়া চৈতী ব্যবসায় শুরু করার জন্য ঋণ সুবিধা নেন। তার ব্যবসায় প্রতিষ্ঠানের শুরু থেকে বর্তমান সময় পর্যন্ত মহিলা অধিদপ্তর সহায়তা করে আসছে। এ সংস্থাটি হালিমা বেগমের মতো নারী উদ্যোক্তাদের উৎসাহ-উদ্দীপনা, কারিগরি সহায়তা ও ঋণ সুবিধা দিয়ে থাকে। এসব কাজ মহিলা অধিদপ্তর-এর অন্তর্ভুক্ত। অতএব বলা যায়, হালিমা বেগম ব্যবসায়ের অর্থনৈতিক ও কারিগরি সহায়তা দেওয়ার ক্ষেত্রে মহিলা অধিদপ্তরের ভূমিকা অপরিসীম।

**ঘ** শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে হালিমা বেগমের ভূমিকা নিঃসন্দেহে প্রশংসনীয়।

ব্যবসায় উদ্যোক্তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। একটি শিল্প উদ্যোগ গ্রহণের কারণে বহু লোকের কর্মসংস্থান হয়। সরকারের পাশাপাশি উদ্যোক্তাদের মাধ্যমেও দেশে শিল্পকারখানা স্থাপন, পরিচালনা ও সম্প্রসারণ হয়ে থাকে। এর মাধ্যমে নিত্যনূতন কর্মসংস্থানের উদ্ভব ঘটে।

উদ্দীপকের হালিমা বেগম একজন সফল উদ্যোক্তার নাম। যিনি বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষ করে ছোটো একটি শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে নিজের অর্থনৈতিক সংকটাপন্ন অবস্থা দূরীভূত করেন এবং যা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। হালিমা বেগমের শিল্প প্রতিষ্ঠান স্থাপনের ফলে দেশে বেকার সমস্যা কিছুটা লাঘব হয়েছে এবং জাতীয় আয় বৃদ্ধিতে অবদান রাখবে। উৎপাদনশীল প্রতিষ্ঠান স্থাপন করার কারণে স্থানীয় খাদ্য চাহিদা পূরণের পাশাপাশি বিদেশেও রপ্তানি করা যায়। যার ফলে জাতীয় উৎপাদন এবং আয় বৃদ্ধি পাবে। তাছাড়াও হালিমা বেগমের মতো অনেকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে উদ্বুদ্ধ হবেন। ফলে বেকার সমস্যা হ্রাস পাবে এবং অর্থনৈতিক উন্নয়ন ও প্রবৃদ্ধি বৃদ্ধি পাবে। অতএব উপরিউক্ত আলোচনা শেষে বলা যায়, দেশের অর্থনৈতিক উন্নয়নে অর্জনে হালিমা বেগমের মতো নারী উদ্যোক্তাদের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▸ ১১** জনাব সুরুজ একজন ফল ব্যবসায়ী। তিনি সততার সাথে ব্যবসায়িক কার্যক্রম চালিয়ে আসছেন। তিনি তাঁর বিক্রীত ফলে কোনো ফরমালিন বা ক্ষতিকর কোনো প্রকার রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। তিনি ঋণ নিলে সময়মতো তা ফেরত দেন। সমাজে তিনি একজন সৎ ব্যবসায়ী হিসেবে সকলের নিকট পরিচিত।

ক. মুনাফা কী? ১

খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝায়? ২

গ. জনাব সুরুজের ব্যবসায় পরিচালনায় কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সুরুজের মতো ব্যবসায়ীরা সামাজিক দায়বদ্ধতা থেকেই সমাজ কল্যাণমূলক কর্মকাণ্ডে আত্মনিয়োগ করে—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** কোন ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিক্রয়মূল্য থেকে ক্রয়মূল্য বাদ দিয়ে যে পরিমাণ অর্থ বা সম্পদ বাড়ে তা-ই মুনাফা।

**খ** ব্যবসায়ের পরিচালনাগত বিষয়ে ভালো-মন্দ দিক সম্পর্কে গড়ে ওঠা বিশ্বাস, ধ্যান-ধারণা, মতামত প্রভৃতিকে ব্যবসায়িক মূল্যবোধ বলে।

ব্যবসায়িক মূল্যবোধে সমাজ ও পরিবেশ উপযোগী পণ্য ও সেবা উৎপাদন এবং সততা ও ন্যায়ের সাথে সেগুলো বিক্রির মাধ্যমে মুনাফা অর্জনের বিষয়টিকে প্রাধান্য দেওয়া হয়। ফলে ব্যবসায়ীকে ন্যায়-অন্যায়, সত্য-অসত্য, ঠিক-বেঠিক, ভালো-মন্দ প্রভৃতি বিষয় মেনে ব্যবসায় করতে হয়। আর মূল্যবোধ মেনে চললে সমাজের মানুষ ন্যায্য অধিকার পায়। সুষ্ঠু সমৃদ্ধিশালী ও স্থিতিশীল সমাজব্যবস্থা গঠনে ব্যবসায়িক মূল্যবোধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ** জনাব সুরুজের ব্যবসায় পরিচালনায় নৈতিকতার দিকটি ফুটে উঠেছে।

ভালো-মন্দের, ন্যায়-অন্যায়ের বিচার-বিশ্লেষণ করে সঠিক কাজটি করাই হলো নৈতিকতা। আর ব্যবসায়ে বিভিন্ন পক্ষের (সমাজ, রাষ্ট্র, ক্রেতা ও ভোক্তা প্রভৃতি) প্রতি যথাযথভাবে দায়িত্ব পালন করে ব্যবসায় পরিচালনা করা ব্যবসায় নৈতিকতার অন্তর্গত।

উদ্দীপকের সুরুজ একজন ফল বিক্রেতা। তিনি অত্যন্ত সততার সাথে ব্যবসায় পরিচালনা করেন। তাই তিনি ফলে কোনো ফরমালিন বা ক্ষতিকর রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। এছাড়া, তিনি ধারে পণ্য কিনলে বা ঋণ নিলে সময়মতো পরিশোধ করেন। এসব কাজের মাধ্যমে সুরুজ এর ব্যবসায় পরিচালনা করার বিষয়টি নৈতিকতাকে নির্দেশ করে। তাই বলা যায়, জনাব সুরুজ এর নৈতিকতা মেনে ফল ব্যবসায় পরিচালনা করেন।

**ঘ** জনাব সুরুজের সমাজের দায়বদ্ধতা মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি মনে করি।

সমাজের মানুষের জন্য কল্যাণকর ও জনহিতকর যেকোনো কাজ করা ব্যবসায়ের সামাজিক দায়িত্ব। সমাজকে ঘিরেই ব্যবসায়ের সকল কার্যক্রম পরিচালিত হয়। সমাজের মানুষের ওপর ব্যবসায়ের সফলতা নির্ভর করে। তাই সমাজের প্রতি ব্যবসায়ীকে দায়িত্ব পালন করতে হয়।

উদ্দীপকের ফল ব্যবসায়ী জনাব সুরুজ নৈতিকতার সাথে ব্যবসায় পরিচালনা করেন। একজন ব্যবসায়ী সমাজের প্রতি দায়বদ্ধতা থেকেই জনগণের পাশে দাঁড়ায়। মানুষকে সহায়তা করা ব্যবসায়ের এক ধরনের নৈতিক দায়িত্ব। মানবতার দৃষ্টিকোণ থেকেই তিনি অসহায় মানুষের পাশে দাঁড়ান। জনাব সুরুজের কাজের মাধ্যমে মানুষ অনেকটা উপকৃত হবে। ফলে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন হবে।

সুতরাং জনাব সুরুজ সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন ও সমাজ কল্যাণমূলক কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

# দিনাজপুর বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **পরিবারের সদস্যদের প্রাধান্যবিশিষ্ট শিল্প হলো–**
ক) ক্ষুদ্র খ) মাঝারি গ) কুটির ঘ) সেবা

২. **ঢাকা বিভাগের শিল্পে অনুন্নত জেলা কোনটি?**
ক) মুন্সীগঞ্জ খ) নারায়ণগঞ্জ গ) নরসিংদী ঘ) গাজীপুর

৩. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) রবার্ট গুলিত খ) হেনরি ফেওল
গ) নিউম্যান ঘ) এফ.ডব্লিউ.টেলর

৪. **নিচের কোনটি প্রাথমিক দ্রব্য?**
ক) পোশাক খ) সুতা গ) কাপড় ঘ) তুলা

৫. **'পণ্যদ্রব্যের মূল্যের ঊর্ধ্বগতি রোধে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা'– ব্যবসায় পরিবেশের যে উপাদানের অন্তর্গত তা হলো—**
ক) রাজনৈতিক পরিবেশ খ) আইনগত পরিবেশ
গ) সামাজিক পরিবেশ ঘ) প্রযুক্তিগত পরিবেশ

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ থেকে ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শরিফ ব্যাংক থেকে স্বল্পমেয়াদি ঋণ নিয়ে রাজশাহী থেকে আম ক্রয় করে ব্রাহ্মণবাড়িয়ায় বিক্রি করছেন।

৬. **জনাব শরিফের কার্যক্রম কোন প্রকারের ব্যবসায়ের অন্তর্গত?**
ক) শিল্প খ) বাণিজ্য গ) পরোক্ষ সেবা ঘ) প্রত্যক্ষ সেবা

৭. **জনাব শরিফের ব্যবসায়ের ক্ষেত্রে যে বাধা দূর হয়েছে তা হলো –**
i. স্থানগত ii. তথ্যগত iii. অর্থগত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. **নিচের কোন জেলায় বিটাকের আঞ্চলিক কেন্দ্র আছে?**
ক) সিলেট খ) চট্টগ্রাম গ) বরিশাল ঘ) কুমিল্লা

৯. **শুরুতে ত্রাণ ও পুনর্বাসন নিয়ে কাজ করলেও বর্তমানে দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্য নিয়ে কার্যক্রম পরিচালনা করছে কোন সংস্থা?**
ক) মহিলা অধিদপ্তর খ) টিএমএসএস
গ) ব্র্যাক ঘ) প্রশিকা

১০. **ভাঙা রাস্তার মেরামত করা কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
ক) প্রজনন খ) নির্মাণ গ) নিষ্কাশন ঘ) উৎপাদন

১১. **বাংলাদেশের কোন স্থানটির নাম সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল?**
ক) রংপুর খ) চাঁপাইনবাবগঞ্জ
গ) চট্টগ্রাম ঘ) ময়মনসিংহ

১২. **বিজ্ঞাপনের কোন মাধ্যমে কুমিল্লা শহরের কান্দিরপাড়ের কর্মব্যস্ত ও জনবহুল এলাকায় পণ্যদ্রব্যের আরোকসজ্জা করা যায়?**
ক) পন্যসজ্জা খ) চলচ্চিত্র গ) নিয়ন আলো ঘ) টেলিভিশন

১৩. **পদ্মা সেতু নির্মাণের ফলে ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার ক্ষেত্রে কোন অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে?**
ক) সরকারি পৃষ্ঠপোষকতা খ) উন্নত অবকাঠামো
গ) কারিগরি ও প্রযুক্তির উন্নয়ন ঘ) সম্পদের সঠিক ব্যবহার

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ থেকে ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আনাস সরিষার তৈলের ব্যাপক চাহিদা থাকায় বুড়িচং উপজেলার প্রাণকেন্দ্রে তৈল উৎপাদনের একটি কারখানা স্থাপন করেন। তিনি পৃথিবীর সবচেয়ে বড় একটি বেসরকারি উন্নয়ন সংস্থার পরামর্শে একটি আধুনিক মেশিন স্থাপন, তৈল পরিশোধন ও বোতলজাতের মাধ্যমে বাজারজাতকরণ করে বেশ লাভবান হচ্ছেন।

১৪. **মি. আনাস নিচের কোন প্রতিষ্ঠান থেকে পরামর্শ গ্রহণ করেন?**
ক) প্রশিকা খ) গ্রামীণ ব্যাংক
গ) ব্র্যাক ঘ) টিএমএসএস

১৫. **মি. আনাস ব্যবসায়ের উন্নয়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি থেকে যে ধরনের সহযোগিতা পেয়েছেন –**
i. বিপণন ii. পণ্যের মান উন্নয়ন iii. প্রযুক্তিগত উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. **'ম্যাটসুসিটা' কোন দেশের কোম্পানি?**
ক) বাংলাদেশ খ) জাপান গ) আমেরিকা ঘ) রাশিয়া

১৭. **'বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১' এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান শতকরা কত?**
ক) ৫০ খ) ৪০ গ) ৩০ ঘ) ২০

১৮. **বাংলাদেশের নতুন বিমা আইন প্রণয়ন করা হয়েছে কোন সালে?**
ক) ২০০১ খ) ২০১০ গ) ২০১১ ঘ) ২০১৩

১৯. **মেধাসম্পদের অন্তর্ভুক্ত –**
i. রোবট তৈরি ii. কল্পবিজ্ঞানের গল্প iii. ভবনের ডিজাইন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ে ২০নং প্রশ্নের উত্তর দাও :**
রিহান ও আরিয়ান দুই বন্ধুর ব্যবসায় সফলভাবে চলছিল। হঠাৎ রিহান পাগল হয়ে যাওয়ায় তাদের ব্যবসায়ের বিলোপ ঘটে।

২০. **রিহান ও আরিয়ানের ব্যবসায়ের কীরূপ বিলোপসাধন ঘটে?**
ক) বাধ্যতামূলক খ) বিশেষ ঘটনা সাপেক্ষে
গ) সকলে একমত হয়ে ঘ) আদালতের নির্দেশে

২১. **আদর্শ নেতা যে গুণের অধিকারী হলে ধৈর্যের সাথে পর্যাপ্ত শ্রম ও সময় দিতে পারেন তা হলো –**
i. প্রখর ব্যক্তিত্ব ii. দৈহিক সামর্থ্য ও সুস্থতা iii. পরিশ্রম ও সহনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ থেকে ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আকিল MC কোম্পানির নতুন উৎপাদিত 'সান ব্লক ক্রীম' ট্রেনে, বাসে, মেলায় হেঁটে বিক্রি করেন। বিক্রিত পণ্যের সংখ্যার ভিত্তিতে তিনি কোম্পানি থেকে কমিশন পেয়ে থাকেন। কিছুদিন পর গ্রাহকরা পণ্যটি বাজারে খোঁজ করতে থাকে।

২২. **নিচের কোন বণ্টন প্রণালিটিতে জনাব আকিলের অবস্থান?**
ক) উৎপাদনকারী → ভোক্তা
খ) উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা
গ) উৎপাদনকারী → পাইকার → খুচরা বিক্রেতা → ভোক্তা
ঘ) উৎপাদনকারী → প্রতিনিধি/এজেন্ট → ভোক্তা

২৩. **উদ্দীপকের বণ্টন প্রণালিটির মাধ্যমে –**
i. পণ্যের চাহিদা সৃষ্টি হয়েছে ii. বিজ্ঞাপনের কাজ সম্পন্ন হয়েছে
iii. ভোক্তাদের সচেতন করা হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
ক) শুধুমাত্র নারীদের প্রশিক্ষণ প্রদান করে খ) শহর এলাকায় এর কার্যক্রম বিস্তৃত
গ) সারাদেশে এর কার্যক্রম বিস্তৃত ঘ) গ্রামীণ মানুষদের বৃত্তি প্রদান করে

২৫. **ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সদস্য সীমা কত?**
ক) ২-১০ খ) ২-২০ গ) ২-২৫ ঘ) ৭-৫০

২৬. **নিচের কোনটি ম্যাক্রোস্ক্রিনিং এর প্রভাবক?**
ক) উৎপাদন প্রক্রিয়া খ) জনসংখ্যা
গ) বাজার চাহিদা ঘ) আর্থিক দিক

২৭. **একজন ব্যবসায়ীর সমাজের প্রতি দায়বদ্ধতা হলো–**
i. বেকার সমস্যা দূর করা ii. পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করা
iii. মানসম্মত পণ্য সরবরাহ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. **আঠারো বছরের কম বয়স্ক ব্যক্তিও অংশীদারি ব্যবসায়ে কোন ধরনের অংশীদার হতে পারে?**
ক) সাধারণ অংশীদার খ) ঘুমন্ত অংশীদার
গ) আপাতদৃষ্টিতে অংশীদার ঘ) সীমিত অংশীদার

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ থেকে ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আয়মান একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি যে কোনো কাজ করার পূর্বে ভালোভাবে চিন্তা-ভাবনা করেন। তিনি তাঁর প্রতিষ্ঠানের কর্মীদের সাথে আলোচনা করেন। তাদের পরামর্শও গ্রহণ করেন।

২৯. **মি. আয়মানের মধ্যে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়?**
ক) গণতান্ত্রিক খ) মুক্ত
গ) আমলাতান্ত্রিক ঘ) স্বৈরতান্ত্রিক

৩০. **মি. আয়মান ব্যবস্থাপনার যেসব কাজ করেন–**
i. পরিকল্পনা প্রণয়ন ii. সংগঠিতকরণ iii সমন্বয়সাধন
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব তানিয়া কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন করে নিজস্ব কারখানায় শাড়ি তৈরি করেন। শাড়িগুলো স্থানীয় বাজারে সরবরাহ করে তিনি বেশ লাভবান হন। বর্তমানে তার তৈরি শাড়ির ব্যাপক চাহিদা থাকায় তিনি ব্যবসায়টি সম্প্রসারণ করতে চান। কিন্তু মূলধনের স্বল্পতা, অপ্রতুল রাস্তাঘাট এবং বৈচিত্র্যময় ডিজাইনের জন্য আধুনিক প্রযুক্তির অভাবে তার উদ্যোগটি বাধাগ্রস্ত হয়েছে।
(ক) শিল্প বিপ্লব ঘটে কোন যুগে? ১
(খ) কাগজি মুদ্রার প্রচলন হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব তানিয়ার শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ব্যবসায়িক পরিবেশের আলোকে জনাব তানিয়ার উদ্যোগ বাধাগ্রস্ত হওয়ার কারণ মূল্যায়ন কর। ৪

২। জনাব আবীর স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সবজি চাষের ওপর প্রশিক্ষণ নেয়। তিনি পরিবারের নিজস্ব জমিতে রাসায়নিক সারমুক্ত সবজি চাষ করেন। এই কার্যক্রমটি পরিচালনা করতে জনাব আবীরকে বিভিন্ন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে হয়। কিন্তু তিনি তাতে দমে যাননি। পক্ষান্তরে তার বন্ধু জনাব সবুজ যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে ডেইরি ফিড তেরির কারখানা স্থাপন করেন। এতে তিনি নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি অনেক লোকের কর্মসংস্থানে সহায়তা করেন।
(ক) উদ্যোক্তা কীভাবে সৃষ্টি করা যায়? ১
(খ) সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব আবীরের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি পরিলক্ষিত হয়েছে? বর্ণনা কর। ৩
(ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে জনাব সবুজের কার্যক্রম ব্যবসায় উদ্যোগের গুরুত্বের আলোকে মূল্যায়ন কর। ৪

৩। জনাব আরিয়ান পড়ালেখা শেষ করে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রোগ্রামিং ও চালনার প্রশিক্ষণ নিয়ে নিজ শহরের প্রাণকেন্দ্রে 'আরিয়ান আইটি' প্রতিষ্ঠা করেন। নিজের দক্ষতা ও শ্রমের সাহায্যে তিনি সফলতা অর্জন করেন। পরবর্তীতে তার প্রতিষ্ঠানে একজন শিক্ষিত বিক্রয়কর্মী নিয়োগ দেন। সেই সাথে নিজ হাতে তাকে প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলেন। এতে কর্মীর কর্মদক্ষতা ও নৈতিক বল বৃদ্ধি পায়। ফলে প্রতিষ্ঠানের সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়।
(ক) "বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১" এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে সেবা খাতের অবদান কত ভাগ? ১
(খ) সঠিক পণ্য নির্বাচন কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরিয়ানের কর্মসংস্থানটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
(ঘ) জনাব আরিয়ান কর্তৃক নিয়োগকৃত কর্মীর জন্য গৃহীত পদক্ষেপটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৪। পাপড়ি, শিলা ও নীলা মৌখিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় করবেন বলে চুক্তিবদ্ধ হলেন। পিংকি তাদের প্রতিষ্ঠান হতে ২ লক্ষ টাকার পণ্য বাকিতে ক্রয় করেন। বার বার টাকা চাওয়ার পরও বকেয়া টাকা আদায় হচ্ছে না। ফলে তারা মামলা করার সিদ্ধান্ত নিলেন। অন্যদিকে কিছুদিন পর নীলা তার অংশীদারী ব্যবসায়ের প্রাপ্য অংশ গোপনে পিংকির কাছে হস্তান্তর করেন।
(ক) অংশীদারী চুক্তিপত্র কাকে বলে? ১
(খ) অধিকার থাকা সত্ত্বেও সক্রিয়ভাবে ব্যবসায় পরিচালনা করেনা কোন অংশিদার? কেন? ২
(গ) উদ্দীপকের ব্যবসায়টির ক্ষেত্রে কোন ধরনের বিলোপসাধন প্রযোজ্য হবে? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্ভূত পরিস্থিতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটির মামলার ফলাফলের যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সৌমেন কিছু ভোগ্যপণ্য উৎপাদনের লক্ষ্যে একটি প্রতিষ্ঠানের নিকট অনুমতি চেয়ে আবেদন করেন। পণ্যটি কী কী উপাদান দিয়ে তৈরি করবেন তার একটি কপি সৌমেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট জমা দেন। কয়েক মাস পরে কর্তৃপক্ষ পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে পরিদর্শনে যায় এবং তালিকা অনুযায়ী পণ্য উৎপাদন না করায় সৌমেনের প্রতিষ্ঠানকে জরিমানা করে। অপরদিকে জনাব জসিম স্থানীয় বাজারে বিভিন্ন পণ্যের ব্যবসায় করে লাভবান হয়েছে। জসিম এখন ব্যবসায়টি দেশের বিভিন্ন জেলাতে সম্প্রসারণ করতে চায়। কিন্তু বিভিন্ন ঝুঁকির কথা বিবেচনা করে সাহস পায়না। পরবর্তীতে একটি প্রতিষ্ঠানের সাথে অর্থের বিনিময়ে চুক্তিবদ্ধ হয়ে সফলভাবে ব্যবসায় পরিচালনা করছে।
(ক) ফ্রানসাইজিং কী? ১
(খ) লাইসেন্স বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব সৌমেন অনুমতির জন্য কোন প্রতিষ্ঠানের দ্বারস্থ হয়েছেন? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব জসিমের ব্যবসায় সহযোগিতা করা প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৬। জনাব আলী আহম্মেদ তার ব্যবসায় প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয়, ক্রয়মূল্য এবং প্রত্যাশিত মুনাফা যোগ করে বিক্রয় মূল্য নির্ধারণ করেন। এর উপর ভিত্তি করে তিনি উৎপাদন পরিকল্পনা নির্ধারণ করেন। অপরদিকে জনাব আতিফা 'সৌখিন' নামে একটি প্রকল্প গ্রহণ করতে চান। এজন্য সে স্থানীয় বিভিন্ন বাজারে ক্রেতাদের রুচি ও একই পণ্য বিদ্যমান আছে কি না তা যাচাই করেন। এছাড়া উক্ত পণ্য উৎপাদন করতে কী ধরনের যন্ত্রপাতি প্রয়োজন এবং যন্ত্রপাতি ক্রয় করতে কী পরিমাণ অর্থের প্রয়োজন ও কতজন লোক নিয়োগ দিতে হবে তা বিবেচনায় নিয়ে আসেন। পরবর্তীতে প্রকল্পটি গ্রহণ করে সফলতা অর্জন করছেন।
(ক) কোনটি উদ্যোক্তা বা ব্যবসায়ীর দিকনির্দেশনার দলিল হিসেবে কাজ করে? ১
(খ) চলতি মূলধন বলতে কী বোঝায়? ২
(গ) জনাব আলী আহম্মেদ এর পণ্যের মূল্য নির্ধারণের পদ্ধতি কী? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে 'সৌখিন' প্রকল্প গ্রহণের সঠিক পন্থা অনুসরণ করেছেন বলে তুমি কি মনে কর? যুক্তি দাও। ৪

৭। গার্মেন্টস শিল্পে বিভিন্ন ধরনের কাগজের প্যাকেটের চাহিদা থাকায় পনির 'আলোকিত প্যাকেজিং' নামে একটি কারখানা স্থাপন করেন। তার এ শিল্পে সর্বোচ্চ ২৫ কোটি টাকা বিনিয়োগ করা যায় এবং শ্রমিকের সর্বনিম্ন সংখ্যা ১০০। কারখানা শুরুর দিকে বেশ মুনাফা হলেও দেশি-বিদেশি প্রতিযোগিতা, রাস্তাঘাটের অনুন্নত অবস্থার কারণে মুনাফা কমতে থাকে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এ শিল্পের অবদান বৃদ্ধি পেলেও পনির তার কারখানার ভবিষ্যৎ নিয়ে চিন্তিত।
(ক) উৎপাদনমুখী বৃহৎ শিল্পে সর্বনিম্ন বিনিয়োগের পরিমাণ কত? ১
(খ) প্রত্যক্ষ সেবা বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
(গ) বিনিয়োগের মাপকাঠিতে পনিরের কারখানা স্থাপন কোন শিল্পের মধ্যে পড়ে? বর্ণনা কর। ৩
(ঘ) 'আলোকিত প্যাকেজিং' এর মতো শিল্পের বিকাশে করণীয় সম্পর্কে সুচিন্তিত মতামত দাও। ৪

৮। জনাব রাফসান তার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মচারীদের কে কোন কাজ করবে তা বণ্টন করেন। বণ্টনকৃত কাজ নির্দিষ্ট সময়ে করতে না পারলে তিনি কোনো চাপ প্রয়োগ করেন না। এ জন্য অনেক সময় সঠিক সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়। অপরদিকে জনাব রিপন প্রতিষ্ঠানের কর্মীদের কে কোন কাজ, কখন, কীভাবে করবে তা সুনির্দিষ্ট করে দেন। এছাড়া কর্মীদের মাঝে-মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করেন। কোনো কর্মী যদি সঠিকভাবে কাজ করে সেক্ষেত্রে তাকে পুরস্কৃত করেন। কিন্তু কোনো কাজ সঠিকভাবে না হলে তা অনুসন্ধান করে সঠিক ব্যবস্থা গ্রহণ করেন। বর্তমানে রিপন একজন সফল ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেছেন।
(ক) আধুনিক ব্যবস্থাপনা জনকের সংজ্ঞাটি লেখ। ১
(খ) নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
(গ) জনাব রাফসানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব রিপনের কার্যক্রম ব্যবস্থাপনার কার্যাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

৯। জনাব শ্যামল সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান ফটকের পাশে বাঁশ ও কাপড় দিয়ে ফ্রেম তৈরি করে তাতে এডিস মশা ও ডেঙ্গুজ্বর প্রতিরোধ ও প্রতিকারের করণীয় বিষয়গুলো তুলে ধরেন। ফলে শিক্ষার্থীরা বিদ্যালয় ও বাড়িতে এটি অনুসরণ করে ভালো সুফল পাচ্ছে। অপরদিকে ইকবাল তার প্রতিষ্ঠানে সুঠামদেহের অধিকারী ইমন নামের একজন বিক্রয়কর্মীর নিয়োগ দেন। ইমন ক্রেতার সাথে এমনভাবে কথা বলেন যে, ক্রেতারা পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ হয়। এছাড়া বিভিন্ন উৎসবের সময় প্রতিষ্ঠানে অধিক ক্রেতার আগমন ঘটে তখন সবাইকে সন্তুষ্ট রেখে পণ্য বিক্রয়ে সচেষ্ট হন। এছাড়া পণ্য সহজে খুঁজে পাওয়ার জন্য বিভিন্ন তাকে মান ও দাম অনুযায়ী পণ্য চিহ্নিত করে রাখে। ফলে ইকবালের প্রতিষ্ঠানের সুনাম ও বিক্রয় বৃদ্ধি পায়।
(ক) বিপণন কী? ১
(খ) বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে জনাব শ্যামল বিজ্ঞাপনের কোন মাধ্যমটি ব্যবহার করেছেন? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব ইমনকে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

১০। শায়লা একজন সাধারণ গৃহিণী। তার স্বামীর উৎসাহে এবং বিভিন্ন সরকারি প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে তিনি আধুনিক যন্ত্রের সাহায্যে কৃষকদের জমি চাষ, আগাছা নিড়ানো, ফসল মাড়াইয়ের মতো সেবামূলক কাজের মাধ্যমে বেশ সফলতা অর্জন করেছেন। কাজের পরিধি বেড়ে যাওয়ায় নতুন যন্ত্রপাতি ক্রয়ের প্রয়োজন হলে একটি প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন, যারা অনূন্য ৪০% ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করে থাকে। পরবর্তীতে কৃষিতে সাফল্যের জন্য তিনি বিভিন্ন সময়ে প্রণোদনাও পান।
(ক) NGOs এর পূর্ণরূপ কী? ১
(খ) এসএমই কে Employment Generating Machine বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে সহায়তার উৎস হিসেবে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? বর্ণনা কর। ৩
(ঘ) শায়লার মতো উদ্যোক্তাদের এগিয়ে নিতে বিভিন্ন ধরনের সহায়তা প্রয়োজন– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১। জনাব রায়হান একটি ভোগ্যপণ্য তৈরি কারখানা স্থাপন করতে চান। এজন্য তিনি যথাযথ নিয়মনীতি অনুসরণ করে স্থাপন করেন। উৎপাদিত পণ্য সুলভ মূল্যে বিক্রয় করেন। মুনাফার একটি অংশ স্থানীয় সরকারি প্রতিষ্ঠানে জমা দেন। অপরদিকে জনাব রাইসুল শিশুর খাদ্য সামগ্রীর একটি কারখানা স্থাপন করেন। রাইসুল নিম্নমানের কাঁচামাল দিয়ে পণ্য উৎপাদন করে বেশি মূল্য বিক্রয় করেন। মাঝে-মাঝে বিভিন্ন ক্ষতিকর রং মিশিয়ে ক্ষতিকর জুস তৈরি করেন। এছাড়া ২০০ গ্রামের পরিবর্তে ২৫০ গ্রামের স্টিকার লাগিয়ে বেশি দামে বিক্রয় করেন। অল্প কিছুদিন প্রতিষ্ঠান চললেও বর্তমানে কারখানাটি বন্ধ হয়ে যায়।
(ক) সমাজ ও ব্যবসায় সম্প্রদায়ের সদস্য হিসেবে ব্যবসায় উদ্যোক্তাকে কী লালন ও পালন করতে হয়? ১
(খ) শিল্পোন্নয়নের বড় সমস্যা কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব রায়হান কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন? বর্ণনা কর। ৩
(ঘ) ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতার আলোকে জনাব রাইসুলের কার্যক্রমের মূল্যায়ন কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব তানিয়া কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন করে নিজস্ব কারখানায় শাড়ি তৈরি করেন। শাড়িগুলো স্থানীয় বাজারে সরবরাহ করে তিনি বেশ লাভবান হন। বর্তমানে তার তৈরি শাড়ির ব্যাপক চাহিদা থাকায় তিনি ব্যবসায়টি সম্প্রসারণ করতে চান। কিন্তু মূলধনের স্বল্পতা, অপ্রতুল রাস্তাঘাট এবং বৈচিত্র্যময় ডিজাইনের জন্য আধুনিক প্রযুক্তির অভাবে তার উদ্যোগটি বাধাগ্রস্ত হয়েছে।

ক. শিল্প বিপ্লব ঘটে কোন যুগে? ১
খ. কাগজি মুদ্রার প্রচলন হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তানিয়ার শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায়িক পরিবেশের আলোকে জনাব তানিয়ার উদ্যোগ বাধাগ্রস্ত হওয়ার কারণ মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** আধুনিক যুগে শিল্প বিপ্লব ঘটে।

**খ** বিনিময় কাজ সহজ করার জন্য কাগজি মুদ্রার প্রচলন ঘটে।

দিনে দিনে মানুষের চাহিদা বৃদ্ধি পাবার সাথে সাথে অর্থনৈতিক কর্মকাণ্ডের আওতাও বাড়তে থাকে। ফলে শুরু হয় পশু শিকার, খাদ্যশস্য উৎপাদন ও পণ্য বিনিময়ের মতো কর্মকাণ্ড। কিন্তু পণ্য বা দ্রব্য বিনিময় করেও প্রয়োজন মেটানো সম্ভব হয়নি। নানা জটিলতার কারণে দ্রব্য বিনিময়ের স্থলে বিনিময়ের মাধ্যম হিসেবে স্বর্ণ-রৌপ্যের মুদ্রা ও পরবর্তীকালে কাগজি মুদ্রার প্রচলন হয়।

**গ** জনাব তানিয়ার শিল্পটি উৎপাদন শিল্পের অন্তর্গত।

উৎপাদন শিল্পে শ্রম ও যন্ত্রের সাহায্যে পণ্য উৎপাদান করা হয়। যে শিল্প প্রক্রিয়ায় শ্রম ও যন্ত্রের ব্যবহার করে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে। এক্ষেত্রে কাঁচামাল ও অর্ধপ্রস্তুত পণ্যকে প্রক্রিয়াজাত করা হয়। এরপর তা থেকে মানুষের ব্যবহার উপযোগী পণ্য তৈরি করা হয়। কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন করে নিজস্ব কারখানায় শাড়ি তৈরি প্রভৃতি উৎপাদন শিল্পের অন্তর্গত।

জনাব তানিয়া স্থানীয় কলাগাছের আঁশ ব্যবহার করে শাড়ি তৈরি করেন। এক্ষেত্রে তিনি প্রথম শাড়ি তৈরির কাঁচামাল হিসেবে আঁশ সংগ্রহ করেন। এরপর বিভিন্ন প্রক্রিয়াজাত করে বিভিন্ন প্রকার শাড়ি তৈরি করেন। এ কাজে তিনি শ্রম ও যন্ত্র ব্যবহার করেন। এসব কাজের সাথে উৎপাদন শিল্পের সাদৃশ্য রয়েছে। ফলে তানিয়ার শিল্পটি উৎপাদন শিল্প।

**ঘ** উদ্দীপকে জনাব তানিয়ার ব্যবসায়ের আশানুরূপ মুনাফা অর্জন করতে ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক, সামাজিক ও প্রযুক্তিগত উপাদানগুলোর অভাব পরিলক্ষিত হচ্ছে।

সামাজিক পরিবেশ সমাজে বসবাসরত মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করে। অর্থনৈতিক পরিবেশের ওপর ব্যবসায়ের উন্নতি বিশেষভাবে নির্ভর করে। এটি অনুকূল হলে ব্যবসায় দ্রুত সম্প্রসারণ করা যায়। প্রযুক্তিগত পরিবেশ উৎপাদন প্রক্রিয়াকে সহজ ও গতিশীল করে। জনাব জহির গৃহস্থালির দৈনন্দিন আবর্জনা থেকে গ্যাস উৎপাদনের কারখানা স্থাপন করেন। শুরুতে তিনি নিজস্ব তহবিল থেকে অর্থ ব্যয় করেন। পরবর্তীতে অর্থের অপর্যাপ্ততা, দক্ষ কর্মী ও উন্নত যন্ত্রপাতির অভাব দেখা দেয়। এর ফলে তিনি আশানুরূপ মুনাফা অর্জন করতে পারছেন না। এজন্য তিনি পার্শ্ববর্তী কয়েকটি আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা নেন। জনাব তানিয়ার ব্যবসায়ে পর্যাপ্ত অর্থের অভাবে তিনি ব্যবসায়ের কাজ পরিচালনা করতে পারছিলেন না, যা অর্থনৈতিক পরিবেশের উপাদান। আবার আধুনিক প্রযুক্তির জন্য উন্নত প্রযুক্তিও তার নেই, যা প্রযুক্তিগত পরিবেশের উপাদান। এ প্রযুক্তি চালানোর জন্য দক্ষ কর্মীও ছিল না। এটি সামাজিক পরিবেশের উপাদান। জনাব তানিয়ার ব্যবসায়ে অর্থনৈতিক ও প্রযুক্তিগত উপাদানের অভাবে প্রথমে ভালো মুনাফা হয়নি।

**প্রশ্ন ▶ ০২** জনাব আবীর স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সবজি চাষের ওপর প্রশিক্ষণ নেয়। তিনি পরিবারের নিজস্ব জমিতে রাসায়নিক সারমুক্ত সবজি চাষ করেন। এই কার্যক্রমটি পরিচালনা করতে জনাব আবীরকে বিভিন্ন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে হয়। কিন্তু তিনি তাতে দমে যাননি। পক্ষান্তরে তার বন্ধু জনাব সবুজ যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে ডেইরি ফিড তৈরির কারখানা স্থাপন করেন। এতে তিনি নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি অনেক লোকের কর্মসংস্থানে সহায়তা করেন।

ক. উদ্যোক্তা কীভাবে সৃষ্টি করা যায়? ১
খ. সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আবীরের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি পরিলক্ষিত হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে জনাব সবুজের কার্যক্রম ব্যবসায় উদ্যোগের গুরুত্বের আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

### ২নং প্রশ্নের উত্তর

**ক** শিক্ষা, প্রশিক্ষণ এবং সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি করা যায়।

**খ** কোনো নির্দিষ্ট ক্ষেত্রে সরকার কর্তৃক সুযোগ-সুবিধা ও অনুকূল পরিবেশ তৈরি করাকে বলা হয় সরকারি পৃষ্ঠপোষকতা।

প্রয়োজনীয় সহায়তা দেওয়ার মাধ্যমে সরকার দেশের ব্যবসায়িক পরিবেশের উন্নয়ন ঘটায়। কর মওকুফ, স্বল্প বা বিনা সুদে মূলধন সরবরাহ প্রভৃতি সরকার প্রদত্ত সুবিধা। এরূপ সুবিধা বা পৃষ্ঠপোষকতা পেলে ব্যবসায়ীরা সহজেই ব্যবসায় স্থাপন ও সম্প্রসারণ করতে পারে।

**গ** উদ্দীপকে জনাব আবীরের মধ্যে উদ্যোক্তার 'ঝুঁকি গ্রহণের ক্ষমতা' গুণটি লক্ষ করা যায়।

বিদ্যমান গুণাবলি ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে তার মধ্যে বিদ্যমান গুণাবলির ওপর। যে কাজে ঝুঁকি বেশি, সে কাজ থেকে আয়ের সম্ভাবনাও বেশি থাকে। তাই উদ্যোক্তারা ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত হয়ে সফল হওয়ার চেষ্টা করেন।

উদ্দীপকের জনাব আবীর যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে সবজি চাষের ওপর প্রশিক্ষণ নেন। এরপর তিনি পরিবারের নিজস্ব জমিতে রাসায়নিক সারমুক্ত সবজি চাষ শুরু করেন। ঝুঁকি আছে জেনেও তিনি এ কাজে তার মেধা ও অর্থ ব্যয় করেন। এর মাধ্যমে তার ঝুঁকি নেওয়ার মানসিকতা প্রকাশ পেয়েছে। এ ব্যবসায় পরিচালনার সময় তিনি বিভিন্ন ধরনের ঝুঁকির সম্মুখীন হন। কিন্তু তাতে তিনি দমে যাননি। তিনি আবারও চেষ্টা করেন। ঝুঁকি গ্রহণের ক্ষমতা আছে বলেই তিনি এ উদ্যোগ গ্রহণ করেছেন এবং কাজটিতে টিকে আছেন। সুতরাং জনাব আবীরের মধ্যে উদ্যোক্তার 'ঝুঁকি গ্রহণের ক্ষমতা' গুণটি প্রকাশ পেয়েছে।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে উদ্দীপকের জনাব সবুজের ব্যবসায় উদ্যোগের কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

ব্যবসায় উদ্যোগের মাধ্যমে লাভবান হওয়ার আশায় ঝুঁকি নিয়ে ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনা করা হয়। এর মাধ্যমে উদ্যোক্তার নিজের কর্মসংস্থানের পাশাপাশি আরও লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়। এতে দেশের অর্থনৈতিক অবস্থা আরও দৃঢ় হয়।

উদ্দীপকের জনাব সবুজ যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নেন। সেটিকে কাজে লাগিয়ে তিনি ডেইরি ফিড তৈরির কারখানা গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানে অনেকের কাজের সুযোগ সৃষ্টি হয়। বর্তমানে সে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী। তার এ কাজকে ব্যবসায় উদ্যোগ হিসেবে অভিহিত করা যায়।

জনাব সবুজের ব্যবসায় উদ্যোগ তার এলাকার বেকার মানুষদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। এতে তাদের বেকারত্ব দূর হয়ে আর্থিক ও সামাজিক উন্নয়ন হয়েছে। আবার তার সফলতা আরও অনেককে এমন কাজে উৎসাহিত করবে। এভাবে জনাব সবুজের ব্যবসায়টি সার্বিকভাবে দেশের মোট উৎপাদন ও আয় বাড়াতে সাহায্য করবে। সুতরাং আর্থ-সামাজিক উন্নয়নে জনাব সবুজের ব্যবসায় উদ্যোগের কার্যক্রমটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন ▸ ০৩** জনাব আরিয়ান পড়ালেখা শেষ করে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রোগ্রামিং ও চালনার প্রশিক্ষণ নিয়ে নিজ শহরের প্রাণকেন্দ্রে 'আরিয়ান আইটি' প্রতিষ্ঠা করেন। নিজের দক্ষতা ও শ্রমের সাহায্যে তিনি সফলতা অর্জন করেন। পরবর্তীতে তার প্রতিষ্ঠানে একজন শিক্ষিত বিক্রয়কর্মী নিয়োগ দেন। সেই সাথে নিজ হাতে তাকে প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলেন। এতে কর্মীর কর্মদক্ষতা ও নৈতিক বল বৃদ্ধি পায়। ফলে প্রতিষ্ঠানের সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়।

ক. "বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১" এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে সেবা খাতের অবদান কত ভাগ? ১

খ. সঠিক পণ্য নির্বাচন কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরিয়ানের কর্মসংস্থানটি কোন ধরনের? বর্ণনা কর। ৩

ঘ. জনাব আরিয়ান কর্তৃক নিয়োগকৃত কর্মীর জন্য গৃহীত পদক্ষেপটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৪]

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১-এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে সেবাখাতের অবদান ৫০%।

**খ** ব্যবসায়ে সাফল্য লাভের জন্য সঠিক পণ্য নির্বাচন করা প্রয়োজন। পণ্য নির্বাচনের আগে এর বাজার চাহিদা কেমন তা যাচাই করতে হয়। পছন্দ ও চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারলে ক্রেতাদের কাছে পণ্যের গ্রহণযোগ্যতা বেশি হয়। সঠিক পণ্য নির্বাচনের ওপর ব্যবসায়ের সফলতা অনেকাংশে নির্ভর করে। তাই ব্যবসায়ে সফল হওয়ার জন্য সঠিক পণ্য নির্বাচন করা উচিত।

**গ** জনাব আরিয়ানের কাজটি আত্মকর্মসংস্থানের কাজের অন্তর্গত।

নিজস্ব পুঁজি অথবা ঋণ করা স্বল্প সম্পদ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে ন্যূনতম ঝুঁকি নিয়ে আত্ম প্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে। জীবিকা অর্জনের বিভিন্ন পেশার মধ্যে আত্মকর্মসংস্থান একটি জনপ্রিয় পেশা।

উদ্দীপকের জনাব আরিয়ান পড়ালেখা শেষ করে নট্রামস থেকে কম্পিউটার প্রশিক্ষণ নেন। এরপর তিনি কম্পিউটারের গুরুত্ব অনুধাবন করে একটি আইটি ফার্ম স্থাপন করেন। তিনি নিজের প্রচেষ্টায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেন। এক্ষেত্রে তাকে কারও অধীনে কাজ করতে হয় না। তিনি নিজের কাজের ব্যবস্থা নিজেই করেছেন। আর তিনি নিজের দক্ষতা, অভিজ্ঞতা ও পরিশ্রমকে কাজে লাগিয়ে আইটি ফার্ম থেকে আয় করছেন। এসব বৈশিষ্ট্য আত্মকর্মসংস্থানের সাথে সম্পর্কিত। তাই, জনাব আরিয়ানের কাজকে আত্মকর্মসংস্থান বলা যায়।

**ঘ** জনাব আরিয়ান কর্তৃক নিয়োগকৃত কর্মীর জন্য গৃহীত পদক্ষেপটি হচ্ছে আত্মকর্মসংস্থানের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা।

প্রশিক্ষণ হলো সবস্তরের কর্মীদের জ্ঞান ও দক্ষতা বাড়ানোর যোগ্যতা। এর মাধ্যমে কর্মীর যোগ্যতা ও কর্মদক্ষতা বৃদ্ধি পায়। কোনো বিশেষ কাজ যথার্থভাবে সম্পাদন করার স্বার্থে এবং জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ একান্ত প্রয়োজন। প্রশিক্ষণ কর্মদক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করে। বড় প্রতিষ্ঠানের ন্যায় ক্ষুদ্রায়তন প্রতিষ্ঠানগুলোর কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত।

উদ্দীপকের জনাব আরিয়ান নিজ শহরের প্রাণকেন্দ্রে 'আরিয়ান আইটি' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। তিনি উক্ত প্রতিষ্ঠানকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একজন যুবককে প্রশিক্ষণের মাধ্যমে নিয়োগ দেন। ফলে বিক্রয় কর্মী এসব কাজে বেশ দ্রুত দক্ষ হয়ে ওঠে। প্রশিক্ষণের মাধ্যমে জুয়েলের কর্মদক্ষতা বৃদ্ধি পেয়েছে। ফলে তিনি প্রতিষ্ঠানের কম্পিউটারসহ অন্যান্য সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করেছেন। প্রশিক্ষণ হলো সর্বস্তরের কর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং মানসিকতা বিকাশের অবিরাম ও নিয়মিত প্রচেষ্টা যাতে তাদের যোগ্যতা ক্রমশ বৃদ্ধি পেতে থাকে এবং প্রতিষ্ঠানটিও লাভবান হয়। কোনো কর্মীকে সঠিক কাজে নিয়োগ করার পূর্বে তাকে প্রশিক্ষণ বা ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করতে হবে। এ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের উদ্যোক্তাসহ নতুন ও পুরাতন সকল কর্মীর জন্যই অপরিহার্য। তাই বলা যায়, বিক্রয় কর্মীর প্রশিক্ষণের সার্থকতা রয়েছে।

**প্রশ্ন ▶ ০৪** পাপড়ি, শিলা ও নীলা মৌখিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় করবেন বলে চুক্তিবন্ধ হলেন। পিংকি তাদের প্রতিষ্ঠান হতে ২ লক্ষ টাকার পণ্য বাকিতে ক্রয় করেন। বার বার টাকা চাওয়ার পরও বকেয়া টাকা আদায় হচ্ছে না। ফলে তারা মামলা করার সিদ্ধান্ত নিলেন। অন্যদিকে কিছুদিন পর নীলা তার অংশীদারি ব্যবসায়ের প্রাপ্য অংশ গোপনে পিংকির কাছে হস্তান্তর করেন।

ক. অংশীদারি চুক্তিপত্র কাকে বলে? ১

খ. অধিকার থাকা সত্ত্বেও সক্রিয়ভাবে ব্যবসায় পরিচালনা করে না কোন অংশীদার? কেন? ২

গ. উদ্দীপকের ব্যবসায়টির ক্ষেত্রে কোন ধরনের বিলোপসাধন প্রযোজ্য হবে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্ভূত পরিস্থিতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটির মামলার ফলাফলের যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** অংশীদারি চুক্তিপত্র হলো এমন একটি দলিল যাতে উক্ত ব্যবসায়ের উদ্দেশ্য, পরিচালন পদ্ধতি, অংশীদারদের প্রত্যেকের অবস্থান, দায়িত্ব, কর্তব্য ও অধিকার এবং ভবিষ্যতে বিরোধ মীমাংসা করার পদ্ধতি সুস্পষ্টভাবে তুলে ধরা হয়।

**খ** যে অংশীদারগণ ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে এবং চুক্তি অনুযায়ী লভ্যাংশ পায় কিন্তু অধিকার থাকা সত্ত্বেও ব্যবসা পরিচালনায় অংশগ্রহণ করে না তাকে ঘুমান্ত অংশীদার বলে।

এই ধরনের অংশীদার কোনো কাজের জন্য তৃতীয় পক্ষের নিকট দায়বন্ধ থাকে না। তাদের দায় সসীম।

**গ** উদ্দীপকের ব্যবসায়টির "আদালতের নির্দেশে বিলোপসাধন" প্রযোজ্য হবে।

অংশীদারি আইনের ৪৪ ধারায় আদালতের মাধ্যমে বিলোপসাধনের বিষয়ে উল্লেখ আছে। এক্ষেত্রে কোনো অংশীদারের মস্তিষ্ক বিকৃত ঘটলে, দায়িত্ব পালনে চিরতরে অসমর্থ হলে, ব্যবসায়ের ক্রমাগত লোকসান হতে থাকলে ব্যবসায়ের বিলোপ হয়।

উদ্দীপকের পাপড়ি, শিলা, নীলা, তিন বন্ধু মৌখিক চুক্তিবন্ধ সম্পর্কের ভিত্তিতে ব্যবসায় পরিচালনা, মূলধন সরবরাহ ও লাভ লোকসান বণ্টন করেন। ব্যবসায় শুরুর কয়েক বছরের মধ্যেই পিংকি তাদের প্রতিষ্ঠান হতে ২ লক্ষ টাকা পণ্য বাকিতে ক্রয় করেন। কিছুদিন পর নীলা তার অংশীদারি ব্যবসায়ের প্রাপ্য অংশ গোপনে পিংকির কাছে হস্তান্তর করে। কিন্তু অংশীদারি আইন অনুযায়ী এভাবে নীলা মালিকানা হস্তান্তর করতে পারবে না। কিন্তু বর্তমানে তাদের ব্যবসায়টি বিগত কয়েক বছর যাবত লোকসানের সম্মুখীন হয়।

অংশীদারি ব্যবসায় ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী পরিচালিত হয়। এ আইনের ৪৪ ধারা মোতাবেক উদ্দীপকের অংশীদারি ব্যবসায়টি আদালতের নির্দেশে বিলোপসাধন হবে। কিছুদিন পর তাদের অংশীদার নীলা তার অংশীদারি ব্যবসায়ের প্রাপ্য অংশ গোপনে পিকিংর নিকট হস্তান্তর করে। ফলে তারা চুক্তি ভঙ্গ করে। তাই বলা যায়, পাপড়ি, শিলা, নীলা ব্যবসায় সংগঠনটি আদালতের নির্দেশে বিলোপসাধন হতে পারে।

**ঘ** নিবন্ধিত না হওয়ায় পাপড়ি, শিলা, নীলাদের ব্যবসায় প্রতিষ্ঠানটি পিংকির বিরুদ্ধে মামলার সিদ্ধান্তটি যৌক্তিক নয়।

অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে সরকার কর্তৃক নিয়োজিত নিবন্ধক অফিসে ব্যবসায়ের নাম তালিকাভুক্তকরণকে বোঝায়। বাংলাদেশের অংশীদারি আইনে ব্যবসায়ের নিবন্ধন বাধ্যতামূলক করা হয়নি। তবে নিবন্ধন বাধ্যতামূলক না হলেও অনিবন্ধিত অংশীদারি ব্যবসায় থেকে নিবন্ধিত ব্যবসায়গুলো বেশকিছু অতিরিক্ত সুবিধা ভোগ করে।

উদ্দীপকের পাপড়ি, শিলা, নীলা মৌখিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় নামে একটি ব্যবসায় শুরু করেন। প্রতিষ্ঠানটি পিংকির কাছে ২ লক্ষ টাকার পণ্য বাকিতে বিক্রি করে। পরবর্তীতে পাপড়ি, শিলা, নীলাদের ব্যবসায় প্রতিষ্ঠানটি উক্ত টাকা পরিশোধ করতে গড়িমসি করলে পাপড়ি, শিলা, নীলা আদালতের আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

উদ্দীপকের পাপড়ি, শিলা, নীলাদের ব্যবসায় প্রতিষ্ঠানটি একটি অনিবন্ধিত অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান। ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী অনিবন্ধিত অংশীদারের বিরুদ্ধে মামলা করতে পারে না। অন্যদিকে, তৃতীয় কোনো পক্ষ যদি অনিবন্ধিত অংশীদারি প্রতিষ্ঠান বা অংশীদারদের বিরুদ্ধে মামলা দায়ের করে, শুধু অনিবন্ধিত হবার কারণে বাদীপক্ষের বিরুদ্ধে পাল্টা পাওনা দাবি করতে পারে না। তারা পিংকির থেকে পাওনা আদায়ে তার বিরুদ্ধে মামলা করলেও কোন সমাধান পাবে না। কিন্তু নিবন্ধিত হলে তারা এ পাওনা আদায়ের সমাধান পেত। তাই বলা যায়, পাপড়ি, শিলা, নীলাদের ব্যবসায় প্রতিষ্ঠানটি আদালতের মাধ্যমে পাওনা আদায় করতে পারবে না। তাই তাদের সিদ্ধান্তটি যৌক্তিক নয়।

**প্রশ্ন ▶ ০৫** জনাব সৌমেন কিছু ভোগ্যপণ্য উৎপাদনের লক্ষ্যে একটি প্রতিষ্ঠানের নিকট অনুমতি চেয়ে আবেদন করেন। পণ্যটি কী কী উপাদান দিয়ে তৈরি করবেন তার একটি কপি সৌমেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট জমা দেন। কয়েক মাস পরে কর্তৃপক্ষ পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে পরিদর্শনে যায় এবং তালিকা অনুযায়ী পণ্য উৎপাদন না করায় সৌমেনের প্রতিষ্ঠানকে জরিমানা করে। অপরদিকে জনাব জসিম স্থানীয় বাজারে বিভিন্ন পণ্যের ব্যবসায় করে লাভবান হয়েছে। জসিম এখন ব্যবসায়টি দেশের বিভিন্ন জেলাতে সম্প্রসারণ করতে চায়। কিন্তু বিভিন্ন ঝুঁকির কথা বিবেচনা করে সাহস পায়না। পরবর্তীতে একটি প্রতিষ্ঠানের সাথে অর্থের বিনিময়ে চুক্তিবন্ধ হয়ে সফলভাবে ব্যবসায় পরিচালনা করছে।

ক. ফ্রানসাইজিং কী? ১

খ. লাইসেন্স বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব সৌমেন অনুমতির জন্য কোন প্রতিষ্ঠানের দ্বারস্থ হয়েছেন? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব জসিমের ব্যবসায় সহযোগিতা করা প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য তৈরি, বিক্রি বা বিতরণ করার অধিকারই ফ্রানসাইজিং।

**খ** লাইসেন্স বলতে ব্যবসায় শুরু করার অনুমতিপত্রকে বোঝায়।

যেকোনো ব্যবসায় শুরু করার আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন নিতে হয় বা নিবন্ধন করতে হয়। আর এই অনুমোদনই

হলো লাইসেন্স। অনুমোদন বা নিবন্ধন করার পদ্ধতি বিভিন্ন রকমের। একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে যদি এর অবস্থান পৌর এলাকার ভিতরে হয় তাহলে পৌর কর্তৃপক্ষের এবং পৌর এলাকার বাইরে হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছ থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হবে।

**গ** উদ্দীপকের জনাব সৌমেন অনুমতির জন্য BSTI এর দ্বারস্থ হয়েছেন।

বাংলাদেশে পণ্যমান নিয়ন্ত্রক সংস্থা হলো Bangladesh Standards & Testing Institution (BSTI)। বাংলাদেশের পণ্যের মান নির্ধারণ, পণ্যমান পরীক্ষা ও মান নিশ্চিত করার জন্য যে সরকারি প্রতিষ্ঠান কর্মরত রয়েছে তা হলো বিএসটিআই। এটি শিল্প মন্ত্রণালয়ের অধীনস্ত একটি সংস্থা। উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য বিএসটিআই প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে থাকে।

উদ্দীপকের জনাব সৌমেন কিছু ভোগ্যপণ্য উৎপাদনের সিদ্ধান্ত নেন। এ লক্ষ্যে তিনি একটি প্রতিষ্ঠানের কাছে অনুমতি চেয়ে আবেদন করেন। এক্ষেত্রে পণ্য উৎপাদন করতে কী কী উপাদান ব্যবহৃত হবে এর তথ্য প্রতিষ্ঠানটিকে দেন। এটি শিল্প মন্ত্রণালয়ের অধীন এবং সরকার কর্তৃক নিয়োজিত। প্রয়োজনীয় তথ্যাদি পেয়ে এ প্রতিষ্ঠানটি জনাব সৌমেনের প্রতিষ্ঠান পরিদর্শনে যায়। তালিকা অনুযায়ী পণ্য উৎপাদন না হওয়ায় প্রতিষ্ঠানটি তাকে জরিমানা করে। এটি বিএসটিআই-এর কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই বলা যায়, জনাব সৌমেন অনুমতির জন্য BSTI নামক প্রতিষ্ঠানটির দারস্থ হয়েছেন।

**ঘ** জনাব জসিমের মতো ব্যবসায়ীদের নিকট সহযোগিতার জন্য বিমার গুরুত্ব অত্যধিক বলে আমি মনে করি।

বিমা হলো বিমাগ্রহীতা ও বিমাকারীর মধ্যকার সম্পাদিত চুক্তি। এতে বিমাকারী বিমাগ্রহীতাকে নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে সম্ভাব্য ঝুঁকির বিপরীতে ক্ষতিপূরণ দিতে সম্মত হন। এটি ব্যবসায়ের ঝুঁকিগত বাধা দূর করে।

উদ্দীপকে জনাব জসিম একজন ব্যবসায়ী। সে তার পণ্য স্থানীয় বাজারে বিক্রি করে লাভবান হচ্ছে। বর্তমান সে তার পণ্য বিভিন্ন জেলায় বিক্রি করতে চাচ্ছে। তার প্রতিষ্ঠানের বিভিন্ন ঝুঁকি বিবেচনা করে ব্যবসায় করার সাহস পাচ্ছে না। তাই বিমা কোম্পানির নিকট দারস্থ হয়।

প্রতিষ্ঠানের সাথে অর্থের বিনিময়ে জনাব জসিম বিমা চুক্তি সম্পাদন করেছে। এক্ষেত্রে এ বিনিময়কৃত অর্থ প্রিমিয়াম হিসেবে বিবেচিত হবে। প্রিমিয়ামের বিনিময়ে প্রতিষ্ঠানটি তাকে সম্ভাব্য ঝুঁকি থেকে ক্ষতিপূরণ পাওয়ার নিশ্চয়তা দিয়েছে। এ নিশ্চিয়তার কারণেই সে অন্য জেলায় পণ্য পাঠাতে সাহস পাচ্ছে, যা তাকে পরবর্তীতে সফল করেছে। এখন অন্য জেলায় পণ্য পাঠানোর সময় পরিবহণগত কারণে তার পণ্যের ক্ষতি, চুরি বা বিনষ্ট হলে এর বিনিময়ে আর্থিক ক্ষতিপূরণ পাবে। আর এ ক্ষতিপূরণের অর্থ দিয়ে সে তার ব্যবসায় চলমান রাখতে পারবে। তাই বলা যায়, জনাব জসিমের ব্যবসায় সহযোগিতার জন্য বিমার গুরুত্ব অপরিসীম।

**প্রশ্ন ▶ ০৬** জনাব আলী আহম্মেদ তার ব্যবসায় প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয়, ক্রয়মূল্য এবং প্রত্যাশিত মুনাফা যোগ করে বিক্রয় মূল্য নির্ধারণ করেন। এর উপর ভিত্তি করে তিনি উৎপাদন পরিকল্পনা নির্ধারণ করেন। অপরদিকে জনাব আতিফা 'সৌখিন' নামে একটি প্রকল্প গ্রহণ করতে চান। এজন্য সে স্থানীয় বিভিন্ন বাজারে ক্রেতাদের রুচি ও একই পণ্য বিদ্যমান আছে কি না তা যাচাই করেন। এছাড়া উক্ত পণ্য উৎপাদন করতে কী ধরনের যন্ত্রপাতি প্রয়োজন এবং যন্ত্রপাতি ক্রয় করতে কী পরিমাণ অর্থের প্রয়োজন ও কতজন লোক নিয়োগ দিতে হবে তা বিবেচনায় নিয়ে আসেন। পরবর্তীতে প্রকল্পটি গ্রহণ করে সফলতা অর্জন করছে।

ক. কোনটি উদ্যোক্তা বা ব্যবসায়ীর দিকনির্দেশনার দলিল হিসেবে কাজ করে? ১

খ. চলতি মূলধন বলতে কী বোঝায়? ২

গ. জনাব আলী আহম্মেদ এর পণ্যের মূল্য নির্ধারণের পদ্ধতি কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'সৌখিন' প্রকল্প গ্রহণের সঠিক পনথা অনুসরণ করেছেন বলে তুমি কি মনে কর? যুক্তি দাও। ৪

[দি. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় পরিচালনার পরিকল্পনা উদ্যোক্তা বা ব্যবসায়ীর দিকনির্দেশক দলিল হিসেবে কাজ করে।

**খ** ব্যবসার দৈনন্দিন কার্যাবলি সম্পাদনের জন্য যে মূলধনের প্রয়োজন হয় তাকে চলতি মূলধন বলে।

সাধারণ ব্যবসায়ের ক্ষেত্রে বিক্রি করার জন্য ক্রয় খরচ, কর্মচারীদের বেতন, পণ্য মজুদ প্রভৃতি বাবদ চলতি মূলধন ব্যবহৃত হয়। উৎপাদনমূলক ব্যবসায়ের ক্ষেত্রে কাঁচামালের মূল্য, পরিবহণ খরচ, আধা-প্রস্তুতকৃত পণ্য, শ্রমিকদের মজুরি, জ্বালানি খরচ ইত্যাদি বহন করার জন্য চলতি মূলধনের প্রয়োজন। সেবামূলক ব্যবসায়ের ক্ষেত্রে কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়। চলতি মূলধনের সাহায্যে কোনো স্থায়ী সম্পত্তি অর্জন বা ক্রয় করা হয় না।

**গ** জনাব আলী আহম্মেদ এর পণ্যের মূল্য নির্ধারণ প্রক্রিয়াটি হলো সম আয়-ব্যয় বিশ্লেষণ পদ্ধতি।

এ পদ্ধতিতে ব্যবসায়ের এমন একটি অবস্থা নির্ণয় করা হয়, যেখানে আয়-ব্যয় সমান হয়। এতে কী পরিমাণ পণ্য উৎপাদন ও বিক্রি করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমান হবে তা জানা যায়। এছাড়া কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করা যায়।

উদ্দীপকের আলী আহম্মেদ একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের উৎপাদন প্রণালি ঠিক করে দেন। এক্ষেত্রে তিনি চান যেন অতিরিক্ত উৎপাদন না হয়। আবার, কম উৎপাদন করে প্রতিষ্ঠানটি যেন ক্ষতির সম্মুখীন না হয় সেদিকেও খেয়াল রাখেন। এক্ষেত্রে আলী আহম্মেদ ভোক্তার চাহিদা অনুযায়ী যথাযথ পরিমাণে পণ্য উৎপাদন করতে পারেন। আর সঠিক পরিমাণে উৎপাদন করায় পণ্যগুলো সহজে বিক্রি করা যায়। ফলে আলী আহম্মেদ প্রতিষ্ঠানে অতিরিক্ত পণ্য উৎপাদন সংক্রান্ত খরচ হয় না। এছাড়া তিনি উৎপাদিত পণ্য সহজে বিক্রি করে ন্যূনতম মুনাফা অর্জন করতে পারেন। এভাবে পণ্য উৎপাদনের যথাযথ মাত্রা নির্ধারণ করা যায় সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে। সুতরাং আলী আহম্মেদ সম আয়-ব্যয় বিশ্লেষণ পদ্ধতি ব্যবহার করে তার প্রতিষ্ঠানের পণ্যের মূল্য নির্ধারণ করেন।

**ঘ** উদ্দীপকে সৌখিন ব্যবসায় প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অনুসরণের পদক্ষেপ নিয়েছেন।

উদ্যোক্তার নিয়ন্ত্রণের আওতাভুক্ত উপাদানগুলোই মাইক্রোস্ক্রিনিং। পণ্যের বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও আর্থিক দিক নিয়ে এটি আলোচনা করে। একজন সম্ভাবনাময় উদ্যোক্তা তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়া শুরু করেন। এক্ষেত্রে বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে তিনি একটি সম্ভাব্য তালিকা তৈরি করেন। অতঃপর দুইটি পদ্ধতির মাধ্যমে চিহ্নিত ধারণাগুলো মূল্যায়ন করে প্রকল্প নির্বাচন করেন। মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অনুসরণের পন্থাটি সঠিক বলে আমি মনে করি।

উদ্দীপকের সৌখিন আতিফা 'সৌখিন' নামে কোম্পানি প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিলেন। এটি বাস্তবায়নের জন্য তিনি বাজারে নির্দিষ্ট পণ্যের চাহিদা ও গ্রহণযোগ্যতা যথাযথভাবে নিরূপণ করেন। এক্ষেত্রে জনগণের জীবনযাত্রার মান, ভোক্তার আয় প্রভৃতির ফলাফল অনুকূল হওয়ায় তিনি কারখানাটি স্থাপন করেন।

জনাব আতিফা ব্যবসায়টি শুরুর ক্ষেত্রে ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া সঠিকভাবে অনুসরণ করেন। তিনি প্রকল্প ধারণা চিহ্নিত করার পূর্বে ম্যাক্রোস্ক্রিনিং এর অর্থনৈতিক পরিবেশ তথা ব্যবসায়টির চারদিকে বসবাসকারী ভোক্তাদের আয়, খরচ করার প্রবণতা, জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি বিবেচনা করেছেন। আবার সেই সাথে তিনি মাইক্রোস্কিনিং এর বাজার চাহিদাও যাচাই করেছেন, যার মাধ্যমে তিনি তার উৎপাদিত পণ্যের চাহিদা, ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ, পণ্যের সুযোগ-সুবিধা যথার্থভাবে যাচাই করেছেন।

এভাবে সঠিকভাবে প্রকল্প প্রণয়ন করায় প্রতিষ্ঠানটি দ্রুত সফলতা পেয়েছে। সুতরাং বলা যায়, জনাব আতিফা 'সৌখিন' ব্যবসায় প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অনুসরণের পন্থা যথার্থ হয়েছে।

**প্রশ্ন ▶ ০৭** গার্মেন্টস শিল্পে বিভিন্ন ধরনের কাগজের প্যাকেটের চাহিদা থাকায় পনির 'আলোকিত প্যাকেজিং' নামে একটি কারখানা স্থাপন করেন। তার এ শিল্পে সর্বোচ্চ ২৫ কোটি টাকা বিনিয়োগ করা যায় এবং শ্রমিকের সর্বনিম্ন সংখ্যা-১০০। কারখানা শুরুর দিকে বেশ মুনাফা হলেও দেশি-বিদেশি প্রতিযোগিতা, রাস্তাঘাটের অনুন্নত অবস্থার কারণে মুনাফা কমতে থাকে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এ শিল্পের অবদান বৃদ্ধি পেলেও পনির তার কারখানার ভবিষ্যৎ নিয়ে চিন্তিত।

ক. উৎপাদনমুখী বৃহৎ শিল্পে সর্বনিম্ন বিনিয়োগের পরিমাণ কত? ১

খ. প্রত্যক্ষ সেবা বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. বিনিয়োগের মাপকাঠিতে পনিরের কারখানা স্থাপন কোন শিল্পের মধ্যে পড়ে? বর্ণনা কর। ৩

ঘ. 'আলোকিত প্যাকেজিং' এর মতো শিল্পের বিকাশে করণীয় সম্পর্কে সুচিন্তিত মতামত দাও। ৪

[দি. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** উৎপাদনমুখী বৃহৎ শিল্পে সর্বনিম্ন বিনিয়োগের পরিমাণ ৫০ কোটি টাকা।

**খ** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা বিভিন্ন রকম সেবাকর্ম অর্থের বিনিময়ে প্রদান করে থাকেন। এ সকল সেবাকর্ম বা বৃত্তি প্রত্যক্ষ সেবা হিসেবে পরিচিত। যেমন– ডাক্তারি ক্লিনিক, আইন চেম্বার, প্রকৌশলী ফার্ম ও অডিট ফার্ম ইত্যাদি। এছাড়া প্রত্যক্ষ সেবাকে আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা বলা হয়।

**গ** বিনিয়োগের মাপকাঠিতে পনিরের কারখানাটি উৎপাদনমুখী শিল্পের আওতায় একটি মাঝারি শিল্প।

মাঝারি শিল্পে মূলধনের পরিমাণ ১৫ থেকে ৫০ কোটি টাকা হয়। আবার, এ শিল্পে ১২১ থেকে ৩০০ জন শ্রমিক কাজ করে থাকে। উদ্দীপকে পনির 'আলোকিত প্যাকেজিং' নামে একটি কারখানা স্থাপন করেন। তিনি যন্ত্রপাতি, শ্রমের সাহায্যে কাগজ প্রক্রিয়াজাত করে প্যাকেট তৈরি করেন। এক্ষেত্রে পনিরের প্রতিষ্ঠানটি একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। তার এ ধরনের শিল্পে সর্বোচ্চ ২৫ কোটি টাকা বিনিয়োগ করা যায়। এছাড়া এ শিল্পে সর্বনিম্ন শ্রমিকের সংখ্যা থাকে ১২১ জন। আর তার শিল্পের উপর্যুক্ত এসকল বৈশিষ্ট্যগুলো মূলত সেবামূলক মাঝারি শিল্পের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, বিনিয়োগের মাপকাঠিতে ও সেবার ধরন বিবেচনায় পনির কারখানা স্থাপন শিল্পটি উৎপাদনমুখী মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত।

**ঘ** আলোকিত প্যাকেজিং স্থাপিত শিল্পের মাধ্যমে দেশের অর্থনীতির চাকা গতিশীল হবে বলে আমি মনে করি।

একটি দেশের অর্থনৈতিক উন্নতি নির্ভর করে সেদেশের ব্যবসায়-বাণিজ্য ও শিল্পায়নের অগ্রসরতার ওপর। বিভিন্ন শিল্পের বিকাশ দেশের অর্থনীতির চাকাকে গতিশীল করে। এ সকল শিল্প আত্মকর্মসংস্থান সৃষ্টি ও বেকারত্ব দূরীকরণের পাশাপাশি, দেশের ইতিহাস, ঐতিহ্য লালন ও বিকাশে ভূমিকা রেখে থাকে।

উদ্দীপকে পনির 'আলোকিত প্যাকেজিং' নামে কাগজের প্যাকেট তৈরির একটি কারখানা স্থাপন করেন। তার কারখানাটি উৎপাদনমুখী মাঝারি শিল্পের মধ্যে পড়ে। কারখানাটি শুরুর দিকে মুনাফা বেশি হলেও দেশি-বিদেশি প্রতিযোগিতা, রাস্তাঘাটের অনুন্নত অবস্থার কারণে মুনাফা কমতে থাকে।

পনিরের ভবিষ্যৎ দুচিন্তা দূরীকরণে বিভিন্ন পদক্ষেপ নিতে হবে। এজন্য তার শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি, শ্রমিকের সহজলভ্যতা নিশ্চিত করতে হবে। এসবের মাধ্যমে তিনি উৎপাদনের ধারাবাহিকতা বজায় রেখে দেশি-বিদেশি প্রতিযোগিতা মোকাবিলা করতে পারবেন। এছাড়াও সরকারি উদ্যোগে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে। এতে তিনি তার ব্যবসায়ের পণ্য বিভিন্ন স্থানে সরবরাহ করতে পারবেন।

উদ্দীপকের 'আলোকিত প্যাকেজিং' উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন কলকারখানা, তথা শিল্পপ্রতিষ্ঠান চালিয়ে রাখতে সহযোগিতা করবে। ফলে কারখানাগুলোর উৎপাদন, মুনাফা উভয়ই বৃদ্ধি পাবে। তাছাড়া নতুন নতুন কলকারখানা গড়ে তুলতে উদ্যোক্তাগণ উৎসাহ পাবেন। ফলে দেশের কর্মসংস্থান, জাতীয় আয়, জীবনযাত্রার মান বৃদ্ধি পাবে। সর্বোপরি দেশের অর্থনীতির চাকা গতিশীল হবে।

**প্রশ্ন ▶ ০৮** জনাব রাফসান তার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মচারীদেরকে কোন কাজ করবে তা বণ্টন করেন। বণ্টনকৃত কাজ নির্দিষ্ট সময়ে করতে না পারলে তিনি কোনো চাপ প্রয়োগ করেন না। এজন্য অনেক সময় সঠিক সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়। অপরদিকে জনাব রিপন

প্রতিষ্ঠানের কর্মীদেরকে কোন কাজ কখন কীভাবে করবে তা সুনির্দিষ্ট করে দেন। এছাড়া কর্মীদের মাঝে-মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করেন। কোনো কর্মী যদি সঠিকভাবে কাজ করে সেক্ষেত্রে তাকে পুরস্কৃত করেন। কিন্তু কোনো কাজ সঠিকভাবে না হলে তা অনুসন্ধান করে সঠিক ব্যবস্থা গ্রহণ করেন। বর্তমানে রিপন একজন সফল ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেছেন।

ক. আধুনিক ব্যবস্থাপনা জনকের সংজ্ঞাটি লেখ। ১

খ. নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. জনাব রাফসানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রিপনের কার্যক্রম ব্যবস্থাপনার কার্যাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরি ফেওল (Henri fayol)-এর মতে, ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠিতকরণ, নির্দেশনা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণের সমষ্টি।

**খ** নেতৃত্ব হলো এমন একটি কৌশল বা প্রক্রিয়া, যার মাধ্যমে অধস্তন কর্মীদের পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হয়।

যিনি নেতৃত্ব দেন তাকে নেতা বলা হয়। যোগ্য নেতৃত্বের মাধ্যমে সংগঠন সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হয়। এতে কর্মীদের সর্বোত্তম সহযোগিতা পাওয়া যায়। সঠিক নেতৃত্ব ছাড়া ব্যবসায়ে সফলতা পাওয়া যায় না।

**গ** জনাব রাফসানের প্রতিষ্ঠানে মুক্ত নেতৃত্ব বিদ্যমান।

যে নেতৃত্বে নেতা কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নিশ্চিত থাকেন তাকে মুক্ত নেতৃত্ব বলে। এ নেতৃত্বে নেতা কাজ বাস্তবায়নে কোনো ভূমিকা রাখেন না। এক্ষেত্রে নেতা নিজে কাজ করতে পছন্দ করেন না। আবার, তিনি কর্মীদের কাছ থেকে জবাবদিহিতা আদায় করেন না। এজন্য কর্মীরা নিজেদের ইচ্ছেমতো কাজ করে।

উদ্দীপকের জনাব রাফসান প্রতিষ্ঠানের মালিক। তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের উপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। নিজে কাজ করতে পছন্দ করেন না। সুনির্দিষ্ট আদেশও দেন না। ফলে দিন দিন ব্যবসায়ে ক্ষতির সম্মুখীন হচ্ছে। কারণ কর্মীরা নিজেরা কাজ সম্পাদনের উপায় নির্ধারণ করে তা সমাধান করেন। এক্ষেত্রে কর্মীদের কাজের জন্য জবাবদিহিতা আদায় করা হয় না। ফলে প্রতিষ্ঠানের অভ্যন্তরে কর্মীদের কাজে ভারসাম্য থাকে না। তারা সঠিকভাবে কাজ করার ক্ষেত্রে আগ্রহী হয় না। এসব বৈশিষ্ট্য মুক্ত নেতৃত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ।

তাই বলা যায়, জনাব রাফসান মুক্ত নেতৃত্বের মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করেন।

**ঘ** একজন ব্যবস্থাপকের ব্যবস্থাপনা কার্যাবলির বিবেচনায় জনাব রিপনের কাজের গুরুত্ব অত্যধিক ও প্রশংসনীয়।

ব্যবস্থাপনা হচ্ছে অন্য লোকদের সামর্থ্যকে কাজে লাগিয়ে কোনো কাজ করিয়ে নেওয়ার দক্ষতা ও কৌশল। এটি একটি চলমান প্রক্রিয়া। সময়ের পরিবর্তনের সাথে মিল রেখে ব্যবস্থাপনার কাজের ক্ষেত্রে নতুন নতুন কৌশল গ্রহণ করতে হয়।

উদ্দীপকের জনাব রিপন একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেন। ব্যবসায়ের সব ধরনের উপকরণকে তিনি যথাযথভাবে কাজে লাগান। তিনি প্রতিটি কাজের ছক পূর্বেই তৈরি করেন এবং সে অনুযায়ী কাজ পরিচালনা করেন। প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মূলধনের ঘাটতি দেখা দিলে একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে স্বল্পমেয়াদি অর্থায়নের ব্যবস্থা করেন।

জনাব রিপন তার প্রতিষ্ঠানের প্রত্যেকটি কাজ পরিকল্পনামাফিক করেন। তার সঠিক দিকনির্দেশনা ও পরিচালনায় তার প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত লক্ষ্যের দিকে এগিয়ে যায়। তার দক্ষতার কারণেই প্রতিষ্ঠানের মানবীয় ও অমানবীয় উপকরণের সঠিক ব্যবহার হয়। তার যথার্থ নির্দেশনা দ্বারা কর্মীরা সর্বাধিক দক্ষতা প্রদর্শন করতে সক্ষম হন। তার পরিকল্পনা অনুসারে কার্য সম্পাদন হচ্ছে কি না তা তিনি তদারকি করেন এবং যে কোনো প্রতিকূল পরিস্থিতিকে প্রতিষ্ঠানের অনুকূলে আনার উপায় খুঁজে বের করেন। ফলে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের পথ সুগম হয়। মূলত তার দক্ষ ব্যবস্থাপনাই প্রতিষ্ঠানটিকে সঠিক পথে পরিচালিত করে এবং সফলতার দিকে এগিয়ে নিয়ে যায়।

তাই উপর্যুক্ত আলোচনার সাপেক্ষে বলা যায়, একজন ব্যবস্থাপক হিসেবে ব্যবস্থাপনার কার্যাবলি জনাব রিপনের ব্যবসায় সফলতা অর্জনের জন্য যথার্থ হবে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব শ্যামল সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান ফটকের পাশে বাঁশ ও কাপড় দিয়ে ফ্রেম তৈরি করে তাতে এডিস মশা ও ডেঙ্গুজ্বর প্রতিরোধ ও প্রতিকারের করণীয় বিষয়গুলো তুলে ধরেন। ফলে শিক্ষার্থীরা বিদ্যালয় ও বাড়িতে এটি অনুসরণ করে ভালো সুফল পাচ্ছে। অপরদিকে ইকবাল তার প্রতিষ্ঠানে সুঠামদেহের অধিকারী ইমন নামের একজন বিক্রয়কর্মীর নিয়োগ দেন। ইমন ক্রেতার সাথে এমনভাবে কথা বলেন যে ক্রেতারা পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ হয়। এছাড়া বিভিন্ন উৎসবের সময় প্রতিষ্ঠানে অধিক ক্রেতার আগমন ঘটে তখন সবাইকে সন্তুষ্ট রেখে পণ্য বিক্রয়ে সচেষ্ট হন। এছাড়া পণ্য সহজে খুঁজে পাওয়ার জন্য বিভিন্নভাবে মান ও দাম অনুযায়ী পণ্য চিহ্নিত করে রাখে। ফলে ইকবালের প্রতিষ্ঠানের সুনাম ও বিক্রয় বৃদ্ধি পায়।

ক. বিপণন কী? ১

খ. বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব শ্যামল বিজ্ঞাপনের কোন মাধ্যমটি ব্যবহার করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব ইমনকে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তা বা ব্যবহারকারীর নিকট পৌঁছে দেওয়ার যাবতীয় কার্যাবলিকে বিপণন বলে।

**খ** ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বিক্রয়িকতা বলে।

এর মাধ্যমে একজন বিক্রয়কর্মী তার দক্ষতা ও কৌশলকে কাজে লাগিয়ে সে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। এছাড়াও তিনি তার নিজ গুণে ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকে।

**গ** উদ্দীপকে জনাব শ্যামল বিজ্ঞাপন প্রচারের জন্য বিজ্ঞাপন ফলক মাধ্যমটি ব্যবহার করেছেন।

পণ্যসম্পর্কিত বিষয়াদি প্রচারপত্রের মাধ্যমে এতে পণ্যসামগ্রীর গুণাগুণ, বৈশিষ্ট্য, মূল্য, প্রাপ্তিস্থান প্রভৃতি তথ্যে জনগণের সচেতনা তুলে ধরা হয়। এরূপ প্রচারের মূল উদ্দেশ্য হলো জনগণকে সচেতন করানো এবং উদ্দীপকে বর্ণিত এডিস মশা ও ডেঙ্গুজ্বর প্রতিরোধ ও প্রতিকারে করণীয় বিষয়গুলো তুলে ধরেন।

উদ্দীপকের শ্যামল সাতক্ষীরাবাসীদের মাঝে এডিস মশা ও ডেঙ্গুজ্বর প্রতিরোধ ও প্রতিকারে করণীয় সম্পর্কে সচেতনতা তৈরি করতে চায়। তাই সে সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান ফটকের পাশে বাঁশ ও কাপড়ের তৈরি ফ্রেমে এ সংক্রান্ত তথ্য তুলে ধরে। ফলে শিক্ষার্থীরা এ বিষয়ে জানতে পারছে। এক্ষেত্রে শ্যামলের তৈরি ফ্রেমটি মূলত একটি বিজ্ঞাপনী ফলক, যাতে সে প্রয়োজনীয় তথ্যগুলো তুলে ধরেছে। আবার জনগণের দৃষ্টি আকর্ষণে এটিকে স্কুলের প্রধান ফটকের মতো গুরুত্বপূর্ণ একটি স্থানে বসানো হয়েছে। সুতরাং জনাব শ্যামল বিজ্ঞাপনের ফলক ব্যবস্থা ব্যবহার করেছেন।

**ঘ** আমি মনে করি, ইমনের মধ্যে একজন আদর্শ বিক্রয়কর্মীর গুণটি বিদ্যমান।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মীর দ্বারা প্রভাবিত হয়। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেক গুণের অধিকারী হতে হয়। এসব গুণের মধ্যে শারীরিক (সুদর্শন চেহারা, সুন্দর হাসি), মানসিক (আগ্রহ ও আন্তরিকতা, আত্মবিশ্বাস, ধৈর্যশীলতা), নৈতিক গুণাবলি (সততা ও বিশ্বাস, মার্জিত ব্যবহার, মেলামেশার ক্ষমতা) অন্যতম। এসব বিশেষ গুণের মাধ্যমে একজন বিক্রয়কর্মী ব্যবসায়িক প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি করতে পারেন।

উদ্দীপকের জনাব ইকবাল বিক্রয় কাজের সুবিধার জন্য একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। তিনি ক্রেতাদের সাথে এমনভাবে কথা বলেন যে ক্রেতারা পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ হয়। ক্রেতা ও ভোক্তাদের সাথে সদা হাসিমুখে কথা বলেন, কোনো কথায় বিরক্তবোধ করেন না। ক্রেতারা তার সততায় মুগ্ধ। এছাড়া তিনি নারী-পুরুষের সাথে অত্যন্ত সচেতনতার সাথে পণ্য বিক্রয় করেন। ফলে অল্প সময়ে প্রতিষ্ঠানটি সফলতার মুখ দেখে। আর এ সফলতার ক্ষেত্রে বিক্রয়কর্মী হিসেবে ইমনের ভূমিকা প্রশংসনীয়।

তাই বলা যায়, ইমনের মধ্যে আদর্শ বিক্রয়কর্মীর গুণটি ফুটে উঠেছে।

**প্রশ্ন ▸ ১০** শায়লা একজন সাধারণ গৃহিণী। তার স্বামীর উৎসাহে এবং বিভিন্ন সরকারি প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে তিনি আধুনিক যন্ত্রের সাহায্যে কৃষকদের জমি চাষ, আগাছা নিড়ানো, ফসল মাড়াইয়ের মতো সেবামূলক কাজের মাধ্যমে বেশ সফলতা অর্জন করেছেন। কাজের পরিধি বেড়ে যাওয়ায় নতুন যন্ত্রপাতি ক্রয়ের প্রয়োজন হলে একটি প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন যারা অন্যূন ৪০% ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করে থাকে। পরবর্তীতে কৃষিতে সাফল্যের জন্য তিনি বিভিন্ন সময়ে প্রণোদনাও পান।

ক. NGOs এর পূর্ণরূপ কী? ১

খ. এসএমই কে Employment Generating Machine বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সহায়তার উৎস হিসেবে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. শায়লার মতো উদ্যোক্তাদের এগিয়ে নিতে বিভিন্ন ধরনের সহায়তা প্রয়োজন– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** NGOs এর পূর্ণরূপ– Non-Government Organization.

**খ** এসএমই এর মাধ্যমে বিপুলসংখ্যক কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে বিধায় এসএমইকে Employment Generating Machine বলা হয়।

ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় সম্প্রসারণ, উন্নয়ন, তথ্য ও প্রযুক্তি সরবরাহ, ঋণ সহায়তা ইত্যাদি প্রদানের মাধ্যমে এগিয়ে নিতে বাংলাদেশ সরকারের স্বাধীন, স্বতন্ত্র ও অমুনাফাভোগী ফাউন্ডেশনকে এসএমই ফাউন্ডেশন বলে। এসএমই খাতটি সাধারণত শ্রমঘন হওয়ায় তা জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে দ্রুত অবদান রাখতে সক্ষম। এ কারণে এসএমই-কে 'Employment Generating Machine' বা কর্মসংস্থান সৃষ্টিকারী যন্ত্র বলা হয়।

**গ** শায়লার মতো উদ্যোক্তাদেরকে সহায়তাদানে সরকারি প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) এর কথা বলা হয়েছে।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বাণিজ্যিক ব্যাংক। বাংলাদেশ শিল্প ব্যাংক এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা একত্র হয়ে ৩ জানুয়ারি, ২০১০ সাল হতে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড নামে নতুন করে কার্যক্রম শুরু করে। বাণিজ্যিক ব্যাংকিং ছাড়াও বিডিবিএল সরকারি ও বেসরকারি শিল্পে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করে থাকে।

উদ্দীপকের শায়লা একজন গৃহিণী। তিনি প্রতিষ্ঠানকে ব্যবসায় সম্প্রসারিত ও নতুন যন্ত্রপাতি ক্রয়ের জন্য একটি সরকারি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করতে চাচ্ছেন। প্রতিষ্ঠানটি ন্যূনতম ৪০% ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে ঋণ দেয়। এ ধরনের সহায়তা বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক প্রদান করে থাকে। বিডিবিএল দ্রুত শিল্পায়নের লক্ষ্যে নতুন শিল্প স্থাপনের জন্য উদ্যোক্তাদের আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে থাকে। এছাড়া আর্থিক প্রতিষ্ঠানটি ঋণ দেওয়ার ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দিয়ে থাকে। এ ঋণ নিয়ে শায়লা সহজেই নতুন যন্ত্রপাতি কিনতে পারবেন। এতে তার ব্যবসায়ে সফলতা অর্জন সহজ হবে। আর এ প্রতিষ্ঠানটির দেওয়া বিভিন্ন সহায়তার সাথে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর মিল আছে। তাই বলা যায়, শায়লার মতো উদ্যোক্তাদের অর্থনৈতিক ও কারিগরি সহায়তাদানে সরকারি প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড বা বিডিবিএল নিয়োজিত আছে।

**ঘ** 'মিসেস শায়লার মতো উদ্যোক্তাদের এগিয়ে নিতে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের সহায়তা প্রয়োজন।'– উক্তিটি যথার্থ।

উদ্দীপকের শায়লা একজন গৃহিণী। তার স্বামীর উৎসাহে এবং বিভিন্ন সরকারি প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে তিনি একটি সেবামূলক ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তুলেন। ব্যবসায়ের মাধ্যমে তিনি বেশ সফলতা অর্জন করেছেন। এছাড়াও কাজের পরিধি বেড়ে যাওয়ায় যন্ত্রপাতি ক্রয়ের জন্য একটি প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন। পরবর্তীতে কৃষিতে সাফল্যের জন্য তিনি বিভিন্ন সময়ে প্রণোদনা পান।

উদ্দীপকের শায়লার মতো উদ্যোক্তাদের ব্যবসায়িক সাফল্য লাভে প্রয়োজন বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তা। এক্ষেত্রে স্বামীর উৎসাহ ও সরকারি প্ররোচনা হলো উদ্দীপনামূলক সহায়তা যা শায়লাকে ব্যবসায় বা শিল্প স্থাপনে অনুপ্রাণিত করেছে। ঋণ সুবিধা হলো সমর্থনমূলক সহায়তা যা তার ব্যবসায় বা শিল্প ব্যবসায়িক চিন্তাকে বাস্তবে রূপ দিতে সাহায্য করেছে।

সরকারি প্রতিষ্ঠানগুলো গ্রাম ও শহরের উদ্যোক্তাদের সহায়তা দিয়ে থাকে। সফল উদ্যোক্তাদের দেখে এবং তাদের কাজের প্রতি অনুপ্রাণিত হয়ে মানুষ নতুন ব্যবসায় শুরু করতে চায়। এই মানুষগুলোর স্বপ্ন বাস্তবায়ন করার জন্য সরকারি প্রতিষ্ঠানগুলো উদ্যোক্তাদের প্রয়োজনীয় পরামর্শ ও প্রশিক্ষণ দেয়। যেমন- গ্রাম ও শহরের নারীদের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর কাজ করে। এছাড়া, এই নতুন উদ্যোক্তাদের কাজের প্রতি আগ্রহ ও উৎসাহ সৃষ্টির জন্য সহজ শর্তে ঋণ প্রদান করে। ফলে নতুন উদ্যোক্তারা শায়লার মতো ব্যবসায় শুরু করতে উৎসাহিত হন। অতএব বলা যায়, মিসেস শায়লার মতো উদ্যোক্তাদের এগিয়ে নিতে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানগুলোর ভূমিকা অতুলনীয়।

**প্রশ্ন ▶ ১১** জনাব রায়হান একটি ভোগ্যপণ্য তৈরি কারখানা স্থাপন করতে চান। এজন্য তিনি যথাযথ নিয়মনীতি অনুসরণ করে স্থাপন করেন। উৎপাদিত পণ্য সুলভ মূল্যে বিক্রয় করেন। মুনাফার একটি অংশ স্থানীয় সরকারি প্রতিষ্ঠানে জমা দেন। অপরদিকে জনাব রাইসুল শিশুর খাদ্য সামগ্রীর একটি কারখানা স্থাপন করেন। রাইসুল নিম্নমানের কাঁচামাল দিয়ে পণ্য উৎপাদন করে বেশি মূল্যে বিক্রয় করেন। মাঝে-মাঝে বিভিন্ন ক্ষতিকর রং মিশিয়ে ক্ষতিকর জুস তৈরি করেন। এছাড়া ২০০ গ্রামের পরিবর্তে ২৫০ গ্রামের স্টিকার লাগিয়ে বেশি দামে বিক্রয় করেন। অল্প কিছুদিন প্রতিষ্ঠান চললেও বর্তমানে কারখানাটি বন্ধ হয়ে যায়।

ক. সমাজ ও ব্যবসায় সম্প্রদায়ের সদস্য হিসেবে ব্যবসায় উদ্যোক্তাকে কি লালন ও পালন করতে হয়? ১

খ. শিল্পোন্নয়নের বড় সমস্যা কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রায়হান কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতার আলোকে জনাব রাইসুলের কার্যক্রমের মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** সমাজ ও ব্যবসায় সম্প্রদায়ের সদস্য হিসেবে ব্যবসায় উদ্যোক্তাকে সামাজিক মূল্যবোধ ও নৈতিকতা এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি লালন পালন করতে হয়।

**খ** শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ।

নতুন নতুন শিল্পকারখানা স্থাপনের ফলে শিল্পবর্জ্যের পরিমাণ বেড়ে যায়। শিল্পবর্জ্য নির্গত তরল পদার্থ নদী-নালায় পড়ে পানি দূষিত করে। বিষাক্ত পানি মাছসহ জলজ প্রাণী বাস করার অনুপযোগী হয়ে পড়ে। আবার কারখানার কালোধোঁয়া বায়ু দূষণ করে। তাছাড়া কারখানার মেশিন ও জেনারেটরের বিকট আওয়াজে ভয়াবহ শব্দ দূষণ হচ্ছে। এছাড়া শিল্পকারখানা প্রতিষ্ঠার নামে অবাধে গাছ নিধন ও পাহাড় কেটে পরিবেশকে দূষণ করা হচ্ছে। এতে মানুষের স্বাস্থ্যহানিতো ঘটছেই একইভাবে জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়ছে। তাই বলা যায়, শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ।

**গ** জনাব রায়হান ব্যবসার ক্ষেত্রে রাষ্ট্রের দায়বদ্ধতা ফুটে উঠেছে।

ব্যবসায়ীদের মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের জন্য কিছু মঙ্গলজনক বা কল্যাণমূলক কাজ করা হলো সামাজিক দায়বদ্ধতা। সামাজিক দায়বদ্ধতা হিসেবে ব্যবসায়ীকে ক্রেতা ও ভোক্তাদের প্রতি বিশেষভাবে দায়িত্ব পালন করতে হয়। কারণ ব্যবসায়ের সফলতা অনেকাংশ নির্ভর করে ক্রেতা ও ভোক্তার উপর।

উদ্দীপকের জনাব রায়হান একটি ভোগ্যপণ্য তৈরি কারখানার মালিক। তিনি যথাযথ নিয়মনীতি অনুসারে ব্যবসায়ীর নিকট থেকে মানসম্মত পণ্য ক্রয় করে সুলভমূল্যে তা বিক্রয় করেন। জনাব রায়হান ভোগ্যপণ্য তৈরির একটি কারখানা স্থাপন করতে চান। এজন্য তিনি যথাযথ সরকারি নিয়মনীতি অনুসরণ করে কারখানা স্থাপন করেন। তিনি তার মুনাফার একটি অংশ স্থানীয় সরকারি প্রতিষ্ঠানে জমা দেন। অর্থাৎ তিনি সরকারকে যথাসময়ে কর ও রাজস্ব প্রদান করেন। সরকার তার এ করের অর্থ দেশের বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহার করতে পারবে। এতে দেশের অবকাঠামোগত উন্নয়ন সাধিত হবে। তিনি জানেন সঠিক ও গুণগত পণ্য ক্রেতার চাহিদা বাড়ায়। তিনি ভোক্তাদের কল্যাণের দিকটি বিবেচনা করে ব্যবসায় পরিচালনা করেন। সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। অপরদিকে ভোক্তা বা ক্রেতার আস্থা ও সহযোগিতার উপর ব্যবসায়ের সফলতা নির্ভর করে। তাই প্রত্যেক ব্যবসায়ীর সমাজের প্রতি, ভোক্তার প্রতি বেশকিছু দায়বদ্ধতা থেকেই যায়। অতএব বলা যায়, উদ্দীপকের জনাব রায়হান তার ব্যবসায়ের মাধ্যমে রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করেছেন।

**ঘ** জনাব রাইসুলের কাজটি ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতার পরিপন্থি বলে আমি মনে করি।

অধিক মুনাফা লাভের আশায় নকল পণ্য উৎপাদন করা, পণ্যের গুণগত মান নষ্ট করা, পণ্যের সাথে ভেজাল মেশানো প্রভৃতি ব্যবসায়ের অনৈতিক কাজের অন্তর্গত। এগুলো সমাজের মানুষের ওপর নেতিবাচক প্রভাব ফেলে।

উদ্দীপকের জনাব রাইসুল একজন ব্যবসায়ী। তিনি বেশি লাভের আশায় জুসের সাথে ক্ষতিকর রং মিশিয়ে ক্রেতাদের কাছে তা বিক্রি করেন। ফলে তার ব্যবসায়টি সাময়িকভাবে ভালো চললেও পরবর্তীতে বিক্রির পরিমাণ কমতে থাকে। কারণ ক্রেতা ও ভোক্তারা প্রতারিত হওয়ায় তার কাছ থেকে মুখ ফিরিয়ে নেন এবং পণ্য কিনতে চান না।

জনাব রাইসুলের অনৈতিক কাজটির মাধ্যমে সমাজের মানুষের ক্ষতি হবে। তার উৎপাদিত পণ্য খেয়ে মানুষের স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। এছাড়া, ক্ষতিকর রং মেশালে বাচ্চারা অসুস্থ হয়ে পড়ে। তাছাড়া জনাব রাইসুল ক্রেতাকে ওজনে কম পণ্য দিয়ে অধিক মূল্য আদায় করেন। এতে ক্রেতারা আর্থিকভাবেও ক্ষতিগ্রস্ত হচ্ছে। অতএব, জনাব রাইসুলের অনৈতিক কাজটি রাষ্ট্রে ক্ষতিকর প্রভাব ফেলে, যা ব্যবসায়ের মূল্যবোধ ও নৈতিকতার পরিপন্থি।

# ময়মনসিংহ বোর্ড-২০২৪

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : | 1 | 4 | 3 |

সময় : ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কর্মসংস্থানের প্রধান উৎস কী?**
ক মজুরি বা বেতনভিত্তিক চাকরি খ ব্যবসায়
গ আত্মকর্মসংস্থান ঘ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান

২. **ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরকরণের উপায় হলো–**
i. বৃত্তিমূলক শিক্ষার প্রসার ii. প্রশিক্ষণ iii. চাকরির প্রতি অনাস্থা সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
টিপু পড়ালেখা শেষ করে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে স্বল্প প্রশিক্ষণ এবং কর্মসংস্থান ব্যাংক হতে সামান্য ঋণ নিয়ে নিজ এলাকায় একটি দুগ্ধ খামার গড়ে তোলেন। সঠিক পরিকল্পনার ফলে তিনি ব্যবসায়ে সফলতা পেয়েছেন।

৩. **টিপুর প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিষ্ঠানটি কোন মন্ত্রণালয়ের অধীন?**
ক বাণিজ্য খ কৃষি গ শিল্প ঘ যুব ও ক্রীড়া

৪. **টিপু ব্যবসায়ের অনুকূল পরিবেশের কোন সুবিধা ভোগ করেছেন?**
i. প্রশিক্ষণের সুযোগ ii. পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা iii. বৈদেশিক চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **বাংলাদেশের অংশীদারি ব্যবসায় কত সালের আইন দ্বারা পরিচালিত হয়?**
ক ১৯২২ খ ১৯৩২ গ ১৯৪২ ঘ ১৯৫২

৬. **অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?**
ক ২ জন খ ৭ জন গ ১০ জন ঘ ২০ জন

৭. **কোম্পানির মূল দলিল কোনটি?**
ক স্মারকলিপি খ দলিলের নিয়মাবলি
গ বিষয়বস্তু ঘ কার্যক্রমের অনুমতিপত্র

৮. **কোন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়?**
ক নৌ বিমা খ দুর্ঘটনা বিমা গ অগ্নি বিমা ঘ জীবন বিমা

৯. **ট্রেডমার্ক-এর মূল বিষয় কী?**
ক পণ্যের স্বাতন্ত্র্যতা খ পণ্যকে দেখা
গ পণ্যের সামঞ্জস্যতা ঘ পণ্যের প্রচার

১০. **কোনটি উদ্দেশ্য অর্জনকে সহজ করে?**
ক সংগঠিতকরণ খ নির্দেশনা
গ সমন্বয় সাধন ঘ সঠিক পরিকল্পনা

১১. **মাইক্রোক্রেডিট-এর উপাদান কোনটি?**
ক আইনগত দিক খ সাংস্কৃতিক দিক
গ বাজার চাহিদা ঘ জনসংখ্যা

১২. **ব্যবসায়ের সাফল্য অনেকাংশে কীসের উপর নির্ভর করে?**
ক সঠিক প্রকল্প নির্বাচনের উপর খ সঠিক পরিকল্পনার উপর
গ সঠিক সিদ্ধান্তের উপর ঘ সঠিক প্রকল্প প্রণয়নের উপর

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
হাবিব চট্টগ্রামের বাঁশখালী এলাকায় একটি লবণ উৎপাদন কারখানা স্থাপন করেন। তার কারখানায় ২০০ জন শ্রমিক উৎপাদনের কাজে নিয়োজিত রয়েছে।

১৩. **হাবিবের লবণ উৎপাদন কারখানাটি কোন ধরনের শিল্প?**
ক ক্ষুদ্র শিল্প খ মাঝারি শিল্প
গ সেবা শিল্প ঘ বৃহৎ শিল্প

১৪. **উদ্দীপকে বর্ণিত কারখানাটির আকার নির্দেশ করা হয়–**
i. বিনিয়োজিত মূলধনের পরিবেশ দ্বারা ii. নিয়োজিত শ্রমিক সংখ্যা দ্বারা
iii. ব্যবসায়টি কোন ধরনের পণ্য তৈরি করে তার দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. **পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনে কর্মীদের উৎসাহিত করার গুণ ও কৌশলকে কী বলে?**
ক পরিকল্পনা খ নেতৃত্ব গ সমন্বয় সাধন ঘ নিবন্ধন

১৬. **সিদ্ধান্ত গ্রহণে বেশি সময় লাগে কোন নেতৃত্বে?**
ক গণতান্ত্রিক খ স্বৈরতান্ত্রিক
গ আমলাতান্ত্রিক ঘ নিয়ন্ত্রণ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শফিক একজন ব্যবসায়ী। তিনি বড় শহর থেকে পণ্য ক্রয় করে এনে গ্রাম এলাকায় বিক্রি করেন। তিনি ভোক্তাদের রুচি, চাহিদা ও সামর্থ্যের কথা চিন্তা করে পণ্য সরবরাহ করেন।

১৭. **জনাব শফিকের ব্যবসায়টিকে কী ধরনের ব্যবসায় বলা হয়?**
ক খুচরা ব্যবসায় খ পাইকারি ব্যবসায়
গ বিক্রয় প্রতিনিধি ঘ মজুদদারি

১৮. **বিপণন কার্যাবলিতে জনাব শফিকের কাজটি হলো–**
i. ক্রয়-বিক্রয় ii. তথ্য সংগ্রহ iii. ভোক্তা বিশ্লেষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. **বিসিক এর স্বাধীনতা-পূর্ব নাম কী ছিল?**
ক বিটাক খ ইপসিক গ বেসিক ঘ বিডিবিএল

২০. **বিডিবিএল রাষ্ট্রীয় মালিকানাধীন কোন ধরনের ব্যাংক?**
ক শিল্প খ সমবায় গ বাণিজ্যিক ঘ একক

২১. **বাংলাদেশে পরিবেশ দূষণ বেড়ে যাওয়ার কারণ কী?**
ক আইন না থাকা খ জনগণের অসচেতনতা
গ অপর্যাপ্ত বনভূমি ঘ জলবায়ু পরিবর্তন

২২. **জনাব জহুরুল ইসলামের প্রতিষ্ঠিত মেডিকেল কলেজটি কোথায় অবস্থিত?**
ক হেমায়েতপুর খ বাজিতপুর গ রংপুর ঘ দিনাজপুর

২৩. **স্কয়ার ফার্মাসিউটিক্যালস এর প্রথম ঔষধ কোনটি?**
ক এইচ সিরাপ খ এস্টন সিরাপ
গ এডোভাস সিরাপ ঘ সিভিট সিরাপ

২৪. **কাগজী মুদ্রার প্রচলন হয় কোন যুগে?**
ক প্রাচীন যুগে খ মধ্যযুগে
গ আধুনিক যুগে ঘ অতিপ্রাচীন যুগে

২৫. **সোনারগাঁও-এ তৈরিকৃত মসলিন রপ্তানি হতো–**
ক ইউরোপ ও আফ্রিকায় খ ইউরোপ ও আমেরিকায়
গ আফ্রিকায় ও অস্ট্রেলিয়ায় ঘ আফ্রিকায় ও আমেরিকায়

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাতুল তার জমিতে টমেটো চাষ করেন এবং নিজস্ব কোল্টস্টোরেজে সংরক্ষণ করেন। সারা বছর ধরে তিনি বাজারে চাহিদা অনুযায়ী খুচরা দোকানে নিজস্ব পরিবহনে টমেটো সরবরাহ করেন।

২৬. **জনাব রাতুল কোল্টস্টোরেজে সংরক্ষণের মাধ্যমে কোন ধরনের বাধা দূর করেন?**
ক রূপগত খ সময়গত গ স্থানগত ঘ তথ্যগত

২৭. **জনাব রাতুল ব্যবসায়ের যে কাজের সাথে যুক্ত তা হলো–**
i. উৎপাদন শিল্প ii. পণ্য বিনিময় iii. গুদামজাতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. **একজন উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?**
ক ব্যবসায় পরিচালনা খ কর্মোদ্যোগ
গ সংবেদনশীলতা ঘ ঝুঁকি নিতে সহায়তা

২৯. **ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য হলো–**
i. পরিমিত ঝুঁকি নিতে সহায়তা করা ii. নতুন সম্পদ সৃষ্টি করা
iii. সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. **পৃথিবীর বিখ্যাত শিল্পোদ্যোক্তা ছিলেন–**
ক কনোকে ম্যাটসুসিটা খ আর ডব্লিউ ববসন
গ হেনরি ফেয়ল ঘ স্যামসন এইচ চৌধুরী

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড-২০২৪

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রফিক ও শফিক দুই বন্ধু চুক্তির ভিত্তিতে একটি ঔষধ তৈরির কারখানা করেন। উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো হওয়ায় দিন দিন চাহিদা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে ব্যবসায় সম্প্রসারণ ও আধুনিকায়নে সমস্যা হচ্ছে। তাই তারা সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইন অনুযায়ী "ABC কোং লিমিটেড" নামে প্রতিষ্ঠানটি নিবন্ধন করেন। তারা সদস্য সংখ্যা বৃদ্ধি করে নিজস্ব অর্থায়নে ব্যবসায় সম্প্রসারণ করেন এবং সুনামের সাথে ব্যবসায় পরিচালনা করছেন।

(ক) সমবায়ের শাব্দিক অর্থ কী? ১
(খ) সীমিত অংশীদার বলতে কী বোঝায়? ২
(গ) রফিক ও শফিকের ১ম পর্যায়ের ব্যবসায় সংগঠনটির ধরন ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে সংগঠনটির ধরন পরিবর্তন করায় রফিকদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে− মূল্যায়ন কর। ৪

২। "আরবিসি কোম্পানি" মানসম্মত পণ্য সরবরাহ করে দেশে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। প্রতিষ্ঠানটি ও সরকারের মধ্যে চুক্তিবদ্ধ সম্পর্কের কারণে অন্য কোনো কোম্পানি তাদের পণ্য নকল করে বাজারে সরবরাহ করতে পারছে না। তারা উৎপাদিত পণ্যের উপর RBC অক্ষর ব্যবহার করে থাকে।

(ক) ফ্রানসাইজিং কী? ১
(খ) লাইসেন্স বলতে কী বোঝায়? ২
(গ) সরকারের সাথে আরবিসি কোম্পানি কোন ধরনের চুক্তিতে আবদ্ধ হয়েছে? বর্ণনা কর। ৩
(ঘ) কোম্পানিটির পণ্যের গায়ে RBC অক্ষর ব্যবহার করার কারণ বিশ্লেষণ কর। ৪

৩। জনাব রাফি পড়াশুনা শেষ করে আটা তৈরির কারখানা স্থাপন করেন। তিনি তার কারখানায় নির্দিষ্ট সময়ে কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার প্রকৃত অবস্থা জানার জন্য একটি বিবরণী তৈরি করেন। তিনি মোট ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে একটি পর্যায় নির্ণয় করেন, যেখান থেকে কাঙ্ক্ষিত মুনাফা লাভের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

(ক) ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি? ১
(খ) বাজার জরিপ বলতে কী বোঝায়? ২
(গ) জনাব রাফি কারবারের প্রকৃত অবস্থা জানার জন্য কোন বিবরণী তৈরি করেন? বর্ণনা কর। ৩
(ঘ) জনাব রাফির ব্যবসায়ে মূল্য নির্ধারণ পদ্ধতিতে যথার্থ পথ অনুসরণ করেছেন− এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৪। মি. রিমু কক্সবাজারে 'রিমু সল্ট ইন্ডাস্টিজ লিঃ' নামে একটি লবণ প্রসেসিং কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানার ভবন ব্যতিরেকে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ৭৫ লক্ষ টাকা।

(ক) নকশি কাঁথা কোন শিল্পের অন্তর্গত? ১
(খ) সেবা শিল্প বলতে কী বোঝায়? ২
(গ) মি. রিমুর কারখানাটি যে শিল্পের অন্তর্গত তা বর্ণনা কর। ৩
(ঘ) শিল্পটি স্থাপনে মি. রিমুর কক্সবাজারকে নির্বাচন করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫। মি. শিশির একটি প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি ঝুঁকি আছে জেনেও অনেক কাজে হাত দেন। কর্মীদের সাথে সততার সাথে কার্য সম্পাদন করেন। তিনি কর্মীদের মতামতের মূল্যায়ন করেন। ফলে কর্মী ও গ্রাহক উভয়ের কাছ থেকে তিনি শ্রদ্ধা ও বিশ্বাস অর্জন করেন।

(ক) জেন্ডার সচেতনতা কী? ১
(খ) ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
(গ) মি. শিশিরের মধ্যে বিদ্যমান নেতৃত্বের ধরন ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে মি. শিশিরের মধ্যে আদর্শ নেতার যে সকল গুণাবলি পরিলক্ষিত হয়− মূল্যায়ন কর। ৪

৬। বণ্টন প্রণালি-১ [উৎপাদনকারী] → ['ক'] → [খুচরা বিক্রেতা] → [ভোক্তা]

বণ্টন প্রণালি-২ [উৎপাদনকারী] → [খুচরা বিক্রেতা] → [ভোক্তা]

(ক) বিপণন কাকে বলে? ১
(খ) ভোক্তা বিশ্লেষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
(গ) ১নং বণ্টন প্রণালিতে 'ক' চিহ্নিত স্থানে কোন ধরনের ব্যবসায়ীর অবস্থান? বর্ণনা কর। ৩
(ঘ) পণ্যের ধরন ও বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে ১নং ও ২নং বণ্টন প্রণালির মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৭। জনাব আলী একটি সরিষার তৈল উৎপাদন কারখানা স্থাপনের জন্য সরকারি সাহায্য সংস্থার দ্বারস্থ হয়েও বারবার ব্যর্থ হয়েছেন। অবশেষে একটি সুপ্রতিষ্ঠিত বেসরকারি সাহায্য সংস্থার সহযোগিতায় তিনি তার উদ্যোগ বাস্তবায়ন করেন এবং তার প্রতিষ্ঠানে অনেকের কর্মসংস্থান হয়।

(ক) BITAC এর পূর্ণরূপ কী? ১
(খ) উদ্দীপনামূলক সহায়তা বলতে কী বোঝায়? ২
(গ) জনাব আলীর উদ্যোগ বাস্তবায়নে কোন বেসরকারি সাহায্য সংস্থা সহায়তা করেছে তার বর্ণনা দাও। ৩
(ঘ) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তা হিসেবে জনাব আলীর অবদান মূল্যায়ন কর। ৪

৮। বিসিক বাজারের জনাব মাহি অনেক বছর যাবৎ সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সবসময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহ করেন। এতে তার ব্যবসায় সফলতা আসে। পার্শ্ববর্তী ব্যবসায়ী মি. ফনি মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য বিবেচনায় রাখেন না; বেশি মুনাফার আশায় তিনি পণ্যের মজুদদারী করে পণ্যের সংকট সৃষ্টি করেন। তাই ক্রেতারা তাকে এড়িয়ে চলেন।

(ক) ব্যবসায় নৈতিকতা কী? ১
(খ) পরিবেশ সংরক্ষণ বলতে কী বোঝায়? ২
(গ) মি. ফনি ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেননি? বর্ণনা কর। ৩
(ঘ) জনাব মাহির ব্যবসায়ের সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৯। [অর্থনৈতিক পরিবেশ] → [সঞ্চয় ও বিনিয়োগ], ['ক'], [অর্থ ও ব্যাংকিং]

(ক) ব্যবসায় পরিবেশ কী? ১
(খ) বাণিজ্য বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানে অর্থনৈতিক পরিবেশের যে উপাদান বিদ্যমান তার গুরুত্ব বর্ণনা কর। ৩
(ঘ) অর্থনৈতিক পরিবেশের উপাদানগুলো একটি অপরটির সংগে অঙ্গাঅঙ্গিভাবে জড়িত− উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। জনাব সাজু কাকচিড়ায় একটি চিংড়ি মাছের আড়ৎ প্রতিষ্ঠা করেন। পূর্ব অভিজ্ঞতা না থাকায় প্রথম দিকে লোকসান হয়। পরে মৎস্য সংরক্ষণের উপর হাতেকলমে শিক্ষা নিয়ে নতুন উদ্যমে ব্যবসায় পরিচালনা করেন। বর্তমানে তার তিনটি আড়তে ১২ জন লোকের কর্মের ব্যবস্থা হয়েছে। তিনি ব্যবসায় সফলতার সাথে দেশের বাহিরেও চিংড়ি রপ্তানি করছেন।

(ক) ঝুঁকি কী? ১
(খ) সেবা শিল্প বলতে কী বোঝায়? ২
(গ) মি. সাজুর চিংড়ি আড়ৎ প্রতিষ্ঠা কোন ধরনের চিন্তা? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে উল্লিখিত মি. সাজুর ব্যবসায় সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

১১। জনাব হামিদ যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহণের পর ব্যাংক থেকে ঋণ নিয়ে গরুর খামার স্থাপন করেন। সুষ্ঠুভাবে গরুর পরিচর্যার কারণে তার খামারের দিন দিন উন্নতি হচ্ছে এবং তাকে দেখে অন্যরাও অনুপ্রাণিত হয়ে খামার স্থাপন করে সফল হন।

(ক) নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত? ১
(খ) বাণিজ্য বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে জনাব হামিদের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব হামিদের ভূমিকা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** রফিক ও শফিক দুই বন্ধু চুক্তির ভিত্তিতে একটি ওষুধ তৈরির কারখানা করেন। উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো হওয়ায় দিন দিন চাহিদা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে ব্যবসায় সম্প্রসারণ ও আধুনিকায়নে সমস্যা হচ্ছে। তাই তারা সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইন অনুযায়ী "ABC কোং লিমিটেড" নামে প্রতিষ্ঠানটি নিবন্ধন করেন। তারা সদস্য সংখ্যা বৃদ্ধি করে নিজস্ব অর্থায়নে ব্যবসায় সম্প্রসারণ করেন এবং সুনামের সাথে ব্যবসায় পরিচালনা করছেন।

ক. সমবায়ের শাব্দিক অর্থ কী? ১

খ. সীমিত অংশীদার বলতে কী বোঝায়? ২

গ. রফিক ও শফিকের ১ম পর্যায়ের ব্যবসায় সংগঠনটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সংগঠনটির ধরন পরিবর্তন করায় রফিকদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে– মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** সমবায়ের শব্দিক অর্থ হচ্ছে সম্মিলিত প্রচেষ্টায় কাজ করা।

**খ** চুক্তি অনুযায়ী কোনো অংশীদারের দায় সীমাবদ্ধ হলে বা আইন অনুযায়ী সকল অংশীদারের সম্মতিতে কোনো নাবালককে সুবিধা প্রদানের জন্য অংশীদার করা হলে তাকে সীমিত অংশীদার বলা হয়। সাধারণত সীমিত অংশীদারদের দায় তাদের ব্যবসায়ে নিয়োজিত মূলধনের পরিমাণ দ্বারা সীমাবদ্ধ থাকে। চুক্তি অনুযায়ী নাবালক ব্যক্তিও এরূপ ব্যবসায়ের অংশীদার হতে পারেন। তবে তারা ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না।

**গ** উদ্দীপকের রফিক ও শফিকের ১ম পর্যায়ের ব্যবসায়টি হচ্ছে অংশীদারি ব্যবসায় সংগঠন।

মুনাফা অর্জনের উদ্দেশ্য দুই বা ততোধিক ব্যক্তি সমঝোতার ভিত্তিতে চুক্তিবদ্ধ সম্পর্কের মাধ্যমে যে বৈধ ব্যবসায় পরিচালনা করে, তাকে অংশীদারি ব্যবসায় সংগঠন বলে। এর গঠন সহজ। চুক্তি সম্পাদনের জন্য যোগ্য কমপক্ষে দুজন ব্যক্তি চুক্তিবদ্ধ হয় এরূপ ব্যবসায় শুরু করতে পারে।

উদ্দীপকের রফিক ও শফিক দুই বন্ধু চুক্তির ভিত্তিতে ওষুধ তৈরির কারখানা স্থাপন করে। আর এ চুক্তি তাদের ব্যবসায়ের মূলভিত্তি। চুক্তির ভিত্তিতেই রফিক ও তার বন্ধুদের ব্যবসায়ের সকল কর্মকাণ্ড যেমন– ব্যবসায়ের পরিচালনা, নিয়ন্ত্রণ, মূলধন সরবরাহ, লাভ-লোকসান বণ্টন প্রভৃতি পরিচালিত হয়। সুতরাং বলা যায়, ১৯৩২ সালের অংশীদারি আইনানুযায়ী তাদের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি হলো অংশীদারি ব্যবসায়।

**ঘ** সংগঠনটির ধরন পরিবর্তন করায় রফিকদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে–উক্তিটি যথার্থ।

যৌথ মূলধনী ব্যবসায় হলো আইনসৃষ্ট, পৃথক অস্তিত্বসম্পন্ন, কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী ও সীমিত দায়ের এমন এক সংগঠন যেখানে কতিপয় ব্যক্তি মুনাফা অর্জনের উদ্দেশ্যে যৌথভাবে মূলধন বিনিয়োগ করে।

উদ্দীপকের রফিক ও শফিক দুই বন্ধু প্রথমে অংশীদারি ব্যবসায় গঠন করে। কিন্তু পরবর্তীতে আর্থিক সীমাবদ্ধতার কারণে ব্যবসায় সম্প্রসারণ ও আধুনিকায়নে সমস্যা হওয়ায় তারা ব্যবসায়ের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইন অনুযায়ী "ABC কোং লিমিটেড" নামে একটি প্রতিষ্ঠান নিবন্ধন করে পরিচালনা শুরু করে। তারা সদস্য সংখ্যা বৃদ্ধি করে নিজস্ব অর্থায়নে ব্যবসায় সম্প্রসারণ করে। এর ফলে তাদের ব্যবসায়টি বড়ো হয় তেমনিই দেশের অর্থনৈতিক ও আর্থসামাজিক উন্নয়ন সাধিত হয় এবং দেশের বৃহৎ বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের ব্যবস্থা হয়।

রফিক ও তার বন্ধুদের প্রতিষ্ঠানটিতে কর্মসংস্থানের সুযোগ থাকায় মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন হয়। মাথাপিছু আয় বৃদ্ধি পায়। এ ধরনের সংগঠন প্রতিষ্ঠার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ব্যবসায়ের প্রসার বৃদ্ধি পায় ও বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় হয়। তাছাড়া রফিকদের প্রতিষ্ঠানটি প্রতিবছর দেশের সরকারকে কর প্রদান করবে। যা দেশের অর্থনৈতিক উন্নয়নে অন্যতম নিয়ামক হিসেবে কাজ করবে।

সুতরাং বলা যায়, 'সাংগঠনিক ধরন পরিবর্তন করায় রফিকদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরোও বেশি ভূমিকা রাখবে।' - উক্তটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০২** "আরবিসি কোম্পানি" মানসম্মত পণ্য সরবরাহ করে দেশে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। প্রতিষ্ঠানটি ও সরকারের মধ্যে চুক্তিবদ্ধ সম্পর্কের কারণে অন্য কোনো কোম্পানি তাদের পণ্য নকল করে বাজারে সরবরাহ করতে পারছে না। তারা উৎপাদিত পণ্যের উপর RBC অক্ষর ব্যবহার করে থাকে।

ক. ফ্রানসাইজিং কী? ১

খ. লাইসেন্স বলতে কী বোঝায়? ২

গ. সরকারের সাথে আরবিসি কোম্পানি কোন ধরনের চুক্তিতে আবদ্ধ হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. কোম্পানিটির পণ্যের গায়ে RBC অক্ষর ব্যবহার করার কারণ বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৪]

### ২নং প্রশ্নের উত্তর

**ক** কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার এবং এর পণ্য তৈরি, বিক্রি বা বিতরণ করার অধিকারই হচ্ছে ফ্রানসাইজিং।

**খ** লাইসেন্স বলতে ব্যবসায় শুরু করার অনুমতিপত্রকে বোঝায়।

যেকোনো ব্যবসায় শুরু করার আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন নিতে হয় বা নিবন্ধন করতে হয়। আর এই অনুমোদনই হলো লাইসেন্স। অনুমোদন বা নিবন্ধন করার পদ্ধতি বিভিন্ন রকমের। একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে যদি এর অবস্থান পৌর এলাকার ভিতরে হয় তাহলে পৌর কর্তৃপক্ষের এবং পৌর এলাকার বাইরে হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছ থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হবে।

**গ** উদ্দীপকে 'আরবিসি কোম্পানি' সরকারের সাথে পেটেন্ট চুক্তিতে আবদ্ধ হয়েছে।

পেটেন্টের মাধ্যমে কোনো পণ্য বা সেবা আবিষ্কারের জন্য আবিষ্কারককে স্বীকৃতিস্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য একচেটিয়া মালিকানা প্রদান করা হয়। আবিষ্কারককে পেটেন্ট প্রদানের অর্থ হলো নির্দিষ্ট সময়ে অন্য কেউ এটি তৈরি, ব্যবহার এবং বিক্রয় করতে পারবে না। এক্ষেত্রে অন্য যেকোনো ব্যক্তি উক্ত পণ্য উৎপাদন বা বিক্রি করলে তা পেটেন্ট আইন বিরুদ্ধ বলে গণ্য হবে।

উদ্দীপকে 'আরবিসি কোম্পানি' মানসম্মত পণ্য সরবরাহ করে দেশে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। প্রতিষ্ঠানটি ও সরকারের মধ্যে চুক্তিবন্ধ সম্পর্কের কারণে অন্য কোনো কোম্পানি তাদের পণ্য নকল করে বাজারে বিক্রি করতে পারে না। যদি কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি নকল করে বাজারজাত করে তাহলে কোম্পানি আইনি মামলা করে সুবিধা ভোগ-করতে পারবে। যার ফলে তারা জনপ্রিয়তার সাথে ব্যবসা পরিচালনা করতে পারছে। উক্ত বৈশিষ্ট্যের পেটেন্ট চুক্তির সাদৃশ্যতা রয়েছে। সুতরাং বলা যায়, আরবিসি কোম্পানি পেটেন্ট চুক্তিতে আবদ্ধ হয়েছে।

**ঘ** কোম্পানিটির পণ্যের গায়ে 'RBC' অক্ষর হচ্ছে ট্রেডমার্ক, যা ব্যবহার করার যৌক্তিকতা আছে বলে আমি মনে করি।

ট্রেডমার্ক হলো পণ্য বা ব্যবসায়ের এমন কোনো স্বতন্ত্র সূচক বৈশিষ্ট্য, চিহ্ন বা প্রতীক যা সকলের নিকট ব্যবসায় বা পণ্যকে আলাদাভাবে পরিচয় করিয়ে দেয়। আর এর মালিক আইনগতভাবে এটি ব্যবহারের একক অধিকারী হয়। ট্রেডমার্ক ব্যবহার করা হলে পণ্যের গ্রাহক বা ভোক্তারা সহজেই পণ্যকে শনাক্ত করতে পারে।

উদ্দীপকে আরবিসি কোম্পানি মানসম্মত পণ্য সরবরাহ করে দেশে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানির সাথে সরকারের চুক্তি হওয়ার ফলে অন্য কোনো কোম্পানি তাদের পণ্য নকল করে বাজারজাত করতে পারে না। তারা তাদের পণ্যের উপর তাদের নিজস্ব 'RBC' অক্ষর ব্যবহার করে। যার ফলে তাদের স্বতন্ত্রতা বজায় থাকে।

কোম্পানিটি তাদের পণ্যের মোড়কে 'RBC' অক্ষর ব্যবহার করে থাকে যা ট্রেডমার্কের অন্তর্ভুক্ত রেজিস্ট্রার্ড মালিকেরা অনুমতি ছাড়া কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি ঐ অক্ষর বা প্রতীক ব্যবহার করতে পারবে না। রেজিস্ট্রার্ড মার্কটি সুপরিচিত হলে অন্যান্য পণ্য বা সেবার ক্ষেত্রেও কোম্পানির অধিকার প্রতিষ্ঠিত হবে। কেউ যদি নকল করে তাদের প্রতীক তাহলে কোম্পানি আইনগতভাবে মামলা করে প্রতিকার আদায় করতে পারবে।

অতএব পরিশেষে বলা যায় যে, কোম্পানির পণ্যের গায়ে 'RBC' অক্ষর ব্যবহার করার যৌক্তিকতা আছে।

**প্রশ্ন ▸ ০৩** জনাব রাফি পড়াশুনা শেষ করে আটা তৈরির কারখানা স্থাপন করেন। তিনি তার কারখানায় নির্দিষ্ট সময়ে কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার প্রকৃত অবস্থা জানার জন্য একটি বিবরণী তৈরি করেন। তিনি মোট ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে একটি পর্যায় নির্ণয় করেন, যেখান থেকে কাঙ্ক্ষিত মুনাফা লাভের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

ক. ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি? ১

খ. বাজার জরিপ বলতে কী বোঝায়? ২

গ. জনাব রাফি কারবারের প্রকৃত অবস্থা জানার জন্য কোন বিবরণী তৈরি করেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব রাফির ব্যবসায়ে মূল্য নির্ধারণ পদ্ধতিতে যথার্থ পথ অনুসরণ করেছেন— এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

[ম. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ হচ্ছে একটি সুন্দর প্রতিবেদন তৈরি করা।

**খ** বাজার জরিপ বলতে পণ্যের সম্ভাব্য বাজার যাচাইকে বোঝায়।

এর মাধ্যমে কোনো নতুন পণ্য বা সেবা বাজারে ছাড়ার আগে ঐ পণ্য বা সেবা সম্পর্কে ক্রেতাদের দৃষ্টিভঙ্গি, আগ্রহ, রুচি প্রভৃতি যাচাই করা হয়। এতে পণ্যের সম্ভাব্য বাজার সম্পর্কে সম্পূর্ণ ধারণা পাওয়া যায়।

**গ** জনাব রাফি ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী তৈরি করেন।

সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য ব্যবসায় উদ্যোক্তার নগদানপ্রবাহ বিবরণী প্রাক্কলন করা প্রয়োজন। এই বিবরণী দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে সংরক্ষণ করা যেতে পারে। এ বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ আসছে এবং কী পরিমাণ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয়। নগদানপ্রবাহ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে।

উদ্দীপকের জনাব রাফি অটো তৈরির কারখানা স্থাপন করেন। তিনি নির্দিষ্ট সময়ে তার ব্যবসায়ে কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার হিসাব রাখার জন্য একটি বিবরণী তৈরি করেন। এই বিবরণীতে শুধু নগদ আয়-ব্যয়গুলো লিপিবন্ধ করা হয়। সাধারণত প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণীতে এ ধরনের আয়-ব্যয় সংক্রান্ত লেনদেনগুলো লিপিবন্ধ করে রাখা হয়। ফলে একটি নির্দিষ্ট সময় শেষে ব্যবসায়ে কী পরিমাণ নগদ অর্থ আছে তা জানা যায়। তাই বলা যায়, জনাব রাফি ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য নগদানপ্রবাহ বিবরণী তৈরি করেন।

**ঘ** জনাব রাফি সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করেছেন। তার অনুসরণ পথটি যথার্থ হয়েছে।

সম আয়-ব্যয় বিশ্লেষণের প্রক্রিয়া ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়। এটি ব্যবসায়ের এমন এক পর্যায় যখন লাভও হয় না।

উদ্দীপকের রাফি পড়াশোনা শেষ করে আটা তৈরির কারখানা স্থাপন করেন। তিনি মোট ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে একটি পর্যায় নির্ণয় করেন, যেখান থেকে কাঙ্ক্ষিত মুনাফা লাভের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করেন। যা সম আয়-ব্যয় বিশ্লেষণ পদ্ধতি নির্দেশ করে।

সম আয়-ব্যয় বিন্দু নির্ধারণ করে কাঙ্ক্ষিত মুনাফা যোগ করে পণ্যের মূল্য নির্ধারণ করা যায়। এতে মুনাফা অর্জন করতে সুবিধা হয়। মূলত সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে মুনাফা পরিকল্পনা তৈরি ও মুনাফা বাড়ানোর কাজ করা যায়।

উদ্দীপকে জনাব রাফির কাজটি সম আয়-ব্যয় বিশ্লেষণ। কারণ তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যের মধ্যে পর্যায় নির্ণয় করেন। যে পরিমাণ উৎপাদন করলে লাভও হয় না। আবার ক্ষতিও হয় না তা নির্ধারণ করেন। পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করতে হয়। যার ফলে পণ্য বিক্রয়ে তাকে লোকসানের মুখোমুখি হতে হয় না। তার মুনাফা অর্জনে গতিশীলতা বজায় থাকে। পরিশেষে বলা যায়, জনাব রাফির ব্যবসায়ে মূল্য নির্ধারণ পদ্ধতিতে সম আয়-ব্যয় বিশ্লেষণ প্রক্রিয়ার যথাযথ অনুসরণ হয়েছে।

**প্রশ্ন ▸ ০৪** মি. রিমু কক্সবাজারে 'রিমু সল্ট ইন্ডাস্ট্রিজ লিঃ' নামে একটি লবণ প্রসেসিং কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানার ভবন ব্যতিরেকে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ৭৫ লক্ষ টাকা।

ক. নকশি কাঁথা কোন শিল্পের অন্তর্গত? ১
খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ২
গ. মি. রিমুর কারখানাটি যে শিল্পের অন্তর্গত তা বর্ণনা কর। ৩
ঘ. শিল্পটি স্থাপনে মি. রিমুর কক্সবাজারকে নির্বাচন করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** নকশি কাঁথা কুটির শিল্পের অন্তর্গত।

**খ** মানুষের জীবনকে সহজ ও আরামদায়ক করার কাজে নিয়োজিত শিল্প হলো সেবা শিল্প।

যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদ ব্যবহারের মাধ্যমে যেসব সেবামূলক কাজ করা হয়, তাকে সেবা শিল্প বলে। এ শিল্পকে কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ এই চার ভাগে ভাগ করা হয়। এ শিল্পে বিনিয়োগের পরিমাণ উৎপাদনমুখী শিল্পের তুলনায় কম হয়ে থাকে। মৎস্য আহরণ, নির্মাণ শিল্প ও হাউজিং, অটোমোবাইল সার্ভিসিং, বিনোদন শিল্প, হর্টিকালচার, ফুল চাষ, পর্যটন ও সেবা, হাসপাতাল ও ক্লিনিক প্রভৃতি সেবা শিল্পের অন্তর্ভুক্ত।

**গ** মি. রিমুর কারখানাটি উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্পের অন্তর্গত।

উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্প বলতে যেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝানো হয় যেসব প্রতিষ্ঠানে জমি ও কারখানা ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য, প্রতিস্থাপন ব্যয়সহ ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ৩১-১২০ জন্য শ্রমিক কাজ করে।

উদ্দীপকের মি. রিমু কক্সবাজারে 'রিমু সল্ট ইন্ডাস্ট্রিজ লি.' নামে একটি লবণ প্রসেসিং কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানার ভবন ব্যতিরেকে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ৭৫ লক্ষ টাকা। তিনি লবণ প্রসেসিং কারখানা যেহেতু স্থাপন করেছেন। তাহলে উক্ত প্রতিষ্ঠানটি একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। তাছাড়া স্থায়ী সম্পদের মূল্য যেহেতু ৭৫ লক্ষ টাকা বা উৎপাদনমুখী ফুড শিল্পের পর্যায়ে পড়ে। সুতরাং বলা যায়, জনাব রিমুর কারখানাটি উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্পের অন্তর্গত।

**ঘ** কাঁচামাল প্রাপ্তির সহজলভ্যতা বিচারে মি. রিমুর কক্সবাজারকে নির্বাচন করা যৌক্তিক বলে আমি মনে করি।

সাধারণত পারিপার্শ্বিক বিভিন্ন বিষয় যাচাই বাছাইয়ের পর ব্যবসায় প্রতিষ্ঠানের স্থান নির্বাচন করা হয়। এক্ষেত্রে যেখানে প্রতিষ্ঠান স্থাপন করলে উৎপাদিত পণ্যের কাঁচামাল সহজে পাওয়া যাবে। পণ্যের বাজার নিকটে থাকবে। পর্যাপ্ত শ্রমিক পাওয়া যাবে ও পরিবহণের সুযোগ-সুবিধা থাকবে তেমন স্থান বেছে নেওয়াই অধিক যুক্তিযুক্ত।

উদ্দীপকে মি. রিমু কক্সবাজারে 'রিমু সল্ট ইন্ডাস্ট্রিজ লি.' নামে একটি লবণ তৈরির কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানটি একটি প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান। যা সমুদ্রের পানিকে প্রসেসিং করে লবণ উৎপাদন করে। এতে তার বিনিয়োগ ৭৫ লক্ষ টাকা।

মি. রিমু তিনি লবণ তৈরির কারখানাটি কক্সবাজারে স্থাপন করেন। যার ফলে সে সহজেই কম পরিবহণ খরচে সাগরের লবণাক্ত পানি উত্তোলন করে লবণ তৈরির প্রধান কাঁচামাল হিসেবে ব্যবহার করে। যার ফলে কম উৎপাদন খরচে অধিক লাভ করা যায়। তাছাড়া কক্সবাজারের সাথে সারাদেশের যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়াতে তার উৎপাদিন লবণ বাজারজাতকরণ সহজতর হয়।

পরিশেষে বলা যায়, কাঁচামালের সহজ প্রাপ্তির সুবাদে তিনি কক্সবাজার স্থান নির্বাচন করেন।

**প্রশ্ন ▸ ০৫** মি. শিশির একটি প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি ঝুঁকি আছে জেনেও অনেক কাজে হাত দেন। কর্মীদের সাথে সততার সাথে কার্য সম্পাদন করেন। তিনি কর্মীদের মতামতের মূল্যায়ন করেন। ফলে কর্মী ও গ্রাহক উভয়ের কাছ থেকে তিনি শ্রদ্ধা ও বিশ্বাস অর্জন করেন।

ক. জেন্ডার সচেতনতা কী? ১
খ. ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. মি. শিশিরের মধ্যে বিদ্যমান নেতৃত্বের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. শিশিরের মধ্যে আদর্শ নেতার যে সকল গুণাবলি পরিলক্ষিত হয়– মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** নারী-পুরুষের ভিন্ন-ভিন্ন দৃষ্টিভঙ্গি ও সামাজিক অবস্থান সম্পর্কে সচেতন থাকাই হলো জেন্ডার সচেতনতা।

**খ** ব্যবস্থাপনা হলো অন্যের সামর্থ্যকে কাজে লাগিয়ে দক্ষতার সাথে কাজ করিয়ে নেওয়ার কৌশল।

সংঘবদ্ধ মানবজীবনে ব্যবস্থাপনা খুবই অপরিহার্য বিষয়। কয়েকজন ব্যক্তি যখন কোনো সাধারণ উদ্দেশ্য অর্জনের জন্য একত্র হয় তাদের সঠিকভাবে পরিচালনার প্রয়োজন পড়ে। আর একদল মানুষকে তাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে নেওয়ার কার্যকর শক্তিই হলো ব্যবস্থাপনা। আরও ব্যাপক অর্থে, সংঘবদ্ধ প্রচেষ্টার মূলে যে লক্ষ্য থাকে তা অর্জনের জন্য প্রতিষ্ঠানে নিয়োজিত উপায়-উপকরণাদির সুষ্ঠু ব্যবহার বা পরিচালনা কার্যকেই ব্যবস্থাপনা বলা হয়।

**গ** মি. শিশিরের মধ্যে বিদ্যমান নেতৃত্বের ধরন হচ্ছে গণতান্ত্রিক নেতৃত্ব।

যে নেতৃত্বের নেতা অধস্তনদের সাথে আলাপ আলোচনা করে পরামর্শের মাধ্যমে সিদ্ধান্ত নেয় তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। গণতান্ত্রিক নেতৃত্বে নেতা কর্মীদের থেকে তথ্য সংগ্রহ করে। কর্মীদের প্রশ্ন করার সুযোগ দেন এবং নেতা উত্তর দেন। কর্মীরা প্রতিষ্ঠানকে নিজেদের মনে করেন।

উদ্দীপকে মি. শিশির একটি প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি কর্মীদের মতামতের মূল্যায়ন করেন। ফলে কর্মী ও গ্রাহক উভয়ের কাছ থেকে তিনি শ্রদ্ধা ও বিশ্বাস অর্জন করেন। তার নেতৃত্বের ধরনের সাথে গণতান্ত্রিক নেতৃত্বের সাদৃশ্য রয়েছে। সুতরাং বলা যায়, মি. শিশিরের মধ্যে গণতান্ত্রিক নেতৃত্ব বিদ্যমান রয়েছে।

**ঘ** উদ্দীপকে মি. শিশিরের মধ্যে একজন আদর্শ নেতার সাহস ও সততা এবং সহযোগিতা গুণাবলি পরিলক্ষিত হয়।

যিনি নেতৃত্বদান করেন তাকে নেতা বলা হয়। নেতার কাজ হচ্ছে উদ্দেশ্যকে বাস্তবায়ন করার জন্য প্রতিষ্ঠানের কর্মীদের সহযোগিতা। উৎসাহ প্রদান ও পরিচালনা করা। নেতৃত্বদানের কঠিন দায়িত্বশীল কাজটি সম্পাদনের জন্য একজন নেতার অনেকগুলো গুণ বা বৈশিষ্ট্য থাকতে হয়। উপযুক্ত নেতৃত্ব যেমন একটি প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন সহজতর করে, তেমনিই নেতার অযোগ্যতা প্রতিষ্ঠানটিকে ব্যর্থ করে দিতে পারে। একজন আদর্শ নেতা তিনি তার দক্ষতা, পরিশ্রম, সততা, সাহস ইত্যাদির দ্বারা একটি প্রতিষ্ঠানকে সাফল্যের পথে এগিয়ে নিয়ে যান।

উদ্দীপকে মি. শিশির তিনি একটি প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি ঝুঁকি আছে জেনেও অনেক কাজে হাত দেন। কর্মীদের সাথে সততার সাথে কার্যসম্পাদন করে থাকে। তিনি কর্মীদের মতামতকে মূল্যায়ন করেন। ব্যবস্থাপক হিসেবে তার গুণাবলি, সততা, সাহস, সহযোগিতা ইত্যাদি প্রকাশ পায়।

উদ্দীপকের মি. শিশির একজন আদর্শ ক্রেতা। তিনি প্রতিষ্ঠানে বিভিন্ন ঝুঁকিপূর্ণ কাজে হাত দেন। যার ফলে তার ভেতর আদর্শ নেতার সাহসিকতা গুণটি ফুটে উঠে। তিনি কর্মীদের মতামতকে মূল্যায়ন করেন যা আদর্শ ক্রেতার গুণাবলি। এছাড়া তার ভেতর সততা গুণটি প্রকাশ পেয়েছে কার্যসম্পাদনের ক্ষেত্রে।

সুতরাং বলা যায় যে, মি. শিশিরের মধ্যে আদর্শ নেতার গুণাবলি পরিলক্ষিত হয়েছে তিনি একজন আদর্শ নেতা।

**প্রশ্ন ▸ ০৬**

বণ্টন প্রণালি-১ উৎপাদনকারী → 'ক' → খুচরা বিক্রেতা → ভোক্তা

বণ্টন প্রণালি-২ উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা

ক. বিপণন কাকে বলে? ১

খ. ভোক্তা বিশ্লেষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. ১নং বণ্টন প্রণালিতে 'ক' চিহ্নিত স্থানে কোন ধরনের ব্যবসায়ীর অবস্থান? বর্ণনা কর। ৩

ঘ. পণ্যের ধরন ও বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে ১নং ও ২নং বণ্টন প্রণালির মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

[ম. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তা বা ব্যবহারকারীর নিকট পৌঁছে দেওয়া পর্যন্ত সকল কাজকে বিপণন বলে।

**খ** ব্যবসায়ের ঝুঁকি হ্রাস ও প্রসারের জন্য ভোক্তা বিশ্লেষণ প্রয়োজন।

বিপণনের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে ভোক্তা বা ব্যবহারকারীর রুচি, চাহিদা, বৈশিষ্ট্য ও আগ্রহ ইত্যাদি বিশ্লেষণ ও মূল্যায়ন করা। কেননা যথাযথভাবে এ কাজটি না করা হলে যেমন ব্যবসায়িক ঝুঁকি বেড়ে যায়, তেমনি প্রসার ব্যাহত হয়। তাই বিপণনে ভোক্তা বিশ্লেষণ করা অতি প্রয়োজনীয়।

**গ** ১নং বণ্টন প্রণালিতে 'ক' চিহ্নিত ব্যবসায়ীর অবস্থানটি হলো পাইকার।

পাইকার হলো উৎপাদনকারী ও খুচরা বিক্রেতার মাঝে যোগসূত্র স্থাপনকারী প্রতিষ্ঠান। উৎপাদনকারী প্রতিষ্ঠান থেকে পাইকার পণ্য ক্রয় করে খুচরা বিক্রেতার কাছে অল্প অল্প পরিমাণে বিক্রয় করে। কখনো কখনো পাইকার উৎপাদনকারী এবং খুচরা বিক্রেতাকে আর্থিক সহায়তা দান করে থাকে।

উদ্দীপকের বণ্টন প্রণালিতে প্রথমে উৎপাদনকারীর অবস্থান রয়েছে। উৎপাদনকারীর পর অবস্থান করছে 'ক'। এরপর পর্যায়ক্রমে খুচরা বিক্রেতা ও ভোক্তার অবস্থান রয়েছে। এখানে 'ক' চিহ্নিত স্থানটি পাইকারকে নির্দেশ করে। এমন বণ্টন প্রণালিতে উৎপাদনকারী প্রতিষ্ঠান বৃহৎ পরিসরে উৎপাদন করে পাইকারের কাছে পণ্য বিক্রয় করে। পাইকার প্রথমে পণ্য ক্রয় করে গুদামজাতকরণের মাধ্যমে পণ্য সংরক্ষণ করে। প্রমিতকরণ, পর্যায়িতকরণ ও পরিবহণের মাধ্যমে খুচরা বিক্রেতার কাছে চাহিদা অনুযায়ী যোগান দান করেন। খুচরা বিক্রেতা অল্প পরিমাণে পণ্য ক্রয় করে সাধারণ বা প্রকৃত ভোক্তার কাছে বিক্রয় করে। সুতরাং উদ্দীপকের বণ্টন প্রণালিতে 'ক' চিহ্নিত স্থানটি হলো পাইকার বা পাইকারি ব্যবসায়ের।

**ঘ** পণ্যের ধরন ও বৈশিষ্ট্যের ভিত্তিতে ১নং বণ্টন প্রণালি হচ্ছে পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় এবং ২নং বণ্টন প্রণালি হলো 'খুচরা ব্যবসায়ীর' মাধ্যমে বিক্রয়।

যে প্রক্রিয়ার মাধ্যমে পণ্য বা সেবা উৎপাদনকারীর কাছ থেকে ভোক্তার নিকট পৌঁছে দেওয়া হয়, তাকে বণ্টন প্রণালি বলা হয়। বিপণনে উৎপাদক সরাসরি সকল ভোক্তার নিকট পণ্য সরবরাহ করতে পারে না। এর জন্য মধ্যস্থ ব্যবসায়ীর প্রয়োজন পড়ে। বিভিন্ন রকম বণ্টন প্রণালিতে মধ্যস্থ ব্যবসায়ীর সংস্থা ভিন্ন ভিন্ন হয়ে থাকে। উক্ত কারণে পণ্য বণ্টনে কম-বেশি সময়, পণ্যের দামে পার্থক্য সৃষ্টি হয়।

উদ্দীপকে ১নং বণ্টন প্রণালিতে উৎপাদক ও ভোক্তার মধ্যে দুইজন মধ্যস্থ ব্যবসায়ী রয়েছে। একজন হলো পাইকারি বিক্রেতা ও অপরজন হচ্ছে খুচরা বিক্রেতা। অর্থাৎ প্রথম বণ্টন প্রণালি হচ্ছে পাইকার এবং খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়। অপরদিকে ২নং বণ্টন প্রণালিতে উৎপাদক ও ভোক্তার মাঝে একটি মধ্যস্থব্যবসায়ী রয়েছে। তিনি হচ্ছেন খুচরা ব্যবসায়ী। অর্থাৎ ২য় বণ্টন প্রণালিতে 'খুচরা ব্যবসায়ীর' মাধ্যমে বিক্রয় হয়।

উদ্দীপকে ১নং বণ্টন প্রণালিতে পাইকার উৎপাদনকারীদের কাছ থেকে অধিক পরিমাণে পণ্য একসাথে কিনে নিয়ে আসে। অতপর তা বিভিন্ন এলাকার খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করে। অন্যদিকে ২নং বণ্টন প্রণালিতে উৎপাদক সরাসরি খুচরা ব্যবসায়ীর নিকট পণ্য বিক্রয় করে। পরবর্তীতে খুচরা ব্যবসায়ী তা ভোক্তাদের নিকট বিক্রয় করে। যার ফলে ১নং বণ্টন প্রণালি ২নং বণ্টন প্রণালি থেকে দীর্ঘ। তাই ১ম বণ্টন প্রণালিতে ২য় বণ্টন প্রণালি অপেক্ষা বেশি শ্রম ও সময় ব্যয় হয়। ফলে দুটি বণ্টন প্রণালিতে পণ্য বিপণনে ভিন্নতা দেখা যায়।

**প্রশ্ন ▸ ০৭** জনাব আলী একটি সরিষার তৈল উৎপাদন কারখানা স্থাপনের জন্য সরকারি সাহায্য সংস্থার দ্বারস্থ হয়েও বারবার ব্যর্থ হয়েছেন।

ক. BITAC এর পূর্ণরূপ কী? ১

খ. উদ্দীপনামূলক সহায়তা বলতে কী বোঝায়? ২

গ. জনাব আলীর উদ্যোগ বাস্তবায়নে কোন বেসরকারি সাহায্য সংস্থা সহায়তা করেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তা হিসেবে জনাব আলীর অবদান মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** BITAC-এর পূর্ণরূপ হলো– Bangladesh Industrial Technical Assistance Centre.

**খ** উদ্যোক্তাকে ব্যবসায় স্থাপন অনুপ্রেরণাদানকে উদ্দীপনামূলক সহায়তা বলা হয়।

নতুন শিল্প প্রতিষ্ঠায় এ সহায়তার প্রয়োজন। বিভিন্ন প্রকার অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ, বিনিয়োগের সুযোগ-সুবিধা, শিল্প প্রতিষ্ঠার প্রয়োজনীয় সরকারি সহায়তা, পণ্য নির্বাচন এবং প্রকল্প প্রণয়ন, কারিগরি এবং অর্থনৈতিক তথ্য সরবরাহ ও পরামর্শদানের মাধ্যমে নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনে উৎসাহিত করাই উদ্দীপনামূলক সহায়তা। .এসব সহায়তা ব্যবসায় প্রতিষ্ঠা থেকে শুরু করে প্রসার ও উন্নয়নে উদ্যোক্তার উৎসাহের ভিত্তি হিসেবে কাজ করে থাকে।

**গ** জনাব আলীর উদ্যোগ বাস্তবায়নে বেসরকারি সংস্থা ব্র্যাক সহায়তা করেছে।

বাংলাদেশ তথা পৃথিবীর সর্ববৃহৎ এনজিও বা বেসরকারি সংস্থা হচ্ছে ব্র্যাক। শুরুতে ত্রাণ ও পুনর্বাসন নিয়ে কাজ করলেও বর্তমানে দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্য নিয়ে এ সংস্থাটি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে বাংলাদেশের ৬৪ জেলাতেই এর কার্যক্রম পরিচালনা হচ্ছে। প্রতিষ্ঠানটি ক্ষুদ্র শিল্প উন্নয়নে দারিদ্র্য বিমোচনে কাজ পরিচালনা করে যাচ্ছে।

উদ্দীপকে জনাব আলী সরিষার তৈল উৎপাদন কারখানা স্থাপনের জন্য সরকারি সাহায্য সংস্থার দারস্থ হয়েও বার বার ব্যর্থ হয়েছেন। অবশেষে তিনি একটি সুপ্রতিষ্ঠিত বেসরকারি সংস্থার সাহায্যে তিনি উদ্যোগ বাস্তবায়ন করেন। ব্র্যাক তিন ধরনের শিল্প স্থাপনে সহায়তা প্রদান করে থাকে যার ফলে জনাব আলীর মতো নতুন উদ্যোক্তারা শিল্প স্থাপনে আগ্রহী হয়। এছাড়া ব্র্যাক উদ্যোক্তা উন্নয়নের বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে।

সুতরাং বলা যায়, জনাব আলীর উদ্যোগ বাস্তবায়নে বেসরকারি সংস্থা ব্র্যাক সহায়তা করেছে।

**ঘ** বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তা হিসেবে জনাব আলীর অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ব্যবসায় উদ্যোক্তার দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। একটি শিল্প উদ্যোগ গ্রহণের কারণে বহু লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। সরকারের পাশাপাশি উদ্যোক্তাদের মাধ্যমেও দেশে শিল্প কারখানা স্থাপন, পরিচালনা ও সম্প্রসারণ হয়ে থাকে। এর মাধ্যমে নিত্যনূতন কর্মসংস্থান সৃষ্টি হয়। তার পাশাপাশি জাতীয় আয় বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

উদ্দীপকে জনাব আলী একটি সরিষার তৈল উৎপাদন কারখানা স্থাপনের জন্য সরকারি সাহায্য সংস্থার দারস্থ হয়েও বার বার ব্যর্থ হয়েছেন। অবশেষে তিনি একটি সুপ্রতিষ্ঠিত সাহায্য সংস্থার সহযোগিতায় তার উদ্যোগ বাস্তবায়ন করেন এবং তার কারখানাতে অনেকের কর্মসংস্থান হয়। যার ফলে তিনি সফল উদ্যোক্তাতে পরিণত হয়েছেন।

জনাব আলী তৈল কারখানা স্থাপনের মাধ্যমে নিজের পাশাপাশি অনেক মানুষের কর্মসংস্থান সৃষ্টি করতে কর্মীদের কাজ করানোর মাধ্যমে দক্ষ মানব সম্পদ পরিণত করেছেন। যার ফলে কর্মীদের জীবনযাত্রার মান উন্নয়ন হয়েছে। তার ফলে জাতীয় আয়ও বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি তার প্রতিষ্ঠান অর্থনৈতিকভাবে উন্নত হয়েছে। ফলে তার ব্যবসায় দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনেও সহায়তা করছে।

সুতরাং বলা যায়, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তা হিসেবে জনাব আলীর অবদান গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন ▶ ০৮** বিসিক বাজারের জনাব মাহি অনেক বছর যাবৎ সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সবসময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহ করেন। এতে তার ব্যবসায় সফলতা আসে। পার্শ্ববর্তী ব্যবসায়ী মি. ফনি মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য বিবেচনায় রাখেন না; বেশি মুনাফার আশায় তিনি পণ্যের মজুতদারী করে পণ্যের সংকট সৃষ্টি করেন। তাই ক্রেতারা তাকে এড়িয়ে চলেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. পরিবেশ সংরক্ষণ বলতে কী বোঝায়? ২
গ. মি. ফনি ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়বন্ধতা পালন করেননি? বর্ণনা কর। ৩
ঘ. জনাব মাহির ব্যবসায়ের সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় পরিচালনাগত ও বাহ্যিক বিষয়ে ঠিক-বেঠিক, ন্যায় অন্যায়, উচিত-অনুচিত প্রভৃতি বিষয়ে বিচারের মাপকাঠিকে ব্যবসায় নৈতিকতা বলে।

**খ** পরিবেশের ভারসাম্য বা পরিবেশ দূষণ না করে পরিবেশকে স্বাভাবিক অবস্থায় রাখা হলো পরিবেশ সংরক্ষণ।

সুষ্ঠু ব্যবসায় পরিবেশ ছাড়া প্রতিষ্ঠানে উন্নতি সাধন হয় না। বিভিন্ন কলকারখানার রাসায়নিক বর্জ্য, বিষাক্ত ধোঁয়া ইত্যাদির কারণে পরিবেশ দূষিত হয়। এগুলোর যথাযথ নিয়ন্ত্রণ পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখে। দূষণ থেকে পরিবেশকে রক্ষা করা ব্যবসায়ী ও সরকারের দায়িত্ব।

**গ** উদ্দীপকের মি. ফনি ব্যবসায়ের ক্রেতা-ভোক্তাদের প্রতি দায়িত্ব পালন করেননি।

ক্রেতা ও ভোক্তারা হচ্ছে ব্যবসায়ের প্রাণ তাদের প্রতি দায়িত্ব পালন ব্যবসায়িক কর্তব্য। ব্যবসায়ীকে পণ্যের মজুতদারি না করা, ওজনে কম না দেওয়া, মূল্য স্থিতিশীল রাখা ইত্যাদির কাজের মাধ্যমে ক্রেতা বা ভোক্তার প্রতি দায়িত্ব পালন করতে হয়। ফলে প্রতিষ্ঠানের প্রতি জনগণ আস্থাশীল হয়।

উদ্দীপকে মি. ফনি তার ব্যবসায়ে মুনাফা অর্জনকে বড় করে দেখেন। তিনি পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য নির্ধারণ করেন না। তিনি বেশি মুনাফা লাভের আশায় পণ্যের মজুতকারি সৃষ্টি করে পণ্যের সংকট সৃষ্টি করেন। যার ফলে বাজারে পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি হয়। ক্রেতা ভোক্তারা নানাবিধ সমস্যার মুখোমুখি হয়। তার উক্ত কর্মকাণ্ডসমূহ ব্যবসায়ের ক্রেতা-ভোক্তাদের প্রতি দায়িত্ব পালনে অবহেলা নির্দেশ করে।

তাই বলা যায় যে, উদ্দীপকের মি. ফনি ব্যবসায়ের ক্রেতা-ভোক্তাদের প্রতি দায়িত্ব পালন করেনি।

**ঘ** জনাব মাহির ব্যবসায়ে সফলতার কারণ ব্যবসায়ের সামাজিক দায়বন্ধতা পালন।


বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যবসায়িক জগতে ব্যবসায়ীরা শুধুমাত্র মুনাফা অর্জনে সীমাবদ্ধ থাকে না। তাদের বিভিন্ন পক্ষের প্রতি দায়িত্ব পালন করতে হয়। পক্ষগুলো হচ্ছে রাষ্ট্র, সমাজ, ক্রেতা-ভোক্তা, শ্রমিক-কর্মচারি ইত্যাদি। যার ফলে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির পাশাপাশি প্রতিষ্ঠানের প্রতি জনগণ আস্থাশীল হয়।

উদ্দীপকে জনাব মাহি অনেক বছর যাবৎ সততার সাথে ব্যবসায় পরিচালনা করছেন। তিনি ক্রেতাদের সর্বদা মানসম্মত পণ্য সরবরাহ করেন। এতে তার ব্যবসায়ে সফলতা আসে। তিনি ক্রেতা-ভোক্তাদের কাছে নায্যমূল্যে পণ্য বিক্রয় করেন এতে ক্রেতা সন্তুষ্ট হয়।

উদ্দীপকের জনাব মাহি একজন সৎ ব্যবসায়ী। তিনি ব্যবসায়ে মুনাফা অর্জনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা পালন করছেন। ফলে ভেজালহীন ও উন্নতমানের পণ্য ক্রেতা-ভোক্তার ক্রয় করতে পারছেন। এছাড়া তিনি অধিকমূল্যে পণ্য বিক্রয় করেন না। ফলে সকল শ্রেণির গ্রাহক তার নিকট থেকে পণ্য ক্রয় করে থাকে। যার ফলে ভোক্তা ও জনগণের কাছে তার ব্যবসায়ের গ্রহণযোগ্যতা বাড়ছে। এভাবেই তিনি তার ব্যবসায়ে সফলতা অর্জন করেছেন।

পরিশেষে বলা যায়, জনাব মাহি সামাজিক দায়বদ্ধতা পালনের দ্বারা ব্যবসায়ে সফলতা অর্জন করেছে।

**প্রশ্ন ▸ ০৯**




ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. বাণিজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানে অর্থনৈতিক পরিবেশের যে উপাদান বিদ্যমান তার গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. অর্থনৈতিক পরিবেশের উপাদানগুলো একটি অপরটির সংগে অঙ্গাঙ্গিভাবে জড়িত– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** যেসব প্রাকৃতিক ও অপ্রাকৃতিক উপাদান দ্বারা ব্যবসায়িক সংগঠনের গঠন, কার্যাবলি, উন্নতি ও অবনতি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবিত হয় সেগুলোর সমষ্টিকে ব্যবসায়িক পরিবেশ বলে।

**খ** ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তার নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে।

উৎপাদিত পণ্য বা সেবার বণ্টন সংক্রান্ত কাজের সমষ্টি হলো বাণিজ্য। এটি ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা হিসেবে বিবেচিত হয়। বাণিজ্যের কাজই হলো উৎপাদিত পণ্যসামগ্রী বা সেবা চূড়ান্ত ভোক্তার নিকট পৌঁছানোর জন্য যাবতীয় সকল প্রকার বাধা (স্থানগত, সময়গত, ঝুঁকিগত) দূর করা।

**গ** উদ্দীপকের 'ক' চিহ্নিত স্থানে অর্থনৈতিক পরিবেশের উপাদানটি হচ্ছে মূলধন।

মূলধন হচ্ছে অর্থনৈতিক পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজন মূলধন। মূলধনের স্বল্পতার কারণে অধিকাংশ ব্যবসায় স্থাপন ও পরিচালনা সম্ভব হয় না। মূলধনের অর্জনে ব্যবসায় পরিচালনাতে বাধা সৃষ্টি হয়।

উদ্দীপকে অর্থনৈতিক পরিবেশের উপাদান ছকে উপস্থাপন করা হয়েছে। উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানে অর্থনৈতিক পরিবেশের মূলধন উপাদানটি হবে। এই উপাদানটি হচ্ছে ব্যবসায়ের প্রাণ। মূলধন ছাড়া কোনো ব্যবসায় গঠন, পরিচালনা, সম্প্রসারণ সম্ভব হয় না, ব্যবসায়ে পর্যাপ্ত মূলধনের সরবরাহ থাকলে প্রাথমিক খরচ, চলতি খরচ ইত্যাদি মেটানো সম্ভব হয়।

সুতরাং বলা যায় যে, অর্থনৈতিক পরিবেশের মূলধন উপাদানটির ভূমিকা গুরুত্বপূর্ণ।

**ঘ** অর্থনৈতিক পরিবেশের উপাদানগুলো একটি অপরটির সাথে ওতপ্রোতভাবে জড়িত- উক্তিটি যথার্থ।

দেশে বিরাজমান অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিক ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায় পরিবেশের সুদূর অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। উক্ত উপাদানগুলো অধিকাংশ পরস্পর নির্ভরশীল হওয়াতে ব্যবসায়ের সামগ্রিক সফলতায় অর্থনৈতিক পরিবেশের উপাদানের অনুকূলতা অনেক জরুরী।

উদ্দীপকে অর্থনৈতিক পরিবেশের মূল উপাদানসমূহ ছকের মাধ্যমে উপস্থিত করা হয়েছে। যেখানে 'ক' হচ্ছে মূলধন। এছাড়া পরিবেশের অর্থ ও ব্যাংকিং এবং সঞ্চয় ও বিনিয়োগ হলো উল্লেখযোগ্য দুটি উপাদান। ব্যবসায়ের কার্যক্রমে অর্থনৈতিক পরিবেশের উপাদানসমূহ মুখ্য। কেননা অর্থনৈতিক পরিবেশের উপাদান ব্যতীত ব্যবসায় স্থাপন ও পরিচালনা সম্ভব নয়। ব্যবসায়ের গঠনের জন্য প্রথমেই প্রয়োজন ব্যক্তিগত সঞ্চয়। তাই ব্যক্তিগত সঞ্চয়কে মূলধনে রূপান্তর করে ব্যবসায়ে বিনিয়োগ করা হয়। এছাড়া ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে মানুষ সঞ্চয় বিনিয়োগ করে থাকে যা পরে প্রয়োজনে ব্যবসায়ে ঋণ হিসেবে সরবরাহ করা হয়। এভাবে অর্থনৈতিক পরিবেশের উপাদানগুলো একটি অপরটির সাথে জড়িত। আবার দেশে সঞ্চয় ও বিনিয়োগ কম হলে সেই প্রভাব অর্থ ও ব্যাংকিং ব্যবস্থায় প্রভাব ফেলবে।

পরিবেশে বলা যায়, অর্থনৈতিক পরিবেশের উপাদানগুলো একটি অপরটির সাথে ওতপ্রোতভাবে জড়িত।

**প্রশ্ন ▸ ১০** জনাব সাজু কাকচিড়ায় একটি চিংড়ি মাছের আড়ৎ প্রতিষ্ঠা করেন। পূর্ব অভিজ্ঞতা না থাকায় প্রথম দিকে লোকসান হয়। পরে মৎস্য সংরক্ষণের উপর হাতে-কলমে শিক্ষা নিয়ে নতুন উদ্যমে ব্যবসায় পরিচালনা করেন। বর্তমানে তার তিনটি আড়তে **১২** জন লোকের কর্মের ব্যবস্থা হয়েছে। তিনি ব্যবসায় সফলতার সাথে দেশের বাহিরেও চিংড়ি রপ্তানি করছেন।

ক. ঝুঁকি কী? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ২

গ. মি. সাজুর চিংড়ি আড়ৎ প্রতিষ্ঠা কোন ধরনের চিন্তা? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. সাজুর ব্যবসায় সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** যেকোনো ভবিষ্যৎ অনিশ্চয়তা বা ক্ষতির সম্ভাবনাই ঝুঁকি।

**খ** সেবা শিল্প বলতে সেই শিল্পকে বোঝায় যে শিল্প বিভিন্ন প্রকার সেবা প্রদানের মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করে। বিদ্যুৎ ও গ্যাস উৎপাদন এবং বিতরণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা ইত্যাদি সেবা শিল্পের অন্তর্গত। যন্ত্রপাতি বা স্থায়ী সম্পদ ও মেধাসম্পদ প্রয়োগের মাধ্যমে এসব সেবামূলক কাজ করা হয়।

**গ** মি. সাজুর চিংড়ি আড়ৎ প্রতিষ্ঠা কাজটি হচ্ছে ব্যবসায় উদ্যোগ।

মুনাফা অর্জনের আশায় ঝুঁকি আছে জেনেও কোনো ব্যবসায় স্থাপনকে ব্যবসায় উদ্যোগ বলা হয়। ব্যবসায় উদ্যোগের মূল উদ্দেশ্য হচ্ছে মুনাফা অর্জন। ব্যবসায় উদ্যোগ ব্যবসায় স্থাপন সংক্রান্ত সকল কর্মকাণ্ডে সফলভাবে পরিচালনা করতে সহায়তা করে।

উদ্দীপকে সাজু কাকচিড়ায় একটি চিংড়ি মাছের আড়ৎ প্রতিষ্ঠা করেন। পূর্ব অভিজ্ঞতা থাকায় তার ব্যবসায়ে লোকসান হলে পরবর্তীতে প্রশিক্ষণ গ্রহণ করে নতুন উদ্যগে ব্যবসায় পরিচালনা করেন। বর্তমানে তার তিন আড়তে **১২** জনের কার্যসম্পন্ন সৃষ্টি হয়েছে।

উদ্দীপকে মি. সাজুর সাথে ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্যের মিল রয়েছে। কেননা ব্যবসায় উদ্যোগের মাধ্যমেই ব্যবসায়ীরা ঝুঁকি পরিমাপ করে ব্যবসায় পরিচালনা করে এবং নিজের সাথে আরোও অনেকের কর্মসংস্থানের সুযোগ সষ্টি করে।

তাই বলা যায়, মি. সাজুর চিংড়ির আড়ৎ প্রতিষ্ঠা হচ্ছে ব্যবসায় উদ্যোগ।

**ঘ** উদ্দীপকে জনাব সাজুর ব্যবসায়ে সফলতার কারণ হচ্ছে প্রশিক্ষণ গ্রহণ।

প্রশিক্ষণ ব্যক্তিকে তার সম্পাদিত কাজের প্রতি দক্ষ করে তোলে। প্রশিক্ষণ গ্রহণের দ্বারা কাজের দক্ষতা বৃদ্ধি পায় ও দক্ষতাকে কাজে লাগিয়ে একজন উদ্যোক্তা নির্ভূলভাবে তার কাজ পরিচালনা করতে পারে এবং যার ফলে তিনি একজন সফল উদ্যোক্তাতে পরিণত হয়।

উদ্দীপকে জনাব সাজু চিংড়ি মাছের আড়ৎ প্রতিষ্ঠা করেন। শুরুতে পূর্ব অভিজ্ঞতা না থাকায় প্রথমদিকে তিনি লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে তিনি চিংড়ি মাছের সংরক্ষণ সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করেন। ফলে তিনি ব্যবসায়ে লাভবান হন ও অনেকের কর্মসংস্থানের সৃষ্টি করেন। তিনি ব্যবসায় সফলতার সাথে দেশের বাইরেও চিংড়ি রপ্তানি করছেন।

উদ্দীপকের জনাব সাজু তিনি প্রশিক্ষণ গ্রহণ করার মাধ্যমে পূর্বের চেয়ে অধিক দক্ষ হয়ে উঠেন।

তিনি প্রশিক্ষণের জ্ঞান ব্যবহার করে সঠিকভাবে চিংড়ি সংরক্ষণের ব্যবস্থা করেন। তার উপলব্ধি করা জ্ঞান ও শিক্ষাকে তিনি কাজে লাগান। যার ফলে তিনি এখন একজন সফল ব্যবসায়ীতে পরিণত হয়েছেন। সুতরাং বলা যায় যে, প্রশিক্ষণ হচ্ছে জনাব সাজুর ব্যবসায়ে সফলতার কারণ।

**প্রশ্ন ▸ ১১** জনাব হামিদ যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহণের পর ব্যাংক থেকে ঋণ নিয়ে গরুর খামার স্থাপন করেন। সুষ্ঠুভাবে গরুর পরিচর্যার কারণে তার খামারের দিন দিন উন্নতি হচ্ছে এবং তাকে দেখে অন্যরাও অনুপ্রাণিত হয়ে খামার স্থাপন করে সফল হন।

ক. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত? ১

খ. বাণিজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব হামিদের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব হামিদের ভূমিকা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** 'নট্রামস' শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান।

**খ** ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তার নিকট পৌছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে।

উৎপাদিত পণ্য বা সেবার বণ্টন সংক্রান্ত কাজের সমষ্টি হলো বাণিজ্য। এটি ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা হিসেবে বিবেচিত হয়। বাণিজ্যের কাজই হলো উৎপাদিত পণ্যসামগ্রী বা সেবা চূড়ান্ত ভোক্তার নিকট পৌছানোর জন্য যাবতীয় সকল প্রকার বাধা (স্থানগত, সময়গত, ঝুঁকিগত) দূর করা।

**গ** উদ্দীপকে হামিদের কাজটি হচ্ছে আত্মকর্মসংস্থানমূলক কাজ নিজস্ব পুঁজি অথবা ঋণ করা স্বল্প সম্পদ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে ন্যূনতম ঝুঁকি নিয়ে আত্মপ্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে। জীবিকা অর্জনের বিভিন্ন পেশার মধ্যে আত্মকর্মসংস্থান একটি জনপ্রিয় পেশা। এছাড়া এটি একটি স্বাধীন পেশা। যার মাধ্যমে ব্যক্তি নিজেই তার বেকার সমস্যা দূর করতে পারেন।

উদ্দীপকে হামিদ যুব উন্নয়ন প্রশিক্ষণ ক্রেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহণের পর ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি গরুর খামার স্থাপন করেন যেখানে তিনি খামার স্থাপনে তার নিজস্ব জ্ঞান দক্ষতা কাজে লাগিয়ে খামারটি স্থাপন করেন। যার মাধ্যমে তিনি তার কর্মসংস্থাপন সৃষ্টি করে ও বেকারত্ব দূর করে। অভাবে স্বল্প পুঁজি এবং নিজের দক্ষতাকে কাজে লাগিয়ে কর্মসংস্থান সৃষ্টি করাই হচ্ছে আত্মকর্মসংস্থান।

সুতরাং পরিশেষে বলা যায়, হামিদের কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজের অন্তর্ভুক্ত।

**ঘ** দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব হামিদের কাজটি অবদান রাখছে বলে আমি মনে করি। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে ব্যবসায় উন্নয়নের প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান, এজন্য সফল ব্যবসায়ীরা সমাজ ও দেশের জন্য মঙ্গালকর। আত্মকর্মসংস্থানকারী নিজেই নিজের কর্মসংস্থান ও উপার্জনের পথ সৃষ্টি করেন। ফলে দেশে বেকারত্বের হার কমে ও অর্থনীতির চাকা সচল থাকে।

উদ্দীপকে জনাব হামিদ যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে গরুর খামারের ওপর প্রশিক্ষণ নেন। এরপর তিনি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে একটি গরুর খামার স্থাপন করেন। খামার করতে গিয়ে তিনি অনেক বাঁধার সম্মুখীন হন তবে নিজের শ্রম, দক্ষতা, সৃজনশীলতাকে ব্যবহার করে তিনি সফল হন। তার কাজটি আত্মকর্মসংস্থানমূলক কাজ।

জনাব হামিদ তিনি নিচের কর্মসংস্থান নিজেই গড়ে তোলার মাধ্যমে তার আর্থিক অবস্থার উন্নয়ন হয়েছে। ভবিষ্যতে তার খামারটি বড়ো হলে সেখানে আরোও অনেক মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে ও জাতীয় আয় বৃদ্ধিতে ভূমিকা রাখবে। এছাড়া তার উদ্যোগ দেখে অনেক বেকার যুবক-যুবতি আত্মকর্মসংস্থানমূলক কাজ শুরু করলে বেকার সমস্যা দূর হবে। তারমতো সফল ব্যবসায়ীরা নিয়মিত কর প্রদান করে দেশের রাজস্ব বৃদ্ধিতে ভূমিকা রাখে।

অতএব উপরিউক্ত আলোচনা থেকে বলা যায়, দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব হামিদের কাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।